পুণ্য ইতি। আশ্বাসয়ন্ত আসন্নিতি শেষঃ, রাজেন্দ্রং যুধিষ্ঠিরম্ ॥৮॥
নারদ ইতি। কালে তস্মিন্ সময়ে। সম্ভাষণং বক্তব্যনির্দ্ধারণার্থমিতি ভাবঃ ॥৯॥
ভবতেতি। বাহুবীর্য্যেণ অর্জ্জুনাদীনাম্। কৃৎস্না নিখিলা ॥১০॥
দিষ্টেতি। দিষ্ট্যা ভাগ্যেন। কচ্চিৎ এতদ্বেদিতুমিচ্ছামীত্যর্থঃ ॥১১॥
কচ্চিদিতি। নিহতা অমিত্রাঃ শত্রবো যেন সঃ। প্রবাধতে পীড়য়তি ॥১২॥

ভারতভাবদীপঃ

সন্ত আসনেষু বিবিশুরিতি সম্বন্ধঃ ॥৬॥ পূজামর্ঘাদিকাং পরিবার্য্য পর্য্যুপাসন্ পরিত উপবিষ্টবন্তঃ, তঙভাব আর্ষঃ ॥৭॥ আশ্বাসয়ন্তঃ হেতৌ শতৃপ্রত্যয়ঃ, আশ্বাসনার্থং পর্য্যুপাসন্নিত্যর্থঃ ॥৮॥ কালেঽবসরে সম্ভাষ্যৈকমত্যং কৃত্বাব্রবীৎ ॥৯॥ ভবত ইতি ষষ্ঠ্যন্তপাঠে পূর্ব্বমধর্ম্মেণাক্রান্তা সতীয়মবনিরিদানীং ত্বদ্বলেন মাধববলসহায়েন ধর্ম্মেণ করণেন জিতা, যুবাভ্যাং খলনাশে কৃতে সতি ধর্ম্মঃ প্রাদুরভূদিত্যর্থঃ ॥১০॥ দিষ্ট্যা ভাগ্যেন, কচ্চিদিতি কামপ্রবেদনে, অনেন কর্ম্মণা তব মোদং সুহৃৎপ্রীণনং বিশোকত্বঞ্চ

ক্রমে শত শত ও সহস্র সহস্র ব্রাহ্মণ সেই পবিত্র গঙ্গাতীরে আসিয়া, শোকাকুল-চিত্ত যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিতে থাকিলেন ॥৮॥

তখন নারদ বেদব্যাসপ্রভৃতি মুনিগণের সহিত আলোচনা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন—॥৯॥

'যুধিষ্ঠির! তুমি আপনাদের বাহুবলে ও কৃষ্ণের অনুগ্রহে ধর্ম্ম অনুসারেই এই সমগ্র পৃথিবী জয় করিয়াছ ॥১০॥

পাণ্ডুনন্দন! তোমরা ভাগ্যবশতঃ এই ভয়ঙ্কর যুদ্ধ হইতে মুক্তিলাভ করিয়াছ এবং তুমি ক্ষত্রিয়ধর্ম্মে নিরতও আছ, এখন আনন্দ অনুভব করিতেছ ত? ॥১১॥

(১০) পার্থস্য বাহুবীর্য্যেণ—বা নি। (১১) দিষ্ট্যা মুক্তস্থ—পি বঙ্গ বদ্ধ সো।

যুধিষ্ঠির উবাচ।

বিজিতেয়ং মহী কৃৎস্না কৃষ্ণবাহুবলাশ্রয়াৎ।
ব্রাহ্মণানাং প্রসাদেন ভীমার্জ্জুনবলেন চ ॥১৩॥
ইদং মম মহদ্‌দুঃখং বর্ত্ততে হৃদি নিত্যদা।
কৃত্বা জ্ঞাতিক্ষয়মিমং মহান্তং ঘোরদর্শনম্ ॥১৪॥
সৌভদ্রং দ্রৌপদেয়াংশ্চ ঘাতয়িত্বা সুতান্ প্রিয়ান্।
জয়োঽয়মজয়াকারো ভগবন্! প্রতিভাতি মে ॥১৫॥ (যুগ্মকম্)
কিং নু বক্ষ্যতি বার্ষ্ণেয়ী বধূর্মে মধুসূদনম্।
দ্বারকাবাসিনী কৃষ্ণামিতঃ প্রতিগতং হরিম্ ॥১৬॥

ভারতকৌমুদী

বিজিতেতি। কৃষ্ণস্যাসাধারণং বাহুবলং পাণ্ডবপক্ষ এব স্থিতমিতি বিপক্ষস্য ভয়োৎপত্তেরিতি ভাবঃ ॥১৩॥

ইদমিতি। নিত্যদা সর্ব্বদা। সৌভদ্রমভিমন্যুম্, দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥১৪—১৫॥

কিমিতি। বার্ষ্ণেয়ী বৃষ্ণিবংশসম্ভূতা সুভদ্রা। দ্বারকাবাসিনী সর্ব্বা স্ত্রী, কৃষ্ণাং নিহতসর্ব্বপুত্রাং দ্রৌপদীং লক্ষীকৃত্যেতি শেষঃ। তত্রত্যা সর্ব্বা এব কৃষ্ণমেবাপরাধাস্পদীকরিষ্যন্তীতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

কামরমানস্ত্বাং পৃচ্ছামীত্যর্থঃ ॥১১—১৫॥ কিং নু বক্ষ্যতীতি। বধূঃ কনিষ্ঠভ্রাতৃভার্য্যাত্বাৎ স্নুষাভূতা বার্ষ্ণেয়ী সুভদ্রা মে মাং প্রতি কিন্নু বক্ষ্যতি, রাজ্যলোভেন ত্বয়া মৎপুত্রো ঘাতিত ইতি বক্ষ্যত্যেবেতি ভাবঃ। তথা মধুসূদনং হরিমিতো দ্বারকাং প্রতি গতং সন্তং প্রতি বাসিনী অস্মজ্জয়শ্রবণোৎসুকা দ্বারকা দ্বারকাবাসিজনসমূহঃ কিং নু বক্ষ্যতীতি সম্বন্ধঃ। খলহন্ত্রা স্বজনপীড়াপহন্ত্র্যা ঈশ্বরেণ ত্বয়া সাধুঃ

রাজা! তুমি শত্রুগণকে সংহার করিয়াছ, এখন আত্মীয়গণকে সন্তুষ্ট করিতেছ ত? এইভাবে এই সম্পদ্ লাভ করার পরে শোক আসিয়া তোমাকে উৎপীড়িত করিতেছে না ত?' ॥১২॥

যুধিষ্ঠির বলিলেন—'দেবর্ষি! আমি কৃষ্ণের বাহুবল, ব্রাহ্মণগণের অনুগ্রহ এবং ভীম ও অর্জ্জুনের বাহুবলে এই পৃথিবী জয় করিয়াছি ॥১৩॥

ভগবন্! আমার মনে সর্ব্বদাই এই গুরুতর দুঃখ জাগিতেছে; এই ভীষণ জ্ঞাতিক্ষয় করিয়া এবং অভিমন্যু ও দ্রৌপদীর প্রিয়পুত্রগণকে নিহত করাইয়া এই যে জয়লাভ করিয়াছি, ইহা যেন পরাজয় বলিয়াই বোধ হইতেছে ॥১৪—১৫॥

হায়! এই মধুসূদন কৃষ্ণ এস্থান হইতে দ্বারকানগরে ফিরিয়া গেলে বধূ সুভদ্রা ও দ্বারকাবাসিনী অন্যান্য নারী ইহাকে কি বলিবেন ॥১৬॥

(১৪) মহান্তং লোভকারিতম্—পি বঙ্গ বর্দ্ধ সো।

দ্রৌপদী হতপুত্রেয়ং কৃপণা হতবান্ধবা।
অস্মৎপ্রিয়হিতে যুক্তা ভূয়ঃ পীড়য়তীব মাম্ ॥১৭॥
ইদমন্যচ্চ ভগবন্! যত্ত্বাং বক্ষ্যামি নারদ!।
মন্ত্রসংবরণেনাস্মি কুন্ত্যা দুঃখেন যোজিতঃ ॥১৮॥
যঃ স নাগাযুতবলো লোকেঽপ্রতিরথো রণে।
সিংহখেলগতির্ধীমান্ ঘৃণী দাতা যতব্রতঃ ॥১৯॥
আশ্রয়ো ধার্ত্তরাষ্ট্রাণাং মানী তীক্ষ্ণপরাক্রমঃ।
অমর্ষী নিত্যসংরম্ভী ক্ষেপ্তাস্মাকং রণে রণে ॥২০॥
শীঘ্রাস্ত্রশ্চিত্রযোধী চ কৃতী চাদ্ভুতবিক্রমঃ।
গূঢোৎপন্নঃ সুতঃ কুন্ত্যা ভ্রাতাস্মাকমসৌ কিল ॥২১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রৌপদীতি। কৃপণা শোককাতরা। যুক্তা নিরতা ॥১৭॥

ইদমিতি। মন্ত্রসংবরণেন মন্ত্রবদ্গুপ্তকর্ণোৎপত্তিবৃত্তান্তগোপনেন ॥১৮॥

য ইতি। নাগাযুতস্য দশসহস্রহস্তিনাং বলমিব বলং যস্য সঃ। সিংহস্যেব খেলেন খেলয়া গতির্যস্য সঃ, ঘৃণী দয়ালুঃ, যতব্রত আদরেণ পালিতশাস্ত্রীয়নিয়মঃ। অমর্ষী অসহিষ্ণুঃ, নিত্যসংরম্ভী সর্ব্বদা কোপস্বভাবঃ, ক্ষেপ্তা পরাজয়কারী। কৃতী যুদ্ধনিপুণঃ। গূঢং গুপ্তং যথা স্যাত্তথা উৎপন্নঃ ॥১৯—২১॥

ভারতভাবদীপঃ

স্বীযঃ সৌভদ্রঃ কথং ঘাতিত ইতি বক্ষ্যত্যেবেতি ভাবঃ। এতচ্চ কৃষ্ণস্য মধুসূদনং হবিমিতি বিশেষণদ্বয়সামর্থ্যাদেব লভ্যতে ॥১৬॥ যতো হতপুত্রা হতবান্ধবাতঃ কৃপণা দীনাতিদুঃখিতা ইত্যর্থঃ। প্রিয়ং সুখকরম্, হিতং পথ্যম্, প্রিয়ঞ্চ তদ্ধিতঞ্চ তস্মিন্নর্থে যুক্তা সন্নদ্ধা ॥১৭॥ মন্ত্রসংবরণেন গূঢোৎপন্নস্যাস্মদ্ভ্রাতুঃ কর্ণস্যাপ্রকাশেন ॥১৮॥ তদেবাহ ত্রিভিঃ—যঃ স ইতি। সিংহস্যেব খেলো যুদ্ধক্রীড়া গতির্গমনঞ্চ যস্য স তথা, ঘৃণী দয়ালুঃ ॥১৯॥ অমর্ষী পরোৎকর্ষাসহিষ্ণুঃ, নিত্যসংরম্ভী সদা ক্রোধবান্

সর্ব্বদা আমাদের প্রিয় ও হিতকার্য্যে নিরতা এই দ্রুপদনন্দিনী পুত্রগণ ও বন্ধুগণ নিহত হওয়ায়, সর্ব্বদা শোকে আকুল থাকিয়া আরও আমাকে পীড়িত করিতেছেন ॥১৭॥

ভগবন্ নারদ! আমি এই আর একটা কথা আপনাকে বলিতেছি—মাতা কুন্তীদেবী কর্ণের উৎপত্তিবৃত্তান্ত গোপন করিয়া আমাকে গুরুতর দুঃখিত করিয়াছেন ॥১৮॥

সেই যাঁহার দশসহস্র হস্তীর তুল্য দৈহিক বল ছিল এবং যিনি জগতে অপ্রতিরথ, সিংহের ন্যায় সখেলগতি, বুদ্ধিমান্, দয়ালু, দাতা, যথাবিধানে শাস্ত্রোক্তনিয়মপালন-

(১৯) সিংহদর্পগতির্ধীমান্—পি। যঃ স নাগাযুতপ্রাণঃ। সিংহবিক্রান্তগামী চ জিতকাশী যতব্রতঃ—নি।

তোয়কর্ম্মণি তং কুন্তী কথয়ামাস সূর্য্যজম্ ।
পুত্রং সর্ব্বগুণোপেতমবকীর্ণং জলে পুরা ॥২২॥
মঞ্জুষায়াং সমাধায় গঙ্গাস্রোতস্যমজ্জয়ৎ ।
যং সূতপুত্রং লোকোঽয়ং রাধেয়ং চাভ্যমন্যত ॥২৩॥
স জ্যেষ্ঠপুত্রঃ কুন্ত্যা বৈ ভ্রাতাস্মাকঞ্চ মাতৃজঃ ।
অজানতা ময়া ভ্রাতা রাজ্যলুব্ধেন ঘাতিতঃ ॥২৪॥
তন্মে দহতি গাত্রাণি তূলরাশিমিবানলঃ ।
ন হি তং বেদ পার্থোঽপি ভ্রাতরং শ্বেতবাহনঃ ॥২৫॥
নাহং ন ভীমো ন যমৌ স ত্বস্মান্ বেদ সুব্রতঃ ।
গতা কিল পৃথা তস্য সকাশমিতি নঃ শ্রুতম্ ॥২৬॥

ভাবতকৌমুদী

তোবেতি। তোয়কর্ম্মণি মৎক্রিয়মাণতর্পণকালে। অবকীর্ণং কলঙ্কনিবারণার্থং বিক্ষিপ্তম্ ॥২২॥ নন্বু কুত্র সংস্থাপ্যাবকীর্ণ ইত্যাহ মঞ্জুষায়ামিতি। রাধেয়ং রাধাগর্ভজম্ ॥২৩॥ স ইতি। কেবলায়াং মাতরি জাত ইতি মাতৃজঃ। অজানতা তস্য ভ্রাতৃত্বমিতি শেষঃ ॥২৪॥ তদিতি। তদ্‌ঘাতনম্। বেদ জানাতি স্ম। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥২৫॥

কারী, ধার্ত্তরাষ্ট্রগণের আশ্রয়, অভিমানী, তীক্ষ্ণপরাক্রমশালী, অসহিষ্ণু, সর্ব্বদা কোপনস্বভাব, প্রত্যেক যুদ্ধে আমাদের পরাজয়কারী, দ্রুত অস্ত্র নিক্ষেপী, চিত্রযোধী, যুদ্ধনিপুণ এবং অদ্ভুতবিক্রমযুক্ত ছিলেন। সেই কর্ণ গোপনে কুন্তীদেবীর গর্ভে উৎপন্ন হইয়াছিলেন; সুতরাং তিনি আমাদের ভ্রাতাই ছিলেন ॥১৯—২১॥

আমি যখন তর্পণ করি, সেই সময়ে মাতা কুন্তীদেবী বলিয়াছেন যে, 'সর্ব্বগুণসম্পন্ন কর্ণ সূর্য্য হইতে আমার গর্ভে উৎপন্ন হইয়াছিলেন; আমি পূর্ব্বে উঁহাকে জলে নিক্ষেপ করিয়াছিলাম' ॥২২॥

মাতৃদেবী তাঁহাকে মঞ্জুষাতে (পেট্‌রার ভিতরে) রাখিয়া গঙ্গার স্রোতে ভাসাইয়া দিয়াছিলেন; সমস্ত লোকই যাঁহাকে রাধার গর্ভজাত সূতপুত্র বলিয়া মনে করিত ॥২৩॥

তিনি কুন্তীর জ্যেষ্ঠপুত্র এবং আমাদের কেবল মাতৃজাত ভ্রাতা ছিলেন; কিন্তু আমি এই বৃত্তান্ত না জানিয়া রাজ্যলোভী হইয়া যুদ্ধে সেই ভ্রাতাকে বধ করাইয়াছি ॥২৪॥

অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ কর্ণকে বধ করানই আমার গাত্র দগ্ধ করিতেছে; পৃথানন্দন অর্জ্জুনও তাঁহাকে ভ্রাতা বলিয়া জানিতেন না ॥২৫॥

(২৪) অজানতা ময়া সংখ্যে—নি।

অস্মাকং শমকামা বৈ ত্বঞ্চ পুত্রো মমেত্যথ।
পৃথায়া ন কৃতঃ কামস্তেন চাপি মহাত্মনা ॥২৭॥ (যুগ্মকম্)
অপি পশ্চাদিদং মাতর্য্যবোচদিতি নঃ শ্রুতম্।
ন হি শক্ষ্যাম্যহং ত্যক্তুং নৃপং দুর্য্যোধনং রণে ॥২৮॥
অনার্য্যত্বং নৃশংসত্বং কৃতঘ্নত্বঞ্চ মে ভবেৎ।
যুধিষ্ঠিরেণ সন্ধিং হি যদি কুর্য্যাং মতে তব ॥২৯॥
ভীতো রণে শ্বেতবাহাদিতি মাং মংস্যতে জনঃ।
সোঽহং নির্জ্জিত্য সমরে বিজয়ং সহকেশবম্ ॥৩০॥
সন্ধাস্যে ধর্ম্মপুত্রেণ পশ্চাদিতি চ সোঽব্রবীৎ।
তমুবাচ কিল পৃথা পুনঃ পৃথুলবক্ষসম্ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। যমৌ নকুলসহদেবৌ। স কর্ণস্তু বেদ ভ্রাতৃত্বেন জানাতি স্ম। শমকামা তস্য মৎপক্ষাবলম্বনেন শান্ত্যভিলাষিণী। ত্বঞ্চ মম পুত্র ইত্যব্রবীদিতি শেষঃ। তেন কর্ণেন ॥২৬—২৭॥

অপীতি। মাতরি কুন্ত্যাম্ ইত্যবোচৎ কর্ণঃ ॥২৮॥

অনার্য্যত্বমিতি। অনার্য্যত্বং নীচজনত্বম্। সন্ধিং ভ্রাতৃসৌহার্দ্দেন সংমিলনম্ ॥২৯॥

ভীত ইতি। শ্বেতবাহাৎ শ্বেতাশ্বাদর্জ্জুনাৎ। বিজয়মর্জ্জুনম্। সন্ধাস্যে সন্ধিং করিষ্যামি। পৃথা কুন্তীদেবী, পৃথুলবক্ষসং বিশালোবক্ষম্ ॥৩০—৩১॥

ভারতভাবদীপঃ

॥২০—২১॥ পুত্রং স্বস্যেতি শেষঃ। অবকীর্ণং ত্যক্তম্ ॥২২—২৩॥ মাতৃজো মাতৃসম্বন্ধেন ॥২৪॥ শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥২৫—২৬॥ পাণ্ডববৎ ত্বঞ্চ পুত্রো মমেত্যব্রবীদিতি শেষঃ। কামোঽভিলষিতম্ ॥২৭॥ মাতরি মাতরং প্রত্যবোচং কর্ণ ইতি শেষঃ। নোঽস্মাভিঃ শ্রুতম্ ॥২৮—২৯॥ নৃশংসত্বং সঙ্কটে মিত্রত্যাগান্নির্দয়ত্বং কৃতঘ্নত্বমুপকর্তৃষপকারিত্বঞ্চ প্রসিদ্ধমিত্যতোঽনার্য্যত্বমেব স্পষ্টীকরোতি—

আমি, ভীমসেন, নকুল এবং সহদেব আমরা কেহই কর্ণকে ভ্রাতা বলিয়া জানিতাম না; কিন্তু সেই সদাচারী কর্ণ আমাদিগকে ভ্রাতা বলিয়া জানিতেন। পরে একদা কুন্তীদেবী আমাদের মঙ্গল কামনা করিয়া কর্ণের নিকটে গমন করিয়াছিলেন এবং বলিয়াছিলেন যে, 'কর্ণ! তুমি আমার পুত্র। (অতএব তুমি যুধিষ্ঠিরের পক্ষ অবলম্বন কর)।' কিন্তু সেই মহাত্মাও কুন্তীদেবীর সেই অভিলাষ পূর্ণ করেন নাই ॥২৬—২৭॥

আমরা শুনিয়াছি—তাহার পর কর্ণ মাতৃদেবীর নিকট বলিয়াছিলেন যে, 'মা! আমি যুদ্ধে রাজা দুর্য্যোধনকে ত্যাগ করিতে পারিব না ॥২৮॥

মা! আপনার মত অনুসারে আমি যদি এখন যুধিষ্ঠিরের সহিত সন্ধি করি, তাহা হইলে আমার নীচজনতা, নৃশংসতা ও কৃতঘ্নতা করা হয় ॥২৯॥

চতুর্ণামভয়ং দেহি কামং যুধ্যস্ব ফাল্গুনম্ ।
সোঽব্রবীন্মাতরং ধীমান্ বেপমানাং কৃতাঞ্জলিঃ ॥৩২॥
প্রাপ্তান্ বিষহ্যাংশ্চতুরো ন হনিষ্যামি তে সুতান্ ।
পঞ্চৈব হি সুতা দেবি ! ভবিষ্যন্তি তব ধ্রুবাঃ ॥৩৩॥
সার্জ্জুনা বা হতে কর্ণে সকর্ণা বা হতেঽর্জ্জুনে ।
তং পুত্রগৃদ্ধিনী ভূয়ো মাতা পুত্রমথাব্রবীৎ ॥৩৪॥
ভ্রাতৃণাং স্বস্তি কুর্বীথা যেষাং স্বস্তি চিকীর্ষসি ।
এবমুক্ত্বা কিল পৃথা বিসৃজ্যোপযযৌ গৃহান্ ॥৩৫॥

ভাবতকৌমুদী

চতুর্ণামিতি। চতুর্ণাম্ অর্জ্জুনভিন্নানাং মৎপুত্রাণাম্, কামং যথেষ্টম্, ফাল্গুনমর্জ্জুনম্ ॥৩২॥

প্রাপ্তানিতি। প্রাপ্তান্ ময়া রণে লব্ধান্, বিষহ্যান্ বিশেষেণ হন্তুং শক্যান্, চতুরঃ অর্জ্জুনেতবান্ চতুঃসংখ্যকান্। অর্জ্জুনভিন্নাশ্চত্বারঃ অহং অর্জ্জুনো বেতি চৈক ইতি পঞ্চ ॥৩৩॥

পঞ্চেতি বিবৃণোতি সার্জ্জুনেতি। পুত্রগৃদ্ধিনী পুত্ররক্ষাভিলাষিণী, মাতা কুন্তী, পুত্রং কর্ণম্ ॥৩৪॥

এবং 'আমি যুদ্ধে অর্জ্জুন হইতে ভীত হইয়াছি' এইরূপ লোকে মনে করিবে; অতএব আমি যুদ্ধে কৃষ্ণের সহিত অর্জ্জুনকে জয় করিয়া পরে যুধিষ্ঠিরের সহিত সন্ধি করিব।' এই কথাও কর্ণ বলিলেন। তখন কুন্তীদেবী পুনরায় সেই বিশালবক্ষা কর্ণকে কহিলেন—॥৩০—৩১॥

'তবে তুমি অর্জ্জুন ভিন্ন আমার অপর চারিটী পুত্রকে অভয় দান কর এবং অর্জ্জুনের সহিত ইচ্ছানুসারে যুদ্ধ কর' এই কথা বলিয়া মাতা কুন্তীদেবী (কর্ণ কি বলেন এই উদ্বেগে) কাঁপিতে লাগিলেন; তখন বুদ্ধিমান্ কর্ণ কৃতাঞ্জলি হইয়া সেই মাতৃদেবীকে বলিলেন—॥৩২॥

'দেবি! আমি যুদ্ধে অর্জ্জুন ভিন্ন আপনার অপর চারিটী পুত্রকে পাইলেও এবং তাহাদিগকে পরাজয় করিতে পারিলেও তাহাদিগকে বধ করিব না; অতএব আপনার পাঁচটী পুত্রই থাকিয়া যাইবে ॥৩৩॥

যুদ্ধে কর্ণ নিহত হইলে অর্জ্জুন থাকিয়া যাইবেন, আবার অর্জ্জুন নিহত হইলে কর্ণ বাঁচিয়া থাকিবেন। (অতএব অর্জ্জুনকে লইয়া বা কর্ণকে লইয়া আপনার পাঁচ পুত্রই থাকিবে)।' তখন পুত্ররক্ষার্থিনী মাতা কুন্তীদেবী পুনরায় সেই পুত্র কর্ণকে বলিলেন—॥৩৪॥

'কর্ণ! তুমি যুদ্ধে যে যে ভ্রাতার মঙ্গল করিবার ইচ্ছা কর, সেই সেই ভ্রাতার মঙ্গলই করিবে।' এইরূপ বলিয়া কুন্তীদেবী কর্ণকে পরিত্যাগ করিয়া গৃহে চলিয়া গেলেন ॥৩৫॥

সোঽর্জ্জুনেন হতো বীরো ভ্রাত্রা ভ্রাতা সহোদরঃ।
ন চৈব বিবৃতো মন্ত্রঃ পৃথায়াস্তস্য বা বিভো! ॥৩৬॥
অথ শূরো মহেষ্বাসঃ পার্থেনাজৌ নিপাতিতঃ।
অহং ত্বজ্ঞাসিষং পশ্চাৎ স্বসোদর্য্যং দ্বিজোত্তম! ॥৩৭॥
পূর্ব্বজং ভ্রাতরং কর্ণং পৃথায়া বচনাৎ প্রভো!।
তেন মে দূয়তে তীব্রং হৃদয়ং ভ্রাতৃঘাতিনঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
কর্ণার্জ্জুনসহায়োঽহং জয়েয়মপি বাসবম্।
সভায়াং ক্লিশ্যমানস্য ধার্ত্তরাষ্ট্রৈর্দুরাত্মভিঃ ॥৩৯॥
সহসোৎপতিতঃ ক্রোধঃ কর্ণং দৃষ্ট্বা প্রশাম্যতি।
যদা হ্যস্য গিরো রূক্ষাঃ শৃণোমি কটুকোদয়াঃ ॥৪০॥
সভায়াং গদতো দ্যূতে দুর্য্যোধনহিতৈষিণঃ।
তদা নশ্যতি মে রোষঃ পাদৌ তস্য নিরীক্ষ্য হ ॥৪১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভ্রাতৃণামিতি। স্বস্তি মঙ্গলম্, "স্বস্ত্যাশীঃক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ। চিকীর্ষসি কর্ত্তুমিচ্ছসি ॥৩৫॥
স ইতি। মন্ত্রো মন্ত্রবৎ গুপ্তো জননীপুত্রভাবঃ, বিবৃতঃ প্রকাশিতঃ তয়েতি শেষঃ ॥৩৬॥
অথেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ কর্ণঃ, পার্থেনার্জ্জুনেন। স্বসোদর্য্যং নিজসহোদরম্। পূর্ব্বজমগ্রজম্, পৃথায়াঃ কুন্তীদেব্যাঃ। দূয়তে শোকেন সন্তপ্যতে ॥৩৭—৩৮॥
কর্ণেতি। কর্ণার্জ্জুনৌ সহায়ৌ যস্য সঃ, বাসবমিন্দ্রম্। উৎপতিত উত্থিতঃ। প্রশাম্যতি নিবর্ত্ততে রক্তসম্পর্কাদিত্যাশয়ঃ। কটুকোদয়া দুঃশ্রবাঃ। গদতঃ কর্ণস্য ॥৩৯—৪১॥

ভারতভাবদীপঃ

ভীত ইতি। বিজয়মর্জ্জুনম্ ॥৩০॥ পৃথুলবক্ষসং কপাটবক্ষসম্ ॥৩১॥ বেপমানামর্জ্জুননাশভীতা ॥৩২॥ বিষহ্যান্ বশগান্ ॥৩৩॥ পুত্রগৃদ্ধিনী পুত্রলোভবতী ॥৩৪॥ বিসৃজ্য কর্ণমিতি শেষঃ ॥৩৫—৩৭॥ দূয়তে

ভগবন্! ভ্রাতা অর্জ্জুন যুদ্ধে সেই সহোদর ভ্রাতা কর্ণকে নিপাতিত করিয়াছেন, কিন্তু পূর্ব্বে কুন্তীদেবী তাঁহার ও কর্ণের যে সম্বন্ধ ছিল, তাহা প্রকাশ করেন নাই ॥৩৬॥

প্রভাবশালী ব্রাহ্মণশ্রেষ্ঠ! প্রথমে অর্জ্জুন সেই মহাধনুর্দ্ধর বীরকে যুদ্ধে নিপাতিত করিয়াছেন; পরে আমি কুন্তীর বাক্য অনুসারে জানিয়াছি যে, কর্ণ আমাদের অগ্রজ সহোদর ভ্রাতা ছিলেন। সেই জন্যই আমি ভ্রাতৃঘাতী হইয়াছি বলিয়া আমার হৃদয় গুরুতর অনুতপ্ত হইতেছে ॥৩৭—৩৮॥

হায়! কর্ণ ও অর্জ্জুন আমার সহায় থাকিলে আমি ইন্দ্রকেও জয় করিতে পারিতাম। সেই দ্যূতসভায় দুরাত্মা ধার্ত্তরাষ্ট্রেরা যখন আমার ক্লেশ উৎপাদন

(৩৬) ন চৈষ বিশ্রুতো মন্ত্রঃ—পি, ন চৈব নিঃসৃতো মন্ত্রঃ—[illegible] নি।

কুন্ত্যা হি সদৃশৌ পাদৌ কর্ণস্যেতি মতির্মম।
সাদৃশ্যহেতুমন্বিচ্ছন্ পৃথায়াস্তস্য চৈব হ।
কারণং নাধিগচ্ছামি কথঞ্চিদপি চিন্তয়ন্ ॥৪২॥
কথং নু তস্য সংগ্রামে পৃথিবী চক্রমগ্রসৎ।
কথং নু শপ্তো ভ্রাতা মে তত্ত্বং বক্তুমিহার্হসি ॥৪৩॥
শ্রোতুমিচ্ছামি ভগবন্! তত্ত্বঃ সর্ব্বং যথাতথম্।
ভবান্ হি সর্ব্ববিদ্বিদ্বাল্লোঁকে বেদ কৃতাকৃতম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে কর্ণাভিজ্ঞানে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

কুন্ত্যা ইতি। অন্বিচ্ছন্ অন্বিষ্যন্। নাধিগচ্ছামি নাববুধ্যে স্ম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥
কথমিতি। চক্রং রথস্য। ভ্রাতা কর্ণঃ ॥৪৩॥
শ্রোতুমিতি। বিদ্বান্ তত্ত্বজ্ঞানী। বেদ জানাতি, কৃতাকৃতং লোকেবিতি শেষঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

উপতপত্তে ॥৩৮—৪২॥ কারণং সাদৃশ্যহেতোস্তজ্জন্যত্বস্য জ্ঞাপকম্, কথং নু ইত্যস্তুতপ্রশ্নে, চক্রং রথচক্রম্ ॥৪৩॥ সর্ব্ববিত্ত্বে হেতুঃ—বিদ্বানিতি। আত্মজ্ঞ ইত্যর্থঃ। অতএব কৃতং কার্য্যমকৃতং কারণঞ্চ বেদ জানাতি ॥৪৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

করিতেছিল; তখন হঠাৎ আমার ক্রোধ জন্মিয়াছিল; কিন্তু আবার কর্ণকে দেখিয়াই—তাহা নিবৃত্তি পাইয়াছিল। তা'র পর, সেই দ্যূতসভায় দুর্য্যোধনের হিতৈষী কর্ণ যখন আমাকে অশ্রাব্য ও রূক্ষ বাক্য সকল বলিতেছিলেন এবং আমি শুনিতেছিলাম, তখন কর্ণের চরণযুগল দেখিয়াই আমার সেই ক্রোধ নিবৃত্তি পাইয়াছিল ॥৩৯—৪১॥

আমার ধারণা ছিল যে, কর্ণের চরণযুগল কুন্তীদেবীর চরণযুগলের তুল্যরূপ ছিল; কিন্তু কুন্তীদেবী ও কর্ণের চরণযুগলের সাদৃশ্যের কারণ কি ইহা অন্বেষণ এবং চিন্তা করিয়াও তাহা আমি তৎকালে কোন প্রকারে বুঝিতে পারি নাই ॥৪২॥

দেবর্ষি! যুদ্ধের সময়ে পৃথিবী কর্ণের রথচক্র গ্রাস করিয়াছিলেন কেন? এবং কর্ণের প্রতি অভিশাপই বা হইয়াছিল কেন, তাহা আপনি বলুন ॥৪৩॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

স এবমুক্তস্তু মুনির্নারদো বদতাং বরঃ।
কথয়ামাস তৎ সর্ব্বং যথা শপ্তঃ স সূতজঃ ॥১॥

নারদ উবাচ।

এবমেতন্মহাবাহো! যথা বদসি ভারত!।
ন কর্ণার্জ্জুনয়োঃ কিঞ্চিদবিষহ্যং ভবেদ্রণে ॥২॥
গুহ্যমেতত্তু দেবানাং কথয়িষ্যামি তেঽনঘ!।
তন্নিবোধ মহাবাহো! যথাবৃত্তমিদং পুরা ॥৩॥
ক্ষত্রং স্বর্গং কথং গচ্ছেচ্ছস্ত্রপূতমিতি প্রভো!।
সঙ্ঘর্ষজননস্তস্মাৎ কন্যাগর্ভো বিনির্ম্মিতঃ ॥৪॥

ভাবতকৌমুদী

স ইতি। উক্তো যুধিষ্ঠিরেণ পৃষ্টঃ। সূতজঃ সূতপুত্রঃ কর্ণঃ ॥১॥
এবমিতি। এবমেতৎ সত্যমিত্যর্থঃ। অবিষহ্যং বিশেষেণ সাধয়িতুমশক্যম্ ॥২॥
গুহ্যমিতি। দেবানামপি গুহ্যম্ অতিশয়েন গোপনীয়মিত্যর্থঃ। নিবোধ শৃণু ॥৩॥

ভগবন্! আমি এই বিষয়টা আপনার নিকট হইতে যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি। কারণ, আপনি সর্ব্বজ্ঞ, তত্ত্বজ্ঞানী এবং জগতে লোকের কৃত ও অকৃত সমস্ত বিষয়ই জানেন' ॥৪৪॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিলে, বাগ্মিশ্রেষ্ঠ নারদমুনি—যে কারণে কর্ণের প্রতি অভিশাপ হইয়াছিল, সেই সমস্ত বৃত্তান্ত বলিতে লাগিলেন ॥১॥

নারদ বলিলেন—'মহাবাহু ভরতনন্দন! তুমি যাহা বলিলে, তাহা সত্য। কর্ণ ও অর্জ্জুন মিলিত হইলে যুদ্ধে তাঁহাদের শক্তির অসাধ্য কোন বিষয়ই থাকিত না ॥২॥

নিষ্পাপ মহাবাহু! দেবগণের নিকটেও গোপনীয় এই বিষয়টী আমি তোমার নিকট বলিব। যে কারণে পূর্ব্বে ইহা ঘটিয়াছিল, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর ॥৩॥

---

(৩) তে নৃপ!—বা নি। (৪) কন্যাগর্ভো বিসর্জ্জিতঃ—বা নি।

স বালস্তেজসা যুক্তঃ সূতপুত্রত্বমাগতঃ ।
চকারাঙ্গিরসশ্রেষ্ঠাদ্ধনুর্ব্বেদং গুরোস্তদা ॥৫॥
স বলং ভীমসেনস্য ফাল্গুনস্য চ লাঘবম্ ।
বুদ্ধিঞ্চ তব রাজেন্দ্র ! যময়োর্বিনয়ং তদা ॥৬॥
সখ্যঞ্চ বাসুদেবেন বাল্যে গাণ্ডীবধন্বনঃ ।
প্রজানামনুরাগঞ্চ চিন্তয়ানো ব্যদহ্যত ॥৭॥ (যুগ্মকম্)
স সখ্যমকরোদ্বাল্যে রাজ্ঞা দুর্য্যোধনেন চ ।
যুধ্বাভির্নিত্যসংদ্বিষ্টো দৈবাচ্চাপি স্বভাবতঃ ॥৮॥

ভাবতকৌমুদী

ক্ষত্রমিতি। সঙ্ঘর্ষজননো যুদ্ধহেতুভূতঃ, কন্যায়াঃ কন্যাবস্থাপন্নায়াঃ কুন্ত্যাঃ গর্ভঃ কন্যাগর্ভঃ। বিনির্ম্মিতো বিধাত্রা ॥৪॥

স ইতি। স কুন্ত্যাঃ কন্যাদশায়াং জাতো জলে বিসৃষ্টশ্চ, সূতপুত্রত্বং সূতজাতীয়স্যাধিরথস্য লাভেন তৎপুত্রত্বম্, আগতঃ প্রাপ্তঃ সন্। চকার শিশিক্ষে, আঙ্গিরসশ্রেষ্ঠাদ্দ্রোণাৎ ॥৫॥

স ইতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য, লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। যময়োর্নকুলসহদেবয়োঃ। বাসুদেবেন সহ। প্রজানামনুরাগং ত্বয়ীতি শেষঃ। ব্যদহ্যত ঈর্ষ্যানলেন ॥৬—৭॥

স ইতি। দুর্য্যোধনেন সহ। সংদ্বিষ্টঃ সম্যক্বিদ্বেষবিষয়ীকৃতঃ। স্বভাবতঃ স্বস্বব্যবহারাৎ ॥৮॥

ভাবতভাবদীপঃ

স এবমিতি। উক্তঃ পৃষ্টঃ ॥১॥ "কর্ণার্জ্জুনসহায়োঽহং জয়েয়মপি বাসব"মিত্যুক্তমনুমাদত্তে—এবমেতদিতি ॥২॥ তর্হি কিমর্থং দেবৈরনর্থোঽয়মুৎপাদিতমিত্যাশঙ্কাহ—গুহ্যমিতি ॥৩॥ ক্ষত্রমিতি। সঙ্ঘর্ষজননো বৈরাগ্নিদীপকঃ কন্যাগর্ভো দেবৈঃ ক্ষত্রস্য স্বর্গগমনায় নির্ম্মিত ইত্যর্থঃ ॥৪॥ চকারাধীতবান্, অঙ্গিরসাং শ্রেষ্ঠাদ্দ্রোণাৎ ॥৫—৭॥ দৈবাচ্চাপি স্বভাবত ইতি। দৈবাদ্দেবানাং সঙ্কল্পাৎ পূর্ব্বাক্তাৎ,

রাজা ! ক্ষত্রিয়েরা অস্ত্রসংস্পর্শে পবিত্র হইয়া কি প্রকারে স্বর্গে গমন করিতে পারে, ইহা ভাবিয়া বিধাতা সঙ্ঘর্ষের উৎপাদক কুন্তীদেবীর কন্যা অবস্থায় গর্ভ সৃষ্টি করিয়াছিলেন ॥৪॥

সেই তেজস্বী বালক ক্রমে সূতপুত্র হইয়া ভরদ্বাজগোত্রশ্রেষ্ঠ দ্রোণাচার্য্যের নিকট ধনুর্ব্বেদ শিক্ষা করিয়াছিল ॥৫॥

রাজশ্রেষ্ঠ ! কালক্রমে সেই কর্ণ তোমার বুদ্ধি, ভীমের বাহুবল, অর্জ্জুনের দ্রুতাস্ত্রক্ষেপে যোগ্যতা, নকুল ও সহদেবের বিনয়, বাল্যকালেই কৃষ্ণের সহিত অর্জ্জুনের সখিত্ব এবং তোমার উপরে প্রজাগণের অনুরাগের বিষয় চিন্তা করিতে থাকিয়া ঈর্ষ্যানলে দগ্ধ হইতেন ॥৬—৭॥

(৫) চকারাঙ্গিরসঃ শ্রেষ্ঠাং—পি বঙ্গ বর্দ্ধ নি। (৮) স সংগনগরদ্বাল্যে—পি।

সর্ব্বাধিকমথালক্ষ্য ধনুর্ব্বেদে ধনঞ্জয়ম্ ।
দ্রোণং রহস্যুপাগম্য কর্ণো বচনমব্রবীৎ ॥৯॥
ব্রহ্মাস্ত্রং বেত্তুমিচ্ছামি সরহস্যনিবর্ত্তনম্ ।
অর্জ্জুনেন সমং চাহং যুধ্যেয়মিতি মে মতিঃ ॥১০॥
সমঃ শিষ্যেষু বঃ স্নেহঃ পুত্রে চৈব তথা ধ্রুবম্ ।
ত্বৎপ্রসাদান্ন মাং ব্রূয়ুরকৃতাস্ত্রং বিচক্ষণাঃ ॥১১॥
দ্রোণস্তথোক্তঃ কর্ণেন সাক্ষেপঃ ফাল্গুনং প্রতি ।
দৌরাত্ম্যঞ্চৈব কর্ণস্য বিদিত্বা তমুবাচ হ ॥১২॥

ভাবতকৌমুদী

সর্ব্বেতি। সর্ব্বাধিকং সর্ব্বেভ্য এব দ্রোণশিষ্যেভ্যঃ শ্রেষ্ঠীভূতম্। রহসি নির্জ্জনে ॥৯॥

ব্রহ্মেতি। রহস্যৈর্মন্ত্রাত্মপায়ৈঃ নিবর্ত্তনেন উপসংহারেণ চ সহেতি তৎ। মতিবিচ্ছা ॥১০॥

স্বস্মিন্ তৎপ্রদানে যুক্তিমাহ সম ইতি। সমঃ সমানঃ। অকৃতাস্ত্রম্ অশিক্ষিতসর্ব্বাস্ত্রম্ ॥১১॥

দ্রোণ ইতি। আক্ষেপেণ কর্ণস্যেব নিন্দয়া সহেতি সঃ, ফাল্গুনমর্জ্জুনং প্রতি। দৌরাত্ম্যং বিদ্বেষম্ ॥১২॥

ভাবতভাবদীপঃ

স্বভাবতঃ "বীর্য্যাধিকো নীচকুলো দুঃসঙ্গেন সমেধিতঃ। মহাজনৈঃ স্পর্দ্ধমানো হন্তি রাষ্ট্রং সবাজকম্ ॥" ইতি শ্লোকোক্তাৎ ॥৮—৯॥ ব্রহ্মাস্ত্রমিতি। রহস্যং তৎপ্রসাদনবিধির্নিবর্ত্তনমুপসংহারস্তাভ্যাং সহিতং

যুধিষ্ঠির! কর্ণ বাল্যকালেই রাজা দুর্য্যোধনের সহিত সখিত্ব করিয়াছিলেন এবং তোমরা দৈববশতঃ ও উঁহার স্বভাবে উঁহাকে সর্ব্বদা বিদ্বেষ করিতে ॥৮॥

ক্রমে অর্জ্জুনকে ধনুর্ব্বেদে সর্ব্বশ্রেষ্ঠ দেখিয়া কর্ণ একদা নির্জ্জনে দ্রোণের নিকটে যাইয়া এই কথা বলিলেন—॥৯॥

'আচার্য্য! মন্ত্র ও নির্ম্মাণের উপায় এবং উপসংহারের সহিত ব্রহ্মাস্ত্র আমি শিক্ষা করিতে ইচ্ছা করি। কারণ, আমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব, ইহাই আমার ইচ্ছা ॥১০॥

আচার্য্য! আপনাদের স্নেহ নিশ্চয়ই সমস্ত শিষ্য ও পুত্রের প্রতি সমানই থাকে। আর আপনার অনুগ্রহে অস্ত্রবিশারদেরা আমাকে 'অশিক্ষিত সর্ব্বাস্ত্র' না বলেন' ॥১১॥

কর্ণ সেইরূপ বলিলে, দ্রোণ অর্জ্জুনের প্রতি কর্ণের দারুণ বিদ্বেষ আছে জানিয়া নিন্দার সহিত তাঁহাকে বলিলেন—॥১২॥

---

(৯) বিদ্যাধিকমথালক্ষ্য—নি। (১০) ভবেয়মিতি মে মতিঃ—বা নি।

ব্রহ্মাস্ত্রং ব্রাহ্মণো বিদ্যাদ্‌যথাবচ্চরিতব্রতঃ ।
ক্ষত্রিয়ো বা তপস্বী যো নান্যো বিদ্যাৎ কথঞ্চন ॥১৩॥
ইত্যুক্তোঽঙ্গিরসাং শ্রেষ্ঠমামন্ত্র্য প্রতিপূজ্য চ ।
জগাম সহসা রামং মহেন্দ্রং পর্ব্বতং প্রতি ॥১৪॥
স তু রামমুপাগম্য শিরসাভিপ্রণম্য চ ।
ব্রাহ্মণো ভার্গবোঽস্মীতি গৌরবেণাভ্যগচ্ছত ॥১৫॥
রামস্তং প্রতিজগ্রাহ পৃষ্ট্বা গোত্রাদি সর্ব্বশঃ ।
উষ্যতাং স্বাগতঞ্চেতি প্রীতিমাংশ্চাভদ্‌ভৃশম্ ॥১৬॥
তত্র কর্ণস্য বসতো মহেন্দ্রে স্বর্গসন্নিভে ।
গন্ধর্ব্বৈ রাক্ষসৈর্যক্ষৈর্দেবৈশ্চাসীৎ সমাগমঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

ব্রহ্মেতি। চরিতব্রতঃ অনুষ্ঠিতশাস্ত্রোক্তনিয়মঃ। তপস্বী বৈধক্লেশকাবী। বিদ্যাৎ জানীয়াৎ ॥১৩॥

ইতীতি। অঙ্গিবসাং শ্রেষ্ঠম্ অঙ্গিরঃকুলোৎপন্নানাং ভবদ্বাজগোত্রাণাম্, আমন্ত্র্য অনুজ্ঞাপ্য ॥১৪॥

স ইতি। ভার্গবো ভৃগুবংশোৎপন্নঃ। এতেনাত্মনো বামস্য জ্ঞাতিত্বমুদ্‌ঘোষিতম্ ॥১৫॥

রাম ইতি। উষ্যতাং স্থীয়তাম্, স্বাগতং সুখেনাগমনং কিমু ইত্যুক্তেতি শেষঃ, প্রীতিমান্ জ্ঞাতিজ্ঞানাৎ ॥১৬॥

তত্রেতি। মহেন্দ্রে পর্ব্বতে। সমাগমঃ সম্মেলনম্ ॥১৭॥

'যথানিয়মে ব্রতচাবী ব্রাহ্মণ অথবা তপস্বী ক্ষত্রিয়ই কেবল ব্রহ্মাস্ত্র শিক্ষা করিতে পারেন; কিন্তু অন্য জাতি কোন প্রকারেই পাবে না' ॥১৩॥

দ্রোণ এইরূপ বলিলে, কর্ণ সেই ভবদ্বাজগোত্রশ্রেষ্ঠ দ্রোণকে প্রণাম করিয়া এবং তাঁহার অনুমতি লইয়া, সত্বরই মহেন্দ্রপর্ব্বতবাসী পবশুবামেব নিকট গমন করিলেন ॥১৪॥

ক্রমে কর্ণ পরশুরামের নিকটে উপস্থিত হইয়া, মস্তকদ্বাবা তাঁহাকে প্রণাম করিয়া—'আমি ভৃগুবংশীয় ব্রাহ্মণ' এই কথা বলিয়া তাঁহাকে গুরুত্বে ববণ করিবার অভিপ্রায় করিলেন ॥১৫॥

তখন পবশুরাম কর্ণেব গোত্রপ্রভৃতি সমস্ত বিষয় জিজ্ঞাসা করিয়া তাঁহাকে গ্রহণ করিলেন এবং অত্যন্ত সন্তুষ্ট হইয়া বলিলেন—'বৎস! কুশলে তোমাব আগমন হইয়াছে ত? তুমি এইখানেই থাক' ॥১৬॥

(১৫) গৌরবেণাভ্যবন্দত—বা নি। (১৬) স উক্তঃ স্বাগতঞ্চেতি—পি বঙ্গ বর্দ্ধ সো।
(১৭) স্বর্গসম্মিতে—পি নি।

স তত্রেষ্বস্ত্রমকরোদ্ভৃগুশ্রেষ্ঠাদ্যথাবিধি।
প্রিয়শ্চাভবদত্যর্থং দেবদানবরক্ষসাম্ ॥১৮॥
স কদাচিৎ সমুদ্রান্তে বিচরন্নাশ্রমান্তিকে।
একঃ খড়্গধনুষ্পাণিঃ পরিচক্রাম সূর্য্যজঃ ॥১৯॥
সোঽগ্নিহোত্রপ্রসক্তস্য কস্যচিদ্ব্রহ্মবাদিনঃ।
জঘানাজ্ঞানতঃ পার্থ। হোমধেনুং যদৃচ্ছয়া ॥২০॥
তদজ্ঞানকৃতং মত্বা ব্রাহ্মণায় ন্যবেদয়ৎ।
কর্ণঃ প্রসাদয়ংশ্চৈনমিদমিত্যব্রবীদ্বচঃ ॥২১॥
অবুদ্ধিপূর্ব্বং ভগবন্। ধেনুরেষা হতা তব।
ময়া তত্র প্রসাদঞ্চ কুরুষ্বেতি পুনঃ পুনঃ ॥২২॥

ভাবতকৌমুদী

স ইতি। ইষুং প্রাধান্যেন বাণশিক্ষাম্, অস্ত্রম্ অন্যান্যাস্ত্রশিক্ষাঞ্চ। ইষুণা যুক্তমস্ত্রম্ ইষ্বস্ত্রং শাকপার্থিবাদিত্বান্মধ্যপদলোপী সমাসঃ ॥১৮॥

স ইতি। সমুদ্রান্তে দক্ষিণসমুদ্রান্তিকে, আশ্রমান্তিকে কস্যচিত্তপোবনস্য সমীপে ॥১৯॥

স ইতি। ব্রহ্মবাদিনো বেদবক্তুর্ব্রাহ্মণস্য। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, ন পুনঃ স্বেচ্ছয়েত্যাশয়ঃ ॥২০॥

তদিতি। প্রসাদয়ন্ অনুনয়েন প্রসন্নীকুর্ব্বন্। ইতি ইত্থম্ ॥২১॥

ভাবতভাবদীপঃ

সরহস্যনিবর্ত্তনম্ ॥১০—১২॥ ব্রহ্মাস্ত্রমিতি। ত্বং তু ব্রহ্মক্ষত্রেতরত্বান্ন বিত্থার্হ ইত্যর্থঃ ॥১৩—১৪॥ গুরুবের পিতেত্যভিসন্ধায়াহ—ব্রাহ্মণো ভার্গবোঽস্মীতি ॥১৫—১৮॥ সমুদ্রান্তে দক্ষিণসমুদ্রসমীপে

তদবধি কর্ণ স্বর্গতুল্য সেই মহেন্দ্রপর্ব্বতে বাস করিতে লাগিলেন। ক্রমে গন্ধর্ব্ব, রাক্ষস, যক্ষ ও দেবগণের সহিত তাঁহার সম্মেলন হইতে লাগিল ॥১৭॥

কর্ণ সেইভাবে সেইখানে বাস করিতে থাকিয়া পরশুরামের নিকটে যথাবিধানে বাণ ও অন্যান্য অস্ত্র শিক্ষা করিতে লাগিলেন। তৎকালে তিনি দেব, দানব ও রাক্ষসগণের বিশেষ প্রীতির পাত্র হইয়া উঠিলেন ॥১৮॥

পরে একদা কর্ণ তরবারি ও ধনু ধারণ করিয়া দক্ষিণসমুদ্রের উপকূলে কোন আশ্রমের নিকটে একাকী বিচরণ করিতে লাগিলেন ॥১৯॥

পৃথানন্দন! তখন কর্ণ ঈশ্বরেচ্ছাক্রমে অগ্নিহোত্রী ও বেদবক্তা কোন ব্রাহ্মণের একটী হোমধেনুকে অজ্ঞানতঃ হত্যা করিয়া ফেলিলেন ॥২০॥

তখন কর্ণ সেই ব্রাহ্মণের নিকটে যাইয়া জানাইলেন যে—'ভগবন্! আমি অজ্ঞানতঃ এই কার্য্য করিয়া ফেলিয়াছি' এবং উঁহাকে প্রসন্ন করিবার ইচ্ছায় এইরূপ বলিলেন—॥২১॥

তং স বিপ্রোঽব্রবীৎ ক্রুদ্ধো বাচা নির্ভৎ´সয়ন্নিব ।
দুরাচার ! বধার্হস্ত্বং ফলং প্রাপ্নুহি দুর্ম্মতে ! ॥২৩॥
যেন বিস্পর্দ্ধসে নিত্যং যদর্থং ঘটসেঽনিশম্ ।
যুধ্যতস্তেন তে পাপ ! ভূমিশ্চক্রং গ্রসিষ্যতি ॥২৪॥
ততশ্চক্রে মহীগ্রস্তে মূর্দ্ধানং তে বিচেষ্টতঃ ।
পাতয়িষ্যতি বিক্রম্য শত্রুর্গচ্ছ নরাধম ! ॥২৫॥
যথেয়ং গৌর্হতা মূঢ় ! প্রমত্তেন ত্বয়া মম ।
প্রমত্তস্য তথারাতিঃ শিরস্তে পাতয়িষ্যতি ॥২৬॥

ভারতকৌমুদী

অব্রুবীতি । প্রসাদং ক্ষময়া অনুগ্রহম্ ॥২২॥
তমিতি । বধার্হো হোমধেনুবধাদ্‌বধযোগ্যঃ । ফলং হোমধেনুবধস্য ॥২৩॥
তৎ ফলমেবাহ যেনেতি । যদর্থং যজ্জয়ার্থম্, ঘটসে চেষ্টসে । তেন সহ । চক্রং রথস্য ॥২৪॥
তত ইতি । বিচেষ্টতঃ তচ্চক্রমুদ্ধর্ত্তুং চেষ্টমানস্য তে মূর্দ্ধানং ছিত্ত্বা পাতয়িষ্যতি ॥২৫॥
যথেতি । প্রমত্তেন অবধানরহিতেন । প্রমত্তস্য চক্রোত্তোলনে প্রবৃত্তত্বাদ্‌যুদ্ধাবধানরহিতস্য ॥২৬॥

'ভগবন্ ! আমি অজ্ঞানতঃ আপনাব এই হোমধেনুটী বধ কবিযা ফেলিয়াছি। অতএব আপনি আমার প্রতি প্রসন্ন হউন' এই কথা তিনি বাব বাব বলিয়াছিলেন ॥২২॥

তখন সেই ব্রাহ্মণ ক্রুদ্ধ হইযা বাক্যদ্বাবা কর্ণকে তিবস্কাব কবিতে থাকিযা এই কথা বলিলেন—'দুবাচার ! দুর্ম্মতি ! তুমি বধেব যোগ্য, অতএব তুমি হোমধেনু হত্যাব ফল ভোগ কব ॥২৩॥

পাপাত্মা ! তুই সর্ব্বদা যাহার সহিত স্পর্দ্ধা কবিয়া থাকিস্ এবং সর্ব্বদা যাহাকে জয় করিবার জন্য চেষ্টা করিস্, তাহাব সহিত তুই যখন যুদ্ধ করিতে থাকিবি, তখন সেই রণভূমি তোর রথের চক্র গ্রাস করিবে ॥২৪॥

নরাধম ! তাহার পর তুই যখন সেই রথচক্র উত্তোলন করিবার জন্য চেষ্টা করিতে থাকিবি, তখন তোর সেই শত্রু বিক্রম প্রকাশ কবিযা তোর মস্তকচ্ছেদন করিবে। তুই এখন চলিয়া যা ॥২৫॥

মূর্খ ! তুই অনবধানতাবশতঃ আমাব এই হোমধেনুটী যেমন নিপাতিত করিয়াছিস্, তেমন তুই যখন অনবধান থাকিবি, তখন তোব সেই শত্রু তোব মস্তকটী নিপাতিত করিবে' ॥২৬॥

(২৫) মূর্দ্ধানং তে বিচেতসঃ—পি বঙ্গ বর্দ্ধ সো।

শপ্তঃ প্রসাদয়াগাস কর্ণস্তং দ্বিজসত্তমম্।
গোভির্ধনৈশ্চ রত্নৈশ্চ স চৈনং পুনরব্রবীৎ ॥২৭॥
ন হি মেঽব্যাহৃতং কুর্য্যাৎ সর্ব্বলোকোঽপি কেবলম্।
গচ্ছ বা তিষ্ঠ বা যদ্বা কার্য্যং তে তৎ সমাচর ॥২৮॥
ইত্যুক্তো ব্রাহ্মণেনাথ কর্ণো দৈন্যাদধোমুখঃ।
রামমভ্যগমদ্ভীতস্তদেব মনসা স্মরন্ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে কর্ণশাপকথনে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভাবতকৌমুদী

শপ্ত ইতি। প্রসাদবামাস প্রসন্নীকর্ত্তুমিযেষ। স দ্বিজসত্তমঃ ॥২৭॥

ন হীতি। সর্ব্বলোকোঽপি মে ময়া অব্যাহৃতম্ উক্তবচনমনুক্তমিব মিথ্যাভূতমিত্যর্থঃ। কেবলং মুখাম্ ॥২৮॥

ইতীতি। দৈন্যাৎ বিষাদাৎ। তৎ অভিশাপবাক্যম্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভাবতভাবদীপঃ

॥১৯॥ হোমধেনুং কর্ণপর্ব্বোক্তদিশা বৎসবধ এবাত্র ধেনুবধো জ্ঞেয়ঃ ॥২০—২৭॥ মে ব্যাহৃতমিতি শেষঃ। অব্যাহৃতমনুক্তং তদ্বদন্যথেত্যর্থঃ। নেদমব্যাহৃতমিতি পাঠঃ সুগমঃ। কেবলং তূষ্ণীং যথা স্যাত্তথা যত্তে কার্য্যং তদ্বা সমাচরেত্যন্বয়ঃ ॥২৮—২৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

——:*:——

সেই ব্রাহ্মণ কর্ণকে এইরূপ অভিসম্পাত করিলে, কর্ণ গরু, ধন ও রত্ন দিবার অঙ্গীকার করিয়া সেই ব্রাহ্মণকে প্রসন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন। তখন সেই ব্রাহ্মণ পুনরায় কর্ণকে বলিলেন—॥২৭॥

'সমস্ত লোক একত্র হইয়াও আমার কথার অন্যথা করিতে পারিবে না। অতএব তুই এখন যা, অথবা থাক্, কিংবা তোর যাহা কর্ত্তব্য, তাহা কর' ॥২৮॥

ব্রাহ্মণ এইরূপ বলিলে, কর্ণ বিষাদে অধোমুখ ও ভীত হইয়া মনে মনে সেই বিষয়ই চিন্তা করিতে থাকিয়া পরশুরামের নিকট চলিয়া গেলেন' ॥২৯॥

(২৮) যত্তৎ সমাচর—বা নি।

তৃতীয়োঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কর্ণস্য বাহুবীর্য্যেণ প্রণয়েন দমেন চ।
তুতোষ ভৃগুশার্দূলো গুরুশুশ্রূষয়া তথা ॥১॥
তস্মৈ স বিধিবৎ কৃৎস্নং ব্রহ্মাস্ত্রং সনিবর্ত্তনম্।
প্রোবাচাখিলমব্যগ্রং তপস্বী তত্তপস্বিনে ॥২॥
বিদিতাস্ত্রস্ততঃ কর্ণো রমমাণোঽশ্রমে ভৃগোঃ।
চকার বৈ ধনুর্ব্বেদে যত্নমদ্ভুতবিক্রমঃ ॥৩॥
ততঃ কদাচিদ্রামস্তু চরন্নাশ্রমমন্তিকাৎ।
কর্ণেন সহিতো ধীমানুপবাসেন কর্শিতঃ ॥৪॥

ভাবতকৌমুদী

কর্ণস্যেতি। প্রণয়েন ভক্ত্যা, দমেন ইন্দ্রিয়দমনেন। ভৃগুশার্দূলো ভৃগুবংশশ্রেষ্ঠঃ পরশুরামঃ ॥১॥

তস্মা ইতি। কৃৎস্নম্ অঙ্গপ্রত্যঙ্গসহিতম্, সনিবর্ত্তনম্ উপসংহারোপায়সহিতম্। অব্যগ্রং ধীরভাবেন, তপস্বিনে কর্ণায় ॥২॥

বিদিতেতি। রমমাণ আনন্দেনাবতিষ্ঠমানঃ। অত্র সন্ধিরার্ষঃ ॥৩॥

তত ইতি। কর্শিতঃ ক্লিষ্টো বভূব ॥৪॥

ভাবতভাবদীপঃ

কর্ণস্যেতি। প্রশ্রয়েণেতি পাঠেঽনুরাগেণ, দমনেন্দ্রিয়জয়েন ॥১॥ কৃৎস্নং সরহস্যং ন তু মন্ত্রমাত্রম্, অখিলমঙ্গপ্রত্যঙ্গদেবতাবাহনসহিতম্, অব্যগ্রং যথা স্যাত্তথা, তপস্বী একাগ্রচিত্তঃ ॥২॥ অশ্রমে

নারদ বলিলেন—'কর্ণের বাহুবল, ভক্তি, ইন্দ্রিয়দমন ও শুশ্রূষার গুণে ভৃগুবংশশ্রেষ্ঠ পরশুরাম সন্তুষ্ট হইলেন ॥১॥

সুতরাং তপস্বী পরশুরাম তপস্বী কর্ণকে অঙ্গ ও প্রত্যঙ্গের সহিত উপসংহারের উপায়যুক্ত সমগ্র ব্রহ্মাস্ত্র ধীর-স্থিরভাবে ও যথাবিধানে শিক্ষা দিলেন ॥২॥

অদ্ভুতবিক্রমশালী কর্ণ ব্রহ্মাস্ত্র শিক্ষা করিয়া আনন্দিত হইয়া গুরুর আশ্রমে থাকিয়া ধনুর্ব্বেদ শিক্ষায় বিশেষ যত্ন করিতে লাগিলেন ॥৩॥

তাহার পর কোন সময়ে উপবাসক্লিষ্ট জ্ঞানী পরশুরাম কর্ণের সহিত আশ্রমের নিকটে বিচরণ করিতে থাকিলেন ॥৪॥

(১) প্রশ্রয়েণ দমেন চ—বা সো নি।

সুষ্বাপ জামদগ্ন্যস্তু বিশ্রম্ভোৎপন্নসৌহৃদঃ।
কর্ণস্যোৎসঙ্গ আধায় শিরঃ ক্লান্তমনাঃ গুরুঃ ॥৫॥
অথ ক্রিমিঃ শ্লেষ্মমেদোমাংসশোণিতভোজনঃ।
দারুণো দারুণস্পর্শঃ কর্ণস্যাভ্যাসমাগতঃ ॥৬॥
স তস্যোরুমথাসাদ্য বিভেদ রুধিরাশনঃ।
ন চৈনমশকৎ ক্ষেপ্তুং হন্তুং বাপি গুরোর্ভয়াৎ ॥৭॥
সন্দশ্যমানস্তু তথা কৃমিণা তেন ভারত ! ।
গুরোঃ প্রবোধনাশঙ্কী তমুপৈক্ষত সূর্য্যজঃ ॥৮॥
কর্ণস্তু বেদনাং ধৈর্য্যাদসহ্যাং বিনিগৃহ্য তাম্।
অকম্পয়ন্নব্যথয়ন্ ধারয়ামাস ভার্গবম্ ॥৯॥

ভাবতকৌমুদী

সুষ্বাপেতি। বিশ্রম্ভেণ এষ শুশ্রূষুরেবেতি বিশ্বাসেন উৎপন্নং সৌহৃদং যস্য সঃ। উৎসঙ্গে ক্রোড়ে, আধায় সংস্থাপ্য। ক্লান্তমনাস্তত্ত্বচিন্তাবশাদিতি ভাবঃ ॥৫॥

অথেতি। ক্রিমিঃ কীটবিশেষঃ। অভ্যাসং সমীপম্ ॥৬॥

স ইতি। বিভেদ বিদারযামাস, রুধিরাশনো রক্তপায়ী। ক্ষেপ্তুম্ অপসারয়িতুম্ ॥৭॥

সন্দশ্যেতি। সন্দশ্যমানো দশনৈর্ভিদ্যমানঃ। প্রবোধনং জাগরণমাশঙ্কত ইতি সঃ, উপৈক্ষত ত্যক্তবান্ ॥৮॥

কর্ণ ইতি। বিনিগৃহ্য সহিত্বা। অব্যথয়ন্ কৃমিম্। ভার্গবং রামম্ ॥৯॥

কর্ণের উপরে পরশুরামের শুশ্রূষাকারী বলিয়া বিশ্বাস ছিল এবং তাহাতে তাঁহার কর্ণের উপরে বিশেষ স্নেহও জন্মিয়াছিল, সুতরাং পরশুরাম তত্ত্বচিন্তায় ক্লান্তচিত্ত হইয়া কর্ণের ক্রোড়ের উপরে মস্তকটী রাখিয়া নিদ্রিত হইয়া পড়িলেন ॥৫॥

তাহার পর ভীষণমূর্ত্তি, ভীষণস্পর্শ এবং শ্লেষ্মা, মেদ, মাংস ও রক্তভোজী একটা কীট কর্ণের নিকটে আসিল ॥৬॥

রক্তপায়ী সেই কীটটা কর্ণের নিকটে আসিয়া তাঁহার উরু বিদীর্ণ করিল; কিন্তু কর্ণ গুরুর নিদ্রাভঙ্গের ভয়ে সেই কীটটাকে তাড়াইয়া দিতে বা হত্যা করিতে পারিলেন না ॥৭॥

ভরতনন্দন! সেই কীটটা দংশন করিতে লাগিলেও কর্ণ গুরুদেবের নিদ্রাভঙ্গ হইবে এই আশঙ্কা করিয়া সেটাকে উপেক্ষা করিতে লাগিলেন ॥৮॥

---

(৬) অথ কৃমিঃ অভ্যাশমাগতঃ—পি বঙ্গ বর্দ্ধ বা সো।

(৮) সন্দশ্যমানোঽপি—গুরোঃ প্রবোধমাশঙ্ক্য—পি, প্রবোধনাকাঙ্ক্ষী—বা নি।

যদা স রুধিরেণাঙ্গং পরিস্পৃষ্টং ভৃগূদ্বহঃ।
তদাবুধ্যত তেজস্বী সন্ত্রস্তশ্চেদমব্রবীৎ ॥১০॥
অহোঽস্ম্যশুচিতাং প্রাপ্তঃ কিমিদং ক্রিয়তে ত্বয়া।
কথয়স্ব ভয়ং ত্যক্ত্বা যাথাতথ্যমিদং মম ॥১১॥
তস্য কর্ণস্তদাচষ্ট কৃমিণা পরিভক্ষণম্।
দদর্শ রামস্তঞ্চাপি কৃমিং শূকরসন্নিভম্ ॥১২॥
অষ্টপাদং তীক্ষ্ণদংষ্ট্রং সূচীভিরিব সংবৃতম্।
রোমভিঃ সন্নিরুদ্ধাঙ্গমলর্কং নাম নামতঃ ॥১৩॥ (যুগ্মকম্)
স দৃষ্টমাত্রো রামেণ ক্রিমিঃ প্রাণানবাসৃজৎ।
তস্মিন্নেবাসৃজি ক্লিন্নস্তদদ্ভুতমিবাভবৎ ॥১৪॥

ভারতকৌমুদী

যদেতি। ভৃগূদ্বহো ভৃগুবংশশ্রেষ্ঠো রামঃ। অবুধ্যত জাগরিতবান্ ॥১০॥

অহো ইতি। অশুচিতাম্ অপবিত্রত্বং প্রাপ্তঃ, পরকীয়রক্তস্পর্শাদিতি ভাবঃ ॥১১॥

তস্যেতি। শূকরসন্নিভং বরাহসদৃশাকারম্। তীক্ষ্ণা দংষ্ট্রা দন্তশ্রেণির্যস্য তম্। সন্নিরুদ্ধাঙ্গং ভয়াৎ [১] স্কোচিতগাত্রম্ ॥১২—১৩॥

স ইতি। অবাসৃজৎ রামস্যৈব রোষদৃষ্ট্যা অত্যজৎ। অসৃজি রক্তে ॥১৪॥

ভারতভাবদীপঃ

শ্রমবর্জিতে আশ্রমে ইত্যর্থঃ ॥৩—৪॥ বিশ্রম্ভো বিশ্বাসঃ ॥৫—৬॥ ক্ষেপ্তুং দূরীকর্তুম্, তয়ান্নিদ্রাভঙ্গভয়াৎ ॥৭—১২॥ সূচীভিরিব তীক্ষ্ণৈ রোমভিঃ সংবৃতম্, সন্নিরুদ্ধাঙ্গং ত্রাসেন সঙ্কুচিতাঙ্গম্, নাম প্রসিদ্ধম্, নামতো নাম্না ॥১৩॥ অসৃজি শোণিতে ॥১৪॥ বিশ্বরূপঃ কামরূপী, কবালবান্

কর্ণ ধৈর্য্যবশতঃ সেই অসহ্য বেদনাকে সহ্য করিয়া গুরুর অঙ্গ সঞ্চালিত বা কীটকে ব্যথিত না করিয়া রামের মস্তকটী যথাস্থানে ধারণই করিতে লাগিলেন ॥৯॥

যখন কর্ণের রক্ত নির্গত হইয়া রামের অঙ্গ স্পর্শ করিল, তখন তেজস্বী রাম জাগিয়া উঠিলেন এবং সন্ত্রস্ত হইয়া এই কথা বলিলেন—॥১০॥

'হায়! আমি অপবিত্র হইয়াছি; কর্ণ! তুমি এ কি করিতেছ; তুমি ভয় পরিত্যাগ করিয়া আমার নিকটে যথাযথভাবে এই ঘটনাটা বল ত?' ॥১১॥

তখন কর্ণ রামের নিকটে বলিলেন যে—'এই কীটটা আমাকে দংশন করিয়াছে।' তখন রাম সেই কীটটাকে দেখিতে পাইলেন—তাহার আকার শূকরের তুল্য, আটখানা পা, দাঁতগুলি তীক্ষ্ণ এবং সূচীর ন্যায় রোমে তাহার অঙ্গ আবৃত ছিল এবং সে ভয়ে সমস্ত অঙ্গ সঙ্কুচিত করিয়াছিল; তাহার নাম—'অলর্ক' ॥১২—১৩॥

(১২) শূকরসংস্থিতম্—বা নি।

ততোঽন্তরীক্ষে দদৃশে বিশ্বরূপঃ করালবান্।
রাক্ষসো লোহিতগ্রীবঃ কৃষ্ণাঙ্গো মেঘবাহনঃ ॥১৫॥
স রামং প্রাঞ্জলির্ভূত্বা বভাষে পূর্ণমানসঃ।
স্বস্তি তে ভৃগুশার্দূল! গমিষ্যেঽহং যথাগতম্ ॥১৬॥
মোক্ষিতো নরকাদস্মাদ্ভবতা মুনিসত্তম!।
ভদ্রং তবাস্তু বন্দে ত্বাং প্রিয়ং মে ভবতা কৃতম্ ॥১৭॥
তমুবাচ মহাবাহুর্জামদগ্ন্যঃ প্রতাপবান্।
কস্ত্বং কস্মাচ্চ নরকং প্রতিপন্নো ব্রবীহি তৎ ॥১৮॥
সোঽব্রবীদহমাসং প্রাগ্‌দংশো নাম মহাসুরঃ।
পুরা দেবযুগে তাত! ভৃগোস্তুল্যবয়া ইব ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। বিশ্বং সর্ব্বপ্রকারং রূপং যস্য স সর্ব্ববিধরূপধারণক্ষম ইত্যর্থঃ, করালবান্ ভীষণদেহশালী ॥১৫॥

স ইতি। পূর্ণং মানসং পুনঃ স্বদেহপ্রাপ্তিসঙ্কল্পো যস্য সঃ। স্বস্তু মঙ্গলমস্তু ॥১৬॥

মোক্ষিত ইতি। নরকাৎ নরকরূপকৃমিদেহভোগাৎ। ভদ্রং শুভম্ ॥১৭॥

তমিতি। নরকং নরকরূপং কৃমিদেহম্, প্রতিপন্নঃ প্রাপ্তঃ, ব্রবীহি ব্রূহি ॥১৮॥

স ইতি। মহাসুব ইত্যত্র অসুর ইতি বিরোধার্থে নঞ্। অতএব রাক্ষস ইতি প্রাগুক্তেন সহ ন বিরোধঃ। দেবযুগে সত্যযুগে, অতএব 'হে তাত। বৎসে'তি সম্বোধনং সঙ্গচ্ছতে। ভৃগোস্তুল্যবয়া ইব ॥১৯॥

রাম দর্শন করিবামাত্রই সেই রক্তসিক্ত কৃমি প্রাণ পরিত্যাগ করিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥১৪॥

তদনন্তর রাম ও কর্ণ দেখিলেন—কামরূপী, ভীষণমূর্ত্তি, রক্তবর্ণকণ্ঠ ও কৃষ্ণবর্ণ দেহ এক রাক্ষস আকাশে মেঘের উপরে অবস্থান করিতেছে ॥১৫॥

সেই রাক্ষস অভিলাষ পূর্ণ হওয়ায় কৃতাঞ্জলি হইয়া রামকে বলিলেন—'ভৃগুবংশ-শ্রেষ্ঠ! আপনার মঙ্গল হউক, আমি যেস্থান হইতে আসিয়াছিলাম, সেইস্থানেই চলিলাম ॥১৬॥

মুনিশ্রেষ্ঠ! আপনি আমাকে এই নরক হইতে মুক্ত করিয়াছেন; আপনার মঙ্গল হউক, আপনাকে নমস্কার করি, আপনি আমার প্রিয়কার্য্য করিয়াছেন' ॥১৭॥

তখন মহাবাহু ও প্রতাপশালী রাম সেই রাক্ষসকে বলিলেন—'তুমি কে? কি জন্যই বা এই নরকে পতিত হইয়াছিলে, তাহা আমাকে বল' ॥১৮॥

---

(১৭) ভদ্রঞ্চ তেঽস্তু সিদ্ধিশ্চ পি বা নি। (১৯) ভৃগোস্তু সবয়া ইব—নি।

সোঽহং ভৃগোঃ সুদয়িতাং ভার্য্যামপহরং বলাৎ ।
মহর্ষেরভিশাপেন ক্রিমিভূতোঽপতং ভুবি ॥২০॥
অব্রবীদ্ধি স মাং ক্রুদ্ধস্তব পূর্ব্বপিতামহঃ ।
মূত্রশ্লেষ্মাশনঃ পাপ ! নিরয়ং প্রতিপৎস্যসে ॥২১॥
শাপস্যান্তো ভবেদ্‌ব্রহ্মন্নিত্যেবং তমথাব্রুবম্ ।
ভবিতা ভার্গবাদ্রামাদিতি মামব্রবীদ্‌ভৃগুঃ ॥২২॥
সোঽহমেনাং গতিং প্রাপ্তো যথা ন কুশলং তথা ।
ত্বয়া সাধো ! সমাগম্য বিমুক্তঃ পাপযোনিতঃ ॥২৩॥
এবমুক্ত্বা নমস্কৃত্য যযৌ রামং মহাসুরঃ ।
রামঃ কর্ণস্তু সক্রোধমিদং বচনমব্রবীৎ ॥২৪॥

ভাবতকৌমুদী

স ইতি। সুদয়িতাং প্রিয়তমাম্। মহর্ষের্ভৃগোবেব ॥২০॥

অব্রবীদিতি। তব পূর্ব্বপিতামহঃ প্রপিতামহঃ। প্রতিপৎস্যসে প্রাপ্স্যসি ॥২১॥

শাপস্যেতি। শাপস্যান্তো ভবেদিতি কাকুঃ, মদনুনযাৎ ভবেৎ কিমিত্যর্থঃ। ভার্গবাৎ মদ্বংশ্যাৎ ॥২২॥

স ইতি। এনাং গতিং কৃমিরূপতাম্। সমাগম্য মিলিত্বা, পাপযোনিতঃ কৃমিরূপাৎ ॥২৩॥

তখন সেই রাক্ষস বলিল—'বৎস রাম। আমি পূর্ব্বে দেবগণের অত্যন্তবিরোধী 'দংশ'নামক রাক্ষস ছিলাম ; পূর্ব্বে সেই সত্যযুগে আমি যেন আপনার প্রপিতামহ ভৃগুর সমবয়স্ক ছিলাম ॥১৯॥

সেই রাক্ষস আমি বলপূর্ব্বক ভৃগুর প্রিয়তমা ভার্য্যাকে অপহরণ করিতে থাকিয়া সেই মহর্ষিরই অভিশাপে কীট হইয়া ভূতলে পতিত হইয়াছিলাম ॥২০॥

আপনার প্রপিতামহ সেই ভৃগু ক্রুদ্ধ হইয়া আমাকে বলিয়াছিলেন যে, 'পাপাত্মা ! তুই মূত্র ও শ্লেষ্মভোজী কীট হইয়া নরকদুঃখ ভোগ করিবি' ॥২১॥

'ব্রাহ্মণ ! আমার পক্ষে আপনার এই অভিশাপের অবসান হইবে কি ?' আমি এইরূপ সেই ভৃগুকে বলিয়াছিলাম। তখন ভৃগু আমাকে বলিয়াছিলেন যে, 'আমারই বংশসম্ভূত রাম হইতে এই অভিশাপের অবসান হইবে' ॥২২॥

যাহাতে কোনরূপ মঙ্গল লাভ করা যায় না, সেইরূপ এই কৃমি অবস্থা আমি ভৃগুর অভিশাপে প্রাপ্ত হইয়াছিলাম , কিন্তু সাধু রাম ! আজ আপনার সহিত মিলিত হইয়া সেই পাপযোনি হইতে মুক্ত হইলাম' ॥২৩॥

(২২) পাপস্যান্তো—বঙ্গ বদ্ধ সো।

অতিদুঃখমিদং মূঢ! ন জাতু ব্রাহ্মণঃ সহেৎ।
ক্ষত্রিয়স্যেব তে ধৈর্য্যং কাময়া সত্যমুচ্যতাম্ ॥২৫॥
তমুবাচ ততঃ কর্ণঃ শাপাদ্‌ভীতঃ প্রসাদয়ন্।
ব্রহ্মক্ষত্রান্তরে জাতং সূতং মাং বিদ্ধি ভার্গব! ॥২৬॥
রাধেয়ঃ কর্ণ ইতি মাং প্রবদন্তি জনা ভুবি।
প্রসাদং কুরু মে ব্রহ্মন্নস্ত্রলুব্ধস্য ভার্গব! ॥২৭॥
পিতা গুরুর্ন সন্দেহো বেদবিদ্যাপ্রদঃ প্রভুঃ।
অতো ভার্গব ইত্যুক্তং ময়া গোত্রং তবান্তিকে ॥২৮॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাসুরো দেবানামত্যন্তবিরোধী, স রাক্ষসো দংশঃ। সক্রোধং প্রতারণা-জ্ঞানাৎ ॥২৪॥

অতীতি। ইদং কৃমিদংশনজনিতম্, জাতু কদাচিৎ, সহেৎ সোঢ়ুং শক্নুয়াৎ। কাময়া মদিচ্ছয়া। স্ত্রীত্বমার্ষম্ ॥২৫॥

তমিতি। ব্রহ্মক্ষত্রান্তরে ব্রাহ্মণক্ষত্রিয়যোর্মধ্যে। বিদ্ধি জানীহি ॥২৬॥

রাধেয় ইতি। রাধায়াস্তদাখ্যায়াঃ সূতজাতীয়াধিরথপত্ন্যা অপত্যমিতি রাধেয়ঃ ॥২৭॥

ননু তদা ব্রাহ্মণো ভার্গবোঽস্মীতি সর্ব্বথা মিথ্যোক্তিঃ কথং কৃতেত্যাহ পিতেতি। প্রভুঃ তপঃপ্রভাববান্, বেদবিদ্যাপ্রদঃ গুরুরাচার্য্যঃ পিতৈব ইত্যর্থে সন্দেহো নাস্তি। "উৎপাদকব্রহ্মদাত্রো-র্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা" ইতি মনুবচনাৎ ব্রহ্মাস্ত্রদানে তদীয়বেদাত্মকব্রহ্মদানস্য ভাবিত্বাৎ "ভাবিনি

ভারতভাবদীপঃ

ভীষণরূপবান্, মেঘবাহনো মেঘোপবিষ্টঃ ॥১৫—১৮॥ দেবযুগে সত্যযুগে ॥১৯—২২॥ নকুশলমভদ্রম্ ॥২৩—২৪॥ কাময়া স্বয়সেন ॥২৫॥ ব্রহ্মক্ষত্রয়োরন্তরেঽন্তরে জাতম্, তদেবাহ—সূতং মাং বিদ্ধীতি

দেবগণের অত্যন্তবিরোধী সেই রাক্ষস এইরূপ বলিয়া রামকে নমস্কার করিয়া চলিয়া গেল। পরে রাম ক্রোধের সহিত কর্ণকে এই কথা বলিলেন—॥২৪॥

'মূঢ় কর্ণ! ব্রাহ্মণ কখনও এইরূপ দারুণ বেদনা সহ্য করিতে পারেন না, কিন্তু তোমার এই ধৈর্যটা ক্ষত্রিয়ের ন্যায়ই দেখিতেছি, অতএব তুমি আমার ইচ্ছানুসারে সত্য বিষয় বল' ॥২৫॥

তখন কর্ণ রামের অভিশাপের ভয়ে ভীত হইয়া তাঁহাকে প্রসন্ন করিবার ইচ্ছা করিয়া বলিলেন—'ভৃগুনন্দন! আপনি অবগত হউন যে, আমি ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের মধ্যবর্ত্তী সূতজাতিতে জন্ম গ্রহণ করিয়াছি ॥২৬॥

জগতের লোক আমাকে রাধার পুত্র কর্ণ বলে। ভৃগুনন্দন ব্রাহ্মণ! আমি ব্রহ্মাস্ত্র লাভ করিবার লোভে আসিয়াছি, আপনি আমার উপরে অনুগ্রহ করুন ॥২৭॥

তমুবাচ ভৃগুশ্রেষ্ঠঃ সরোষঃ প্রহসন্নিব।
ভূমৌ নিপতিতং দীনং বেপমানং কৃতাঞ্জলিম্ ॥২৯॥
যস্মান্মিথ্যোপচরিতো হ্যস্ত্রলোভাদিহ ত্বয়া।
তস্মাদেতন্ন তে মূঢ়! ব্রহ্মাস্ত্রং প্রতিভাস্যতি ॥৩০॥
অন্যত্র বধকালাত্তে সদৃশে ন সমীয়ুষঃ।
অব্রাহ্মণে ন হি ব্রহ্ম চিরং তিষ্ঠেৎ কদাচন ॥৩১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ভূতবদুপচারঃ" ইতি ন্যায়াৎ ভাবী গুরুর্ভবান্ মম পিতৈবেতি ভবানিবাহমপি ব্রাহ্মণো ভার্গবগোত্রশ্চেতি ভাবঃ ॥২৮॥

তমিতি। প্রহসন্নিব উক্তযুক্তিশ্রবণেন কৌতুকোদয়াদিতি ভাবঃ। দীনং শাপভয়েন কাতরম্ ॥২৯॥

যস্মাদিতি। উপচরিতো ব্যবহৃতঃ। সদৃশেন আত্মতুল্যেন শত্রুণা সহ সমীয়ুষো যুদ্ধে মিলিতস্য তে তব বধকালাদন্যত্র কালে ন প্রতিভাস্যতি মনসি নোপস্থাস্যতি; বধকালে তু প্রতিভাস্যত্যে-বেত্যর্থঃ। অতো মত্তঃ প্রাপ্তমিদমস্ত্রং তে নিষ্ফলমেব ভবিষ্যতি, বধকালাদন্যত্র কালে স্মরণাভাবাৎ বধকালে তু স্মরণেঽপি ক্ষেপসাধকাসন্নিধানেন ক্ষেপাসম্ভবাদিতি ভাবঃ। অতএব হি মহীগ্রস্তরথ-চক্রোত্তোলনকালরূপবধকালে ব্রহ্মাস্ত্রস্মৃতাবপি ভূতলবর্তিনঃ কর্ণস্য ক্ষেপসাধকরথমধ্যস্থধনুরাদ্যসন্নিধানাৎ ন তৎ ক্ষেপযোগ্যতাসীৎ। অন্যত্রাপি কর্ণস্য ব্রহ্মাস্ত্রক্ষেপো ন শ্রূয়তে। অথবা সদৃশেনেতি পদদ্বয়ম্, তত্র সদৃশে শত্রৌ সমীয়ুষো যুদ্ধে সংযোগং প্রাপ্তস্য তে তব বধকালাদন্যত্র কালে এতদ্ব্রহ্মাস্ত্রং ন প্রতিভাস্যতি ইতি ন, অপি তু বধকালাদন্যত্র কালে প্রতিভাস্যত্যেব, বধকালে তু ন প্রতিভাস্যতীতি

ভারতভাবদীপঃ

॥২৬—২৭॥ কথং তর্হি ব্রাহ্মণো ভার্গবোঽস্মীতি মিথ্যাবচনং ত্বয়োক্তমিত্যত আহ—পিতা গুরুরিতি ॥২৮—২৯॥ তস্মাদিতি। হে মূঢ়! তে-তব বধকালাদন্যত্র ব্রহ্মাস্ত্রং ন প্রতিভাস্যতীতি ন কিন্তু বধকাল এব ন প্রতিভাস্যতি, কালান্তরে তু প্রতিভাস্যত্যেবেত্যর্থঃ, ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥৩০॥

বেদবিদ্যাপ্রদাতা ও প্রভাববান্ গুরু মানুষের পিতাই বটেন, ইহাতে কোন সন্দেহ নাই। অতএব আমি আপনার নিকটে পূর্ব্বে বলিয়াছিলাম যে, 'আমি ব্রাহ্মণ—ভৃগুগোত্র' ॥২৮॥

এই কথা বলিয়াই কর্ণ (শাপের ভয়ে) কাঁপিতে থাকিয়া, কৃতাঞ্জলি হইয়া ভূতলে নিপতিত হইলেন। তখন ভৃগুবংশশ্রেষ্ঠ বাম হাসিতে থাকিয়াই যেন ক্রোধের সহিত তাঁহাকে বলিলেন—॥২৯॥

"মূঢ়! তুমি ব্রহ্মাস্ত্র লাভের লোভে আমার নিকটে যখন মিথ্যা ব্যবহার করিয়াছ; তখন অন্য সময়ে এই ব্রহ্মাস্ত্র তোমার মনে পড়িবে বটে; কিন্তু তুমি যখন

(৩১) ন হি ব্রহ্ম ধ্রুবং তিষ্ঠেৎ—পি বঙ্গ বর্দ্ধ বা সো।

গচ্ছেদানীং ন তে স্থানমনৃতস্যেহ বিদ্যতে।
ন ত্বয়া সদৃশো যুদ্ধে ভবিতা ক্ষত্রিয়ো ভুবি ॥৩২॥
এবমুক্তঃ স রামেণ ন্যায়েনোপজগাম হ।
দুর্য্যোধনমুপাগম্য কৃতাস্ত্রোঽস্মীতি চাব্রবীৎ ॥৩৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে কর্ণাস্ত্রপ্রাপ্তির্নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতকৌমুদী

নীলকণ্ঠোক্তসমান এবার্থঃ। ন প্রতিভাস্যতীত্যর্থে যুক্তিমাহ অব্রাহ্মণ ইতি। অব্রাহ্মণে ব্রাহ্মণভিন্নে জনে ব্রহ্ম ব্রহ্মাস্ত্রপ্রয়োগসাধকো বেদ কদাচনাপি চিরং ন হি তিষ্ঠেৎ, বধকালে তু তিষ্ঠেদেবেতি ভাবঃ ॥৩০—৩১॥

গচ্ছেতি। অনৃতস্য সত্যরহিতস্য মিথ্যাবাদিন ইত্যর্থঃ। অন্যাস্ত্রশিক্ষায়াঃ পরিচর্য্যায়াশ্চ ফলমাহ নেতি ॥৩২॥

এবমিতি। ন্যায়েন অভিবাদনাদ্যৌচিত্যেন। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সদৃশেঽর্জ্জুনাদৌ শূরে তে পুরতঃ স্থিতে সমীবুষো যুধ্যমানস্য। "সমিত্যাজিসমিদ্যুধ" ইতি সংপূর্ব্বস্য ইণো যুদ্ধার্থত্বদর্শনাৎ। ধ্রুবং মরণাবধি ন তিষ্ঠেৎ, ব্রহ্ম ব্রহ্মাস্ত্রম্ ॥৩১—৩২॥ ন্যায়েনাভিবন্দনাদি-পূর্ব্বকমুপজগাম ইষ্টং দেশমিতি শেষঃ ॥৩৩॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

——:*:——

যুদ্ধে নিজের তুল্য শত্রুর সহিত মিলিত হইবে, সেই বধের সময়ে তোমার ইহা মনে পড়িবে না। কারণ, ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতীয় লোকের উপরে ব্রহ্মাস্ত্র প্রয়োগ-সাধক বেদ কখন চিরকাল থাকে না ॥৩০—৩১॥

তুমি এখন যাও, আমার এই আশ্রমে মিথ্যাবাদীর স্থান হয় না। কিন্তু এই জগতে কোন ক্ষত্রিয়ই তোমার তুল্য যোদ্ধা হইবে না' ॥৩২॥

রাম এইরূপ বলিলে, কর্ণ ন্যায় অনুসারে রামকে প্রণাম করিয়া সেস্থান হইতে চলিয়া আসিলেন এবং ক্রমে দুর্য্যোধনের নিকটে আসিয়া বলিলেন—'আমি সমস্ত অস্ত্র শিক্ষা করিয়া আসিয়াছি' ॥৩৩॥

——:০:——

চতুর্থোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

কর্ণস্তু সমবাপ্যৈবমস্ত্রং ভার্গবনন্দনাৎ।
দুর্য্যোধনেন সহিতো মুমুদে ভরতর্ষভ! ॥১॥
ততঃ কদাচিদ্রাজানঃ সমাজগ্মুঃ স্বয়ংবরে।
কলিঙ্গবিষয়ে রাজন্! রাজ্ঞশ্চিত্রাঙ্গদস্য চ ॥২॥
শ্রীমদ্রাজপুরং নাম নগরং তত্র ভারত!।
রাজানঃ শতশস্তত্র কন্যার্থে সমুপাগমন্ ॥৩॥
শ্রুত্বা দুর্য্যোধনস্তত্র সমেতান্ সর্ব্বপার্থিবান্।
রথেন কাঞ্চনাঙ্গেন কর্ণেন সহিতো যযৌ ॥৪॥
ততঃ স্বয়ংবরে তস্মিন্ নানাদেশ্যা মহারথাঃ।
সমাজগ্মুর্নৃপতয়ঃ কন্যার্থে নৃপসত্তম! ॥৫॥

ভারতকৌমুদী

কর্ণ ইতি। ভৃগোরপত্যমিতি ভার্গবো জমদগ্নিস্তস্য নন্দনঃ পুত্রস্তস্মাৎ। মুমুদে আননন্দ ॥১॥

তত ইতি। কলিঙ্গবিষয়ে কলিঙ্গদেশে। চিত্রাঙ্গদস্য রাজ্ঞঃ কন্যায়া ইতি শেষঃ ॥২॥

শ্রীতি। শ্রীমৎ সমৃদ্ধিমৎ। কন্যার্থে চিত্রাঙ্গদকন্যালাভার্থে ॥৩॥

শ্রুত্বেতি। কাঞ্চনানামিমানিতি কাঞ্চনানি স্বর্ণময়ানি অঙ্গানি ত্রিবেণুপ্রভৃতয়োঽবয়বা যস্য তেন ॥৪॥

তত ইতি। নানা বহুষু দেশেষু ভবা ইতি নানাদেশ্যাঃ ॥৫॥

নারদ বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! কর্ণ এইভাবে পরশুরামের নিকট অস্ত্র লাভ করিয়া যাইয়া দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া আনন্দ অনুভব করিতে থাকিলেন ॥১॥

রাজা! তাহার পর কোন সময়ে কলিঙ্গদেশে চিত্রাঙ্গদরাজার কন্যার স্বয়ংবরে রাজারা আগমন করিলেন ॥২॥

ভরতনন্দন! সেই কলিঙ্গদেশে রাজপুরনামে সমৃদ্ধিশালী একটী নগর আছে। শত শত রাজা কন্যা লাভ করিবার অভিলাষে সে রাজপুরে আগমন করিলেন ॥৩॥

তখন দুর্য্যোধন সমস্ত রাজা সেস্থানে আগমন করিয়াছেন শুনিয়া কর্ণের সহিত মিলিত হইয়া স্বর্ণময় রথে আরোহণ করিয়া সেস্থানে গমন করিলেন ॥৪॥

শিশুপালো জরাসন্ধো ভীষ্মকো বক্র এব চ।
কপোতরোমা নীলশ্চ রুক্মী চ দৃঢ়বিক্রমঃ ॥৬॥
সুগালশ্চ মহারাজঃ স্ত্রীরাজ্যাধিপতিশ্চ যঃ।
অশোকঃ শতধন্বা চ ভোজো বীরশ্চ নামতঃ ॥৭॥
এতে চান্যে চ বহবো দক্ষিণাং দিশমাশ্রিতাঃ।
ম্লেচ্ছাশ্চার্য্যাশ্চ রাজানঃ প্রাচ্যোদীচ্যাস্তথৈব চ ॥৮॥
কাঞ্চনাঙ্গদিনঃ সর্ব্বে শুদ্ধজাম্বূনদপ্রভাঃ।
সর্ব্বে ভাস্বরদেহাশ্চ ব্যাঘ্রা ইব বলোৎকটাঃ ॥৯॥ (কলাপকম্)
ততঃ সমুপবিষ্টেষু তেষু রাজসু ভারত!।
বিবেশ রঙ্গং সা কন্যা ধাত্রীবর্ষবরান্বিতা ॥১০॥
ততঃ সংশ্রাব্যমাণেষু রাজ্ঞাং নামসু ভারত!।
অত্যক্রামদ্ধার্ত্তরাষ্ট্রং সা কন্যা বরবর্ণিনী ॥১১॥

ভারতকৌমুদী

শিশ্বিতি। দৃঢবিক্রম অধৃষ্যশক্তিঃ। নামতো নাম। আর্য্যা আর্য্যজাতীয়াঃ। কাঞ্চনাঙ্গদিনঃ স্বর্ণময়াঙ্গদধারিণঃ। শুদ্ধজাম্বূনদপ্রভা নির্দ্দোষস্বর্ণকান্তয়ঃ। বলেন উৎকটা মত্তাঃ আসন্ ॥৬—৯॥

তত ইতি। বর্ষবরৈ বক্ষকৈর্নপুংসকৈরন্বিতা, "ষণ্ডো বর্ষবরঃ" ইত্যমরঃ। ধাত্রী উপমাতা চ ॥১০॥

তত ইতি। সংশ্রাব্যমাণেষু ধাত্র্যা। ধার্ত্তরাষ্ট্রং দুর্য্যোধনম্, বরবর্ণিনী উত্তমাঙ্গনা ॥১১॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর নানাদেশীয় মহারথ রাজগণ কন্যালাভ করিবার জন্য সেই স্বয়ংবরসভায় উপস্থিত হইলেন ॥৫॥

শিশুপাল, জরাসন্ধ, ভীষ্মক, বক্র, কপোতরোমা, নীল, মহাবিক্রমশালী রুক্মী, যিনি স্ত্রীরাজ্যের অধিপতি সেই মহারাজ সুগাল, অশোক, শতধন্বা, ভোজদেশীয় বীর—ইঁহারা এবং দক্ষিণদেশীয় অন্য বহুতর রাজা এবং পূর্ব্বদেশীয় ও উত্তরদেশীয় ম্লেচ্ছ ও আর্য্যবংশসম্ভূত রাজারা আগমন করিলেন। তাঁহারা সকলেই স্বর্ণময় কেয়ূরধারী, নির্ম্মল স্বর্ণের ন্যায় গৌরকান্তি, উজ্জ্বল দেহ এবং ব্যাঘ্রের ন্যায় বলমদে মত্ত ছিলেন ॥৬—৯॥

ভরতনন্দন! তাহার পর রাজারা উপবেশন করিলে, নপুংসকগণের সহিত সেই কন্যাটী ও তাহার ধাত্রী সভাতে প্রবেশ করিল ॥১০॥

ভরতনন্দন! পরে ধাত্রী রাজগণের নাম শুনাইতে লাগিলে, সেই সর্ব্বাঙ্গসুন্দরী কন্যাটী দুর্য্যোধনকে অতিক্রম করিয়া চলিল ॥১১॥

---

(৮) ম্লেচ্ছাচার্য্যাশ্চ রাজানঃ—বঙ্গ বর্দ্ধ সো।

দুর্য্যোধনস্তু কৌরব্যো নামর্ষয়ত লঙ্ঘনম্ ।
প্রত্যষেধচ্চ তাং কন্যামসৎকৃত্য নরাধিপান্ ॥১২॥
স বীর্য্যমদমত্তত্বাদ্ভীষ্মদ্রোণাবুপাশ্রিতঃ ।
রথমারোপ্য তাং কন্যামাজুহাব নরাধিপান্ ॥১৩॥
তমন্বগাদ্রথী খড়্গী বদ্ধগোধাঙ্গুলিত্রবান্ ।
কর্ণঃ শস্ত্রভৃতাং শ্রেষ্ঠঃ পৃষ্ঠতঃ পুরুষর্ষভ ! ॥১৪॥
ততো বিমর্দ্দঃ সুমহান্ রাজ্ঞামাসীদ্‌যুযুৎসতাম্ ।
সন্নহ্যতাং তনুত্রাণি রথান্ যোজয়তামপি ॥১৫॥
তেঽভ্যধাবন্ত সংক্রুদ্ধাঃ কর্ণদুর্য্যোধনাবুভৌ ।
শরবর্ষাণি মুঞ্চন্তো মেঘাঃ পর্ব্বতয়োরিব ॥১৬॥
কর্ণস্তেষামাপততামেকৈকেন শরেণ হ ।
ধনূংষি চ শরব্রাতান্ পাতয়ামাস ভূতলে ॥১৭॥

ভারতকৌমুদী

দুর্য্যাধন ইতি। নামর্ষয়ত নাসহত, লঙ্ঘনং সাতিক্রমম্। অসৎকৃত্য অবজ্ঞায় ॥১২॥
স ইতি। ভীষ্মদ্রোণৌ দেশস্থাবপি, উপাশ্রিতো মনসাবলম্বমানঃ। আজুহাব যুদ্ধায় ॥১৩॥
তমিতি। বদ্ধে ধৃতে গোধাঙ্গুলিত্রে চর্ম্মময়হস্তাবরণাঙ্গুল্যাবরণে অস্য স্ত ইতি সঃ ॥১৪॥
তত ইতি। বিমর্দ্দো নিবিড়তা, যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্। সন্নহ্যতাং দধতাম্ ॥১৫॥
তত ইতি। মুঞ্চন্তঃ কুর্ব্বন্তঃ, মেঘা বারিবর্ষাণীতি গম্যতে ॥১৬॥
কর্ণ ইতি। আপততামাগচ্ছতাম্। শরাণাং ব্রাতান্ সমূহান্ ॥১৭॥

তখন কৌরবনন্দন দুর্য্যোধন সেই অতিক্রম করা সহ্য করিলেন না ; তিনি অন্যান্য রাজাকে অবজ্ঞা করিয়া সেই কন্যাটীকে চলিয়া যাইতে নিষেধ করিলেন ॥১২॥

ভীষ্মদ্রোণাশ্রিত দুর্য্যোধন আপন বলমদে মত্ততানিবন্ধন সেই কন্যাটীকে রথে তুলিয়া লইয়া রাজগণকে যুদ্ধের জন্য আহ্বান করিলেন ॥১৩॥

নরশ্রেষ্ঠ ! তখন তরবারি, হস্তাবরণ ও অঙ্গুলিত্রধারী, রথারোহী এবং অস্ত্রধারিশ্রেষ্ঠ কর্ণ তাঁহার অনুগমন করিলেন ॥১৪॥

তৎকালে রাজারা যুদ্ধার্থী হইয়া বর্ম্ম ধারণ ও রথ যোজন করিতে লাগিলে, তাঁহাদের গুরুতর সংমর্দ্দ (ঠেসাঠেসি) হইতে লাগিল ॥১৫॥

ক্রমে মেঘগণ যেমন দুইটা পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ রাজারা কর্ণ ও দুর্য্যোধনের উপরে বাণ বর্ষণ করিতে করিতে তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

(১৩) কন্যামাজহার নরাধিপঃ—পি বঙ্গ বৰ্দ্ধ বা সো।

ততো বিধনুষঃ কাংশ্চিৎ কাংশ্চিদুদ্যতকার্ম্মুকান্।
কাংশ্চিদুৎসৃজতো বাণান্ রথশক্তিগদাস্তথা ॥১৮॥
লাঘবাদাকুলীকৃত্য কর্ণঃ প্রহরতাং বরঃ।
হতসূতাংশ্চ ভূয়িষ্ঠানবজিগ্যে নরাধিপান্ ॥১৯॥ (যুগ্মকম্)
তে স্বয়ং বাহয়ন্তোঽশ্বান্ যাহি যাহীতি বাদিনঃ।
ব্যপেয়ুস্তে রণং হিত্বা রাজানো ভগ্নমানসাঃ ॥২০॥
দুর্য্যোধনস্তু কর্ণেন পাল্যমানোঽভ্যয়াত্তদা।
হৃষ্টঃ কন্যামুপাদায় নগরং নাগসাহ্বয়ম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে কর্ণশাপকথনে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

ভাবতকৌমুদী

তত ইতি। বিধনুষশ্ছিন্নধনুষ্কান্। উৎসৃজতো নিক্ষিপতঃ। লাঘবাৎ আত্মনো দ্রুতাস্ত্রক্ষেপ-যোগ্যত্বাৎ। হতা সূতাঃ সারথয়ো যেষাং তান্, ভূয়িষ্ঠান্ বহুলান্, অবজিগ্যে জিগায় ॥১৮—১৯॥

ত ইতি। বাহয়ন্তশ্চালয়ন্তঃ, সূতানাং হতত্বাৎ। ব্যপেয়ু রণাঙ্গনাদপসস্রুঃ ॥২০॥

দুর্য্যোধন ইতি। পাল্যমানো রক্ষ্যমাণঃ। নাগসাহ্বয়ং হস্তিনাখ্যাম্ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কর্ণস্ত্ব সমবায়েঽপ্যেবমিত্যধ্যায়ঃ স্পষ্টার্থঃ ॥১॥ বিষয়ে দেশে ॥২—৯॥ বর্ষবরঃ ষণ্ডঃ ॥১০—১৯॥ ব্যপেয়ুর্ব্যপগতাঃ ॥২০—২১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

সেই রাজারা আসিতে লাগিলে, কর্ণ এক একটী বাণদ্বারা তাঁহাদের ধনু ও বাণগুলি ছেদন করিয়া করিয়া ভূতলে নিপাতিত করিতে লাগিলেন ॥১৭॥

তাহার পর অনেক রাজার ধনু ছিন্ন হইয়া গেল, অনেকে ধনু উত্তোলন করিতে থাকিলেন, বহু রাজা বাণ, রথশক্তি ও গদা নিক্ষেপ করিতে লাগিলেন, অনেক রাজার সারথিরা নিহত হইল, এইভাবে বীরশ্রেষ্ঠ কর্ণ নিজের লঘুহস্ততাবশতঃ সেই রাজগণকে বিহ্বল করিয়া পরাজয় করিলেন ॥১৮—১৯॥

তখন সেই রাজারা ভগ্নমনোরথ হইয়া 'যা যা' এইরূপ বলিয়া নিজেরাই ঘোড়াগুলিকে চালাইতে থাকিয়া রণস্থল পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন ॥২০॥

---

(১৮) কাংশ্চিচ্ছেদয়তো বাণান্—পি বঙ্গ বর্দ্ধ সো।

পঞ্চমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

আবিষ্কৃতবলং কর্ণং শ্রুত্বা রাজা স মাগধঃ।
আহ্বয়দ্দ্বৈরথেনাজৌ জরাসন্ধো মহীপতিঃ ॥১॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং দিব্যাস্ত্রবিদুষোর্দ্বয়োঃ।
যুধি নানাপ্রহরণৈরন্যোন্যমভিবর্ষতোঃ ॥২॥
ক্ষীণবাণৌ বিধনুষৌ ভগ্নখড়্গৌ মহীং গতৌ।
বাহুভিঃ সমসজ্জেতামুভাবপি বলান্বিতৌ ॥৩॥
বাহুকণ্টকযুদ্ধেন তস্য কর্ণোঽথ যুধ্যতঃ।
বিভেদ সন্ধিং দেহস্য জরয়াশ্লেষিতস্য হি ॥৪॥

ভারতকৌমুদী

আবিরিতি। আবিষ্কৃতবলং কলিঙ্গরাজকন্যাস্বয়ংবরে প্রকাশিতশক্তিম্, মাগধো মাগধাধিপতিঃ॥১॥
তয়োরিতি। দিব্যানি অলৌকিকানি অস্ত্রাণি বিত্ত ইতি দিব্যাস্ত্রবিদ্বাংসৌ তয়োঃ॥২॥
ক্ষীণেতি। মহীং গতৌ স্বস্বরথং বিহায় ভূতলেঽবতীর্ণৌ। সমসজ্জেতাং সম্মিলিতৌ॥৩॥

ভারতভাবদীপঃ

আবিষ্কৃতেতি॥১—৩॥ বাহুকণ্টকযুদ্ধেন বাহুকণ্টকং কেতকপত্রং তদ্বদ্‌যত্র বলিনা দুর্ব্বলস্য শরীরং পাট্যতে তদ্বাহুকণ্টকং নাম যুদ্ধম্। যথোক্তম্—"একাং জঙ্ঘাং পদাক্রম্য পরামুত্থাপ্য পাট্যতে।

তদনন্তর কর্ণ দুর্য্যোধনকে রক্ষা করিতে থাকিলে, দুর্য্যোধন সেই কন্যাটীকে লইয়া আনন্দিত হইয়া হস্তিনানগরের দিকে প্রস্থান করিলেন' ॥২১॥

নারদ বলিলেন—'কর্ণ কলিঙ্গরাজকন্যার স্বয়ংবরে শক্তি প্রকাশ করিয়াছেন শুনিয়া, মগধাধিপতি রাজা জরাসন্ধ দ্বৈরথযুদ্ধে কর্ণকে আহ্বান করিলেন॥১॥

পরে দিব্যাস্ত্রবিৎ কর্ণ ও জরাসন্ধ পরস্পর পরস্পরের উপরে নানা অস্ত্র প্রয়োগ করিতে থাকিলে তাঁহাদের দারুণ যুদ্ধ হইতে লাগিল॥২॥

ক্রমে তাঁহাদের বাণ সকল নিঃশেষ হইল, তরবারি ভাঙ্গিয়া গেল এবং ধনু বিনষ্ট হইল; তখন বলশালী তাঁহারা দুইজনই রথ হইতে ভূতলে অবতীর্ণ হইলেন এবং বাহুযুদ্ধ করিতে আরম্ভ করিলেন॥৩॥

(৩) মুভাবতিবলান্বিতৌ—নি।

স বিকারং শরীরস্য দৃষ্ট্বা নৃপতিরাত্মনঃ।
প্রীতোঽস্মীত্যব্রবীৎ কর্ণং বৈরমুৎসৃজ্য দূরতঃ ॥৫॥
প্রীত্যা দদৌ স কর্ণায় মালিনীং নগরীমথ।
অঙ্গেষু নরশার্দূল! স রাজাসীৎ সপত্নজিৎ ॥৬॥
পালয়ামাস চম্পাঞ্চ কর্ণঃ পরবলার্দ্দনঃ।
দুর্য্যোধনস্যানুমতে তবাপি বিদিতং তথা ॥৭॥
এবং শস্ত্রপ্রতাপেন প্রথিতঃ সোঽভবৎ ক্ষিতৌ।
ত্বদ্ধিতার্থং সুরেন্দ্রেণ ভিক্ষিতো বর্ম্মকুণ্ডলে ॥৮॥
স দিব্যে সহজে প্রাদাৎ কুণ্ডলে পরমার্চ্চিতে।
সহজং কবচঞ্চাপি মোহিতো দেবমায়য়া ॥৯॥

ভারতকৌমুদী

বাহ্বিতি। বাহুকণ্টকযুদ্ধমাহ নীলকণ্ঠধৃতং বচনম্—"একাং জঙ্ঘাং পদাক্রম্য পরামুত্তম্য পাট্যতে। কেতকীপত্রবচ্ছত্রুর্দ্ধং তদ্বাহুকণ্টকম্॥" জরয়া রাক্ষস্যা আশ্লেষিতস্য সংযোজিতস্য ॥৪॥
স ইতি। বিকারং বিশ্লেষাবস্থম্। দূরতঃ অপসরন্নিতি শেষঃ ॥৫॥
প্রীত্যেতি। অঙ্গেষু অঙ্গদেশে। স জরাসন্ধঃ, সপত্নজিৎ শত্রুবিজয়ী ॥৬॥
পালয়েতি। চম্পাং নাম নগরীম্। দুর্য্যোধনস্য চম্পায়া অপ্যধিপতেরিত্যাশয়ঃ ॥৭॥
এবমিতি। ত্বদ্ধিতার্থং তৎ তস্মাৎ হিতার্থম্ অর্জ্জুনস্যেতি শেষঃ, ভিক্ষিতো যাচিতঃ কর্ণঃ ॥৮॥

জরাসন্ধ বাহুযুদ্ধ করিতে লাগিলে, কর্ণ বাহুকণ্টকযুদ্ধে জরারাক্ষসীসংযোজিত জরাসন্ধদেহের সন্ধিস্থান দ্বিধাবিভক্ত করিতে প্রবৃত্ত হইলেন ॥৪॥

তখন জরাসন্ধরাজা আপন দেহের বিকার উপস্থিত হইতেছে দেখিয়া দূরে সরিয়া যাইয়া শত্রুতা পরিত্যাগ করিয়া কর্ণকে বলিলেন—'আমি সন্তুষ্ট হইয়াছি' ॥৫॥

নরশ্রেষ্ঠ! তাহার পর জরাসন্ধ কর্ণকে প্রীতিপূর্ব্বক অঙ্গদেশস্থ মালিনীনগরী দান করিলেন। কারণ, জরাসন্ধ শত্রুবিজয়ী ছিলেন (পূর্ব্বে শত্রুগণকে জয় করিয়া মালিনীনগরী অধিকার করিয়াছিলেন।) ॥৬॥

রাজা! পরে শত্রুবিজয়ী কর্ণ দুর্য্যোধনের অনুমতিক্রমে চম্পানগরীও পালন করিতে লাগিলেন। তাহা তোমারও জানা আছে ॥৭॥

এইভাবে কর্ণ আপন অস্ত্রের প্রভাবে পৃথিবীতে বীর বলিয়া প্রসিদ্ধি লাভ করিলেন; সেই জন্যই ইন্দ্র আসিয়া অর্জ্জুনের হিতের জন্য কর্ণের নিকটে তাঁহার বর্ম্ম ও কুণ্ডল প্রার্থনা করিলেন ॥৮॥

---

(৮) ভিক্ষ্যতে—পি।

বিমুক্তঃ কুণ্ডলাভ্যাঞ্চ সহজেন চ বর্ম্মণা ।
নিহতো বিজয়েনাজৌ বাসুদেবস্য পশ্যতঃ ॥১০॥
ব্রাহ্মণস্যাভিশাপেন রামস্য চ মহাত্মনঃ ।
কুন্ত্যাশ্চ বরদানেন মায়য়া চ শতক্রতোঃ ॥১১॥
ভীষ্মাবমানাৎ সংখ্যায়াং রথানামর্দ্ধকীর্ত্তনাৎ ।
শল্যাত্তেজোবধাচ্চাপি বাসুদেবনয়েন চ ॥১২॥
রুদ্রস্য দেবরাজস্য যমস্য বরুণস্য চ ।
কুবেরদ্রোণয়োশ্চৈব কৃপস্য চ মহাত্মনঃ ॥১৩॥
অস্ত্রাণি দিব্যান্যাদায় যুধি গাণ্ডীবধন্বনা ।
হতো বৈকর্ত্তনঃ কর্ণো দিবাকরসমদ্যুতিঃ ॥১৪॥ (কলাপকম্)
এবং শপ্তস্তব ভ্রাতা বহুভিশ্চাপি বঞ্চিতঃ ।
ন শোচ্যঃ পুরুষব্যাঘ্র ! যুদ্ধে হি নিধনং গতঃ ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে কর্ণবীর্য্যকথনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

ভাবতকৌমুদী

স ইতি। স বর্ণঃ, দিব্যে অলৌকিকে, সহজে আজন্মসিদ্ধে, পবমার্চ্চিতে অত্যাদৃতে ॥৯॥
বিমুক্ত ইতি। বিজয়েনার্জ্জুনেন। বধনিবর্ত্তকবর্ম্মকবচাভাবাদেব কর্ণস্য বধ ইত্যাশয়ঃ ॥১০॥
ব্রাহ্মণস্যেতি। অভিশাপেন প্রাগুক্তেন। মায়য়া কবচকুণ্ডলহবণাৎ। সংখ্যায়াং বথাতিবথাদীনাম্, অর্দ্ধকীর্ত্তনাৎ আত্মবিশ্বাসহান্যা। বাসুদেবস্য নয়েন নীতিপ্রয়োগেণ বথচক্রোত্তোলনকালে অর্জ্জুনায় অস্ত্রক্ষেপোপদেশদানেনেত্যর্থঃ। রুদ্রস্য পশুপতেঃ। দিব্যানি স্বর্গীযাণি অলৌকিকানি চ ॥১১—১৪॥

তখন কর্ণ দেবতাব মায়ায় মোহিত হইযা অত্যন্ত আদবেব বস্তু ও অলৌকিক স্বাভাবিক কুণ্ডল দুইটী এবং বর্ম্মটী ইন্দ্রকে দান কবিলেন ॥৯॥

কর্ণ স্বাভাবিক কুণ্ডল দুইটী ও বর্ম্মটী পবিত্যাগ কবিয়াছিলেন বলিযাই অর্জ্জুন যুদ্ধে কর্ণকে বধ কবিতে পাবিয়াছেন ॥১০॥

অন্যথা দোষমাহ—অথেতি। নিন্দন্তো নিন্দাং কৃত্বা কাপথং অত্যুক্তং ত্যাগমার্গং যে গতাস্তেষামেনঃ পাপং বিদ্যতে ॥১৬॥ আদিত্যরশ্মিতাবকাথ্যসিদ্ধিত্রয়স্থানাদবে দুর্গতিমাহ—দেবেতি। বংশ ইব বংশোঽর্চিরাদিপর্ব্বোপেতত্বান্মার্গঃ; দেববংশো দেবযানমার্গঃ, তথা পিতৃবংশঃ পিতৃযানমার্গঃ, ব্রহ্মবংশো ব্রহ্মাবাপ্তিমার্গঃ। তৎপ্রাপ্ত্যুপায়বহুত্বাৎ প্রত্যেকং বহুবচনম্। এবাং ত্যাগেনাশুচীপথং ক্ষুদ্রজন্তশূকাদিযোনিং যান্তি। শুচীতি দৈর্ঘ্যমার্ষম্ ॥১৭॥ এতৎ কর্ম্ম বো যুষ্মাকমস্তু তচ্চ তপোযুক্ত-মুপাসনযুক্তম্, উপাসনা চাত্র দ্বিবিধা, অধ্যাত্মমধিদৈবঞ্চ। তত্র যজ্ঞাঙ্গেষ্বাদৌ বিরাড়্দৃষ্টিরূপা বা অথস্য মেধ্যস্য শির ইত্যাদিনা বিহিতাস্থ্যা, আত্মা ত্ববিমুক্তোপাসনা, "সোঽবিমুক্ত উপাস্য" ইত্যুপক্রম্য "কতমচ্চাস্য স্থানং ভ্রুবো ঘ্রাণস্য চ যঃ সন্ধিঃ" ইত্যাদিনা বিহিতা। এতেন দ্বিবিধাপ্যুপাসনা কর্ম্মসমুচ্চিতৈব কর্ত্তব্যেতি দর্শিতম্। কিম্ভূতমেতৎ কর্ম্ম দদামীতি ঋষিণা মন্ত্রেণ চোদিতম্। তথা

তা'র পর, যে সকল মানুষ গৃহস্থকার্য্যের নিন্দা করিয়া অন্যায্যভাবে সন্ন্যাসাবলম্বনরূপ কুপথে গমন করে; সন্ন্যাসের প্রকৃতকারণবিহীন সেই মূঢ়গণের পাপই হয় ॥১৬॥

নিত্যশুভফলদাতা দেবগণ, পিতৃগণ ও ব্রাহ্মণগণের পূজা ত্যাগ করিয়া মূঢ় লোকেরা সন্ন্যাসে প্রবৃত্ত হয়, তাহার পর তাহারা অপবিত্র পথে গমন করে (অর্থাৎ কৃমিকীটাদি যোনিতে জন্মগ্রহণ করে) ॥১৭॥

---

(১৭)· যান্ত্যশ্রুতীপথম্—বঙ্গ বর্দ্ধ বা সো। (১৮) ·তস্মাত্তত্ত্বব্যবস্থানং তপস্বিতপউচ্যতে· · পি বঙ্গ বর্দ্ধ বা সো।

দেববংশান্ ব্রহ্মবংশান্ পিতৃবংশাংশ্চ শাশ্বতান্।
সংবিভজ্য গুরোশ্চর্য্যাং তদ্বৈ দুষ্করমুচ্যতে ॥১৯॥
দেবা বৈ দুষ্করং তপ্ত্বা বিভূতিং পরমাং গতাঃ।
তস্মাদ্‌গার্হস্থ্যমুদ্বোঢ়ং দুষ্করং প্রব্রবীমি বঃ ॥২০॥
তপঃ শ্রেষ্ঠং প্রজানাং হি মূলমেতন্ন সংশয়ঃ।
কুটুম্ববিধিনানেন যস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতম্ ॥২১॥

ভারতকৌমুদী

অথ তপোনাম দুষ্করং গার্হস্থ্যে তু কিং দুষ্করত্বমিত্যাহ দেবেতি। দেবেত্যাদৌ পূর্ব্ববদেব ব্যাখ্যানম্। সংবিভজ্য কালবিভাগেন প্রপূজ্য, গুরোশ্চর্য্যাং সেবাঞ্চ, যথাকালং বিধায়েতি শেষঃ। যদ্‌গার্হস্থ্যরূপং তপশ্চরণং তদ্বৈ দুষ্করমুচ্যতে ॥১৯॥

উক্তার্থে উদাহরণমাহ দেবা ইতি। বিভূতিং সম্পদম্, গতা গার্হস্থ্যেনৈব প্রাপ্তাঃ। উদ্বোঢ়ুমবলম্বিতুম্ ॥২০॥

তপ ইতি। প্রজানাং জনানাম্, এতদ্‌গার্হস্থ্যরূপম্, মূলং সম্পদঃ কারণম্। কুটুম্ববিধিনা পুত্রপৌত্রাদিপরিজনভরণপোষণবিধানেন, সর্ব্বমপরাশ্রমত্রয়ম্ ॥২১॥

ভাবভাবদীপঃ

চেদ্রবাক্যং কর্ম্মকাণ্ডে—"দেহি মে দদামি ত" ইতি। দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগরূপং দানং কুরু তুভ্যং চাহং পুত্রপশুস্বর্গাদিকং ফলং দাস্যামীতি মন্ত্রার্থঃ। যস্মাদেবং তস্মাত্তত্তত্র তত্র মার্গে ব্যবস্থানং নিষ্ঠাপূর্ব্বিকাস্থিতিস্তদেব তপস্বিনাং তপ উচ্যতে, নান্যৎ কায়শোষণাদি ॥১৮॥ দেবেতি। অঙ্গোপাস্তি-যুক্তং বা কেবলং বা বিযুক্তোপাস্তিযুক্তং বা দেববংশাদিশব্দোপলক্ষিতং কর্ম্ম গুরোশ্চর্য্যাং পরিচর্য্যাং সংবিভজ্য পরম্পরাবিরোধেন দিননাড়ীবিভাগেন নিত্যং ক্রিয়মাণং দুষ্করং দুঃসাধ্যমুচ্যতে বিদ্বদ্ভিঃ, ইত্থমেব কর্ত্তব্যমিতি ভাবঃ ॥১৯॥ এতদেব পররত্যা দ্রঢ়য়তি—দেবা ইতি ॥২০॥ তপঃ কর্ম্মৈব প্রজানাং মূলমতঃ শ্রেষ্ঠং যতোঽনেন ছান্দোগ্যদৃষ্টেন কুটুম্ববিধিনা কুটুম্বে শুচৌ দেশে স্বাধ্যায়মধীয়ান

কুমারগণ! আমি এখন তোমাদিগকে ঋষিগণোপদিষ্ট, বাস্তবিক ও ন্যায়সঙ্গত এই গার্হস্থ্যরূপ তপস্যার উপদেশ দিতেছি। এই জগতে এই গার্হস্থ্যাবলম্বী লোক-দিগকেই তপস্বী বলে ॥১৮॥

যথাসময়ে গুরুশুশ্রূষা এবং ভিন্ন ভিন্ন সময়ে নিত্যশুভফলজনক দেবগণ, পিতৃগণ ও ব্রাহ্মণগণের পূজা করিয়া যে গৃহস্থধর্ম্মের অনুষ্ঠান করা হয়, তাহাকেই দুষ্কর তপস্যা বলে ॥১৯॥

দেবতারা দুষ্কর তপস্যা করিয়া গৃহস্থধর্ম্মদ্বারাই উত্তম সম্পদ লাভ করিয়াছেন। অতএব কুমারগণ! আমি তোমাদিগকে সেই গৃহস্থধর্ম্ম অবলম্বন করিবার জন্যই উপদেশ দিতেছি ॥২০॥

(২০) দুষ্করং কৃত্বা · বঙ্গ বর্দ্ধ নি।

এতদ্বিদুস্তপো বিপ্রা দ্বন্দ্বাতীতা বিমৎসরাঃ।
তস্মাদ্‌ব্রতং মধ্যমন্তু লোকেষু তপ উচ্যতে ॥২২॥
দুরাধর্ষপদঞ্চৈব গচ্ছন্তি বিঘসাশিনঃ।
সায়ংপ্রাতর্বিভজ্যান্নং স্বকুটুম্বে যথাবিধি ॥২৩॥
দত্ত্বাতিথিভ্যো দেবেভ্যঃ পিতৃভ্যঃ স্বজনায় চ।
অবশিষ্টানি যেঽশ্নন্তি তানাহুর্বিঘসাশিনঃ ॥২৪॥
তস্মাৎ স্বধর্ম্মমাস্থায় সুব্রতাঃ সত্যবাদিনঃ।
লোকস্য গুরবো ভূত্বা তে ভবন্ত্যনুপস্কৃতাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

এতদিতি। দ্বন্দ্বাতীতাঃ শীতাতপাদিদ্বন্দ্বদুঃখাতিক্রান্তাঃ, বিমৎসরা অন্যসুখদ্বেষরহিতাঃ। তস্মাদ্‌গার্হস্থ্যরূপাদুত্তমাত্তপসঃ, মধ্যমং ব্রহ্মচর্য্যাদিত্রয়ম্ ॥২২॥

দুরাধর্ষেতি। সায়ংপদং রাত্রিপরং প্রাতঃপদঞ্চ দিনপরম্। তেন দিনে রাত্রৌ চ, যথাবিধি, স্বকুটুম্বে স্বকীয়পুত্রকলত্রাদিপরিজনবর্গে, অন্নং বিভজ্য পৃথক্ পৃথক্ কৃত্বা দত্ত্বা, বিঘসং তদ্‌ভুক্তাব- শিষ্টমন্নম্ অশ্নন্তি খাদন্তীতি তে তাদৃশা গৃহস্থাঃ, দুরাধর্ষপদং দুর্লভস্থানং ব্রহ্মলোকাদিকম্, গচ্ছন্তি ॥২৩॥

অথ কে নাম বিঘসাশিন ইত্যাহ দত্ত্বেতি। অশ্নন্তি ভক্ষয়ন্তি ॥২৪॥

ভারতভাবদীপঃ

ইত্যাদিনা যস্মিন্ গৃহস্থকর্ম্মণি সর্ব্বং প্রতিষ্ঠিতম্। তথা চ সূত্রম্—"কৃৎস্নভাবাত্তু গৃহিণোপসংহারঃ" ইতি। সর্ব্বেষামাশ্রমাণাং ধর্ম্মা গৃহে এব সন্তি ন স্বতন্ত্রেতি হেতোশ্ছান্দোগ্যে কুটুম্ব ইত্যাদিশ্রুত্যা গৃহিণৈব বিদ্যোপসংহারঃ কৃত ইতি সূত্রার্থঃ ॥২১॥ ব্রতং ব্রহ্মচর্য্যাদ্যুপেতমধ্যয়নং মধ্যমঞ্চ তদ্রহিতং যজ্ঞাদি চ তপঃশব্দেনোচ্যতে ॥২২॥ তয়োর্দ্বিতীয়ং স্তৌতি দুরাধর্ষেতি। বিঘসাশিপদং ব্যাচষ্টে—

ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও প্রব্রজ্যা এই তিনটী আশ্রমই যাহাতে প্রতিষ্ঠিত রহিয়াছে; সেই পুত্রকলত্রাদির ভরণপোষণস্বরূপ গৃহস্থাশ্রমই উত্তম তপস্যা এবং সর্ব্বপ্রকার সমৃদ্ধির কারণ, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

দ্বন্দ্বদুঃখসহিষ্ণু ও বিদ্বেষবিহীন মুনিরা এই গৃহস্থধর্ম্ম পালন করাকেই উত্তম তপস্যা বলিয়া উল্লেখ করেন, আর তদ্ভিন্ন ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও প্রব্রজ্যা এই তিনটী পালন করাকে মধ্যম তপস্যা বলিয়া থাকেন ॥২২॥

যাঁহারা দিনে ও রাত্রিতে যথাবিধানে বিভক্ত করিয়া করিয়া পুত্রকলত্রপ্রভৃতি পরিজনদিগকে অন্ন দানপূর্ব্বক তদবশিষ্ট অন্ন ভোজন করেন; সেই গৃহস্থেরা দুর্লভ স্বর্গে গমন করিয়া থাকেন ॥২৩॥

(২২)· এতস্মাদ্বনমধ্যে তু নি।

ত্রিদিবং প্রাপ্য শক্রস্য স্বর্গলোকে বিমৎসরাঃ।
বসন্তি শাশ্বতান্ বর্ষান্ জনা দুষ্করকারিণঃ ॥২৬॥

অর্জ্জুন উবাচ।

ততস্তে তদ্বচঃ শ্রুত্বা ধর্ম্মার্থসহিতং হিতম্।
উৎসৃজ্য নাস্তিকমতিং গার্হস্থ্যং ধর্ম্মমাশ্রিতাঃ ॥২৭॥
তস্মাত্ত্বমপি দুর্দ্ধর্ষ। ধৈর্য্যমালম্ব্য শাশ্বতম্।
প্রশাধি পৃথিবীং কৃৎস্নাং হতামিত্রাং নরাধিপ। ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে অর্জ্জুনবাক্যে ঋষিশকুনিসংবাদে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভাবতকৌমুদী

তস্মাদিতি। স্বধর্ম্মং গৃহস্থাচাবম্, সুব্রতাঃ সম্যগনুষ্ঠিতগৃহস্থনিয়মাঃ। গুবব উপদেষ্টাবঃ। অনুপস্কৃতা স্বধর্ম্মে সংশয়বহিতাঃ ॥২৫॥

ত্রিদিবমিতি। বিমৎসবা অন্যশুভদ্বেষবহিতাঃ। শাশ্বতান্ বহুনিত্যর্থঃ, দুষ্কবং গৃহস্থধর্ম্মং কুর্ব্বন্তীতি তে ॥২৬॥

তত ইতি। নাস্তিকমতিং গার্হস্থ্যে ধর্ম্মো নাস্তীতি বুদ্ধিম্ ॥২৭॥

তস্মাদিতি। শাশ্বতং চিবকালীনম্। হতামিত্রাং বিনাশিতশত্রুম্ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

যাঁহাবা অতিথি, দেবতা, পিতৃলোক ও পবিজনদিগকে অন্ন দান করিয়া তদবশিষ্ট ভোজন করেন; তাঁহাদিগকেই 'বিঘসাশী' বলে ॥২৪॥

অতএব মানুষ গৃহস্থধর্ম্ম অবলম্বনপূর্ব্বক যথানিয়মে সেই ধর্ম্মের নিয়ম পালন কবিয়া সত্যবাদী ও সংশয়বিহীন হইয়া সমস্ত লোকেব উপদেষ্টা হইতে পাবে ॥২৫॥

দুষ্কব গৃহস্থধর্ম্ম পালনকাবী ও বিদ্বেষবিহীন লোকেবা ইন্দ্রের স্বর্গলোকে গমন করিয়া, তাহাতে বহু বৎসর বাস কবিতে সমর্থ হয়' ॥২৬॥

অর্জ্জুন বলিলেন—তাহাব পব সেই ঋষিকুমাবেরা ইন্দ্রেব সেই ধর্ম্মার্থযুক্ত ও হিতজনক বাক্য শুনিয়া 'গৃহস্থাশ্রমে ধর্ম্ম নাই' এইরূপ পূর্ব্ববর্ত্তী বুদ্ধি পবিত্যাগ কবিযা গৃহস্থাশ্রমই অবলম্বন করিলেন ॥২৭॥

(২৭) নাস্তীতি গার্হস্থ্যং সমুপাশ্রিতাঃ—পি বঙ্গ বর্দ্ধ বা। (২৮) তস্মাত্ত্বমপি সর্ব্বজ্ঞ! বঙ্গ বর্দ্ধ নি।

দ্বাদশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

অর্জুনস্য বচঃ শ্রুত্বা নকুলো বাক্যমব্রবীৎ।
রাজানমভিসংপ্রেক্ষ্য সর্ব্বধর্ম্মভৃতাং বরম্ ॥১॥
অনুরুধ্য মহাপ্রাজ্ঞো ভ্রাতুশ্চিত্তমরিন্দম।।
ব্যূঢ়োরস্কো মহাবাহুস্তাম্রাস্যো মিতভাষিতা ॥২॥ (যুগ্মকম্)

নকুল উবাচ।

বিশাখযূপে দেবানাং সর্ব্বেষামগ্নয়শ্চিতাঃ।
তস্মাদ্বিদ্ধি মহারাজ! দেবাঃ কর্ম্মফলে স্থিতাঃ ॥৩॥

ভারতকৌমুদী

অর্জ্জুনস্যেতি। রাজানং যুধিষ্ঠিরম্। অনুরুধ্য অনুসৃত্য, ভ্রাতুর্ভীমস্য অর্জ্জুনস্য চ। ব্যূঢ়ং বিশালকঠিনম্ উরো বক্ষো যস্য সঃ, তাম্রাস্যো বিষাদেন মলিনতাম্রবর্ণমলিনবদনঃ, মিতভাষিতা স্বল্পবাদী ॥১—২॥

ভারতভাবদীপঃ

সাম্নিতি—সার্দ্ধেন ॥২৩—২৪॥ অনুপস্কৃতা নিঃসংশয়াঃ ॥২৫—২৬॥ তত ইতি। তে তরুণাঃ সন্ন্যাসচিকীর্ষবঃ উৎসৃজ্য নাস্তীতি গতাঃ আশ্রমান্তরে সিদ্ধির্নাস্তীতি তত্তৎসৃজ্য গতা ইতি যোজ্যম্ ॥২৭॥ ফলিতমাহ—তস্মাদিতি ॥২৮॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

—:*:—

এবমর্জ্জুনবাক্যাৎ কর্ম্মণামবশ্যকর্ত্তব্যত্বে সিদ্ধে সঙ্গং কর্ত্তৃত্বাভিমানং ফলাশাঞ্চ ত্যক্ত্বা তানি কর্ত্তব্যানীতি নকুলবাক্যেন প্রতিপাদয়িষ্যন্নাবভতে—অর্জ্জুনস্যেত্যাদি ॥১॥ তাম্রাস্যো দুঃখেন বিবর্ণ-

অতএব হে দুর্দ্ধর্ষ নবনাথ! আপনিও চিরকালের জন্য ধৈর্য্য অবলম্বন করিয়া, এই নিষ্কণ্টক সমগ্র পৃথিবী শাসন করিতে থাকুন' ॥২৮॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—শত্রুদমনকারী রাজা! বিশালকঠিন বক্ষা, মহাপ্রাজ্ঞ ও মিতভাষী নকুল অর্জ্জুনের সেই কথা শুনিয়া মলিনবদন হইয়া সর্ব্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ যুধিষ্ঠিরের দিকে চাহিয়া এবং ভীম ও অর্জ্জুনের চিত্তের অনুসরণ করিয়া এই সকল কথা বলিতে লাগিলেন ॥১—২॥

অনাস্তিকানাং ভূতানাং প্রাণদাঃ পিতরশ্চ যে।
তেঽপি কর্ম্মৈব কুর্ব্বন্তি বিধিং সম্প্রেক্ষ্য পার্থিব! ॥৪॥
বেদবাদাপবিদ্ধাংস্তু তান্ বিদ্ধি ভৃশনাস্তিকান্।
ন হি বেদোক্তমুৎসৃজ্য বিপ্রঃ সর্ব্বেষু কর্ম্মসু ॥৫॥
দেবযানেন নাকস্য পৃষ্ঠমাপ্নোতি ভারত।।
অত্যাশ্রমানয়ং সর্ব্বানিত্যাহুর্বেদনিশ্চয়াঃ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দেবত্বমপি কর্ম্মণ এব ফলমিত্যাহ বিশাখেতি। বিশাখযূপে তদাখ্যে স্থানে, সর্ব্বেষাং দেবানাম্, অগ্নয়ো যজ্ঞবহ্নয়ঃ, চিতাঃ ঋত্বিগ্ভিঃ পূর্ব্বমাহৃতাঃ, অদ্যাপি তত্র তেষাম্ ইষ্টকস্থণ্ডিলানি বিদ্যন্ত ইতি ভাবঃ। দেবাঃ কর্ম্মফলে স্থিতাঃ তেষাং দেবত্বমপি তৎকর্ম্মণামেব ফলমিত্যর্থঃ ॥৩॥

পিতরোঽপি কর্ম্ম কুর্ব্বন্তীত্যাহ অনাস্তিকানামিতি। ন আস্তিকা অনাস্তিকা মূঢ়তয়া কর্ম্মফলমস্তীতি বোদ্ধুমশক্তাস্তাদৃশানামপি ভূতানাং গবাদীনাং প্রাণিনাম্, প্রাণদা বৃষ্টিজননদ্বারা ঘাসাদিজননেন প্রাণরক্ষকা যে পিতরঃ। কুর্ব্বন্তি উত্তরোত্তরোত্তমস্থানলাভায় অনুতিষ্ঠন্তি। তেষাং তৎপ্রাণদান-শক্তিরপি কর্ম্মফলমেবেত্যাশয়ঃ ॥৪॥

বেদোঽপি কর্ম্মৈব বিদধাতীত্যাহ বেদেতি। যে কিল সতি সম্ভবে কর্ম্ম বিহায় সন্ন্যাসমাশ্রয়ন্তে তান্, বেদস্য বাদা "প্রতিতিষ্ঠন্তি হ বৈ য এতা রাত্রীরুপযন্তি" ইত্যাদীনি বাক্যানি অপবিদ্ধাঃ ক্রিয়াত্যক্তা যৈস্তান্ ভৃশনাস্তিকান্ বিদ্ধি জানীহি, অতস্ত্বমপি তাদৃশো নাস্তিকো ন ভবেতি ভাবঃ। বিপ্রঃ সর্ব্বেষু কর্ম্মসু কৃতিসাধ্যেষু পানভোজনাদিষু মধ্যে, বেদোক্তং যজ্ঞাদিকং কর্ম্ম উৎসৃজ্য বিহায়, নাকস্য স্বর্গস্য পৃষ্ঠমুপবিদেশম্, ন হি আপ্নোতি লব্ধুং শক্নোতি, অপি তু কর্ম্মণৈবাপ্নোতীত্যর্থঃ

ভারতভাবদীপঃ

মুখঃ ॥২॥ বিশাখযূপে ক্ষেত্রবিশেষে দেবানাং দেবৈঃ অগ্নয়োঽগ্নিস্থাপনার্থানি স্থণ্ডিলানি চিতা ইষ্টকাভী রচিতা অদ্যাপি দৃশ্যন্তে, তেন দেবত্বমপি কর্ম্মফলমেবেত্যর্থঃ। কর্ম্মণা "পিতৃলোকো বিদ্যয়া দেবলোক" ইতি শ্রুতেশ্চয়নাশ্রিতবিদ্যাবলাদ্ব্রহ্মলোকং গতা যে তেঽত্র দেবাঃ। তথাগ্নেঃ কেবলকর্ম্মণা স্বর্লোকং গতা যে তেঽত্র পিতর ইতি বোধ্যম্ ॥৩॥ অনাস্তিকানামাস্তিক্যশূন্যানামপি, পাঠান্তরে স্পষ্টোঽর্থঃ। প্রাণদা বৃষ্টিদ্বারা অন্নপ্রদাঃ "অন্নং হ প্রাণ" ইতি শ্রুতেঃ। বিধিমগ্নিং বা অকাময়তেত্যাদি

নকুল বলিলেন—'মহারাজ। পূর্ব্বকালে দেবপুরোহিতগণ বিশাখযূপনামক স্থানে সমস্ত দেবগণের যজ্ঞ সম্পাদন করিবার জন্য অগ্নি চয়ন করিয়াছিলেন। অতএব আপনি অবগত হউন যে, দেবগণের দেবত্বও কর্ম্মেরই ফল ॥৩॥

রাজা! তা'র পর, যে পিতৃলোকগণ বৃষ্টিদ্বারা ঘাসপ্রভৃতি উৎপাদন করিয়া আস্তিক্যবুদ্ধিবিহীনপ্রভৃতি প্রাণিগণেরও প্রাণ দান করিয়া থাকেন; সেই পিতৃলোক-গণও শাস্ত্রবিধির প্রতি দৃষ্টি রাখিয়া কর্ম্মই করিয়া থাকেন ॥৪॥

---

(৬)···অনাশ্রমানিমান্ সর্ব্বান্ পি।

ব্রাহ্মণাঃ শ্রুতিসম্পন্নাস্তান্নিবোধ নরাধিপ ! ।
বিত্তানি ধর্ম্মলব্ধানি ক্রতুমুখ্যেষ্ববাসৃজন্ ॥৭॥
কৃতাত্মা স মহারাজ ! স বৈ ত্যাগী স্মৃতো নরঃ ।
অনবেক্ষ্য সুখাদানং তথৈবোর্দ্ধং প্রতিষ্ঠিতঃ ।
আত্মত্যাগী মহারাজ ! স ত্যাগী তাপসো মতঃ ॥৮॥

ভাবতকৌমুদী

অতস্ত্বযাপি বেদবিদ্‌ব্রাহ্মণঃ সর্ব্বথৈবানুসর্ত্তব্য ইত্যাশযঃ। অযং গৃহস্থাশ্রমঃ অন্যান্ সর্ব্বান্ আশ্রমান্ ব্রহ্মচর্য্যাদীন্, অতি অধিকফলজননেনাতিক্রান্তস্থিত ইতি বেদে নিশ্চয়ো যেষাং তে তাদৃশা জনাঃ, আহুঃ, অতস্তন্মতমপি ত্বযা গ্রাহ্যমেবেতি ভাবঃ ॥৫—৬॥

গৃহস্থপক্ষে দানমেকং প্রধানং ধর্ম্মমাহ ব্রাহ্মণা ইতি। হে নবাধিপ! যে ব্রাহ্মণাঃ, শ্রুতি সম্পন্না বেদজ্ঞানযুক্তাঃ, তান্, নিবোধ জানীহি। যে হি ধর্ম্মলব্ধানি বিত্তানি ধনানি, ক্রতুমুখ্যেষু প্রধানযজ্ঞেষু অবাসৃজন্ ব্যতবন্ "অহবহর্দদ্যাৎ" ইতি শ্রুতেবিতি ভাবঃ ॥৭॥

ত্যাগিত্বলাভস্তু দুষ্কব এবেত্যাহ কৃতাত্মেতি। কৃতাত্মা বাগদ্বেষাদিত্যাগেন শোধিতচিত্তঃ। যঃ খলু সুখাদানম্ আত্মনঃ সুখভোগম্ অনবেক্ষ্য, তথা ত্যাগেনৈব উর্দ্ধং ব্রহ্মলোকাদিমুদ্দিশ্য প্রতিষ্ঠিতঃ। আত্মত্যাগী পবিজনসুখসম্পাদনায আত্মসুখত্যাগী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

অগ্ন্যাদিভাবস্য কর্ম্মসাধ্যত্বজ্ঞাপকম্ ॥৪॥ বেদবাদোঽপবিদ্ধস্ত্যক্তো যৈস্তান্ ॥৫॥ দেবযানেন মার্গেণ, পৃষ্ঠমুপবিভাগং ব্রহ্মলোকমিত্যর্থঃ। অযং গৃহাশ্রমঃ সর্ব্বানাশ্রমান্ অতি অতিক্রান্তস্তেভ্যঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥৬॥ তান্ ব্রাহ্মণান্ গত্বা নিবোধ বুধ্যস্ব, অবাসৃজন্ সমার্পযন্ ॥৭॥ কৃতাত্মা জিতচিত্তঃ অহং-

---

মহারাজ! সম্ভব থাকিলেও যাহারা কর্ম্ম ত্যাগ কবিয়া সন্ন্যাস অবলম্বন কবে, আপনি তাহাদিগকে বেদবাক্য পরিত্যাগী অত্যন্ত নাস্তিক বলিয়া অবগত হউন। ভরতনন্দন! বেদজ্ঞ ব্রাহ্মণ সমস্ত কর্ম্মেব মধ্যে বেদোক্ত কর্ম্ম পবিত্যাগ করিয়া দেবযানে স্বর্গে যাইতে পাবেন না। বিশেষতঃ বেদবিশ্বাসী লোকেবা এই গৃহস্থাশ্রমকে সমস্ত আশ্রমেব মধ্যে শ্রেষ্ঠ বলিয়া থাকেন ॥৫—৬॥

নরনাথ! যে সকল ব্রাহ্মণ বেদজ্ঞানসম্পন্ন, আপনি তাঁহাদিগকে জানিয়া বাখুন। যাঁহাবা ন্যায়ার্জিত ধন উত্তম যজ্ঞে বিতবণ করিয়াছেন, তাঁহাবাই বেদজ্ঞান-সম্পন্ন ॥৭॥

মহাবাজ! যে লোক নিজেব সুখভোগেব প্রতি অপেক্ষা না করিয়া ত্যাগদ্বারাই উর্দ্ধলোকে যাইবার জন্য কোন আশ্রমে প্রতিষ্ঠিত হন, সেই লোক, শোধিতচিত্ত ও ত্যাগী। মহারাজ! যে লোক, নিজেব সুখত্যাগী, সেই ত্যাগীই তপস্বী ॥৮॥

---

(৮) · তামসঃ প্রভো !—পি বঙ্গ বর্দ্ধ বা সো

অনিকেতঃ পরিপতন্ বৃক্ষমূলাশ্রয়ো মুনিঃ।
অযাচকঃ সদা যোগী স ত্যাগী পার্থ! ভিক্ষুকঃ ॥৯॥
ক্রোধহর্ষাবনাদৃত্য পৈশুন্যঞ্চ বিশেষতঃ।
বিপ্রো বেদানধীতে যঃ স ত্যাগী গুরুপূজকঃ ॥১০॥
আশ্রমাংস্তুলয়া সর্ব্বান্ ধৃতানাহুর্মনীষিণঃ।
একতশ্চ ত্রয়ো রাজন্! গৃহস্থাশ্রম একতঃ ॥১১॥
সমীক্ষ্য তুলয়া পার্থ! কামং স্বর্গঞ্চ ভারত!।
অয়ং পন্থা মহর্ষীণামিয়ং লোকবিদাং গতিঃ ॥১২॥

ভারতকৌমুদী

ত্যাগিনং ভিক্ষুকমাহ তৎস্বরূপত্যাগায অনিকেত ইতি। অনিকেতো গৃহশূন্যঃ, পরিপতন্ সমন্তাদ্গচ্ছন্ ॥৯॥

ক্রোধেতি। অনাদৃত্য অবজ্ঞয়া পরিহায, পৈশুন্যং খলতাম্। বিপ্র ইত্যনেনাত্র ক্ষত্রিয়াদীনা-মধিকারো নাস্তীতি সূচিতম্ ॥১০॥

কিঞ্চ গার্হস্থ্যস্য প্রাধান্যমাহ আশ্রমানিতি। তুলয়া ধৃতান্ গুণপরীক্ষার্থমিতি ভাবঃ। হে রাজন্! একত একস্যাং দিশি ত্রয়ো ব্রহ্মচর্য্যাদয়ো আশ্রমাঃ ॥১১॥

ইতোঽপি গৃহস্থাশ্রমঃ শ্রেষ্ঠ ইত্যাহ সমীক্ষ্যেতি। তুলযা তুলনয়া। তথা চ অন্যান্যাশ্রমেষু কেবলঃ,

ভারতভাবদীপঃ

মমাভিমানশূন্য ইত্যর্থঃ। স ত্যাগী সাত্ত্বিক ইতি শেষঃ। সুখাদানং গার্হস্থ্যসুখভোগম্, ঊর্দ্ধং বনাদৌ প্রতিষ্ঠিতো নিষ্ঠাবান্ সন্ য আত্মত্যাগী স তামসো মতঃ। "অনধীত্য দ্বিজো বেদাননুৎপাদ্য সুতানপি। অনিষ্ট্বা শক্তিতো যজ্ঞৈর্মোক্ষমিচ্ছন্ পতত্যধ॥" ইতি মনুক্ত্যনভিজ্ঞত্বাত্তামসোঽয়ং ত্যাগীতি ভাবঃ ॥৮॥ পরিপতন্ ভিক্ষার্থং পর্য্যটন্, যতোঽযাচকঃ, যোগী নিরুদ্ধসর্ব্ববৃত্তির্ভিক্ষুক ইতি। যাচ্ঞাধর্ম্মা ব্রাহ্মণঃ স্মৃতঃ। সোঽয়ং ব্রাহ্মণকল্পো ধর্ম্মঃ শুভোঽপি প্রজাপরিপালনক্লেশার্হেণ ক্ষত্রিয়েণ আশ্রিত ইতি রাজসত্বাদ্দোষমূলঃ। তথা চ শ্রুতিঃ—"যদা বৈ ক্ষত্রিয়াধ পাপং ভবতি ব্রাহ্মণকল্পোঽস্য

পৃথানন্দন! যিনি গৃহ পরিত্যাগ করিয়া পর্য্যটন করেন, কদাচিৎ বৃক্ষমূলে মৌনী হইয়া অবস্থিত হন, কাহারও নিকট কোন বস্তু প্রার্থনা করেন না এবং সর্ব্বদা যোগ্যাভাসে নিরত থাকেন, সেই ত্যাগীই ভিক্ষুক ॥৯॥

যিনি ক্রোধ ও হর্ষ এবং বিশেষভাবে খলত্ব পরিত্যাগ করিয়া বেদ অধ্যয়ন করেন; সেই ত্যাগী ব্রাহ্মণ গুরুপূজক বলিয়া অভিহিত হন ॥১০॥

রাজা! জ্ঞানীরা বলেন—চারিটী আশ্রমকেই তুলাদণ্ডে তুলিয়া দেওয়া হইয়াছিল, তখন ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও প্রব্রজ্যা এই তিনটী আশ্রম এক দিকে এবং একমাত্র গৃহস্থাশ্রম অন্য দিকে দেওয়ায় সমান হইয়াছিল ॥১১॥

---

(১০) · পার্থ! উচ্যতে—পি বঙ্গ বর্দ্ধ বা সো।

ইতি যঃ কুরুতে ভাবং স ত্যাগী পুরুষর্ষভ ।
ন যঃ পরিত্যজ্য গৃহান্ বনমেতি বিমূঢ়বৎ ॥১৩॥
যদা কামান্ সমীক্ষেত ধর্ম্মবৈতংসিকো নরঃ ।
অথৈনং মৃত্যুপাশেন কণ্ঠে বধ্নাতি মৃত্যুরাট্ ॥১৪॥
অভিমানকৃতং কর্ম্ম নৈতৎ ফলবদুচ্যতে ।
ত্যাগযুক্তং মহারাজ ! সর্ব্বমেব মহাফলম্ ॥১৫॥

ভাবতকৌমুদী

স্বর্গ এব, গৃহস্থাশ্রমে তু কামঃ কামপূর্ব্বং স্বর্গঃ স্বর্গজনকো ধর্ম্মশ্চ ইত্যুভযং সমীক্ষ্য স্থিতানাং লোকবিদাং জগদবস্থাভিজ্ঞানাম্। মহর্ষীণাম্ অযং গৃহস্থাশ্রম এব পন্থা জীবনযাত্রামার্গঃ, ইযং গতিববলম্বন-মভূৎ ॥১২॥

ইতীতি। ভাবং কর্ম্মফলত্যাগাভিপ্রাযম্। অতস্তু কর্ম্মফললিপ্সাযাং সত্যাং কেবলগৃহত্যাগেন ন ত্যাগিত্বমিতি ভাবঃ ॥১৩॥

কামনাশত্বে বনবাসো বিপজ্জনক এবেত্যাহ যদেতি। যদা, ধর্ম্ম এব বিতংসো বহিশ্চর্ম্মণং তেন চরতীতি ধর্ম্মবৈতংসিকো ধর্ম্মধ্বজী নরঃ, কামান্ কাম্যলিপ্সাঃ, সমীক্ষেত প্রতীক্ষেত। মৃত্যুরাট্ যমঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

প্রজাযামাজাযতে" ইতি মা ভূবং যাচকো ভিক্ষুকঃ ॥৯॥ "সংন্যসেৎ সর্ব্বকর্ম্মাণি বেদং তু ন পরিত্যজেৎ। নিযতো বেদমভ্যস্যন্ পুত্রৈশ্বর্য্যে সুখং বসেৎ ॥" ইতি মনূক্তং বেদন্যাসমকৃত্বা ভ্রাতৃরাজ্যে নিবৎস্যামীত্যাশঙ্ক্যাহ—ক্রোধেতি। বিপ্র ইত্যনেনাযমপি ধর্ম্মো ব্রাহ্মণস্যৈব বিহিতোঽধিকারান্নিতি দর্শিতম্। তেনাযং ত্যাগো রাজস এব পূর্ব্ববদিতি সিদ্ধম্ ॥১০—১১॥ সমীক্ষ্যেতি। আশ্রমান্তরে স্বর্গ এবাস্তি ন কামঃ গার্হস্থ্যে তূভযমস্তীত্যযমেব মার্গো গতিশ্চেত্যর্থঃ ॥১২॥ ইতি আবশ্যকমেবেদং

ভরতনন্দন মহারাজ ! ব্রহ্মচর্য্য, বানপ্রস্থ ও প্রব্রজ্যারূপ তিনটী আশ্রমে কেবল ধর্ম্মই হয়, আর গৃহস্থাশ্রমে ধর্ম্ম ও কাম উভয়ই হইয়া থাকে, এইরূপ তুলনামূলক পর্য্যালোচনাদ্বারা নির্ণয় করিয়া লোকতত্ত্বজ্ঞ মহর্ষিগণের এই গৃহস্থাশ্রমই জীবনযাত্রার পথ হইয়াছিল এবং এই আশ্রমই তাঁহারা অবলম্বন করিয়াছিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ ! যে লোক এই ভাবে কর্ম্মফল ত্যাগের অভিপ্রায় করেন, তিনিই ত্যাগী, কিন্তু যিনি মূঢ়ের ন্যায় গৃহ ত্যাগ করিয়া বনে গমন করেন, তিনি প্রকৃত ত্যাগী নহেন ॥১৩॥

ধর্ম্মধ্বজী লোক যখন কাম্য বস্তু লাভের অপেক্ষা করে, তখন যম মৃত্যুপাশদ্বারা তাহার গলদেশ বন্ধন করেন ॥১৪॥

---

(১৩) নরঃ পরিত্যজ্য—বা নি।

শমো দমস্তথা ধৈর্য্যং সত্যং শৌচমথার্জবম্।
যজ্ঞো ধৃতিশ্চ ধর্ম্মশ্চ নিত্যমার্ষো বিধিঃ স্মৃতঃ ॥১৬॥
পিতৃদেবাতিথিকৃতে সমারম্ভোঽত্র শস্যতে।
অত্রৈব হি মহারাজ! ত্রিবর্গঃ কেবলং ফলম্ ॥১৭॥
এতস্মিন্ বর্ত্তমানস্য বিধৌ বিপ্রনিষেবিতে।
ত্যাগিনঃ প্রসৃতস্যেহ নোচ্ছিত্তির্বিদ্যতে ক্বচিৎ ॥১৮॥

ভাবতকৌমুদী

নম্বহং কামং বিহায়ৈব বনং যিযাসুবস্মীত্যাহ অভীতি। অহং ক্ষত্রিয়ো বাজা চৈতৎকবো-মীত্যহঙ্কাবঃ অভিমানস্তেন কৃতম্। ত্যাগযুক্তং তদভিমানত্যাগেন সম্পন্নম্ ॥১৫॥

নমু ঋষয়োঽপি কিমভিমানং ত্যক্তৈব কর্ম্ম কুর্ব্বন্তীত্যাহ শম ইতি। শম অন্তবিন্দ্রিয়নিগ্রহঃ, দমো বহিবিন্দ্রিয়দমনম্, আর্জবং সবলতা। ধৃতিঃ সন্তোষধাবণম্, আর্ষ ঋষিসম্বন্ধী, বিধিস্তপশ্চবণম্। তথা চ শমগুণাদেব তেষামভিমানত্যাগ ইত্যাশয়ঃ ॥১৬॥

গার্হস্থ্যমেব স্তৌতি পিত্রিতি। অত্র গৃহস্থাশ্রমে, পিতৃদেবাতিথীনাং কৃতে নিমিত্তম্, সমারম্ভঃ শ্রাদ্ধপূজাসেবায়োজনম্, শস্যতে ধর্ম্মকামার্থজনকতবা স্তূয়তে। তদেবাহ অত্রেতি। ত্রয়াণাং ধর্ম্ম-কামার্থানাং বর্গঃ সমূহস্তৎপ্রাপ্তিঃ, কেবলং মুখ্যং ফলম্ ॥১৭॥

এতস্মিন্নিতি। বিদ্বদ্ভির্বিপ্রৈর্নিষেবিতত্বাদেবাস্য প্রাধান্যমিতি ভাবঃ। প্রসৃতস্য সম্পদা বিস্তৃতিং প্রাপ্তস্য, উচ্ছিত্তিরুচ্ছেদঃ শুভাদ্‌ভ্রংশ ইত্যর্থঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

মমেতি ভাবং কৃত্বা যঃ সঙ্গফলেপ্সাবহিতঃ কবোতি স ত্যাগী নাস্য ইত্যর্থঃ ॥১৩॥ বনেঽপি কামস্মবণং চেৎ পতত্যেবেত্যাহ—যদেতি। ধর্ম্মবৈতংসিকো ধর্ম্মধ্বজী ॥১৪॥ অভিমানঃ কর্ত্তাহমিত্যেবংরূপস্তেন কৃতং কর্ম্মফলবন্ন গতিপ্রদং ন ত্যাগযুক্তমভিমানত্যাগোপেতম্ ॥১৫॥ আর্ষঃ ঋষীণাং হিতঃ ॥১৬॥ অত্র

মহারাজ! জ্ঞানীবা বলেন—অভিমানকৃত কর্ম্ম চবম ফল উৎপাদন কবে না; আর অভিমান ত্যাগ কবিয়া যে কর্ম্ম কবা হয়, তাহা গুরুতব ফল উৎপাদন কবে ॥১৫॥

শম, দম, ধৈর্য্য, সত্য, শুচিতা, সবলতা, যজ্ঞ, সন্তোষ ও ধর্ম্ম—এইগুলি সর্ব্বদাই ঋষিগণে বিদ্যমান থাকে ॥১৬॥

মহাবাজ! এই গৃহস্থাশ্রমে পিতৃলোক, দেবতা ও অতিথিদিগেব নিমিত্ত যে শ্রাদ্ধপ্রভৃতিব আয়োজন কবা হ..., তাহা বিশেষ প্রশস্ত এবং এই গৃহস্থাশ্রমেই ধর্ম্ম, অর্থ ও কামপ্রাপ্তি প্রধান ফল ॥১৭॥

ব্রাহ্মণসেবিত এই গৃহস্থাশ্রমে থাকিয়া যিনি ত্যাগী হন ও উন্নতি লাভ কবেন, তাঁহার কখনও উচ্ছেদ হয় না ॥১৮॥

---

(১৮)…বিধাবপ্রতিষেধিতে—বঙ্গ বর্দ্ধ সো।

অসৃজদ্বৈ প্রজা রাজন্! প্রজাপতিরকল্মষঃ।
মাং যক্ষ্যন্তীতি ধর্ম্মাত্মা যজ্ঞৈর্ব্বিবিধদক্ষিণৈঃ ॥১৯॥
বীরুধশ্চৈব বৃক্ষাংশ্চ যজ্ঞার্থং বৈ তথৌষধীঃ।
পশূংশ্চৈব তথা মেধ্যান্ যজ্ঞার্থানি হবীংষি চ ॥২০॥ (যুগ্মকম্)
গৃহস্থাশ্রমিণস্তচ্চ যজ্ঞকর্ম্মাবিরোধকম্।
তস্মাদ্‌গার্হস্থ্যমেবেহ দুষ্করং দুর্লভং তথা ॥২১॥
তৎ সংপ্রাপ্য গৃহস্থা যে পশুধান্যধনান্বিতাঃ।
ন যজন্তে মহারাজ! শাশ্বতং তেষু কিল্বিষম্ ॥২২॥
স্বাধ্যায়যজ্ঞা ঋষয়ো জ্ঞানযজ্ঞাস্তথাঽপরে।
অথাপরে মহাযজ্ঞান্ মনস্যেব বিতন্বতে ॥২৩॥

ভারতকৌমুদী

গৃহস্থাশ্রমো যজ্ঞস্থানমিত্যুচ্যতে, যজ্ঞস্য তু কিং প্রয়োজনমিত্যাহ অসৃজদিতি। প্রজা লোকান্, প্রজাপতিসন্তোষ এব যজ্ঞপ্রয়োজনমিতি ভাবঃ। যজ্ঞসাধনান্যপি প্রজাপতিরেবাসৃজদিত্যাহ বীরুধ ইতি। বীরুধো লতাঃ, ঔষধীর্ধ্যানাদিঃ। মেধ্যান্ যজ্ঞে ছেদনীয়ান্ ॥১৯—২০॥

গৃহস্থেতি। তচ্চ গার্হস্থ্যং যজ্ঞকর্ম্মণঃ অবিরোধকং ব্রহ্মচর্য্যাদ্যাশ্রমবৎ অপ্রতিকূলম্, ব্রহ্মচর্য্যাদ্যাশ্রমাদিষু যজ্ঞসাধনদ্রব্যসম্ভাবাসম্ভবাৎ অত্র তু তৎসর্ব্বসম্ভবাদিতি ভাবঃ ॥২১॥

ঈদৃশং গৃহস্থাশ্রমং বিহায় তব সন্ন্যাসাশ্রমগ্রহণে পাপমেব ভবেদিত্যাহ তদিতি। শাশ্বতং ধ্রুবম্, কিল্বিষং পাপম্, কর্ত্তব্যাকরণাদিত্যাশয়ঃ ॥২২॥

অথ নিঃস্বানাং গৃহস্থানাং তদ্‌যজ্ঞকরণং কথং সম্ভবতীত্যাহ স্বাধ্যায়েতি। স্বাধ্যায়ো বেদপাঠ এব যজ্ঞো যেষাং তে, জ্ঞানমেব যজ্ঞো যেষাং তে, অপরে যোগিনঃ। অপরে বেদজ্ঞযোগিভিন্না গৃহস্থাঃ, মনস্যেব ধ্যানরূপান্ মহাযজ্ঞান্, বিতন্বতে বিস্তারেণ কুর্ব্বন্তি ॥২৩॥

রাজা! নিষ্পাপ ও ধর্ম্মাত্মা প্রজাপতি—'লোকেরা নানাবিধ দক্ষিণাযুক্ত যজ্ঞদ্বারা আমার পূজা করিবে' এইরূপ আশা করিয়াই সমস্ত মানুষ এবং সেই যজ্ঞসম্পাদনের নিমিত্ত বৃক্ষ, লতা, শস্য, ছেদনীয় পশু ও হবি সৃষ্টি করিয়াছিলেন ॥১৯—২০॥

গৃহস্থাশ্রমীর সেই গার্হস্থ্যাচরণ যজ্ঞকার্য্যের অবিরোধী। অতএব সেই গার্হস্থ্য-ধর্ম্ম মানুষের পক্ষে দুষ্করও বটে, দুর্ল্লভও বটে ॥২১॥

মহারাজ! যে সকল গৃহস্থ পশু, ধান্য ও ধনসমন্বিত হইয়া এবং সেই সমস্ত যজ্ঞীয় দ্রব্য পাইয়াও যজ্ঞ করে না, তাহাদের নিত্যই পাপ হইতে থাকে ॥২২॥

কতকগুলি ঋষির বেদপাঠরূপ যজ্ঞই চলিতে থাকে, অন্যান্য ঋষির জ্ঞানরূপ যজ্ঞ হইতে থাকে এবং অনেক ঋষি মনে মনেই ধ্যানরূপ মহাযজ্ঞ করিতে থাকেন ॥২৩॥

(২১) যজ্ঞকর্ম্ম বিরোধকম্—বঙ্গ বর্দ্ধ সো, যজ্ঞকর্ম্মাবিরোধিতম্—নি।

এবং মনঃসমাধানং মার্গমাতিষ্ঠতো নৃপ ! ।
দ্বিজাতের্ব্রহ্মভূতস্য স্পৃহয়ন্তি দিবৌকসঃ ॥২৪॥
স রত্নানি বিচিত্রাণি সংহৃতানি ততস্ততঃ।
মখেম্বনভিসন্ত্যজ্য নাস্তিক্যমভিজল্পসি ॥২৫॥
কুটুম্বমাস্থিতে ত্যাগং ন পশ্যামি নরাধিপ ! ।
রাজসূয়াশ্বমেধেষু সর্ব্বমেধেষু বা পুনঃ ॥২৬॥
যে চান্যে ক্রতবস্তাত ! ব্রাহ্মণৈরভিপূজিতাঃ।
তৈর্যজস্ব মহীপাল ! শক্রো দেবপতির্যথা ॥২৭॥

ভাবতকৌমুদী

ঈদৃশগৃহস্থান্ স্তৌতি এবমিতি। মনঃসমাধানং ব্রহ্মণি সমাহিতচিত্তস্বরূপম্, আতিষ্ঠত আশ্রয়তঃ। দ্বিজাতের্ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যানাম্, ব্রহ্মভূতস্য "ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতি" ইতি শ্রুতেঃ প্রায়েণ ব্রহ্মত্বং প্রাপ্তস্য। অতো গৃহস্থাশ্রমে সন্ন্যাসিকর্ম্মণাং ধ্যানাদীনামপি সম্ভবাৎ অস্যৈব প্রাধান্যমিত্যাশয়ঃ ॥২৪॥

ইদানীং সন্ন্যাসগ্রহণে কর্ত্তব্যাকরণাৎ তব নাস্তিক্যমেব ভবেদিত্যাহ স ইতি। সংহৃতানি আনীতানি। নাস্তিক্যন্তু পাপনিন্দযোঃ কাবণমিতি ভাবঃ ॥২৫॥

তব কুত্রাপি ত্যাগো ন দৃশ্যত ইত্যাহ কুটুম্বমিতি। কুটুম্বং পোষ্যবর্গম্, আস্থিতে আশ্রিতে কলত্রাদিপরিজনে, ত্যাগং পোষণাদিব্যয়ম্ ॥২৬॥

ইদানীং কর্ত্তব্যমাহ য ইতি। ব্রাহ্মণৈর্ব্রহ্মনিষ্ঠৈরপি ঋষিভিঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

গার্হস্থ্যে ॥১৭॥ ইহ বিধৌ প্রস্তুতস্য নিষ্ঠাবতঃ ॥১৮—২০॥ তচ্চ কর্ম্ম গৃহস্থাশ্রমিণো বিবোধকং নিগডবদ্বিশেষেণ বোধকম্ ॥২১॥ এতত্ত্যাগে দোষমাহ—তদিতি ॥২২॥ অপবে যোগিনঃ, মহাযজ্ঞানিতি বহুবচনং বিতর্কবিচারাস্বরাস্তবযোগভেদাপেক্ষম্ ॥২৩—২৪॥ ত্রিষ্বপি যজ্ঞেষ্বাদ্যোঽতীতকালঃ, উপস্থিতং মধ্যমমুল্লঙ্ঘ্যান্ত্যস্য বার্ত্তাং কুর্ব্বতস্তে নাস্তিক্যং স্পষ্টমিত্যাহ—স ইতি ॥২৫॥ পূর্ব্বং বেদসন্ন্যাসেঽপি তবাধিকাবো নাস্তীত্যুক্তম্, ইদানীং বেদসন্ন্যাস এব ন সম্ভবতীতার্দ্ধেনাহ—

রাজা ! এইভাবে যে দ্বিজাতি মনঃসমাধানরূপ পথে চলিতে থাকিয়া সাক্ষাৎ ব্রহ্মস্বরূপ হইয়া উঠেন, দেবতারাও তাঁহার উপরে স্পৃহা করেন ॥২৪॥

মহারাজ ! আপনি নানা রাজার নিকট হইতে বিচিত্র রত্ন সকল আনয়ন করিয়া সেইগুলিদ্বারা যজ্ঞ না করিয়া এখন সন্ন্যাসী হইবার প্রস্তাব করায় আপনি নাস্তিকতার কথাই বলিতেছেন ॥২৫॥

নরনাথ ! পোষ্যবর্গের ভরণপোষণ এবং রাজসূয়, অশ্বমেধ ও সর্ব্বমেধ যজ্ঞে আপনার কোন ব্যয়ই ত দেখিতেছি না ॥২৬॥

মাননীয় মহারাজ ! ব্রহ্মনিষ্ঠ লোকেরাও যে সকল যজ্ঞ করিয়াছেন, আপনি দেবরাজের ন্যায় সেই সকল যজ্ঞ করুন ॥২৭॥

রাজ্ঞঃ প্রমাদদোষেণ দস্যুভিঃ পরিমুষ্যতাম্ ।
অশরণ্যঃ প্রজানাং যঃ স রাজা কলিরুচ্যতে ॥২৮॥
অশ্বান্ গাশ্চৈব দাসীশ্চ করেণূশ্চ স্বলঙ্কৃতাঃ ।
গ্রামান্ জনপদাংশ্চৈব ক্ষেত্রাণি চ গৃহাণি চ ॥২৯॥
অপ্রদায় দ্বিজাতিভ্যো মাৎসর্য্যাবিষ্টচেতসঃ ।
বয়ং তে রাজকলয়ো ভবিষ্যাম বিশাংপতে ! ॥৩০॥ (যুগ্মকম্)
অদাতারোঽশরণ্যাশ্চ রাজকিল্বিষভাগিনঃ ।
দুঃখানামেব ভোক্তারো ন সুখানাং কদাচন ॥৩১॥
অনিষ্ট্বা চ মহাযজ্ঞৈরকৃত্বা চ পিতৃস্বধাম্ ।
তীর্থেষ্বনভিসংপ্লুত্য প্রব্রজিষ্যসি চেৎ প্রভো ! ॥৩২॥

ভাবতকৌমুদী

বাজ্যাশাসনে বাজ্ঞো দোষমাহ বাজ্ঞ ইতি। প্রমাদদোষেণ অনবধানতাদোষেণ, পবিমুষ্যতাং পবিমুষ্যমাণানাম্ অপহ্রিয়মাণধনানামিত্যর্থঃ। অশবণ্যঃ অবক্ষকঃ, কলিঃ কলিপুরুষবৎ পাপী, এবঞ্চ বাজ্যাশাসনমকৃত্বা বনগমনে ভবন্তমপি লোকাঃ কলিমেব বক্ষ্যন্তীতি ভাবঃ ॥২৮॥

বনগমনে ন কেবলং ভবান্ দোষী, বয়মপি দোষিণো ভবিষ্যাম ইত্যাহ অশ্বানিতি। কবেণূর্হস্তিনীঃ। অপ্রদায় ত্বয়া সহৈবাস্মাকমপি বনগমনাবশ্যম্ভাবাদিত্যাশয়ঃ। অতএব মাৎসর্য্যেণ অন্যশুভদ্বেষেণ আবিষ্টচেতস আক্রান্তচিত্তাঃ। বাজ্ঞঃ কলয়ো বাজকলয়ঃ কলিরূপবাজপুরুষা ইত্যর্থঃ ॥২৯—৩০॥

অথাস্তাং তাদৃশাপবাদঃ শোকান্তভাবাদ্যুষ্মাকং সুখন্তু ভবেদেবেত্যাহ অদাতাব ইতি। অশবণ্যা বক্ষণীয়ানামবক্ষকাঃ। ভোক্তাবো ভবেয়ুঃ ॥৩১॥

অথ নাস্তু যুষ্মাকং সুখং মম তু সুখং ভবিষ্যত্যেবেত্যাহ অনিষ্ট্বেতি। অনিষ্ট্বা যজনমকৃত্বা।

ভারতভাবদীপঃ

কুটুম্বমিতি। কুত্র তর্হি ত্যাগং পশ্যসীত্যত আহ—বাজসূয়েতি ॥২৬॥ ফলিতমাহ—যে চেতি ॥২৭॥ প্রমাদো বাজ্যাকবণম্, পবিমুষ্যতাং লুপ্যমানানাম্ ॥২৮—২৯॥ মাৎসর্য্যং বন্ধুদ্রোহঃ, দানাভাবেন কলি-

---

বাজাব অনবধানতাবশতঃ দস্যুরা যখন প্রজাদের ধন অপহবণ কবিতে থাকে, তখনও যে বাজা সেই প্রজাদিগকে বক্ষা না করেন, লোকে তাঁহাকে কলিপুরুষ বলে ॥২৮॥

নরনাথ ! সুসজ্জিত অশ্ব, গরু, দাসী, হস্তিনী, গ্রাম, দেশ, ক্ষেত্র ও গৃহ ব্রাহ্মণগণকে দান না কবিয়া পবশ্রীকাতর থাকিয়া আমবাও আপনার সাহচর্য্যবশতঃ কলিপুরুষই হইব ॥২৯—৩০॥

অদাতা, অবক্ষক ও রাজাব পাপভাগী মানুষেরা দুঃখভোগই করে ; কিন্তু কখনও সুখভোগ কবিতে পাবে না ॥৩১॥

---

(৩১) দোষাণামেব ভোক্তারঃ বঙ্গ বর্দ্ধ।

ছিন্নাভ্রমিব গন্তাসি বিলয়ং মারুতেরিতম্।
লোকয়োরুভয়োর্ভ্রষ্টো হ্যন্তরালে ব্যবস্থিতঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
অন্তর্বহিশ্চ যৎ কিঞ্চিন্মনোব্যাসঙ্গকারকম্।
পরিত্যজ্য ভবেৎ ত্যাগী ন হিত্বা প্রতিতিষ্ঠতি ॥৩৪॥
এতস্মিন্ বর্ত্তমানস্য বিধাবপ্রতিষেধিতে।
ব্রাহ্মণস্য মহারাজ! নোচ্ছিত্তির্বিদ্যতে ক্বচিৎ ॥৩৫॥
নিহত্য শত্রূংস্তরসা সমৃদ্ধান্ শক্রো যথা দৈত্যবলানি সংখ্যে।
কঃ পার্থ! শোচেন্নিরতঃ স্বধর্ম্মে পূর্ব্বৈঃ স্মৃতে পার্থিব! শিষ্টজুষ্টে ॥৩৬॥

ভাবতকৌমুদী

পিতৃণাং স্বধাং স্বধাপদপ্রযুক্তং শ্রাদ্ধম্। অনভিসংপ্লুত্য অস্নাত্বা। ছিন্নাভ্রং স্বসঙ্ঘাদ্বিচ্ছিন্নো মেঘঃ। মারুতেরিতং বায়ুচালিতম্। ভ্রষ্টঃ সুখাৎ, ইহ লোকাদ্যজ্ঞাগুকরণেন পরলোকাচ্চ তদুপযোগিধর্ম্মাভাবেনেতি ভাবঃ ॥৩২—৩৩॥

শোকত্যাগায় গৃহত্যাগমাত্রেণ সন্ন্যাসী ন ভবেদিত্যাহ অন্তরিতি। অন্তর্মনোব্যাসঙ্গকারকম্ অহঙ্কারম্, বহির্মনোব্যাসঙ্গকারকঞ্চ ধনাদিকম্, যৎ কিঞ্চিদ্বস্তু, পরিত্যজ্য ত্যাগী সন্ন্যাসী ভবেৎ; কিন্তু হিত্বা কেবলং গৃহং পরিত্যজ্য যঃ প্রতিতিষ্ঠতি বনে গত্বাবতিষ্ঠতে স ত্যাগী ন ভবেৎ। ভবানপ্যহঙ্কারস্য ত্যক্তুমশক্যতয়া সন্ন্যাসী ন ভবেদেবেতি ভাবঃ ॥৩৪॥

কিং তর্হি ময়া কর্ত্তব্যমিত্যাহ এতস্মিন্নিতি। অপ্রতিষেধিতে কেনাপি শাস্ত্রেণ অনিষিদ্ধে, এতস্মিন্ বিধৌ গৃহস্থাশ্রমে, বর্ত্তমানস্য ব্রাহ্মণস্য ব্রহ্মনিষ্ঠস্য জনস্য, ক্বচিৎ ইহলোকে পরলোকে বা উচ্ছিত্তিরুচ্ছেদো ভ্রংশ ইতি যাবৎ, ন বিদ্যতে ॥৩৫॥

শোকোঽপি তে নোচিত ইত্যাহ নিহত্যেতি। তরসা বলেন। পূর্ব্বৈর্মন্বাদিভিঃ, স্মৃতে স্বস্বস্মৃতাবভিহিতে, অতএব শিষ্টৈঃ শাস্ত্রানুসারিভির্জুষ্টে সেবিতে ॥৩৬॥

মহারাজ! আপনি যদি মহাযজ্ঞ, পিতৃশ্রাদ্ধ ও তীর্থস্নানপ্রভৃতি না করিয়াই প্রব্রজ্যা অবলম্বন করেন, তাহা হইলে বায়ুচালিত ও সঙ্ঘচ্যুত মেঘের ন্যায় লয়ই পাইবেন এবং ইহলোক ও পরলোক উভয় লোকেরই সুখ হইতে ভ্রষ্ট হইয়া মধ্যস্থানে থাকিবেন ॥৩২—৩৩॥

ভিতরের ও বাহিরের যে কিছু মনের আসক্তিকারক বস্তু পরিত্যাগ করিয়াই মানুষ সন্ন্যাসী হইতে পারে; কিন্তু কেবল গৃহত্যাগ করিয়া বনে যাইয়া বাস করিলেই সন্ন্যাসী হয় না ॥৩৪॥

মহারাজ! শাস্ত্রে অনিষিদ্ধ এই গৃহস্থাশ্রমে যে ব্রহ্মনিষ্ঠ হইয়া থাকে, তাহার কোথাও উচ্ছেদ হয় না ॥৩৫॥

(৩৫).. বিপ্রানষেবিতে · নি।

ক্ষাত্রেণ ধর্ম্মেণ পরাক্রমেণ জিত্বা মহীং মন্ত্রবিদ্ভ্যঃ প্রদায় ।
নাকস্য পৃষ্ঠেঽপি নরেন্দ্র ! গন্তা ন শোচিতব্যং ভবতাদ্য পার্থ ! ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে নকুলবাক্যে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ ।

সহদেব উবাচ ।

ন বাহ্যং দ্রব্যমুৎসৃজ্য সিদ্ধির্ভবতি ভারত ! ।
শারীরং দ্রব্যমুৎসৃজ্য সিদ্ধির্ভবতি বা ন বা ॥১॥

ভারতকৌমুদী

অথ গার্হস্থ্যেন ময়া কিং লব্ধমিত্যাহ ক্ষাত্রেণেতি। মন্ত্রবিদ্ভ্যোব্রাহ্মণেভ্যঃ। নাকস্য স্বর্গস্য, গন্তা গমিষ্যতি ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

নেতি। বাহ্যং দ্রব্যং গৃহাদি, সিদ্ধিঃ সন্ন্যাসনিষ্পত্তিঃ। শারীরং দ্রব্যং মনস্তদীযং কামমিত্যর্থঃ; তথাত্বেঽপি সংসারিণো দ্রব্যস্যেব কামস্যাপি সদাতনত্বাৎ দ্রব্যত্বোপচারঃ। কামত্যাগস্য স্থায়িত্বে সিদ্ধিঃ অস্থায়িত্বে তু পুনর্গার্হস্থ্যপ্রবেশাদসিদ্ধিঃ। অত উক্তং বা ন বেতি। তেন চ কামমেব ত্যজেতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

স্বরূপা এব বয়ং জাতা ইত্যর্থঃ ॥৩০--৩২॥ অন্তবালে পিশাচযোনৌ ॥৩৩॥ অন্তর্ব্যাসঙ্গঃ অহং জ্ঞাতা দাতা কর্ত্তা হর্ত্তা ইত্যাদিবাত্মপূজা, বহির্ব্যাসঙ্গঃ পুত্রপশ্বাদিপূজা, তযোঃ কারকং মূলম্, অহঙ্কারমমকারৌ ত্যক্ত্বৈব ত্যাগী ভবেন্ন তু যো গৃহং হিত্বা প্রতিতিষ্ঠতি স ইত্যর্থঃ ॥৩৪—৩৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

পৃথানন্দন রাজা ! কোন ব্যক্তি শাস্ত্রকারনির্দ্দিষ্ট ও শিষ্টজনসেবিত আপন ধর্ম্মে থাকিয়া—ইন্দ্র যেমন দৈত্যসৈন্য সংহার করিয়াছিলেন, সেইরূপ যুদ্ধে বলপূর্ব্বক প্রবল শত্রু সংহার করিয়া পরে শোক করে ? ॥৩৬॥

পৃথানন্দন রাজা ! আপনি ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে পরাক্রমের গুণে পৃথিবী জয় করিয়া এবং ব্রাহ্মণদিগকে উপযুক্ত বস্তু প্রদান করিয়া পরিশেষে স্বর্গলোকে গমন করিবেন ; অতএব আপনি এখন আর শোক করিবেন না' ॥৩৭॥

---

(১) ন বাহ্যং দ্রব্যমুৎসৃজ্য পি।

বাহ্যদ্রব্যবিমুক্তস্য শারীরেষ্বনুগৃধ্যতঃ।
যো ধর্ম্মো যৎ সুখং বা স্যাদ্দ্বিষতাং তত্তথাস্তু নঃ ॥২॥
শারীবং দ্রব্যমুৎসৃজ্য পৃথিবীমনুশাসতঃ।
যো ধর্ম্মো যৎ সুখং বা স্যাৎ সুহৃদাং তত্তথাস্তু নঃ ॥৩॥

ভাবতকৌমুদী

অথ কামত্যাগাভাবে কথমসিদ্ধিবিতাহ বাহ্যেতি। বাহ্যদ্রব্যবিমুক্তস্য গৃহাদিকং ত্যজতঃ, অথ চ শাবীবেষু শবীবসম্বন্ধিষু পুত্রকলত্রধনাদিষু, অনুগৃধ্যত আকাঙ্ক্ষতঃ সকামস্য জনস্যেত্যর্থঃ। যো ধর্ম্মঃ পুণ্যম্, যৎ সুখং বা স্যাৎ, নঃ অস্মাকম্, দ্বিষতাং শত্রূণামেব, তদ্ভবং তথা পূর্ণমস্তু। তথা চ কামসত্ত্বে সন্ন্যাসাসিদ্ধেঃ গার্হস্থ্যত্যাগাচ্চ অনাশ্রমিতয়া পাপম্, কাম্যাসিদ্ধেদুঃখঞ্চেতি ভাবঃ ॥২॥

গৃহস্থাশ্রমেঽপি কামত্যাগে ধর্ম্মঃ সুখঞ্চ স্যাদিত্যাহ শাবীবমিতি। প্রাগুক্তব্যাখ্যানাৎ শাবীবং দ্রব্যং কামম্ উৎসৃজ্য, সন্ধ্যাবন্দনাদিবৎ কর্ত্তব্যবিধয়া পৃথিবীমনুশাসতো জনস্য, যো ধর্ম্মঃ ফলাভিসন্ধানাত্মককামাভাবান্মোক্ষোপযোগি পুণ্যম্, সুশাসনজনিতপ্রজাসুখদর্শনজাতঞ্চ সুখং স্যাৎ, নঃ অস্মাকম্, সুহৃদাম্, তদ্ভবং তথা অস্তু। তথা চ কামং বিহায় কর্ত্তব্যবিধয়া পৃথিবীমেব শাধীত্যাশবঃ ॥৩॥

ভাবতভাবদীপঃ

ন বাহ্যমিতি। অহঙ্কাবমমকাবৌ ত্যক্তব্যাবিত্যুক্তম্, তত্রাহন্ত্যাগে সর্ব্বব্যবহাবোচ্ছেদঃ স্যাদিতি মমকাব এব ত্যাজ্য ইত্যেতদর্থমধ্যাব আবভ্যতে। তত্র দ্রব্যং মমকাবাস্পদং দ্বিবিধম্, বাহ্যং ব্যাবহাবিকম্, শাবীবং শবীরে ভবং মনঃকল্পিতঞ্চ। যথোক্তম্—"ঘটৌ মৃন্ময়ধীময়ৌ" ইতি। তথা চ শ্রুতির্বিদুষো বিদেহকৈবল্যকালে বাহ্যদ্রব্যস্য স্বকাবণে লযং দর্শযতি—"গতাঃ কলাঃ পঞ্চদশপ্রতিষ্ঠাঃ" ইতি। কলাঃ প্রাণমনঃপ্রভৃতযঃ, প্রতিষ্ঠাঃ উপাদানকাবণানি প্রতি গতাঃ, তথা ইমাঃ ষোডশকলাঃ পুরুষাযণাঃ পুরুষং প্রাপ্যাস্তং যন্তীতি মনঃকল্পিতানাং কলানাং পুরুষে লযং দর্শযতি। অতঃ শাবীবমেব দ্রব্যং বন্ধনমূলং ন বাহ্যমিতি বাহ্যত্যাগো ব্যর্থঃ। শাবীবদ্রব্যত্যাগেঽপি মনশ্চাঞ্চল্যাৎ পুনরুপাদানে সিদ্ধির্ন ভবতীতি ন বেত্যনেন উক্তম্। তেন দৃঢ়ত্যাগ এব সিদ্ধিপ্রদ ইত্যুক্তম্।

সহদেব বলিলেন—'ভবতনন্দন! বাহিবেব বস্তু পবিত্যাগ কবিয়াই মানুষেব সন্ন্যাসসিদ্ধি হয় না, কিন্তু ভিতবেব বস্তু অর্থাৎ কামনা পবিত্যাগ কবিলে পব সিদ্ধি হইতেও পাবে, নাও হইতে পাবে ॥১॥

যে লোক বাহিবেব বস্তু পবিত্যাগ করে, অথ চ ভিতবেব বস্তুতে (কামনায়) আসক্ত থাকে, তাহাব যে ধর্ম্ম বা সুখ হয, তাহা আমাদেব শত্রুগণের পূর্ণরূপে হউক ॥২॥

আব যিনি কামনা পবিত্যাগ কবিযা পৃথিবী শাসন কবেন, তাঁহাব যে ধর্ম্ম বা সুখ হয, তাহা আমাদেব সুহৃদ্‌গণেব হউক ॥৩॥

---

(২) বাজদ্রব্যবিমুক্তস্য পি।

দ্ব্যক্ষরস্তু ভবেন্মৃত্যুস্ত্র্যক্ষরং ব্রহ্ম শাশ্বতম্ ।
মমেতি চ ভবেন্মৃত্যুর্ন মমেতি চ শাশ্বতম্ ॥৪॥
ব্রহ্মমৃত্যূ ততো রাজন্নাত্মন্যেব সমাশ্রিতৌ ।
অদৃশ্যমানৌ ভূতানি যোজয়েতামসংশয়ম্ ॥৫॥
অবিনাশোঽস্য সত্ত্বস্য নিয়তো যদি ভারত ! ।
হত্বা শরীরং ভূতানাং ন হিংসাং প্রতিপৎস্যতে ॥৬॥

ভাবতকৌমুদী

মমকারোঽপি কামবদেবানর্থমূলমিতি সোঽপি ত্যাজ্য ইত্যাহ দ্ব্যক্ষর ইতি। "ন ক্ষরতি ন চলতীতি প্রধানত্বাদক্ষরং স্বর উচ্যতে" ইতি কাতন্ত্রবৃত্তৌ দুর্গসিংহঃ। তথা চ দ্ব্যক্ষরঃ মমেতি দ্বিস্বরযুক্তশব্দপর্য্যায়ো মমকারঃ, মৃত্যুস্তত্ত্বজ্ঞানপ্রতিবন্ধকতয়া মৃত্যুজনকো ভবেৎ। ত্র্যক্ষরং ন মমেতি ত্রিস্বরযুক্তশব্দপর্য্যায়ঃ অমমকারঃ, শাশ্বতং নিত্যং ব্রহ্ম। তত্ত্বজ্ঞানানুকূলতয়া মৃত্যুপ্রতিবন্ধেন শাশ্বতব্রহ্মপ্রাপকং মুক্তিজনকং ভবেদিত্যর্থঃ। এতদেব ব্যাচষ্টে মমেতীতি। মমেতি দ্ব্যক্ষরং মৃত্যুর্মৃত্যুজনকম্, ন মমেতি চ ত্র্যক্ষরং শাশ্বতং নিত্যং ব্রহ্ম তৎপ্রাপকং ভবেৎ। এবঞ্চ গৃহস্থাশ্রম এব তিষ্ঠন্ কামবন্মমকারমপি পরিহরেত্যভিপ্রায়ঃ ॥৪॥

নন্বসৌ মৃত্যুকারণীভূতো মমকারঃ মুক্তিকারণীভূতঃ অমমকারশ্চ জীবানাং কথং জায়ত ইত্যাহ ব্রহ্মেতি। হে রাজন্! ততো জন্মনঃ পরম্, ব্রহ্ম ব্রহ্মপ্রতিপাদকং জ্ঞানঞ্চ মৃত্যুর্মৃত্যুঘটকমজ্ঞানঞ্চ তৌ অদৃশ্যমানৌ, আত্মনি জীবদেহ এব সমাশ্রিতৌ সন্তৌ, ভূতানি প্রাণিনঃ, অসংশয়ং যোজয়েতাং যোগাদৌ যুদ্ধাদৌ চ প্রবর্ত্তয়েতাম্। জ্ঞানাদমমকারো জায়মানো যোগাদৌ প্রবর্ত্তয়তি, অজ্ঞানান্মমকারো জায়মানো যুদ্ধাদৌ যোজয়তীতি ভাবঃ ॥৫॥

অথ যথা তথা ব্রূহি, হিংসাসম্পাদকত্বাৎ কেনাপি গৃহস্থাশ্রমো নাঙ্গীকরণীয় ইত্যাহ অবিনাশ ইতি। সত্ত্বস্য জীবরূপস্য দ্রব্যস্য, অবিনাশো যদি নিয়তো নিশ্চিতঃ. "তত্ত্বমসি" ইতি জীবব্রহ্মণোরৈক্য-প্রতিপাদকবাক্যাৎ "ন হন্যতে হন্যমানে শরীরে" ইতি বাক্যাচ্চেতি ভাবঃ। প্রতিপৎস্যতে গৃহস্থঃ প্রাপ্স্যতি, জীবনাশাসম্ভবাৎ শরীরনাশস্য তু কাষ্ঠচ্ছেদনস্যেবাকিঞ্চিৎকরত্বাদিত্যাশয়ঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

অক্ষরযোজনাস্পষ্টা ॥.—৪: মমেতি স্বীকারঃ নমমেতি পরিত্যাগশ্চ এতৌ মৃত্যুশাশ্বতৌ সংসার-মোক্ষাবার্মূলে ইত্যর্থ. ॥৪॥ আত্মনি বুদ্ধৌ, ভূতানি শাস্ত্রকর্ত্তৄন্, তথা চ কেচিৎ কর্ত্তাত্মা নিত্য ইতি

দুই অক্ষর মৃত্যুর কারণ হয়, আর তিন অক্ষর সনাতন ব্রহ্মপ্রাপ্তির হেতু হইয়া থাকে। 'মম' অর্থাৎ মমকার মৃত্যুর কারণ হয়, আর "ন মম" অর্থাৎ মমকার পরিত্যাগ ব্রহ্মপ্রাপ্তির কারণ হইয়া থাকে ॥৪॥

রাজা! তা'র পর, জ্ঞান ও অজ্ঞান অলক্ষিতভাবে জীবদেহে থাকিয়া জীবগণকে ভিন্ন ভিন্ন কার্য্যে নিযুক্ত করিতেছে, এবিষয় কোন সন্দেহ নাই ॥৫॥

(৫) যোধয়েতামসংশয়ম্—পি বঙ্গ বর্দ্ধ।

অথাপি চ সহোৎপত্তিঃ সত্ত্বস্য প্রলয়স্তথা।
নষ্টে শরীরে নষ্টং স্যাদ্‌বৃথা চ স্যাৎ ক্রিয়াপথঃ ॥৭॥
তস্মাদেকান্তমুৎসৃজ্য পূর্ব্বৈঃ পূর্ব্বতরৈশ্চ যঃ।
পন্থা নিষেবিতঃ সদ্ভিঃ স নিষেব্যো বিজানতা ॥৮॥
স্বায়ম্ভুবেন মনুনা তথান্যৈশ্চক্রবর্ত্তিভিঃ।
যদ্যয়ং হ্যধমঃ পন্থাঃ কস্মাত্তৈস্তৈর্নিষেবিতঃ ॥৯॥

ভারতকৌমুদী

অথ "নৈবাত্মা পারলৌকিকঃ" ইতি নাস্তিকমতং লক্ষ্যীকৃত্য তদ্বিপ্রতিপত্তিং দর্শয়তি অথেতি। অথেতি পক্ষান্তরং সূচয়তি। সহ শরীরেণ সার্দ্ধমেব সত্ত্বস্য জীবস্য উৎপত্তিঃ, তথা প্রলয়ো ধ্বংসশ্চ, নাস্তিকমতানুসারেণাঙ্গীক্রিয়েতেতি শেষঃ। এবং শরীরে নষ্টে তৎ সত্ত্বং জীবোঽপি নষ্টমেব স্যাদিত্যুচ্যেত, তদা ক্রিয়াপথঃ পারলৌকিকফলসম্পাদকযাগাদ্যনুষ্ঠানপদ্ধতিঃ, বৃথা চ নিষ্ফল এব স্যাৎ। তন্মতে পারলৌকিকাত্মাভাবেন তৎফলভোগাসম্ভবাদিত্যাশয়ঃ ॥৭॥

প্রাচীনাচারং প্রমাণয়ন্নাহ তস্মাদিতি। তস্মাৎ নাস্তিকমতস্য বেদবিরুদ্ধত্বাদযৌক্তিকত্বাচ্চ, একান্তং বনবাসস্য তীব্রমাগ্রহমুৎসৃজ্য, পূর্ব্বৈরস্মৎপূর্ব্বপুরুষৈঃ, পূর্ব্বতরৈরস্মাদিভিশ্চ। পন্থা গৃহস্থাশ্রমঃ। বিজানতা শাস্ত্রং যুক্তিঞ্চ বিশেষতো বুধ্যমানেন ত্বয়া ॥৮॥

উক্তমেবার্থং স্পষ্টয়তি দ্বাভ্যাং স্বায়ম্ভুবেনেতি। চক্রবর্ত্তিভিঃ সার্ব্বভৌমৈঃ ॥৯॥

ভরতনন্দন! তা'র পর, এই জীবাত্মার বিনাশ হয় না ইহা যদি যুক্তি ও প্রমাণদ্বারা নিশ্চিত হইয়া থাকে, তাহা হইলে মানুষ প্রাণিগণের শরীর বিনাশ করিয়া হিংসাদোষ প্রাপ্ত হইতে পারে না ॥৬॥

তা'র পর, আপনি যদি নাস্তিকের মত অনুসারে বলেন যে, 'শরীরের সহিতই জীবাত্মার উৎপত্তি হয় এবং শরীরের সহিতই জীবাত্মার ধ্বংসও হইয়া থাকে,' তাহা হইলে অবশ্যই বলিতে হইবে যে, শরীর নষ্ট হইলে জীবাত্মাও নষ্টই হইয়া যায়, এইরূপ বলিলে, পারলৌকিক ফলজনক বেদোক্ত যাগাদি ক্রিয়াপদ্ধতিও নিষ্ফল—ইহা অবশ্যই বলিতে হইবে ॥৭॥

মহারাজ! আপনি শাস্ত্র ও যুক্তি বিশেষভাবেই জানেন, অতএব আমাদের পূর্ব্বপুরুষগণ এবং তদপেক্ষাও প্রাচীনগণ যে পদ্ধতির সেবা করিয়া গিয়াছেন, বনবাসের প্রতি তীব্র আগ্রহ পরিত্যাগ করিয়া আপনারও সেই পদ্ধতিরই সেবা করা উচিত ॥৮॥

মহারাজ! এই গৃহস্থধর্ম্মাচরণ যদি নিকৃষ্টই হইত তাহা হইলে, স্বায়ম্ভুবমনু ও অন্যান্য রাজচক্রবর্ত্তীরা এই গৃহস্থধর্ম্মের আচরণ করিয়া গিয়াছেন কেন ॥৯॥

কৃতত্রেতাদিযুক্তানি গুণবন্তি চ ভারত ! ।
যুগানি বহুশস্তৈশ্চ ভুক্তেয়মবনী নৃপ ! ॥১০॥
লব্ধ্বাপি পৃথিবীং কৃৎস্নাং সহস্থাবরজঙ্গমাম্ ।
ন ভুঙ্ক্তে যো নৃপঃ সম্যক্ বিফলং তস্য জীবিতম্ ॥১১॥
অথবা বসতো রাজন্ ! বনে বন্যেন জীবতঃ ।
দ্রব্যেষু যস্য মমতা মৃত্যোরাস্যে স বর্ত্ততে ॥১২॥
বাহ্যান্তরঞ্চ ভূতানাং স্বভাবং পশ্য ভারত ! ।
যে তু পশ্যন্তি তদ্ভূতং মুচ্যন্তে তে মহাভয়াৎ ॥১৩॥

ভারতকৌমুদী

কৃতেতি। কৃতং সত্যযুগম্, গুণবন্তি জ্ঞানযজ্ঞাদিযুক্তানি। যুগানি যাবৎ ॥১০॥

গার্হস্থ্যাকরণে কো দোষ ইত্যাহ লব্ধ্বেতি। কৃৎস্নামখিলাম্ ॥১১॥

পক্ষান্তরে বনবাসেঽপি দোষমাহ অথবেতি। বন্যেন বনজাতেন ফলমূলাদিনা, দ্রব্যেষু ধনাদিষু। আস্যে মুখে, মমকারসত্ত্বেন বন্ধাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥১২॥

অথ বনবাসে কিং মুক্তিরেব নাস্তীত্যাহ বাহ্যেতি। বাহ্যস্বভাবঃ পানভোজনাদিঃ, আন্তরস্বভাবশ্চ রাগদ্বেষাদিঃ, ভূতানাং প্রাণিনাম্, পশ্য পর্য্যালোচয়। তদুভয়সত্ত্বে কুত্রাপি ন মুক্তিরিত্যাশয়ঃ। তর্হি কেন মুক্তিঃ স্যাদিত্যাহ য ইতি। তদ্ভূতং সত্যং ব্রহ্ম, মহাভয়াদ্বন্ধাৎ। "তরতি শোকমাত্মবিৎ" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

কেচিদনিত্য ইতি ॥৫॥ তত্রাদ্যে দোষাভাবমাহ—অবিনাশ ইতি ॥৬॥ সত্ত্বস্য কর্তৃত্বধর্ম্মবত্ত্বা বুদ্ধেঃ ॥৭॥ দ্বিতীয়ে কৃতহানাদিদোষ ইত্যাহ—তস্মাদিতি। যস্মাৎ কর্তৃবনাশে মোক্ষাভাবো নাশে দেহাত্মবাদপ্রসঙ্গস্তস্মাদেকান্তমন্যতরং নিশ্চয়ং ত্যক্ত্বা প্রাচাং পন্থাস্তন্মিথ্যাত্বপক্ষ এবাদর্ত্তব্যঃ। তেন কল্পিতস্য শারীরদ্রব্যস্য স্বাপ্নস্যেব ত্যাগো যুজ্যতে ইত্যাশয়বানাহ—তস্মাদিতি ॥৮—১০॥ নিষ্ফলং বাহ্যদ্রব্যত্যাগং কৃত্বান্তরদ্রব্যত্যাগমকুর্ব্বন্ মূঢ় এবেত্যাহ দ্বাভ্যাং—লব্ধ্বাপীতি ॥১১॥ তর্হ্যুভয়দ্রব্যত্যাগঃ

ভরতনন্দন রাজা! সেই সকল মহাপুরুষ গুণশালী সত্য-ত্রেতাপ্রভৃতি বহুযুগ পর্য্যন্তই এই পৃথিবী ভোগ করিয়া গিয়াছেন ॥১০॥

যে রাজা স্থাবর ও জঙ্গমের সহিত সমগ্র পৃথিবী লাভ করিয়াও ভোগ করেন না, তাঁহার জীবনই নিষ্ফল ॥১১॥

অথবা রাজা! যে লোক বনে গমন করিয়া বন্য ফল-মূলাদিদ্বারা জীবন ধারণ করেন, অথ চ ধনজনাদির উপরে মমতা রাখেন, তিনি মৃত্যুর মুখেই বিদ্যমান থাকেন ॥১২॥

(৯—১০) ইদং শ্লোকদ্বয়ং—পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ভবান্ পিতা ভবান্ ভ্রাতা ভবান্ মাতা ভবান্ গুরুঃ ।
দুঃখপ্রলাপানার্ত্তস্য তন্মে ত্বং ক্ষন্তুমর্হসি ॥১৪॥
তথ্যং বা যদি বাতথ্যং যন্ময়ৈতৎ প্রভাষিতম্ ।
তদ্বিদ্ধি পৃথিবীপাল । ভক্ত্যা ভরতসত্তম । ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে সহদেববাক্যে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতকৌমুদী

অথ ক্ষমতীবর্ষ্টতাং প্রকটয়সীত্যাহ ভবানিতি। আর্ত্তস্য তব বনবাসেচ্ছাশ্রবণেন পীড়িতস্য ॥১৪॥
তথ্যমিতি। তথ্যং সত্যম্, অতথ্যং মিথ্যা। ভক্ত্যা উক্তমিতি শেষঃ ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:——

ভারতভাবদীপঃ

শ্রেয়ানিত্যাশঙ্ক্যাহ—বাহ্যেতি। ভূতানাং বাহ্যমাভ্যন্তরঞ্চ যদ্বয়ং তৎ সর্ব্বং স্বভাবং স্বস্য প্রত্যগাত্মনো ভাবং সত্তাং পশ্য জানীহি, তদাত্মব্যতিরিক্তং নাস্তীত্যর্থঃ। যথা চ শ্রুতিঃ—"আত্মৈবেদং সর্ব্বম্" ইতি। যে তু পুমাংসস্তদাত্মরূপং ভূতং নিত্যসিদ্ধং পশ্যন্তি, বৃত্তমিতি পাঠেঽপি স এবার্থঃ। তে মহতো ভয়াদ্ভবদ্রব্যসঙ্গজাৎ সংসারান্মুচ্যন্তে; কল্পিতস্য মরীচিকোদকস্যেব ত্যাগঃ কর্ত্তব্যো ন স্বরূপতস্তস্য নিত্যনিবৃত্তত্বাদিতি ভাবঃ ॥১৩—১৪॥ ভক্ত্যৈব ভাষিতং ন তু জ্ঞানগর্ব্বেণ ॥১৫॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

ভরতনন্দন! প্রাণিগণের বাহিরের ও ভিতরের স্বভাব পর্য্যালোচনা করুন। (তাহা থাকিলে মুক্তি হইতে পারে না।) কিন্তু যাঁহারা যোগ ও তপস্যার বলে সেই পরব্রহ্মের সাক্ষাৎকার লাভ করিতে পারেন, তাঁহারাই বন্ধনের মহাভয় হইতে মুক্ত হইতে সমর্থ হন ॥১৩॥

মহারাজ! আপনি আমাদের পিতা, আপনি আমাদের ভ্রাতা, আপনি আমাদের মাতা এবং আপনি আমাদের গুরু। অতএব আমি দুঃখিত হইয়া যে সকল প্রলাপ করিলাম, তাহা আপনি ক্ষমা করুন ॥১৪॥

ভরতশ্রেষ্ঠ রাজা! সত্যই হউক বা মিথ্যাই হউক, আমি এই যাহা বলিয়াছি তাহা আপনার প্রতি ভক্তিবশতই বলিয়াছি, ইহা আপনি অবগত হউন ॥১৫॥

———:*:———

চতুর্দ্দশোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

অব্যাহরতি কৌন্তেয়ে ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
ভ্রাতৃণাং ব্রুবতাং তাংস্তান্ বিবিধান্ বেদনিশ্চয়ান্ ॥১॥
মহাভিজনসম্পন্না শ্রীমত্যায়তলোচনা।
অভ্যভাষত রাজেন্দ্র! দ্রৌপদী যোষিতাং বরা ॥২॥ (যুগ্মকম্)
আসীনমৃষভং রাজ্ঞাং ভ্রাতৃভিঃ পরিবারিতম্।
সিংহশার্দ্দূলসদৃশৈর্বারণৈরিব যূথপম্ ॥৩॥
অভিমানবতী নিত্যং বিশেষেণ যুধিষ্ঠিরে।
লালিতা সততং রাজ্ঞা ধর্ম্মজ্ঞা ধর্ম্মদর্শিনী ॥৪॥
আমন্ত্র্য বিপুলশ্রোণী সাম্না পরমবল্গুনা।
ভর্ত্তারমভিসংপ্রেক্ষ্য ততো বচনমব্রবীৎ ॥৫॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

অব্যাহবতীতি। অব্যাহবতি অব্রুবতি। ভ্রাতৃণামিত্যনাদবে ষষ্ঠী। বেদেন নিশ্চয়ো যেষাং তান্ বেদোক্তত্বা নিশ্চিতার্থান্ বাদানিত্যর্থঃ। মহান্ অভিজনা বুদ্ধিমত্তয়া খ্যাতিস্তেন সম্পন্না, শ্রীমতী কান্তিশালিনী ॥১—২॥

আসীনমিতি। আসীনমুপবিষ্টম্, ঋষভং শ্রেষ্ঠম্। বাবণৈর্হস্তিভিঃ, পবিবাবিতম্, যূথপং হস্তিযূথপতিমিব স্থিতম্। লালিতা আদবেণ পালিতা, বাজ্ঞা যুধিষ্ঠিবেণ, বিপুলশ্রোণী বৃহন্নিতম্বা, সাম্না সান্ত্ববাক্যেন, পবমবল্গুনা অতীবমধুবেণ। ভর্ত্তাবং যুধিষ্ঠিরম্ ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—বাজশ্রেষ্ঠ জনমেজয়! ভীমসেনপ্রভৃতি ভ্রাতাবা বেদানুমোদিত নানাবিধ বিষয় বলিলেও কুন্তীনন্দন ধর্ম্মবাজ যুধিষ্ঠিব কোন কথা না বলিলে, (নীরব হইয়া থাকিলে) বুদ্ধিমতী বলিয়া বিখ্যাতা, দীর্ঘনয়না ও নাবীশ্রেষ্ঠা শ্রীমতী দ্রৌপদী যুধিষ্ঠিরেব প্রতি বলিতে লাগিলেন ॥১—২॥

তৎকালে যুধিষ্ঠিব উপবেশন কবিয়া রহিয়াছিলেন এবং হস্তিগণ যেমন হস্তি-যূথপতিকে পবিবেষ্টন কবিয়া অবস্থান কবে, সেইরূপ সিংহ-ব্যাঘ্রসদৃশ ভীমসেন-প্রভৃতি ভ্রাতৃগণ সেই রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠিবকে পরিবেষ্টন কবিয়া অবস্থান কবিতেছিলেন। যুধিষ্ঠিবকর্ত্তৃক আদরের সহিত সর্ব্বদা লালিতা এবং তাঁহাবই প্রতি বিশেষভাবে

দ্রৌপদ্যুবাচ।

ইমে তে ভ্রাতরঃ পার্থ! শুষ্যন্তে স্তোককা ইব।
বাবাশ্যমানাস্তিষ্ঠন্তি ন চৈনানভিনন্দসে ॥৬॥
নন্দয়ৈতান্মহারাজ! মত্তানিব মহাদ্বিপান্।
উপপন্নেন বাক্যেন সততং দুঃখভাগিনঃ ॥৭॥
কথং দ্বৈতবনে রাজন্! পূর্ব্বমুক্ত্বা তথা বচঃ।
ভ্রাতৄনেতান্ স্ম সহিতান্ শীতবাতাতপার্দ্দিতান্ ॥৮॥
বয়ং দুর্য্যোধনং হত্বা মৃধে ভোক্ষ্যাম মেদিনীম্।
সম্পূর্ণাং সর্ব্বকামানামাহবে বিজয়ৈষিণঃ ॥৯॥
বিরথাংশ্চ রথান্ কৃত্বা নিহত্য চ মহাগজান্।
সংস্তীর্য্য চ রথৈর্ভূমিং সসাদিভিররিন্দমাঃ! ॥১০॥

ভাবতকৌমুদী

ইম ইতি। স্তোককাশ্চাতকাঃ পক্ষিণ ইব শুষ্যন্তে পিপাসয়া হতাশতয়া চ শুষ্ককণ্ঠা ভবন্তি। বাবাশ্যমানা মেঘং প্রতি ভবন্তং প্রতি চ পুনঃ পুনঃ শব্দায়মানা রবন্তো ব্রুবন্তশ্চেত্যর্থঃ। ন চ অভিনন্দসে মেঘো জলদানেনেব অভীষ্টোত্তরদানেন নানন্দয়সি ॥৬॥

নন্দয়েতি। উপপন্নেন যুক্তিযুক্তেন, সততং বনবাসাদিনা চিরম্ ॥৭॥

কথমিতি। সহিতান্ মিলিতান্। তথা কীদৃগ্ বচ ইত্যাহ বয়মিত্যাদি শ্লোকত্রয়ম্। বিজয়ৈষিণো

অভিমানকারিণী, ধর্ম্মজ্ঞা, ধর্ম্মদর্শিনী ও বিশালনিতম্বা দ্রৌপদী যুধিষ্ঠিরের প্রতিই দৃষ্টিপাত ও সম্বোধন করিয়া পরে সুমধুর সান্ত্ববাক্যে বলিতে লাগিলেন ॥৩—৫॥

দ্রৌপদী বলিলেন—'পৃথানন্দন! চাতকপক্ষিগণ যেমন জল পিপাসায় শুষ্ককণ্ঠ হয় এবং বার বার রব করিতে থাকে, সেইরূপ আপনার এই ভ্রাতারা হতাশতা-নিবন্ধন শুষ্ককণ্ঠ হইয়াছেন এবং বার বার নানাবিধ কথা বলিতেছেন; অথ চ আপনি উপযুক্ত উত্তর দিয়া ইহাদিগকে আনন্দিত করিতেছেন না ॥৬॥

মহারাজ! আপনি যুক্তিযুক্ত উত্তর দান করিয়া মত্ত মহাহস্তিগণের ন্যায় অবস্থিত এবং চিরদুঃখভাগী আপনার এই ভ্রাতৃগণকে আনন্দিত করুন ॥৭॥

রাজা! আপনি পূর্ব্বে দ্বৈতবনে সম্মিলিত ও শীতবায়ুপীড়িত এই ভ্রাতৃগণকে সেইরূপ বাক্য বলিয়া—অর্থাৎ 'ভ্রাতৃগণ! আমরা জয়াভিলাষী হইয়া যুদ্ধে দুর্য্যোধনকে বধ করিয়া সমস্ত কাম্য বস্তুতে পরিপূর্ণ এই পৃথিবী ভোগ করিব। হে শত্রু-দমনকারিগণ! রথিগণকে রথবিহীন, মহাহস্তিগণকে বিনাশ এবং অশ্বারোহিগণের সহিত রথসমূহদ্বারা রণভূমিকে আচ্ছাদন করিয়া (যুদ্ধে জয়লাভের পরে) তোমরা

যজতাং বিবিধৈর্যজ্ঞৈঃ সমৃদ্ধৈরাপ্তদক্ষিণৈঃ।
বনবাসকৃতং দুঃখং ভবিষ্যতি সুখায় বঃ ॥১১॥
ইত্যেতানেবমুক্ত্বা ত্বং স্বয়ং ধর্ম্মভৃতাং বর!।
কথমদ্য পুনর্বীর! বিনিহংসি মনাংসি নঃ ॥১২॥ (কুলকম্)
ন ক্লীবো বসুধাং ভুঙ্‌ক্তে ন ক্লীবো ধনমশ্নুতে।
ন ক্লীবস্য গৃহে পুত্রা মৎস্যাঃ পঙ্ক ইবাসতে ॥১৩॥
নাদণ্ডঃ ক্ষত্রিয়ো ভাতি নাদণ্ডো ভূমিমশ্নুতে।
নাদণ্ডস্য প্রজা রাজ্ঞঃ সুখং বিন্দন্তি ভারত! ॥১৪॥
মিত্রতা সর্ব্বভূতেষু দানমধ্যয়নং তপঃ।
ব্রাহ্মণস্যৈব ধর্ম্মঃ স্যান্ন রাজ্ঞো রাজসত্তম! ॥১৫॥

ভাবতকৌমুদী

বযমিতি সম্বন্ধঃ। সর্ব্বকামানাং সর্ব্বাভীষ্টবস্তুভিঃ, সম্পূর্ণাম্। "কবণে পুষ্টপ্রার্থস্য চ" ইতি কবণে ষষ্ঠী। সংস্তীর্য্য আচ্ছাদ্য। সাদিভিবশ্বাবোহিভিঃ সহেতি তৈঃ। যজতাং দেবান্ পূজযতাম্। আপ্তদক্ষিণৈঃ প্রচুবদক্ষিণৈঃ। বিনিহংসি বনবাসেচ্ছাপ্রকাশেন খেদযসি ॥৮—১২॥

শোকাদিকাতবতাং পবিহায তেজস্বী সন্ পুরুষো ভবেত্যাহ শ্লোকজাতেন নেতি। ক্লীবো নিস্তেজো জনঃ। নাশ্নুতে ন ভুনক্তি পবৈর্হবণাবশ্যম্ভাবাৎ। আসতে অবতিষ্ঠন্তে ॥১৩॥

নেতি। দণ্ডো বীর্য্যেণ দমনম্। বিন্দন্তি লভন্তে দস্যুতস্কবাদ্যাবির্ভাবাৎ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

অব্যাহবতি বক্তব্যাভাবান্ন তু ক্রোধান্মৌর্খ্যাদ্বা ॥১—৪॥ সাম্না সান্ত্ববাদেন, বল্গুনা বমণীযেন ॥৫॥ স্তোককাশ্চাতকাঃ, বাবাশ্যমানাঃ পুনঃ পুনঃ ক্রন্দতঃ ॥৬॥ উপপন্নেন যুক্তিযুক্তেন ॥৭—৮॥ সর্ব্বকামানাং

যখন প্রচুব দক্ষিণাযুক্ত মহাসমাবোহসম্পন্ন নানাবিধ যজ্ঞ কবিবে, তখন তোমাদেব এই বনবাসেব দুঃখ সুখের জন্যই হইবে।' ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ বীব! আপনি নিজেই ভ্রাতৃগণকে এইরূপ বলিয়া আজ আবাব বনবাসেব ইচ্ছা প্রকাশ কবিয়া আমাদেব মনকে একেবাবে বিষাদসাগবে ডুবাইযা দিতেছেন কেন? ॥৮—১২॥

তেজোবিহীন মানুষ বাজ্য বা ধন ভোগ কবিতে পাবে না এবং কর্দ্দমে যেমন মৎস্য থাকে না; তেমন তেজোহীন পুরুষেব গৃহে পুত্র থাকে না ॥১৩॥

ভবতনন্দন! দমন কবিতে অসমর্থ ক্ষত্রিয় শোভা পায় না, দমন কবিতে অসমর্থ ব্যক্তি ভূমি ভোগ কবিতে পাবে না এবং দণ্ড দানে অসমর্থ বাজাব প্রজাবা সুখশান্তি লাভ কবে না ॥১৪॥

বাজশ্রেষ্ঠ! সমস্ত প্রাণীব প্রতি সৌহার্দ্দ, দান, অধ্যয়ন ও তপস্যা—এইগুলি ব্রাহ্মণেব ধর্ম্ম, কিন্তু বাজাব নহে ॥১৫॥

অসতাং প্রতিষেধশ্চ সতাঞ্চ পরিপালনম্।
এষ রাজ্ঞাং পরো ধর্ম্মঃ সমরে চাপলায়নম্ ॥১৬॥
যস্মিন্ ক্ষমা চ ক্রোধশ্চ দানাদানে ভয়াভয়ে।
নিগ্রহানুগ্রহৌ চোভৌ স বৈ ধর্ম্মবিদুচ্যতে ॥১৭॥
ন শ্রুতেন ন দানেন ন সান্ত্বেন ন চেজ্যয়া।
ত্বয়েয়ং পৃথিবী লব্ধা ন সঙ্কোচেন চাপ্যুত ॥১৮॥
যত্তদ্বলমমিত্রাণাং তথা বীর্য্যসমুদ্যতম্।
হস্ত্যশ্বরথসম্পন্নং ত্রিভিরঙ্গৈরনুত্তমম্ ॥১৯॥
রক্ষিতং দ্রোণকর্ণাভ্যামশ্বত্থাম্না কৃপেণ চ।
তত্ত্বয়া নিহতং বীর ! তস্মাদ্‌ভুঙ্‌ক্ষ্ব বসুন্ধরাম্ ॥২০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

মিত্রতেতি। সর্ব্বভূতেষু মিত্রতা করণে রাজ্ঞঃ শত্রুপ্রাবল্যমেব স্যাদিতি ভাবঃ ॥১৫॥

অসতামিতি। প্রতিষেধঃ তদীয়াসৎকার্য্যকরণে বাধাদানম্ ॥১৬॥

যস্মিন্নিতি। দানং পারিতোষিকার্পণম্ আদানং বলেন দুষ্টাদ্‌গ্রহণঞ্চ তে। স রাজা ॥১৭॥

নেতি। শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন, সান্ত্বেন সাম্না, ইজ্যয়া যাগেন। সঙ্কোচেন প্রার্থনাকাতর্য্যেণ। শৌর্য্যেণ লব্ধা পৃথিবী শৌর্য্যেণৈব পাল্যতামিত্যাশয়ঃ ॥১৮॥

তদেবাহ যুগ্মকেন যদিতি। অমিত্রাণাং দুর্য্যোধনাদিশত্রূণাম্। তথা তাদৃশেনাসাধারণেন বীর্য্যেণ সমুদ্যতং যোদ্ধুমুদ্যুক্তম্। হস্তীত্যাদিকং পদাতিমপ্যুপলক্ষণম্। ত্রিভিরঙ্গৈঃ প্রভাবোৎসাহমন্ত্রজাতাভিঃ তিসৃভিঃ শক্তিভিঃ, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ। ভুঙ্‌ক্ষ্ব বীর্য্যেণৈব পালয় ॥১৯—২০॥

দুষ্টের দমন, শিষ্টের পালন এবং যুদ্ধে পলায়ন না করা—এইগুলি রাজার প্রধান ধর্ম্ম ॥১৬॥

যে রাজার ক্ষমাও থাকে, ক্রোধও থাকে, যিনি পারিতোষিকও দেন, দণ্ড (জরিমানা) আদায়ও করেন, যিনি ভয়ও উৎপাদন করেন, অভয় দানও করেন এবং যিনি নিগ্রহ ও অনুগ্রহ উভয়ই করেন, সেই রাজাকেই রাজধর্ম্মজ্ঞ বলে ॥১৭॥

মহারাজ ! শাস্ত্রজ্ঞান, দান, কোমল বাক্য, যজ্ঞ কিংবা যাচ্ঞাদ্বারা আপনি এই পৃথিবী লাভ করেন নাই ॥১৮॥

বীর ! হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত, প্রভুশক্তি, মন্ত্রশক্তি ও উৎসাহশক্তিদ্বারা সর্ব্বশ্রেষ্ঠ এবং সেইরূপ অসাধারণ বীরত্বসহকারে যুদ্ধ করিতে উদ্যত সেই যে শত্রুসৈন্য ছিল ; আর ভীষ্ম, দ্রোণ, কর্ণ, অশ্বত্থামা ও কৃপপ্রভৃতি যাহা রক্ষা করিতেন, আপনি তাহাই বিধ্বস্ত করিয়াছেন ; অতএব আপনি সেই জয়লব্ধ রাজ্য ভোগ করুন ॥১৯—২০॥

জম্বূদ্বীপো মহারাজ ! নানাজনপদৈর্যুতঃ ।
ত্বয়া পুরুষশার্দ্দূল ! দণ্ডেন মৃদিতঃ প্রভো ! ॥২১॥
জম্বূদ্বীপেন সদৃশঃ ক্রৌঞ্চদ্বীপো নরাধিপ ! ।
অধরেণ মহামেরোর্দণ্ডেন মৃদিতস্ত্বয়া ॥২২॥
ক্রৌঞ্চদ্বীপেন সদৃশঃ শাকদ্বীপো নরাধিপ ! ।
পূর্ব্বেণ তু মহামেরোর্দণ্ডেন মৃদিতস্ত্বয়া ॥২৩॥
উত্তরেণ মহামেরোঃ শাকদ্বীপেন সম্মিতঃ ।
ভদ্রাশ্বঃ পুরুষব্যাঘ্র ! দণ্ডেন মৃদিতস্ত্বয়া ॥২৪॥
দ্বীপাশ্চ সান্তরদ্বীপা নানাজনপদাশ্রয়াঃ ।
বিগাহ্য সাগরং বীর ! দণ্ডেন মৃদিতাস্ত্বয়া ॥২৫॥

ভারতকৌমুদী

অধিকৃতরাজ্যপরিমাণমাহ জম্বূদ্বীপ ইতি। দণ্ডেন দণ্ডশক্ত্যা বলেনেত্যর্থঃ, মৃদিতেন মর্দ্দনেন ধর্ষণেনায়ত্তীকৃতঃ ॥২১॥

জম্বূদ্বীপেনেতি। অধরেণ পশ্চিমদিগ্‌বিভাগেন স্থিতঃ ॥২২॥

ক্রৌঞ্চেতি। পূর্ব্বেণ পূর্ব্বদিগ্‌বিভাগেন স্থিতঃ ॥২৩॥

উত্তরেণেতি। সম্মিতঃ সদৃশঃ। ভদ্রাশ্বো নাম দ্বীপঃ ॥২৪॥

দ্বীপা ইতি। অন্তরদ্বীপৈঃ উভয়দ্বীপমধ্যবর্ত্তিদ্বীপৈঃ সহিতি তে। বিগাহ্য অতিক্রম্য ॥২৫॥

ভারতভাবদীপঃ

সর্ব্বৈরর্থৈঃ ॥৯—১২॥ ক্লীবোঽধীরঃ ॥১৩—১৫॥ প্রতিষেধো দণ্ডো রাজ্যান্নির্ব্বাসনং বা ॥১৬॥ দানমাদানঞ্চ তে ॥১৭॥ সঙ্কোচেন যাচ্ঞয়া ॥১৮॥ ত্রিভিবর্গৈস্তিসৃভিঃ শক্তিভিঃ ; তাশ্চ প্রভুশক্তির্মন্ত্র-

প্রভাবশালী পুরুষশ্রেষ্ঠ মহারাজ ! আপনি দণ্ডশক্তিদ্বারা নানাজনপদযুক্ত জম্বূদ্বীপ অধিকার করিয়াছেন ॥২১॥

নরনাথ ! আপনি দণ্ডশক্তিদ্বারা সেই জম্বূদ্বীপের তুল্য মহামেরুর পশ্চিমদিকে অবস্থিত ক্রৌঞ্চদ্বীপ আয়ত্ত করিয়াছেন ॥২২॥

রাজা ! আপনি দণ্ডশক্তিদ্বারাই মহামেরুর পূর্ব্বদিকে অবস্থিত সেই ক্রৌঞ্চদ্বীপের তুল্য শাকদ্বীপ, নিজের অধীনে আনয়ন করিয়াছেন ॥২৩॥

পুরুষশ্রেষ্ঠ ! আপনি দণ্ডশক্তিদ্বারাই মহামেরুর উত্তরদিকে অবস্থিত সেই শাকদ্বীপেরই সদৃশ ভদ্রাশ্বদ্বীপে আধিপত্য স্থাপন করিয়াছেন ॥২৪॥

বীর ! আপনি সমুদ্র অতিক্রম করিয়া ক্ষাত্রশক্তিদ্বারা মধ্যবর্ত্তী দ্বীপসমূহের সহিত নানাজনপদযুক্ত অন্যান্য বহু দ্বীপও জয় করিয়াছেন ॥২৫॥

(২১) নানাপদাযুতঃ পি।

এতান্যপ্রতিমেয়ানি কৃত্বা কর্ম্মাণি ভারত ! ।
ন প্রীয়সে মহারাজ ! পূজ্যমানো দ্বিজাতিভিঃ ॥২৬॥
স ত্বং ভ্রাতৄনিমান্ দৃষ্ট্বা প্রতিনন্দস্ব ভারত ! ।
ঋষভানিব সংমত্তান্ গজেন্দ্রানূর্জ্জিতানিব ॥২৭॥
অমরপ্রতিমাঃ সর্ব্বে শত্রুসাহাঃ পরন্তপাঃ ।
একৈকোঽপি সুখায়ৈষাং মম স্যাদিতি মে মতিঃ ॥২৮॥
কিং পুনঃ পুরুষব্যাঘ্র ! পতয়ো মে নরর্ষভাঃ ।
সমস্তানীন্দ্রিয়াণীব শরীরস্য বিচেষ্টনে ॥২৯॥
অনৃতং নাব্রবীচ্ছ্বশ্রূঃ সর্ব্বজ্ঞা সর্ব্বদর্শিনী ।
যুধিষ্ঠিরস্ত্বাং পাঞ্চালি ! সুখে ধাস্যত্যনুত্তমে ॥৩০॥
হত্বা রাজসহস্রাণি বহূন্যাশুপরাক্রমঃ ।
তদ্ব্যর্থং সম্প্রপশ্যামি মোহাত্তব জনাধিপ ! ॥৩১॥

ভারতকৌমুদী

এতানীতি। অপ্রতিমেযানি অতুলনীযানি। পূজ্যমানঃ প্রশস্যমানঃ ॥২৬॥
স ইতি। প্রতিনন্দস্ব বীরত্বপ্রশংসযা আনন্দয। ঊর্জ্জিতান্ উত্তেজিতান্ ॥২৭॥
অমরেতি। অমরপ্রতিমা দেবতুল্যাঃ। শত্রূন্ সহন্ত ইতি শত্রুসাহাঃ, কর্ম্মণ্যণ্ ॥২৮॥
কিমিতি। মে সুখায ন স্যুরিতি শেষঃ। বিচেষ্টনে ক্রিযাকরণে ॥২৯॥
অমৃতমিতি। শ্বশ্রূঃ কুন্তী। ধাস্যতি স্থাপযিষ্যতি, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তস্মিন্ ॥৩০॥

ভরতনন্দন মহারাজ ! আপনি এই সকল অতুলনীয় কার্য্য করিয়া, ব্রাহ্মণগণ-কর্তৃক প্রশংসিত হইতেছেন, তথাপি প্রীতিলাভ করিতেছেন না ! ॥২৬॥

ভরতনন্দন ! মত্ত বৃষগণের তুল্য এবং উত্তেজিত হস্তিযূথের সদৃশ এই ভ্রাতৃগণকে দেখিয়া আপনি প্রত্যভিনন্দন করুন ॥২৭॥

ইহারা সকলেই দেবতার তুল্য শত্রুগণকে সহ্য করিতে পারেন এবং শত্রুগণকে সন্তপ্ত করিতেও সমর্থ হন, ইহাদের মধ্যে এক একজনও আমার সুখসম্পাদন করিতে পারেন, ইহাই আমার ধারণা ॥২৮॥

নরশ্রেষ্ঠ ! ইন্দ্রিযগণ যেমন সমবেত হইয়া, শরীরক্রিযা সম্পাদনে সমর্থ হয, সেইরূপ আমার এই নরশ্রেষ্ঠ পতিগণ কি সমবেত হইয়া আমার সুখসম্পাদনে সমর্থ হইবেন না ? ॥২৯॥

সর্ব্বজ্ঞা ও সর্ব্বদর্শিনী আমার শ্বশ্রূ কুন্তীদেবী মিথ্যাকথা বলেন নাই যে— 'পাঞ্চালনন্দিনি ! যুধিষ্ঠির তোমাকে অসাধারণ সুখে স্থাপন করিবেন' ॥৩০॥

(২৮) · একোঽপি হি পি বঙ্গ বর্দ্ধ সো।

যেষামুন্মত্তকো জ্যেষ্ঠঃ সর্ব্বে তেঽপ্যনুসারিণঃ।
তবোন্মাদান্মহারাজ! সোন্মাদাঃ সর্ব্বপাণ্ডবাঃ ॥৩২॥
যদি হি স্যুরনুন্মত্তা ভ্রাতরস্তে নরাধিপ!।
বদ্ধা ত্বাং নাস্তিকৈঃ সার্দ্ধং প্রশাসেয়ুর্বসুন্ধরাম্ ॥৩৩॥
কুরুতে মূঢ় এবং হি যঃ শ্রেয়ো নাধিগচ্ছতি।
ধূপৈরঞ্জনযোগৈশ্চ নস্যকর্ম্মভিরেব চ ॥৩৪॥
উন্মত্তিরপনেতব্যা তব রাজন্! যদৃচ্ছয়া।
ভেষজৈঃ স চিকিৎস্যঃ স্যাদ্ য উন্মার্গেণ গচ্ছতি ॥৩৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

হত্বেতি। আশুঃ অবিলম্বিতঃ পরাক্রমো যস্য সঃ। ব্যর্থং লব্ধরাজ্যত্যাগাৎ ॥৩১॥

যেষামিতি। উন্মত্তকঃ কুৎসিতো বিকৃতমস্তিষ্কঃ। সর্ব্বে কনিষ্ঠাঃ ॥৩২॥

অথাহমুন্মত্তো ভবিতুমর্হামি, ভ্রাতরস্ত কথমিত্যাহ যদীতি। নাস্তিকৈর্বন্ধৈস্তাদৃশৈর্জনৈঃ ॥৩৩॥

তর্হীদানীং কঃ প্রতীকার ইত্যাহ কুরুত ইতি। মূঢ় উন্মাদেন বিকৃতচিত্তঃ, শ্রেয় আত্মমঙ্গলম্। ধূপৈরঞ্জনৈশ্চ আয়ুর্ব্বেদোক্তৈরৌষধৈঃ, নস্যকর্ম্মভিঃ নাসিকয়া মস্তকে প্রবেশনীয়ৈঃ। উন্মত্তিরুন্মাদরোগঃ। অথ উন্মাদাভাবেঽপি উন্মার্গগামিতয়া ত্বং চিকিৎসনীয় এবেত্যাহ ভেষজৈরিতি। ভেষজৈরৌষধৈঃ ॥৩৪—৩৫॥

নরনাথ! আপনি অতিক্রুত পরাক্রম প্রকাশপূর্ব্বক বহুসহস্র রাজাকে বধ করিয়া যে জয়লাভ করিয়াছেন, এখন আপনার মোহবশতঃ সে জয়লাভ ব্যর্থ হইতেই বসিয়াছে দেখিতেছি ॥৩১॥

যাহাদের জ্যেষ্ঠভ্রাতা উন্মত্ত হয়, তাহাদের কনিষ্ঠভ্রাতারা সকলেও তাহারই অনুসরণ করে; সুতরাং মহারাজ! আপনার উন্মত্ততাবশতঃ অন্য সকল পাণ্ডবই উন্মত্ত হইয়াছেন (দেখিতেছি) ॥৩২॥

নরনাথ! আপনার ভ্রাতারাও যদি উন্মত্ত না হইতেন, তাহা হইলে অন্যান্য নাস্তিকগণের সহিত আপনাকে বন্ধন করিয়া (এক জায়গায় ফেলিয়া রাখিয়া) তাঁহারাই রাজ্য শাসন করিতেন ॥৩৩॥

যে লোক নিজের মঙ্গল বোঝে না, সেই মূঢ় লোকই এইরূপ কার্য্য করে; সুতরাং রাজা! আপনি মোহবশতঃ সেইরূপ উন্মাদরোগগ্রস্তই হইয়াছেন। অতএব নাসিকাদ্বারা গ্রহণযোগ্য ধূপ ও অঞ্জনরূপ ঔষধদ্বারা আপনার সেই উন্মাদরোগের প্রতীকার করা উচিত। তা'র পর, যে লোক উৎপথগামী হয়, ঔষধদ্বারা তাহারও চিকিৎসা করা কর্ত্তব্য ॥৩৪—৩৫॥

(৩৫) অত্র পূর্ব্বার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ সো নাস্তি।

সাহং সর্ব্বাধমা লোকে স্ত্রীণাং ভরতসত্তম ! ।
তথা বিনিকৃতা পুত্রৈর্যাহমিচ্ছামি জীবিতুম্ ॥৩৬॥
এতেষাং যতমানানাং ন মেঽদ্য বচনং মৃষা ।
ত্বন্তু সর্ব্বাং মহীং ত্যক্ত্বা কুরুষে স্বয়মাপদম্ ॥৩৭॥
যথাস্তাং সম্মতৌ রাজ্ঞাং পৃথিব্যাং রাজসত্তমৌ ।
মান্ধাতা চাম্বরীষশ্চ তথা রাজন্ ! বিরাজসে ॥৩৮॥
প্রশাধি পৃথিবীং দেবীং প্রজা ধর্ম্মেণ পালয়ন্ ।
সপর্ব্বতবনদ্বীপাং মা রাজন্ ! বিমনা ভব ॥৩৯॥

ভারতকৌমুদী

তবেদৃগ্ভাবে মমাপি মরণমেবোচিতমিত্যাহ সেতি। বিনিকৃতা পরিত্যক্তা ॥৩৬॥

উৎপন্নমিতি। নরস্যেতি প্রাণিমাত্রোপলক্ষণম্। আত্মানং শরীরম্, ততঃ অনন্তরং জন্মনঃ পরমেবেত্যর্থঃ; তানি তানি প্রাক্তনকর্ম্মজনিতানি, দুঃখানি চ সুখানি চ, অনুবর্ত্তন্তে অনুসরন্তি ॥৫॥

তেষামিতি। তেষাং সুখদুঃখানাং মধ্যে, অন্যস্য অন্যতরস্য সুখস্য দুঃখস্য বা, পরাপত্তৌ উপস্থিতৌ সম্ভবন্ত্যাম্, যদ্যদেব উপপদ্যতে সুখং বা দুঃখং বা উপস্থিতং ভবতি। তৎ অস্য নরস্য, অনিলো বায়ুঃ, অভ্রং মেঘমিব, আশু শীঘ্রম্, চেতনাং চিত্তম্, হরতি স্থানান্তরং নয়তি অভিভবতি চ ॥৬॥

ভারতভাবদীপঃ

জ্ঞাতীতি। অভ্যুৎসিসৃক্ষতস্ত্যক্তুমিচ্ছতঃ ॥১—৩॥ কল্যাণমিচ্ছতা সুখাদিকং কথং প্রতিপত্তব্যং কেন প্রকারেণেষ্টত্বেনানিষ্টত্বেনোদাসীনত্বেন বা জ্ঞাতব্যম্ ॥৪॥ আত্মানং দেহমুৎপন্নমনু অনন্তর-

একদা অশ্মনামে এক বিদ্বান্ ব্রাহ্মণ বিদেহাধিপতি জনকের নিকটে উপস্থিত হইলে, দুঃখশোকসমন্বিত জনক তাঁহার নিকট সন্দিগ্ধ বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন ॥৩॥

জনক বলিলেন—'জ্ঞাতি ও ধন জন্মিলে বা নষ্ট হইলে, সুখাভিলাষী মানুষ কি প্রকারে সেই সুখ লাভ করিবে' ॥৪॥

অশ্মা (অশ্মনামক সেই ব্রাহ্মণ) বলিলেন—'মহারাজ! জন্মিবার পরেই পূর্ব্ব-জন্মার্জিত কর্ম্মের ফলস্বরূপ সুখ ও দুঃখ প্রাণিগণের সেই দেহে আসিয়া উপস্থিত হইতে থাকে ॥৫॥

সুখ ও দুঃখের মধ্যে যখন একটা না একটা উপস্থিত হইবেই হইবে, তখন যে যেটাই উপস্থিত হউক না কেন, সেই সেইটাই—বায়ু যেমন মেঘ হরণ করে, সেইরূপ মানুষের চিত্ত হরণ করিতে থাকে ॥৬॥

সংপ্রসক্তমনা ভোগান্ বিসৃজ্য পিতৃসঞ্চিতান্।
পরিক্ষীণঃ পরস্বানামাদানং সাধু মন্যতে ॥৮॥
তমতিক্রান্তমর্য্যাদমাদদানমসাম্প্রতম্।
প্রতিষেধন্তি রাজানো লুব্ধা মৃগমিবেষুভিঃ ॥৯॥
যে চ বিংশতিবর্ষা বা ত্রিংশদ্বর্ষাশ্চ মানবাঃ।
পরেণ তে বর্ষশতান্ন ভবিষ্যন্তি পার্থিব ! ॥১০॥

ভাবতকৌমুদী

অভীতি। অভিজাতঃ সৎকুলোৎপন্নঃ, সিদ্ধো নিষ্পন্নকার্য্যঃ, কেবলো নির্গুণশ্চাসৌ মানুষশ্চেতি স তাদৃশো নাস্মি, অপি তু অসাধাবণগুণশালী মানুষোঽস্মি। হেতুভিবভিমানৈঃ, প্রসিচ্যতে আর্দ্রীক্রিয়তে সন্তোষ্যত ইত্যর্থঃ। উপযুক্তবয়স্যেবৈতৎ ॥৭॥

সম্প্রেতি। সংপ্রসক্তমনা ভোগে ভৃশাসক্তচিত্তঃ, ভুজ্যন্ত ইতি ভোগা ধনানি তান্। পবিক্ষীণো নষ্টসর্ব্বস্বঃ, পবস্বানাং পরধনানাম্, আদানং চৌর্য্যাদিনা গ্রহণমপি ॥৮॥

তমিতি। অতিক্রান্তা চৌর্য্যাদিনা লঙ্ঘিতা মর্য্যাদা শাস্ত্রবিধির্যেন তম্, অসাম্প্রতমযুক্তং যথা স্যাত্তথা আদদানং পরস্বং গৃহ্ণন্তম্। লুব্ধা ব্যাধাঃ, ইষুভির্বাণৈঃ ॥৯॥

য ইতি। যে তত্তদ্বয়সি চৌর্য্যাদ্যসৎকার্য্যমাবভন্ত ইতি শেষঃ। তে বর্ষশতাৎ, পরেণ পরম্, ন ভবিষ্যন্তি ন স্থাস্যন্তি অপি তু বাজদণ্ডাদিনা তৎপূর্ব্বমেব ম্রিয়ন্ত ইত্যর্থঃ। যদা কিল ভীষ্মবাহ্লীকাদয় ইব মানবা অতিদীর্ঘজীবিন আসন্, তদানীন্তনেষেবেয়মুক্তিঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

মব্যবধানেনৈব দেহস্বভাবপ্রাপ্তে সুখাদৌ হর্ষবিষাদৌ ন কুর্ব্বীত কিন্তু উদাসীতৈবেতি ভাবঃ ॥৫—৬॥ প্রসিচ্যতে ক্লিন্নং শ্লথং ভবতীত্যর্থঃ ॥৭॥ ভোগান্ ভোগ্যার্থান্ ধনাদীন্ বিসৃজ্য ভোগেন নটনর্ত্তকাদিদ্বাবা ব্যয়ীকৃত্য আদানং চৌর্য্যং সাধু হিতম্ ॥৮॥ অসাম্প্রতমযুক্তং যথা স্যাত্তথা ইষুভিঃ প্রতিষেধন্তি ঘ্নন্তীত্যর্থঃ। লুব্ধা ব্যাধাঃ ॥৯॥ যে চোরাস্তে পরেণ বিংশত্যাদিবর্ষাদূর্দ্ধং বর্ষশতাৎ শতবর্ষপর্য্যন্তং ন

ক্রমে যথাকালে 'আমি সৎকুলে উৎপন্ন হইয়াছি, আমার কার্য্য নিষ্পন্ন হইয়াছে এবং আমি সাধারণ মানুষ নহি' এইরূপ তিন প্রকাব অভিমানে মানুষেব চিত্ত সন্তুষ্ট হইতে থাকে ॥৭॥

ক্রমে মানুষ ভোগে আসক্তচিত্ত হইয়া পিতৃসঞ্চিত ধন সকল উড়াইয়া দিয়া একেবারে দরিদ্র হইয়া অসদুপায়ে পরদ্রব্য হবণকে ভাল বলিয়া মনে কবিতে থাকে ॥৮॥

তাহার পব, মানুষ যখন অসদুপায়ে পরস্ব হরণ করিতে থাকিয়া শাস্ত্রবিধি লঙ্ঘন করিতে থাকে, তখন ব্যাধ যেমন বাণদ্বাবা পশুকে চলিযা যাইতে বাধা দেয়, সেইরূপ রাজারা দণ্ডদ্বারা তাহাকে অসৎপথে চলিতে বাধা দেন ॥৯॥

রাজা। বিংশতিবর্ষবয়স্ক কিংবা ত্রিংশৎবর্ষবয়স্ক যে সকল মানুষ অসদুপায়ে

তেষাং পরমদুঃখানাং বুদ্ধ্যা ভৈষজ্যমাচরেৎ।
সর্ব্বপ্রাণভৃতাং বৃত্তং প্রেক্ষমাণস্ততস্ততঃ ॥১১॥
মানসানাং পুনর্যোনির্দুঃখানাং চিত্তবিভ্রমঃ।
অনিষ্টোপনিপাতো বা তৃতীয়ং নোপপদ্যতে ॥১২॥
এবমেতানি দুঃখানি তানি তানীহ মানবম্।
বিবিধান্যুপবর্ত্তন্তে তথা সংস্পর্শজান্যপি ॥১৩॥
জরামৃত্যু হি ভূতানাং খাদিতারৌ বৃকাবিব।
বলিনাং দুর্ব্বলানাঞ্চ হ্রস্বানাং মহতামপি ॥১৪॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং দুর্বৃত্তানাম্, ভৈষজ্যং প্রতীকারম্, আচরেৎ রাজা বা বৃদ্ধো বা দণ্ডোপদেশাদিভিঃ কুর্য্যাৎ। বৃত্তং চরিত্রম্ ॥১১॥

মানসানামিতি। চিত্তস্য বিভ্রমঃ অকর্ত্তব্যে কর্ত্তব্যবুদ্ধিঃ, অনিষ্টস্য পুত্রনাশাদেঃ, উপনিপাত উপস্থিতির্ব্বা, এতদ্দ্বয়মেব মানসানাং মনোবর্ত্তিনাং দুঃখানাম্, যোনিঃ কারণম্। তৃতীয়স্তু তদ্দুঃখানাং কারণম্, নোপপদ্যতে ন সম্ভবতি; অন্যেষাং সর্ব্বেষামেবানয়োরন্তঃপাতাদিতি ভাবঃ ॥১২॥

এবমিতি। উপবর্ত্তন্তে প্রাপ্নুবন্তি। সংস্পর্শজানি সংসর্গজাতানি ॥১৩॥

জরেতি। খাদিতারৌ ক্ষীণীকর্ত্তারৌ নাশয়িতারৌ চ, বৃকৌ ব্যাঘ্রবিশেষৌ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যন্তি ন জীবিষ্যন্তি, চৌর্য্যপ্রসক্তাঃ সদ্য এব মার্য্যন্ত ইত্যর্থঃ ॥১০॥ তেষাং দারিদ্র্যোত্থানাং ভৈষজ্যং প্রতীকারম্। তমেবাহ—সর্ব্বেতি। "দুঃখে দুঃখাধিকান্ পশ্যেৎ সুখে পশ্যেৎ সুখাধিকান্। আত্মানং হর্ষশোকাভ্যাং শত্রুভ্যামিব নার্পয়েৎ॥" ইতি ভাবঃ ॥১১॥ বিভ্রমো বিপর্য্যাসঃ, অনিষ্টেঽপীষ্টবুদ্ধিরিষ্টে

পরদ্রব্য হরণ করিতে আরম্ভ করে, তাহারা একশত বৎসরের পরে আর জীবিত থাকে না ॥১০॥

তৎকালে রাজা কিংবা বৃদ্ধলোক নানাস্থানে প্রাণিগণের চরিত্র দেখিয়া আপন আপন বুদ্ধি অনুসারে দণ্ড ও উপদেশাদিদ্বারা সেই দুর্বৃত্তগণের সেই সকল গুরুতর দুঃখগুলির প্রতীকার করিতে থাকেন ॥১১॥

চিত্তের ভ্রম কিংবা কোন অনিষ্টের উপস্থিতি—এই দুইটী ব্যতীত মানসিক দুঃখের তৃতীয় কোন কারণ সম্ভবপর হইতে পারে না ॥১২॥

এইভাবে এই সকল নানাবিধ দুঃখ এবং সংসর্গজাত দুঃখ ক্রমে ক্রমে আসিয়া মানুষকে আক্রমণ করে ॥১৩॥

প্রাণীরা সবলই হউক বা দুর্ব্বলই হউক এবং দীর্ঘই হউক বা খর্ব্বই হউক, জরা ও মৃত্যু যথাসময়ে দুইটা ব্যাঘ্রের ন্যায় আসিয়া তাহাদিগকে ভক্ষণ করে ॥১৪॥

ন কশ্চিজ্জাত্বতিক্রামেজ্জরামৃত্যু হি মানবঃ।
অপি সাগরপর্য্যন্তাং বিজিত্যেমাং বসুন্ধরাম্ ॥ ৫॥
সুখং বা যদি বা দুঃখং ভূতানাং পর্য্যুপস্থিতম্।
প্রাপ্তব্যমবশৈঃ সর্ব্বং পরিহারো ন বিদ্যতে ॥১৬॥
পূর্ব্বে বয়সি মধ্যে বাপ্যুত্তরে বা নরাধিপ। ।
অবর্জ্জনীয়াস্তেঽর্থা বৈ কাঙ্ক্ষিতা যে ততোঽন্যথা ॥১৭॥
অপ্রিয়ৈঃ সহ সংযোগো বিপ্রযোগশ্চ সুপ্রিয়ৈঃ।
অর্থানর্থৌ সুখং দুঃখং বিধানমনুবর্ত্ততে ॥১৮॥
প্রাদুর্ভাবশ্চ ভূতানাং দেহত্যাগস্তথৈব চ।
প্রাপ্তির্ব্যায়ামযোগশ্চ সর্ব্বমেতৎ প্রতিষ্ঠিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ, অতিক্রামেৎ নিবর্ত্তয়িতুং শক্নুয়াৎ ॥১৫॥

সুখমিতি। প্রাপ্তব্যং ভোক্তব্যম্, অবশৈরস্বাধীনৈঃ, পরিহারস্তদানীমেব তয়োর্নিবৃত্ত্যুপায়ঃ ॥১৬॥

পূর্ব্ব ইতি। যে জরামরণাদয়ঃ, কাঙ্ক্ষিতাঃ সর্ব্বৈরেব নিবর্ত্তয়িতুমিষ্টাঃ, তে অর্থাঃ জরামরণাদয়ো বিষয়াঃ, অবর্জ্জনীয়া অনিবর্ত্তনীয়া এব ভবন্তি; প্রত্যুত ততো জরামরণাদিভ্যঃ, অন্যথা অন্যপ্রকারাঃ, অকাঙ্ক্ষিতাঃ ক্লৈব্যালোপাদয় এবাপতন্তীতি শেষঃ ॥১৭॥

অপ্রিয়ৈরিতি। অর্থানর্থৌ সম্পদ্বিপদৌ, বিধীয়ত ইতি বিধানং জন্মিনম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

চানিষ্টবুদ্ধিবিতি অনিষ্টং পুত্রশোকাদি তৎপ্রাপ্তির্ব্বা ॥১২॥ সংস্পর্শজানি বিষয়সজ্জানি ॥১৩—১৫॥ প্রাপ্তব্যং ভোক্তব্যম্ ॥১৬॥ তেঽর্থা জরাদয়ঃ পদার্থাঃ ততোঽন্যথাজরত্বাদিরূপেণ যে মনুষ্যস্য কাঙ্ক্ষিতা

কোন মানুষ সমুদ্রপর্য্যন্ত এই পৃথিবী জয় করিতে পারিয়াও জরা ও মৃত্যুকে কখনই অতিক্রম করিতে পারে না ॥১৫॥

সুখই হউক বা দুঃখই হউক, প্রাণিগণের যেমন যেমন উপস্থিত হইবে, তেমন তেমন তাহারা অবশ থাকিয়া তাহা অনুভব করিবে। কেন না, প্রাণিগণের ইচ্ছায় তাহার কোনটারও নিবৃত্তি হয় না ॥১৬॥

রাজা! মানুষ যেগুলির নিবৃত্তি কামনা করে, সেই জরা ও মৃত্যুপ্রভৃতি প্রথম বয়সে, মধ্যম বয়সে, কিংবা শেষ বয়সে সেগুলি আসিয়াই পড়ে; কিন্তু তাহাদের নিবৃত্তি করা যায় না; প্রত্যুত সেগুলির ক্রিয়া সকল আপনা আপনি উপস্থিত হইতে থাকে ॥১৭॥

অপ্রিয়ের সহিত সংযোগ, অত্যন্ত প্রিয়ের সহিত বিয়োগ, সম্পদ, বিপদ, সুখ ও দুঃখ এইগুলি স্বভাবতই প্রাণিগণের উপস্থিত হইয়া থাকে ॥১৮॥

গন্ধবর্ণরসস্পর্শা নিবর্ত্তন্তে স্বভাবতঃ।
তথৈব সুখদুঃখানি বিধানমনুবর্ত্ততে ॥২০॥
আসনং শয়নং যানমুত্থানং পানভোজনম্।
নিয়তং সর্ব্বভূতানাং কালেনৈব ভবন্ত্যুত ॥২১॥
বৈদ্যাশ্চাপ্যাতুরাঃ সন্তি বলবন্তশ্চ দুর্ব্বলাঃ।
শ্রীমন্তশ্চাপরে ষণ্ডা বিচিত্রঃ কালপর্য্যয়ঃ ॥২২॥
কুলে জন্ম তথা বীর্য্যমারোগ্যং রূপমেব চ।
সৌভাগ্যমুপভোগশ্চ ভবিতব্যেন লভ্যতে ॥২৩॥

ভারতকৌমুদী

প্রাদুরিতি। প্রাপ্তিঃ প্রিয়াপ্রিয়য়োঃ, ব্যায়ামযোগঃ কার্য্যেষু পরিশ্রমঃ ॥১৯॥

গন্ধেতি। বর্ণো রূপম্, অত্র শব্দোঽপি বেদিতব্যঃ সাধর্ম্ম্যাৎ, নিবর্ত্তন্তে কালে আগতেতি শেষঃ। বিধীয়ত ইতি বিধানং প্রাণী, অনুবর্ত্ততে ক্রমেণানুভবতি ॥২০॥

আসনমিতি। নিয়তং স্বভাবনির্দ্দিষ্টম্। উতেতি পাদপূরণে ॥২১॥

বৈদ্যা ইতি। বৈদ্যাশ্চিকিৎসকাঃ, আতুরা রোগিণঃ। শ্রীমন্তঃ পুরুষশোভাবন্তঃ, ষণ্ডা বিশ্রীকাঃ ক্লীবাঃ, কালস্য পর্য্যয়ো গতিবৈষম্যেতি যাবৎ ॥২২॥

কুল ইতি। কুলে সদ্বংশে, বীর্য্যং বলম্। ভবিতব্যেন শুভাদৃষ্টেন ॥২৩॥

ভারতভাবদীপঃ

ইষ্টাঃ ॥১৭॥ বিধানমদৃষ্টম্ ॥১৮॥ প্রাপ্তির্লাভো ব্যায়ামঃ শ্রমঃ অলাভ ইতি যাবৎ, তয়োর্যোগঃ, প্রতিষ্ঠিতং বিধানমিত্যনুষজ্যতে ॥১৯॥ গন্ধেতি। কলস্থা গন্ধাদয়ো নিবর্ত্তন্তে পূর্ব্বে পূর্ব্বে উদ্ভবে

উৎপত্তি, মৃত্যু, প্রিয় ও অপ্রিয়ের প্রাপ্তি এবং কার্য্য সাধনের পরিশ্রম এগুলি প্রাণিগণের উপরে প্রতিষ্ঠিতই রহিয়াছে ॥১৯॥

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ—এগুলি আসিয়া আসিয়া নিবৃত্তি পায় এবং প্রাণীরা সেইভাবেই সুখ ও দুঃখের অনুসরণ করে ॥২০॥

সমস্ত প্রাণীরই যথাকালে উপবেশন, শয়ন, গমন, উত্থান, পান ও ভোজন এইগুলি নিয়তভাবে হইয়া থাকে ॥২১॥

রোগী ও চিকিৎসক, প্রবল ও দুর্ব্বল এবং সুশ্রী পুরুষ ও বিশ্রী নপুংসক জগতে রহিয়াছে; অতএব কালের গতি বিচিত্রই বটে ॥২২॥

সৎকুলে জন্ম, বল, আরোগ্য, সৌন্দর্য্য, সৌভাগ্য ও সুখসম্ভোগ এইগুলি মানুষ দৈববশতই লাভ করিয়া থাকে ॥২৩॥

---

(২০) বিবিধানুবর্ত্ততে—পি।

সন্তি পুত্রাঃ সুবহবো দরিদ্রাণামনিচ্ছতাম্‌ ।
নাস্তি পুত্রঃ সমৃদ্ধানাং বিচিত্রং বিধিচেষ্টিতম্‌ ॥২৪॥
ব্যাধিরগ্নির্জলং শস্ত্রং বুভুক্ষাশ্চাপদো বিষম্‌ ।
জ্বরশ্চ মরণং জন্তোরুচ্চাচ্চ পতনং তথা ।
নির্ম্মাণে যস্য যদ্দিষ্টং তেন গচ্ছতি সেতুনা ॥২৫॥
দৃশ্যতে নাপ্যতিক্রামন্ন নিষ্ক্রান্তোঽথবা পুনঃ ।
দৃশ্যতে চাপ্যতিক্রামন্ন নিগ্রাহ্যোঽথবা পুনঃ ॥২৬॥
দৃশ্যতে হি যুবৈবেহ বিনশ্যন্‌ বসুমান্‌ নরঃ ।
দরিদ্রশ্চ পরিক্লিষ্টঃ শতবর্ষো জরান্বিতঃ ॥২৭॥

ভারতকৌমুদী

সন্তীতি। অনিচ্ছতাং পুত্রানেব। বিধেশ্চেষ্টিতং কার্য্যম্‌ ॥২৪॥

ব্যাধিরিতি। বুভুক্ষা ক্ষুধা। জ্বরঃ শোকাদিসন্তাপঃ। নির্ম্মাণে সৃষ্টৌ, দিষ্টং দৈবং ফলজননোন্মুখী-ভবতীত্যর্থঃ; সেতুনা পথা ব্যাধ্যাদ্যন্যতমাবস্থয়েতি তাৎপর্য্যম্‌, গচ্ছতি স জন্তুঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৫॥

দৃশ্যত ইতি। কোঽপি জন্তুর্দৈবাৎ আগতান্‌ তান্‌ ব্যাধ্যাদীন্‌ অতিক্রামন্‌ ন দৃশ্যতে; ন পুনরথবা তেভ্যো নিষ্ক্রান্তশ্চ দৈবস্যাতিপ্রবলত্বাদিতি ভাবঃ। অথবা পুনরনিগ্রাহ্যঃ তপস্যাতিবেকাৎ প্রবলেনাপি দৈবেনাদমনীয়ো জনঃ, তান্‌ ব্যাধ্যাদীন্‌ অতিক্রামন্নপি দৃশ্যতে চ ॥২৬॥

দৃশ্যত ইতি। অত্র যুবাপদম্‌ অপূর্ণবয়স্কব্যক্তিমাত্রোপলক্ষণম্‌। বসুমান্‌ ধনবান্‌ ॥২৭॥

ভাবতভাবদীপঃ

উত্তরে উপযান্তি তথৈব সুখাদীন্যপ্রত্যাখ্যেয়ানি অনুসৃত্য বর্ত্ততে বিদ্বান্‌ ॥২০—২৪॥ বুভুক্ষাঃ ক্ষুৎপ্রভৃতয়ঃ ॥২৫॥ নির্ম্মাণেঽদৃষ্টে সেতুনা কর্ম্মমর্য্যাদয়া অতিক্রামন্নতিপাপ্যনিষ্ক্রান্তো ন দৃশ্যতে, কিন্তু

দরিদ্রেরা পুত্র কামনা করে না; তথাপি তাহাদের বহুতর পুত্র হয়। আবার ধনাঢ্যেরা বহু পুত্র কামনা করে; অথ চ তাহাদের পুত্র হয় না। অতএব বিধাতার কার্য্য বিচিত্র ॥২৪॥

রোগ, অগ্নি, জল, অস্ত্র, ক্ষুধা, বিপদ, বিষ, শোকাদিসন্তাপ, উচ্চস্থান হইতে পতন ও মরণ এইগুলি প্রাণিমাত্রেরই আসিয়া থাকে; তবে যাহার যেরূপ অদৃষ্ট, সে সেই পথে গমন করে ॥২৫॥

কিন্তু দেখা যায়—কেহ এইগুলি অতিক্রম করিতে পারিতেছে না, কিংবা পূর্ব্বেও অতিক্রম করিতে পারে নাই। আবার প্রবল তপস্যার গুণে দৈবের অদমনীয় কোন কোন প্রাণীকে এইগুলি অতিক্রম করিতেও দেখা যায় ॥২৬॥

(২৫) আপদং বিষম্‌ তেন গচ্ছন্তি হেতুনা—পি।

অকিঞ্চনাশ্চ দৃশ্যন্তে পুরুষাশ্চিরজীবিনঃ।
সমৃদ্ধে চ কুলে জাতা বিনশ্যন্তি পতঙ্গবৎ ॥২৮॥
প্রায়েণ শ্রীমতাং লোকে ভোক্তুং শক্তির্ন বিদ্যতে।
কাষ্ঠান্যপি হি জীর্য্যন্তে দরিদ্রাণাঞ্চ সর্ব্বশঃ ॥২৯॥
অহমেতৎ করোমীতি মন্যতে কালনোদিতঃ।
যদ্যদিষ্টমসন্তোষাদ্দুরাত্মা পাপমাচরেৎ ॥৩০॥
মৃগয়াক্ষাঃ স্ত্রিয়ঃ পানং প্রসঙ্গা নিন্দিতা বুধৈঃ।
দৃশ্যন্তে পুরুষাশ্চাত্র সম্প্রযুক্তা বহুশ্রুতাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

উক্তমেবার্থং পুনরেব ভঙ্গ্যন্তরেণাহ অকিঞ্চনা ইতি। অকিঞ্চনা নিঃস্বাঃ ॥২৮॥

প্রায়েণেতি। শ্রীমতাং সমৃদ্ধিমতাম্, ভোক্তুং শক্তির্না বিদ্যতে রোগাদিনা সর্ব্বথৈবাক্ষম দেহত্বাদিতি ভাবঃ। জীর্য্যন্তে সংগ্রহোপযোগিধনাভাবাল্লুপ্যন্তে, ভোগসামর্থ্যে সত্যপীত্যাশয়ঃ ॥২৯॥

অহমিতি। দুরাত্মা লোভাতিরেকাদ্দূষিতচিত্তো জনঃ, কালেন নোদিতঃ প্রেরিতঃ সন্, অহমেতৎ করোমীতি মন্যতে। পবঞ্চ লোকে যদ্যৎ পাপমপাপং বা কর্ম্ম তদেষ্টং স্যাৎ, অসন্তোষাৎ লব্ধেষ্টপীষ্টে সন্তোষাভাবাৎ, পাপং চৌর্য্যাদিকমপ্যাচরেৎ ॥৩০॥

মৃগয়েতি। মৃগয়া পশুহিংসা, অক্ষা দ্যূতক্রীড়াঃ, স্ত্রিয়ো নিষিদ্ধস্ত্রীসম্ভোগাঃ; পানং সুরায়াঃ, প্রসঙ্গা অসৎসংসর্গাশ্চ। অত্র এষু মৃগয়াদিষু, সম্প্রযুক্তাঃ সম্যক্ প্রকর্ষেণ ব্যাপৃতাঃ, বহুশ্রুতা বহুশাস্ত্রজ্ঞা অপি ॥৩১॥

এই জগতে ধনী লোকও যৌবনবয়সে মরিয়া যায়; আবার সর্ব্বপ্রকারে ক্লেশভোগী দরিদ্র লোকও জরাজীর্ণ হইয়া শতবৎসর বাঁচিয়া থাকে, ইহা দেখা যায়॥২৭॥

আরও দেখিতে পাই—নিঃস্ব লোকেরা চিরজীবী হয় এবং সমৃদ্ধিযুক্তগৃহে জন্মিয়াও মানুষ অকালে পতঙ্গের ন্যায় মরিয়া যায় ॥২৮॥

জগতে প্রায় ধনী লোকেরই ভোগের শক্তি থাকে না; আবার দরিদ্রদিগের ঘরে কাষ্ঠ পর্য্যন্তও শূন্য হইয়া যায় (অর্থাৎ ভোগের কিছুই থাকে না) ॥২৯॥

প্রথমে দুর্জ্জনেরা কালপ্রেরিত হইয়া—'আমি ইহা করিব' এইরূপ মনে করে, তাহার পর ভাল বা মন্দ যাহা যাহাই তাহাব অভীষ্ট হয়, তাহা পাপজনক হইলেও অসন্তোষবশতঃ সে তাহা করিয়া ফেলে ॥৩০॥

মৃগয়া, দ্যূতক্রীড়া, নিষিদ্ধ স্ত্রীসম্ভোগ, সুরাপান ও অসৎসংসর্গ—এইগুলিকে পণ্ডিতেরা নিন্দা করিয়া থাকিলেও বহুশাস্ত্রজ্ঞ লোকদিগকেও ঐ সকল ব্যাপারে প্রবৃত্ত হইতে দেখা যায় ॥৩১॥

(৩০)...কালচোদিতঃ... লুব্ধাত্মা· পি।

ইতি কালেন সর্ব্বার্থানীপ্সিতানীপ্সিতানিহ।
স্পৃশন্তি সর্ব্বভূতানি নিমিত্তং নোপলভ্যতে ॥৩২॥
বায়ুমাকাশমগ্নিঞ্চ চন্দ্রাদিত্যাবহঃক্ষপে।
জ্যোতীংষি সরিতঃ শৈলান্ কঃ করোতি বিভর্ত্তি চ ॥৩৩॥
শীতমুষ্ণং তথাবর্ষং কালেন পরিবর্ত্ততে।
এবমেব মনুষ্যাণাং সুখদুঃখে নরর্ষভ। ॥৩৪॥
নৌষধানি ন মন্ত্রাশ্চ ন হোমা ন পুনর্জ্জপাঃ।
ত্রায়ন্তে মৃত্যুনোপেতং জরয়া চাপি মানবম্ ॥৩৫॥
যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ।
সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

ইতীতি। সর্ব্বার্থান্ সর্ব্ববিষয়ান্। স্পৃশন্তি প্রাপ্নুবন্তি। নিমিত্তং তৎকারণম্ ॥৩২॥

বায়ুমিতি। অহঃক্ষপে দিনরাত্রী। জ্যোতীংষি নক্ষত্রাণি, কঃ করোতি বিভর্ত্তি চ ঈশ্বর এব সর্ব্বং করোতি বিভর্ত্তি চেতি ভাবঃ ॥৩৩॥

শীতমিতি। এবমেব কালেন পরিবর্ত্ততে ইত্যর্থঃ ॥৩৪॥

নেতি। উপেতমাক্রান্তম্ ॥৩৫॥

যথেতি। কাষ্ঠং পূর্ব্বস্যা দিশ আগতমেকং শুষ্কং দারু, কাষ্ঠং পশ্চিমায়া দিশ আগতমপরং শুষ্কং দারু, সমেযাতাং বায়োর্জ্জলস্য বা বেগাৎ পরস্পরং মিলিতে ভবেতাম্, সমেত্য মিলিত্বা চ ব্যপেয়াতাং বহুস্থানং ব্যাপ্নুতাম্, অন্যেষামপি তথৈবাগমাদিতি ভাবঃ। ভূতানাং প্রাণিনাম্, সমাগমঃ সম্মেলনং ভবতি ॥৩৬॥

ভারতভাবদীপঃ

পাপেন সদ্যো বধ্যত এব কশ্চিত্তু নিগ্রাহ্যো ন ভবতীত্যপি দৃশ্যতে ॥২৬—৩০॥ প্রসঙ্গা যুদ্ধবিবাদাদয়ঃ, অত্র মৃগয়াদৌ ॥৩১॥ ইহ নিমিত্তং নোপলভামহে কিন্ত্বদৃষ্টনিমিত্তমেব তদিত্যর্থঃ ॥৩২॥ যথা

এইরূপে সমস্ত প্রাণীই অভীষ্ট ও অনভীষ্ট সমস্ত বিষয়ই প্রাপ্ত হইয়া থাকে; কিন্তু সেই প্রাপ্তির কোন কারণ প্রত্যক্ষ দেখিতে পাওয়া যায় না ॥৩২॥

বায়ু, আকাশ, অগ্নি, চন্দ্র, সূর্য্য, দিন, রাত্রি, নক্ষত্র, নদী ও পর্ব্বত এই পদার্থগুলিকে কে সৃষ্টি করে, কেই বা রক্ষা করে? (অবশ্যই বলিতে হইবে যে, ঈশ্বরই সৃষ্টি করেন, ঈশ্বরই রক্ষা করেন; সুতরাং সমস্তই ঈশ্বর করেন) ॥৩৩॥

নরশ্রেষ্ঠ! শীত, গ্রীষ্ম ও বর্ষা যেমন কালে পরিবর্ত্তিত হয়, সেইরূপ মানুষের সুখ ও দুঃখ কালে পরিবর্ত্তিত হইয়া থাকে ॥৩৪॥

মানুষ জরা বা মৃত্যুকর্ত্তৃক আক্রান্ত হইলে, ঔষধ, মন্ত্র, হোম বা জপ ইহার কোনটাই তাহাকে রক্ষা করিতে পারে না ॥৩৫॥

যে চৈব পুরুষাঃ স্ত্রীভির্গীতবাদ্যৈরুপস্থিতাঃ।
যে চানাথাঃ পরান্নাদাঃ কালস্তেষু সমক্রিয়ঃ ॥৩৭॥
মাতাপিতৃসহস্রাণি পুত্রদারশতানি চ।
সংসারেষ্বনুভূতানি কস্য তে কস্য বা বয়ম্ ॥৩৮॥
নৈবাস্য কশ্চিদ্ভবিতা নায়ং ভবতি কস্যচিৎ।
পথি সঙ্গতমেবেদং দারবন্ধুসুহৃজ্জনৈঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

য ইতি। স্ত্রীভিঃ সহ, উপস্থিতা ধনিতয়া উপস্থিতামোদা ভবন্তি। অনাথা আত্মীয়শূন্যাঃ, পরস্য অন্নমদন্তি ভক্ষয়ন্তীতি তে তাদৃশাস্তিষ্ঠন্তি; কর্ম্মণ্যণ্। সমাঃ সমানাঃ ক্রিয়াঃ সুখদুঃখোপস্থাপনাদয়ো ব্যাপারা যস্য স তাদৃশো ভবতি ॥৩৭॥

মাতেতি। সংসারেষু জন্মজন্মসু। দেহমাত্রকৃতাঃ সম্পর্কা ইত্যাশয়ঃ ॥৩৮॥

নেতি। ভবিতা চিরসম্পর্কী। এবমগ্রত্র। পথি সংসারমার্গে, সঙ্গতং সম্মেলনম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

বায়্বাদিবীশকৃতত্বাদবিনাশ্য এবং দুঃখমপীত্যাহ—বায়ুমিত্যাদিনা ॥৩৩—৩৬॥ উপস্থিতাঃ সেবিতাঃ, কালো মৃত্যুঃ ॥৩৭—৩৮॥ পথি মার্গে অন্যৈবিবেহ দারাদিভিঃ সঙ্গতং জ্ঞেয়ম্ ॥৩৯॥ স্থাপযেদ্বিচারে

মহাসমুদ্রে যেমন প্রথমে একখানি কাষ্ঠ অন্য একখানি কাষ্ঠের সহিত মিলিত হয়, পরে সেই দুইখানি কাষ্ঠ অন্যান্য বহু কাষ্ঠের সহযোগে সমুদ্রের বহু স্থান ব্যাপ্ত করে; সেইরূপই এই সংসারে প্রথমে দুইটী প্রাণীর সম্মেলন হয়, পরে তাহারা অন্যান্য বহু প্রাণীর সহযোগে জগতের বহু স্থান ব্যাপ্ত করিয়া থাকে ॥৩৬॥

যে সকল মানুষ ধনী বলিয়া স্ত্রীলোকদিগকে লইয়া গান ও বাদ্যদ্বারা আমোদ করে এবং দরিদ্র আত্মীয়স্বজনশূন্য যে সকল লোক পরের অন্ন ভোজন করিয়া কষ্টে জীবনযাপন করে, কাল সেই উভয়বিধ লোকের উপরেই সমান ক্রিয়া করিয়া থাকে ॥৩৭॥

আমরা এই জগতে বিভিন্ন জন্মে সহস্র সহস্র মাতা ও পিতাকে এবং শত শত পুত্র ও কলত্রকে প্রত্যক্ষ করিয়াছি। (পরে জানিয়াছি—) তাঁহারা কাহার, আমরাই বা কাহার ॥৩৮॥

ফলতঃ কোন ব্যক্তিই এই ব্যক্তির চিরসম্পর্কী হইবে না, আবার এই ব্যক্তিও কোন ব্যক্তিরই চিরসম্পর্কী হইতেছে না; কিন্তু ভার্য্যা, বন্ধু ও সুহৃদ্বর্গের সহিত পথে সম্মেলন মাত্র হইতেছে ॥৩৯॥

---

(৩৭) যে চ নিষ্পরুষৈরুক্তঃ নি।

ক্কাসে ক্ব চ গমিষ্যামি কো ন্বহং কিমিহাগতঃ।
কস্মাৎ কিমনুশোচেয়মিত্যেবং স্থাপয়েন্মনঃ ॥৪০॥
অনিত্যে প্রিয়সংবাসে সংসারে চক্রবদ্গতৌ।
পথি সঙ্গতমেবৈতদ্ভ্রাতা মাতা পিতা সখা ॥৪১॥
ন দৃষ্টপূর্ব্বং প্রত্যক্ষং পরলোকং বিদুর্বুধাঃ।
আগমাংস্ত্বনতিক্রম্য শ্রদ্ধাতব্যং বুভূষতা ॥৪২॥
কুর্ব্বীত পিতৃদৈবত্যং ধর্ম্ম্যাণি চ সমাচরেৎ।
যজেচ্চ বিদ্বান্ বিধিবত্ত্রিবর্গঞ্চাপ্যুপাচরেৎ ॥৪৩॥

ভারতকৌমুদী

কেতি। ক্ব কস্মিন্ স্থানে আসে তিষ্ঠামি। ইত্যেবং বিকল্পে ॥৪০॥

অনিত্য ইতি। প্রিয়াণাং সংবাসঃ সহবাসস্তস্মিন্, চক্রবদ্গতিঃ পরিবর্ত্তনশীলতা যস্য তস্মিন্। এতৎ সঙ্গতং সম্মেলনম্, পথীব, ভ্রাত্রাদয়ঃ সর্ব্বে পথীব কিয়ন্তং কালং মিলন্তীত্যর্থঃ ॥৪১॥

নেতি। প্রত্যক্ষং ন দৃষ্টপূর্ব্বমিতি সাপেক্ষেঽপি সমাসো গমকত্বাৎ। আগমান্ শাস্ত্রাণি, শ্রদ্ধাতব্যং পরলোকে বিশ্বসিতব্যম্, বুভূষতা ভবিতুং সুখং প্রাপ্তুমিচ্ছতা জনেন ॥৪২॥

কুর্ব্বীতেতি। পিতৃদৈবত্যং শ্রাদ্ধপূজনাদিকং কর্ম্ম, ধর্ম্ম্যাণি ধর্ম্মাদনপেতানি, দানব্রতাদীনি কর্ম্মাণি। ত্রিবর্গং ধর্ম্মার্থকামান্, উপাচরেৎ সেবেত ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ইতি শেষঃ ॥৪০—৪১॥ এবমিষ্টবিয়োগে শোকো ন কার্য্য ইত্যুক্ত্বামুত্র নবকপাতভয়াদপি শোকো ন কার্য্য ইত্যাহ—ন দৃষ্টপূর্ব্বমিত্যাদিনা। আগমৈকগম্যঃ পরলোক আগমে চ যুদ্ধে শত্রুঘাতিনাং স

আমি কোথায় আছি ও কোথায় যাইব এবং আমি কে, কি জন্যই বা এখানে আসিয়াছি, কি জন্যই বা কাহার উদ্দেশে শোক কবিতেছি, এইভাবে মানুষ আপনার মনকে নানা বিকল্পে স্থাপন করিবে ॥৪০॥

প্রণয়ীদিগের সহবাস অনিত্য এবং সংসারও চক্রের ন্যায় পরিবর্ত্তনশীল ; সুতরাং পথে যেমন পথিকগণের সম্মেলন ক্ষণস্থায়ী হয়, সেইরূপ ভ্রাতা, মাতা, পিতা ও সখার সহিত এই সম্মেলনও ক্ষণস্থায়ী হইয়া থাকে ॥৪১॥

পণ্ডিতেরাও জানেন যে, কেহই পূর্ব্বে পরলোককে প্রত্যক্ষ দেখে নাই ; সুতরাং সেই পরলোকে সুখাভিলাষী মানুষ শাস্ত্র অনুসারে পরলোকে বিশ্বাস করিবে ॥৪২॥

বুদ্ধিমান্ মানুষ পিতৃকার্য্য, দেবকার্য্য, ধর্ম্মসঙ্গত দান ও ব্রতপ্রভৃতি কার্য্য, যজ্ঞ এবং ধর্ম্ম, অর্থ ও কামসেবন যথাবিধানে কবিতে থাকিবে ॥৪৩॥

---

(৪০) কিমিহাস্থিতঃ বঙ্গ বর্দ্ধ নি।

সন্নিমজ্জেজ্জগদিদং গম্ভীরে কালসাগরে।
জরামৃত্যুমহাগ্রাহে ন কশ্চিদববুধ্যতে ॥৪৪॥
আয়ুর্ব্বেদমধীয়ানাঃ কেবলং সপরিগ্রহাঃ।
দৃশ্যন্তে বহবো বৈদ্যা ব্যাধিভিঃ সমভিপ্লুতাঃ ॥৪৫॥
তে পিবন্তঃ কষায়াংশ্চ সর্পীংষি বিবিধানি চ।
ন মৃত্যুমতিবর্ত্তন্তে বেলামিব মহোদধিঃ ॥৪৬॥
রসায়নবিদশ্চৈব সুপ্রযুক্তরসায়নাঃ।
দৃশ্যন্তে জরয়া ভগ্না নগা নাগৈরিবোত্তমৈঃ ॥৪৭॥
তথৈব তপসোপেতাঃ স্বাধ্যায়াভ্যসনে রতাঃ।
দাতারো যজ্ঞশীলাশ্চ ন তরন্তি জরান্তকৌ ॥৪৮॥

ভারতকৌমুদী

সমিতি। জরামৃত্যু এব মহান্তৌ গ্রাহৌ জলজন্তুবিশেষৌ যত্র তস্মিন্ ॥৪৪॥

আয়ুরিতি। পরিগ্রহৈঃ কলত্রৈঃ সহেতি সপরিগ্রহাঃ। সমভিপ্লুতা আক্রান্তাঃ প্রতীকারো-পায়মাত্রজ্ঞানেন ন খলু লোকা বিপদো মুচ্যন্তে; অপি তু প্রতীকারকরণেনৈবেতি ভাবঃ ॥৪৫॥

প্রতীকারকরণেঽপি ন সর্ব্বত্র বিপদো মুক্তিরিত্যাহ ত ইতি। তে রোগগ্রস্তা বৈদ্যাঃ, কষায়ান্ ঔষধবিশেষান্, সর্পীংষি ঔষধরূপাণি ঘৃতানি। বেলাং তীরম্ ॥৪৬॥

রসেতি। রসো বীর্য্যম্ অয়তে দেহে আগচ্ছত্যনেনেতি রসায়নং জরাব্যাধিনিবর্ত্তক ঔষধ-বিশেষস্তদ্বিদঃ, "যজ্জরাব্যাধিবিধ্বংসিভেষজং তদ্রসায়নম্" ইতি চরকোক্তেঃ। সুপ্রযুক্তং সম্যক্ সেবিতং রসায়নং যৈস্তে তাদৃশাঃ সন্তোঽপি উত্তমৈর্নাগৈর্গজৈঃ, নগাঃ পর্ব্বতা ইব জরয়া ভগ্না নষ্টদেহস্বাস্থ্যা আমর্দ্দিতাশ্চ দৃশ্যন্তে। দৈবাদৌষধবৈগুণ্যাদ্বেতি ভাবঃ ॥৪৭॥

তথেতি। স্বাধ্যায়ানাং বেদানাম্ অভ্যসনে অভ্যাসে। জরান্তকৌ বার্দ্ধক্যমৃত্যু ॥৪৮॥

কাল একটা সমুদ্র; তাহাতে জরা ও মৃত্যুনামে ভীষণ জলজন্তু অবস্থান করে; সেই কালসমুদ্রে এই জগৎ মগ্ন হইয়া যাইবে। ইহা কোন ব্যক্তি বোঝে না ॥৪৪॥

আয়ুর্ব্বেদাধ্যায়ী বহুতর বৈদ্যকেই সপরিবারে রোগাক্রান্ত হইতে দেখা যায় ॥৪৫॥

মহাসমুদ্র যেমন তাহার তীরকে অতিক্রম করিতে পারে না; তেমন সেই বৈদ্যেরা রসায়ন ঔষধ এবং নানাবিধ ঘৃত পান করিয়াও মৃত্যুকে অতিক্রম করিতে পারেন না ॥৪৬॥

রসায়ন (ঔষধবিশেষ জানে) এবং যথানিয়মে সেই রসায়ন সেবন করিয়াছে এইরূপ বহুতর লোককেও উত্তম হস্তিভগ্ন পর্ব্বতসমূহের ন্যায় জরার প্রভাবে ভগ্নস্বাস্থ্য হইতে দেখা যায় ॥৪৭॥

নহ্যহানি নিবর্ত্তন্তে ন মাসা ন পুনঃ সমাঃ।
জাতানাং সর্ব্বভূতানাং ন পক্ষা ন পুনঃ ক্ষপাঃ ॥৪৯॥
সোঽয়ং বিপুলমধ্বানং কালেন ধ্রুবমধ্রুবঃ।
নরোঽবশঃ সমভ্যেতি সর্ব্বভূতনিষেবিতম্ ॥৫০॥
দেহো বা জীবতোঽভ্যেতি জীবো বাভ্যেতি দেহতঃ।
পথি সঙ্গতমেবৈতদ্দারৈরন্যৈশ্চ বন্ধুভিঃ ॥৫১॥
নায়মত্যন্তসংবাসো লভ্যতে জাতু কেনচিৎ।
অপি স্বেন শরীরেণ কিমুতান্যেন কেনচিৎ ॥৫২॥

ভারতকৌমুদী

নহীতি। অহানি দিনানি, সমা বৎসরাঃ। ক্ষপা রাত্রয়ঃ। অতএব পুনর্যৌবনাদ্যাগমনাশা নাস্তীতি ভাবঃ ॥৪৯॥

স ইতি। অধ্বানং জীবনপথম্। ধ্রুবং নিশ্চিতম্, অধ্রুবঃ অচিরস্থায়ী ॥৫০॥

দেহ ইতি। জীবতো ব্রহ্মাভিন্নাং জীবাত্মনো বা অভ্যেতি উৎপদ্যতে; "জন্মাদ্যস্য যতঃ" ইতি বেদান্তসূত্রাৎ "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইতি শ্রুতেশ্চ। জীবো জীবচৈতন্যং বা, দেহতো দেহাৎ, অভ্যেতি উৎপদ্যতে, "চতুর্ভ্যঃ খলু ভূতেভ্যশ্চৈতন্যমুপজায়তে" ইতি চার্ব্বাকদর্শনাৎ। যথা তথা বা ভবত্বিতি ভাবঃ। পথি গন্তব্যমার্গে পথিকান্তরৈরিব, দারৈরন্যৈর্বন্ধুভিশ্চ সহ, এতৎ সঙ্গতং সম্মেলনম্, ক্ষণিকমিত্যভিপ্রায়ঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

নশ্যতীতি ন দৃষ্টমত্রে বৃথৈব তে শোক ইত্যর্থঃ ॥৪২॥ ধর্ম্মাণি ধর্ম্মবহানি ॥৪৩—৪৬॥ নাগা গজাঃ, উত্তমৈর্বলিষ্ঠৈঃ ॥৪৭—৪৯॥ অধ্বানং সংসারমার্গম্, অবশ ইতি চ্ছেদঃ ॥৫০॥ অভ্যেত্যাবির্ভবতি, নিত্যাত্মপক্ষে জীবাদ্দেহোৎপত্তিরনিত্যাত্মপক্ষে দেহাজ্জীবোৎপত্তির্বা ভবতু সর্ব্বথা দারাদিসঙ্গমঃ

সেইরূপই তপঃসমন্বিত, বেদপাঠে নিরত, দাতা এবং যজ্ঞশীল লোকেরাও জরা ও মৃত্যুকে অতিক্রম করিতে পারেন না ॥৪৮॥

উৎপন্ন সমস্ত প্রাণীরই গত দিন, রাত্রি, পক্ষ, মাস ও বৎসর আর ফিরিয়া আসে না ॥৪৯॥

এই সেই অচিরস্থায়ী মানুষ অবশ হইয়াই যে পথে সমস্ত প্রাণী চলিয়া থাকে, কালনির্দ্দিষ্ট সেই বিশাল জীবন পথে চলিতেছে ॥৫০॥

আস্তিক বলেন—এই দেহ জীবব্রহ্ম হইতে উৎপন্ন হয়, আবার নাস্তিক বলেন—এই জীবচৈতন্য দেহ হইতে উৎপন্ন হইয়া থাকে। (সে যাহা হউক,) পথে যেমন পথিকের অপর পথিকগণের সহিত অল্পকালের জন্য সম্মেলন হয়, সেইরূপ সংসারে মানুষের পুত্র ও কলত্রপ্রভৃতির সহিত অল্পকালের জন্যই সম্মেলন হইয়া থাকে ॥৫১॥

(৫১)·· পথি সঙ্গমমেতোতি·· বঙ্গ বর্দ্ধ।

ক নু তেঽস্য পিতা রাজন্! ক নু তেঽস্য পিতামহাঃ।
ন ত্বং পশ্যসি তানদ্য ন ত্বাং পশ্যন্তি তেঽনঘ! ॥৫৩॥
ন চৈব পুরুষো দ্রষ্টা স্বর্গস্য নরকস্য চ।
আগমস্তু সতাং চক্ষুর্নৃপতে! তমিহাচর ॥৫৪॥
চরিতব্রহ্মচর্য্যো হি প্রজায়েত যজেত চ।
পিতৃদেবমনুষ্যাণামানৃণ্যাদনসূয়কঃ ॥৫৫॥
স যজ্ঞশীলঃ প্রজনে নিবিষ্টঃ প্রাগ্‌ব্রহ্মচারী প্রবিবিক্তচক্ষুঃ।
আরাধয়েৎ স্বর্গমিমঞ্চ লোকং পরঞ্চ মুক্ত্বা হৃদয়ব্যলীকম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

নেতি। অত্যন্তসংবাসঃ চিরস্থায়ী সহবাসঃ, জাতু কদাচিৎ। অন্যেন পুত্রাদিনা ॥৫২॥
উক্তার্থে প্রমাণমাহ কেতি। পিতামহাঃ পিতৃপিত্রাদয়ঃ ॥৫৩॥
নেতি। আগমঃ শাস্ত্রং, চক্ষুশ্চক্ষুরূপঃ অলৌকিকার্থপ্রদর্শক ইত্যর্থঃ ॥৫৪॥
চরিতেতি। অনসূয়কঃ পরদোষাবিষ্কারশূন্যঃ সন্, আনৃণ্যাৎ আনৃণ্যমুদ্দিশ্যেতি ল্যব্লোপে পঞ্চমী। প্রজায়েত ভার্য্যায়া গর্ভে পুত্ররূপেণোৎপদ্যেত। তত্র পুত্রোৎপাদনেন পিতৄণাম্, যজনেন চ দেবমনুষ্যাণামানৃণ্যম্, মনুষ্যাণাস্তু যজ্ঞীয়ান্নভোজনাদিনেতি ভাবঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

পান্থসঙ্গমতুল্য এবেত্যর্থঃ ॥৫১॥ সংবাসঃ সহাবস্থানম্ ॥৫২—৫৪॥ প্রজায়েত পুত্রাদিমুৎপাদয়েৎ, আনৃণ্যাদ্ধেতোঃ ॥৫৫॥ প্রজনে প্রজোৎপাদনে হৃদয়ব্যলীকং হৃৎস্থমপ্রিয়ং শোকমনৃতং বা মমত্বাস্থ্যাসং

এই জগতে কোন প্রাণীই কখনই পুত্রকলত্রাদির সহিত চিরস্থায়ী সম্মেলন লাভ করে না; এমন কি নিজের দেহের সহিতই চিরস্থায়ী সম্মেলন লাভ করে না, তাহাতে অন্যান্য বন্ধুগণের সহিত সম্মেলনের কথা কি বলিব ॥৫২॥

নিষ্পাপ রাজা! আজ আপনার সেই পিতা কোথায় এবং আপনার সেই পিতামহেরাই বা কোথায়? আজ আপনি তাঁহাদিগকে দেখিতে পাইতেছেন না এবং তাঁহারাও আপনাকে দেখিতেছেন না ॥৫৩॥

রাজা! মানুষ স্বর্গ বা নরক এই চর্ম্মচক্ষুদ্বারা দেখিতে পায় না; কিন্তু শাস্ত্রই সজ্জনের অলৌকিকার্থপ্রদর্শক প্রকৃত চক্ষু। অতএব আপনি সেই শাস্ত্রের অনুসরণ করুন ॥৫৪॥

মানুষ ব্রহ্মচর্য্যাচরণ করিয়া, পরের দোষানুসন্ধান বর্জ্জিত হইয়া পিতৃলোক, দেবলোক ও মনুষ্যলোকদিগের ঋণ পরিশোধ করিবার উদ্দেশে সন্তান উৎপাদন ও যজ্ঞ করিবে ॥৫৫॥

(৫৫) পিতৃদেবমহর্ষীণাম্‌·· পি।

সমং হি ধর্ম্মং চরতো নৃপস্য দ্রব্যাণি চাভ্যাহরতো যথাবৎ।
প্রবৃত্তধর্ম্মস্য যশোঽভিবর্দ্ধতে সর্ব্বেষু লোকেষু চরাচরেষু ॥৫৭॥
ইত্যেবমাজ্ঞায় বিদেহরাজো বাক্যং সমগ্রং পরিপূর্ণহেতু।
অশ্মানমামন্ত্র্য বিশুদ্ধবুদ্ধির্যযৌ গৃহং স্বং প্রতিশান্তশোকঃ ॥৫৮॥
তথা ত্বমপ্যচ্যুত! মুঞ্চ শোকমুত্তিষ্ঠ শক্রোপম! হর্ষমেহি।
ক্ষাত্রেণ ধর্ম্মেণ মহী জিতা তে তাং ভুঙ্ক্ষ্ব কুন্তীসুত! মাবমংস্থাঃ ॥৫৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে ব্যাসবাক্যে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। স প্রাগ্‌ব্রহ্মচারী চরিতব্রহ্মচর্য্যঃ পুরুষঃ, প্রজনে সন্তানোৎপাদনে নিবিষ্ট আগ্রহান্বিতঃ, প্রবিবিক্তে পরদারদর্শনাদিত্যাগেন পূতে চক্ষুষী যস্য স তাদৃশঃ সন্, হৃদয়স্য ব্যলীকম্ অনৃতম্, স্বর্গম্ ইমং লোকঞ্চ স্বর্গাশাম্ ঐহিকং সুখঞ্চেত্যর্থঃ; মুক্ত্বা যজ্ঞশীলঃ সন্, পরং সর্ব্বশ্রেষ্ঠং ব্রহ্ম আরাধয়েৎ ॥৫৬॥

সমমিতি। সমং সমানং মিত্রে শত্রৌ চ সমানজ্ঞানং যথা স্যাত্তথা ধর্ম্মং চরতঃ, যথাবৎ দ্রব্যাণি কররূপাণি ধনানি, অভ্যাহরতঃ প্রজাভ্য আদদতশ্চ; প্রবৃত্তধর্ম্মস্য রাজ্যশাসনে সঞ্জাতন্যায়স্য নৃপস্য ॥৫৭॥

ইতীতি। আজ্ঞায় সম্যগাকর্ণ্য, পরিপূর্ণা হেতুযুক্তির্যত্র তৎ। অশ্মানং প্রাগুক্তং তদাখ্যং ব্রাহ্মণম্, আমন্ত্র্য অনুজ্ঞাপ্য। প্রতিশান্তো নিবৃত্তঃ শোকো যস্য সঃ ॥৫৮॥

মানুষ প্রথমে ব্রহ্মচর্য্যাচরণ করিয়া পরে সন্তান উৎপাদনে অভিনিবিষ্ট হইযা নয়ন দুইটীকে পবিত্র রাখিয়া মন হইতে মিথ্যা, স্বর্গলাভের আশা ও ঐহিক সুখলালসা ছাড়িয়া দিয়া যজ্ঞশীল হইয়া একমাত্র পরব্রহ্মের আরাধনা করিতে থাকিবে ॥৫৬॥

রাজা যদি যথানিয়মে প্রজাদের নিকট হইতে কর গ্রহণ, ন্যায় অনুসারে রাজ্য শাসন এবং মিত্র ও শত্রুর উপরে সমান জ্ঞান রাখিয়া ধর্ম্মাচরণ করিতে থাকেন, তাহা হইলে তাঁহার যশ চরাচর সমগ্র জগতে বৃদ্ধি পাইতে থাকে ॥৫৭॥

নির্ম্মলবুদ্ধি বিদেহদেশের রাজা জনক এইরূপ যুক্তিপূর্ণ অশ্মার বাক্য সকল শ্রবণ করিয়া শোকশূন্য হইয়া, অশ্মার অনুমতি লইয়া আপন গৃহের ভিতরে চলিয়া গেলেন ॥৫৮॥

হে ইন্দ্রতুল্য ধর্ম্মনিষ্ঠ কুন্তীনন্দন! তুমিও সেই জনকরাজার ন্যায় শোক পরিত্যাগ কর, গাত্রোত্থান কর এবং হৃষ্টচিত্ত হও। তুমি ক্ষত্রিয় ধর্ম্ম অনুসারে পৃথিবী জয় করিয়াছ; সুতরাং এখন তাহা ভোগ কর। কিন্তু তাহার অবজ্ঞা করিও না ॥৫৯॥

(৫৭) সম্যক্‌স্বধর্ম্মং প্রবৃদ্ধচক্রস্য· নি। * '·· সপ্তবিংশোঽধ্যায়ঃ' নি।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

অব্যাহরতি রাজেন্দ্রে ধর্ম্মপুত্রে যুধিষ্ঠিরে।
গুড়াকেশো হৃষীকেশমভ্যভাষত পাণ্ডবঃ ॥১॥

অর্জ্জুন উবাচ।

জ্ঞাতিশোকাভিসন্তপ্তো ধর্ম্মপুত্রঃ পরন্তপঃ।
এষ শোকার্ণবে মগ্নস্তমাশ্বাসয় মাধব! ॥২॥
সর্ব্বে স্ম তে সংশয়িতাঃ পুনরেব জনার্দ্দন!।
অস্য শোকং মহাবাহো! প্রণাশয়িতুমর্হসি ॥৩॥

ভারতকৌমুদী

ইদানীং বিবক্ষিতমর্থমাহ তথেতি। তথা বিদেহরাজবদেব, হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট!। তে ত্বয়া। মা অবমংস্থাঃ তাং পৃথিবীং নাবজানীহি ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

অব্যাহরতীতি। অব্যাহরতি কিঞ্চিদপ্যবদতি সতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা অস্ত্রলাভায় তপশ্চরণকালে জিতনিদ্র ইত্যর্থঃ অর্জ্জুনঃ, হৃষীকা মায়া তস্যা ঈশং নিয়ন্তারং কৃষ্ণম্ ॥১॥

অস্মান্ অশক্তান্ অবলোক্য সর্ব্বশক্তিমন্তং কৃষ্ণমনুবর্ণকি জ্ঞাতীতি। পরন্তপঃ শত্রুসন্তাপী ॥২॥

সর্ব্ব ইতি। সংশয়িতা রাজ্যস্থিতৌ সন্দিগ্ধাঃ, অস্য বনগমনে সর্ব্বেষামেব সাহচর্য্যসম্ভবাদিতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

মুক্ত্বা স্বর্গনিমঞ্চ লোকং পরং পরমাত্মানং বা আরাধয়েৎ ॥৫৬॥ সমং রাগদ্বেষবর্জ্জং যথা স্যাত্তথা ধর্ম্মং চরত ॥৫৭—৫৮॥ হে অচ্যুতেতি স্বধর্ম্মান্ন চ্যুতোঽসীত্যর্থঃ। তে ত্বযা ॥৫৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সেই সময়েও কিছু না বলিলে, পাণ্ডুনন্দন অর্জ্জুন কৃষ্ণকে কহিলেন ॥১॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! এই শত্রুসন্তাপী ধর্ম্মনন্দন জ্ঞাতিশোকে সন্তপ্ত এবং অন্যান্য শোকার্ণবে মগ্ন হইয়া পড়িয়াছেন। অতএব তুমি উঁহাকে আশ্বস্ত কর ॥২॥

(৩).. শোকং মহাপ্রাজ্ঞ।.. নি।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু গোবিন্দো বিজয়েন মহাত্মনা।
পর্য্যবর্ত্তত রাজানং পুণ্ডরীকেক্ষণোঽচ্যুতঃ ॥৪॥
অনতিক্রমণীয়ো হি ধর্ম্মরাজস্য কেশবঃ।
বাল্যাৎ প্রভৃতি গোবিন্দঃ প্রীত্যা চাভ্যধিকোঽর্জ্জুনাৎ ॥৫॥
সংপ্রগৃহ্য মহাবাহুর্ভুজং চন্দনভূষিতম্।
শৈলস্তম্ভোপমং শৌরিরুবাচাভিবিনোদয়ন্ ॥৬॥
শুশুভে বদনং তস্য সুদংষ্ট্রং চারুলোচনম্।
ব্যাকোশমিব বিস্পষ্টং পদ্মং সূর্য্য ইবোদিতে ॥৭॥

বাসুদেব উবাচ।

মা কৃথাঃ পুরুষব্যাঘ্র! শোকং ত্বং গাত্রশোষকম্।
নহি তে সুলভা ভূয়ো যে হতাস্মিন্ রণাজিরে ॥৮॥

ভাবতকৌমুদী

এবমিতি। বিজয়েনার্জ্জুনেন। পর্য্যবর্ত্তত অভিমুখোঽভবৎ ॥৪॥
অনতীতি। হি যস্মাৎ। অতএব তৎ প্রত্যনুবোধ ইত্যাশয়ঃ ॥৫॥
সংপ্রেতি। ভুজং যুধিষ্ঠিরস্য। শৌরিঃ কৃষ্ণঃ। অভিবিনোদয়ন্ সর্ব্বথৈবানন্দয়ন্ ॥৬॥
শুশুভ ইতি। তস্য শৌরেঃ, শোভনা দংষ্ট্রা দন্তশ্রেণির্যস্য তৎ। ব্যাকোশং স্ফুটিতম্ ॥৭॥

ভাবতভাবদীপঃ

অব্যাহবতি হেত্বভাবেঽপি শোকো বাধতে ইতি বিস্ময়ান্মৌনমাস্থিতে ॥১—২॥ তে বয়ম্ ॥৩॥
পর্য্যবর্ত্তত অভিমুখোঽভূৎ ॥৪—৫॥ ভুজং বাহুঃ, সম্প্রগৃহ্য হস্তে ধৃত্বা ॥৬॥ ব্যাকোশং বিকসিতম্ ॥৭॥

মহাবাহু জনার্দ্দন! উঁহাব এই শোকে আমরা সকলেই পুনরায় সংশয়াপন্ন হইযা পড়িয়াছি। অতএব তুমি উঁহাব শোক দূব কব' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা অর্জ্জুন এইরূপ বলিলে, পুণ্ডরীকাক্ষ ও অচ্যুত কৃষ্ণ যুধিষ্ঠিরের অভিমুখ হইয়া বসিলেন ॥৪॥

বাল্যকাল হইতেই কৃষ্ণের অনুবোধ যুধিষ্ঠিবের অলঙ্ঘনীয় ছিল; বিশেষতঃ কৃষ্ণ অর্জ্জুন অপেক্ষাও যুধিষ্ঠিবেব অধিক প্রিয় ছিলেন ॥৫॥

মহাবাহু কৃষ্ণ চন্দনভূষিত ও প্রস্তবস্তম্ভসদৃশ যুধিষ্ঠিরের বাহু ধারণ করিয়া এবং তাঁহাকে আনন্দিত কবিতে থাকিয়া বলিতে লাগিলেন ॥৬॥

তৎকালে কৃষ্ণেব সুন্দব দন্তশ্রেণী ও সুন্দর নয়নযুক্ত মুখমণ্ডলটী সূর্য্য উদয় পাইলে, প্রস্ফুটিত ও সুস্পষ্ট পদ্মেব ন্যায় শোভা পাইতে লাগিল ॥৭॥

(৬)·উবাচেতি বিনোদয়ন্·পি।

স্বপ্নলব্ধা যথা লাভা বিতথাঃ প্রতিবোধনে।
এবং তে ক্ষত্রিয়া রাজন্! যে ব্যতীতা মহারণে ॥৯॥
সর্ব্বেঽপ্যভিমুখাঃ শূরা বিজিতা রণশোভিনঃ।
নৈষাং কশ্চিৎ পৃষ্ঠতো বা পলায়ন্ বাপি পাতিতঃ ॥১০॥
সর্ব্বে ত্যক্ত্বাত্মনঃ প্রাণান্ যুদ্ধ্বা বীরা মহাহবে।
শস্ত্রপূতা দিবং প্রাপ্তা ন তাঞ্ছোচিতুমর্হসি ॥১১॥
ক্ষত্রধর্ম্মরতাঃ শূরা বেদবেদাঙ্গপারগাঃ।
প্রাপ্তা বীরগতিং পুণ্যাং তান্ ন শোচিতুমর্হসি।
মৃতান্ মহানুভাবাংস্ত্বং শ্রুত্বৈব পৃথিবীপতীন্ ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। নহি সুলভাঃ কস্যচিদ্যোগপ্রভাবাত্তু কদাচিল্লভ্যা অপীতি ভাবঃ। হতাস্মিন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৮॥

স্বপ্নেতি। লভ্যন্ত ইতি লাভা ধনাদয়ঃ, বিতথা মিথ্যা, প্রতিবোধনে জাগরণে ॥৯॥

সর্ব্ব ইতি। পৃষ্ঠতঃ পৃষ্ঠে প্রহারেণ, পলায়ন্ পলায়মানঃ ॥১০॥

সর্ব্ব ইতি। যুদ্ধ্বা যুদ্ধং কৃত্বা। আত্মীয়ানাং দুঃস্থত্ব এব শোকো ন্যায্য ইতি ভাবঃ ॥১১॥

ক্ষত্রেতি। মহান্ অনুভাবঃ প্রভাবো যেষাং তান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

কৃষ্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! আপনি আর দেহশোষক শোক করিবেন না। কারণ, এই রণাঙ্গনে যাঁহারা নিহত হইয়াছেন, তাঁহাদিগকে আর অনায়াসে পাওয়া যাইবে না ॥৮॥

রাজা! স্বপ্নলব্ধ ধন যেমন জাগরণের সময়ে মিথ্যা হইয়া যায়; সেইরূপ মহাযুদ্ধে যে সকল ক্ষত্রিয় নিহত হইয়া চলিয়া গিয়াছেন, বর্ত্তমান সময় তাঁহারাও মিথ্যা হইয়াই পড়িয়াছেন ॥৯॥

আমরা সমরশোভী সমস্ত বীরকেই সম্মুখ যুদ্ধে জয় করিয়াছি; কিন্তু তাঁহাদের মধ্যে কোন ব্যক্তিই পৃষ্ঠে প্রহারদ্বারা কিংবা পলায়ন করিবার সময় নিপাতিত হন নাই ॥১০॥

সকলেই মহাযুদ্ধে যুদ্ধ ও আপন আপন প্রাণ ত্যাগ করিয়া অস্ত্র প্রহারে পবিত্র হইয়া স্বর্গে চলিয়া গিয়াছেন; সুতরাং আপনি তাঁহাদের জন্য শোক করিতে পারেন না ॥১১॥

মহারাজ! ক্ষত্রিয়ধর্ম্মে নিরত ও বেদবেদাঙ্গপারদর্শী বীরেরা পুণ্যজনিত বীরগতি লাভ করিয়াছেন। সেই মহানুভাব রাজারা মরিয়া গিয়াছেন শুনিয়াই, আপনি শোক করিতে পারেন না ॥১২॥

অত্রেবোদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সৃঞ্জয়ং পুত্রশোকার্ত্তং যথায়ং নারদোঽব্রবীৎ ॥১৩॥

নারদ উবাচ।

সুখদুঃখৈরহং ত্বঞ্চ প্রজাঃ সর্ব্বাশ্চ সৃঞ্জয়!।
অবিমুক্তা মরিষ্যামস্তত্র কা পরিদেবনা ॥১৪॥
মহাভাগ্যং পুরা রাজ্ঞাং কীর্ত্ত্যমানং ময়া শৃণু।
গচ্ছাবধানং নৃপতে! ততো দুঃখং প্রহাস্যতি ॥১৫॥
মৃতান্ মহানুভাবাংস্ত্বং শ্রুত্বৈব পৃথিবীপতীন্।
শমমানয় সন্তাপং শৃণু বিস্তরশশ্চ মে।
ক্রূরগ্রহাভিশমনমায়ুর্বর্দ্ধনমুত্তমম্ ॥১৬॥

ভারতকৌমুদী

অত্রেতি। ইতিহাসং বৃত্তান্তমিতি প্রাগপুক্তম্, উদাহরন্তি অবসরজ্ঞাঃ ॥১৩॥

সুখেতি। প্রজা অন্যে জনাঃ। অবিমুক্তা অত্যক্তাঃ, পরিদেবনা শোকবিলাপঃ ॥১৪॥

মহেতি। গচ্ছ প্রাপ্নুহি, অবধানং শ্রবণং প্রতি মনোযোগম্, প্রহাস্যসি ত্যক্ষ্যসি ॥১৫॥

মৃতানিতি। শমং নিবৃত্তিম্। ক্রূরগ্রহাণাং রব্যাদীনাং তৎসংসূচিতদোষাণাম্, উপশমনং নিবর্ত্তকম্। উত্তমমিমং বৃত্তান্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

হতাঃ অস্মিন্ সন্ধিবার্ধঃ ॥৮॥ লাভাঃ অর্থাঃ ॥৯—১১॥ মৃতান্মহানুভাবান্ শ্রুত্বা তান্ বন্ধূন্ শোচিতুং নার্হসীতি সম্বন্ধঃ ॥১২॥ সৃঞ্জয়স্য পুত্রঃ সহদেবস্তস্য শোকেনার্ত্তম্, "সহদেবায় সার্জয়ায়ে"তি ব্রাহ্মণাৎ ॥১৩॥ অবিমুক্তা ইতি মরণেঽপি সুখাদের্বিয়োগো নাস্তীতি প্রায়োপবেশনং ব্যর্থমিতি ভাবঃ।

নারদ পুত্রশোকার্ত্ত সৃঞ্জয়কে যাহা বলিয়াছিলেন, এইস্থানে অবসরজ্ঞেরা সেই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিতে পারেন ॥১৩॥

নারদ বলিয়াছিলেন—'সৃঞ্জয়! আমি, তুমি ও অন্যান্য লোকেরা সুখে বা দুঃখে জড়িত থাকিয়াই মরিব; তাহাতে শোকবিলাপের কি আছে ॥১৪॥

রাজা! আমি প্রাচীন রাজগণের মহাভাগ্যের বিষয় বলিতেছি, আপনি শ্রবণ করুন, তাহার পরে আপনি শোকদুঃখ ত্যাগ করিতে পারিবেন; অতএব আপনি অবহিত হউন ॥১৫॥

মহানুভাব রাজগণ মরিয়া গিয়াছেন শুনিয়া আপনি আপনার শোকসন্তাপ নিবর্ত্তিত করুন। আপনি আমার নিকট বিস্তবক্রমে শ্রবণ করুন; এই উত্তম বৃত্তান্তটী শ্রবণ করিলে ক্রূরগ্রহসূচিত দোষ নিবৃত্তি পায় এবং আয়ুব বৃদ্ধি হয় ॥১৬॥

অগ্রমাণাং ক্ষিতিভুজানুপাদানং মনোহরম্ ।
আবিক্ষিতং মরুত্তঞ্চ মৃতং সৃঞ্জয় ! শুশ্রুম ॥১৭॥
যস্য সেন্দ্রাঃ সবরুণা বৃহস্পতিপুরোগমাঃ ।
দেবা বিশ্বসৃজো রাজ্ঞো যজ্ঞমীয়ুর্মহাত্মনঃ ॥১৮॥
যঃ স্পর্দ্ধয়ানয়চ্ছক্রং দেবরাজং পুরন্দরম্ ।
শক্রপ্রিয়ৈষী যং বিদ্বান্ প্রত্যাচষ্ট বৃহস্পতিঃ ।
সংবর্ত্তো যাজয়ামাস যবীয়ান্ স বৃহস্পতেঃ ॥১৯॥
যস্মিন্ প্রশাসতি মহীং নৃপতৌ রাজসত্তম ! ।
অকৃষ্টপচ্যা পৃথিবী বিবভৌ চৈত্যমালিনী ॥২০॥
আবিক্ষিতস্য বৈ সত্রে বিশ্বে দেবাঃ সভাসদঃ ।
মরুতঃ পরিবেষ্টারঃ সাধ্যাশ্চাসন্ মহাত্মনঃ ॥২১॥

ভাবতকৌমুদী

অগ্রিমাণামিতি। উপাদীয়তে অগ্রে গৃহ্যত ইত্যুপাদানমগ্রগণ্যম্। আবিক্ষিতং অবিক্ষিতঃ পুত্রম্, মরুত্তং নাম রাজানম্ ॥১৭॥

যস্যেতি। বিশ্বং বিশ্বমঙ্গলং সৃজতীতি তস্য। ঈযুঃ সাক্ষাদেবাজগ্মুঃ ॥১৮॥

য ইতি। প্রত্যাচষ্ট যাজনে প্রত্যাখ্যাতবান্। যবীয়ান্ কনিষ্ঠো ভ্রাতা। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৯॥

যস্মিন্নিতি। কৃষ্টে ক্ষেত্রে পচ্যন্তে পক্কানি ভবন্তীতি কৃষ্টপচ্যানি ন বিদ্যন্তে কৃষ্টপচ্যানি শস্যানি যস্যাং সা, অকৃষ্টায়ামপি ভূমৌ স্বয়মুৎপন্নপক্বশস্যেত্যর্থঃ। "কৃষ্টপচ্যাকুপ্যে সংজ্ঞায়াম্" ইতি নিপাতঃ। চৈত্যমালিনী বহুতরদেবপূজাস্থায়তনশালিনী ॥২০॥

আবিক্ষিতস্যেতি। আবিক্ষিতস্য অবিক্ষিতঃ পুত্রস্য মরুত্তস্য, সত্রে তস্মিন্ যজ্ঞে ॥২১॥

সৃঞ্জয় ! প্রাচীন রাজগণের অগ্রগণ্য, মনোহর স্বভাব, অবিক্ষিতের পুত্র মরুত্তও মরিয়াছিলেন শুনিয়াছি ॥১৭॥

ইন্দ্র ও বরুণের সহিত দেবতারা বৃহস্পতিকে অগ্রবর্ত্তী করিয়া জগতের মঙ্গলকারক ও মহাত্মা যে মরুত্তরাজার যজ্ঞে আগমন করিয়াছিলেন ॥১৮॥

যে মরুত্তরাজা স্পর্দ্ধাপূর্ব্বক দেবরাজ পুরন্দর ইন্দ্রকে যজ্ঞে আনয়ন করিয়াছিলেন এবং ইন্দ্রের হিতৈষী ও বিদ্বান্ বৃহস্পতি যাঁহার যজ্ঞে পৌরোহিত্য করিতে অস্বীকার করিয়াছিলেন ; তা'র পর, বৃহস্পতিরই কনিষ্ঠভ্রাতা সংবর্ত্ত যাঁহার যজ্ঞে পৌরোহিত্য করিয়াছিলেন ॥১৯॥

রাজশ্রেষ্ঠ ! যে মরুত্তরাজা পৃথিবী শাসন করিতে থাকিলে, পৃথিবীর ক্ষেত্রসমূহ কর্ষণ না করিলেও ধান্যপ্রভৃতি শস্য সকল নিজে উৎপন্ন হইত এবং পাকিত ; আর স্থানে স্থানে দেবালয়প্রভৃতি পুণ্যায়তন বিরাজ করিত ॥২০॥

মরুদ্‌গণা মরুত্তস্য যৎসোমমপিবংস্তদা।
দেবান্ মনুষ্যান্ গন্ধর্ব্বানত্যরিচ্যন্ত দক্ষিণাঃ ॥২২॥
স চেন্মমার স্বঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরশ্চৈব মা পুত্রমনুতপ্যথাঃ ॥২৩॥
সুহোত্রং চৈবাতিথিনং মৃতং স্বঞ্জয়! শুশ্রুম।
যস্মৈ হিরণ্যং ববৃষে মঘবা পরিবৎসরম্ ॥২৪॥
সত্যনামা বসুমতী যং প্রাপ্যাসীজ্জনাধিপম্।
হিরণ্যমবহন্নদ্যস্তস্মিন্ জনপদেশ্বরে ॥২৫॥

ভারতকৌমুদী

মরুদিতি। মরুতাং দেবানাং গণা মরুদ্‌গণা। যস্য যজ্ঞস্য সোমং সোমরসম্। অত্যরিচ্যন্ত অত্যক্রামন্, দক্ষিণাস্তস্য যজ্ঞস্য ॥২২॥

স ইতি। ত্বয়া ত্বদপেক্ষয়া চতুর্ষু সামদানভেদদণ্ডেষু ভদ্রতরঃ অতীবোৎকৃষ্টঃ। পুত্রাৎ ত্বদীয়াৎ, পুণ্যতরঃ অধিকপুণ্যশালী, ততো যস্যানুতাপো ন স্যাদিতি শেষঃ ॥২৩॥

সুহোত্রমিতি। অতিথয়ঃ অস্য সন্তীতি তম্, ব্রীহ্যাদিত্বাদিন্। হিরণ্যং স্বর্ণম্ ॥২৪॥

সত্যেতি। সত্যনামা ধনাতিরেকাদ্‌যথার্থনাম্নী, বহূনি ধনানি অস্যাঃ সন্তীতি বসুমতী ॥২৫॥

ভারতভাবদীপঃ

॥১৪॥ মহাভাগ্যং মাহাত্ম্যম্ ॥১৫-১৬॥ উপাদানমুপাদাতুং শ্রোতুং যোগ্যম্ ॥১৭॥ ঈযুঃ প্রত্যক্ষমাগতবন্তঃ ॥১৮॥ যাগং মা কুর্ব্বিতি প্রত্যাচষ্ট প্রত্যাখ্যাতবান্ ॥১৯—২০॥ "মরুতঃ পরিবেষ্টারো মরুত্তস্যাবসন্ গৃহে। আবিক্ষিতস্য কামপ্রের্বিশ্বেদেবাঃ সভাসদঃ॥" ইতি শ্রুতেবর্থং দর্শয়তি—আবিক্ষিতস্যেতি ॥২১॥

সেই মহাত্মা মরুত্তরাজার যজ্ঞে সমস্ত দেবতা আসিয়া সভাসদ হইয়াছিলেন এবং ঊনপঞ্চাশৎ বায়ু ও সাধ্যগণ পরিবেশন করিয়াছিলেন ॥২১॥

তৎকালে দেবগণ মরুত্তরাজার যে যজ্ঞে সোমরস পান করিয়াছিলেন; সেই যজ্ঞের দক্ষিণা সমস্ত দেবযজ্ঞ, গন্ধর্ব্বযজ্ঞ ও মনুষ্যযজ্ঞের দক্ষিণাকে অতিক্রম করিয়াছিল ॥২২॥

স্বঞ্জয়! তোমা অপেক্ষা সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা অধিক পুণ্যশালী সেই মরুত্তরাজা যদি মরিয়া থাকেন এবং তাহাতেও যদি কাহার অনুতাপ না হইয়া থাকে, তবে তুমি তোমার পুত্রের জন্য অনুতাপ করিতে পার না ॥২৩॥

স্বঞ্জয়! অতিথিসৎকারপ্রিয় সুহোত্ররাজাও মরিয়া গিয়াছেন শুনিয়াছি, ইন্দ্র যাঁহার উদ্দেশে এক বৎসর যাবৎ স্বর্ণবৃষ্টি করিয়াছিলেন ॥২৪॥

বসুমতী যে রাজাকে পাইয়া সার্থকনাম্নী হইয়াছিল। সেই রাজা যখন রাজ্য শাসন করিতেন, তৎকালে নদী সকল স্বর্ণ বহন করিত ॥২৫॥

(২৪) সুহোত্রং চৈবং মিথিলং যস্মিন্ পি, বৈতিথিনং নি।· যস্মিন্ হিরণ্যং বঙ্গ বর্দ্ধ।

কূর্ম্মান্ কর্কটকান্ নক্রান্ মকরান্ শিশুকানপি।
নদীষ্বপাতয়দ্রাজন্! মঘবা লোকপূজিতঃ ॥২৬॥
হিরণ্যান্ পতিতান্ দৃষ্ট্বা মৎস্যান্ মকরকচ্ছপান্।
সহস্রশোঽথ শতশস্ততোঽস্ময়দথোঽতিথিঃ ॥২৭॥
তদ্ধিরণ্যমপর্য্যন্তমাবৃত্তং কুরুজাঙ্গলে।
ঈজানো বিততে যজ্ঞে ব্রাহ্মণেভ্যঃ সমার্পয়ৎ ॥২৮॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরশ্চৈব মা পুত্রমনুতপ্যথাঃ ॥২৯॥
অদক্ষিণমযজ্বানং চেত্য সংশাম্য মা শুচঃ।
অঙ্গং বৃহদ্রথঞ্চৈব মৃতং সৃঞ্জয়! শুশ্রুম ॥৩০॥

ভারতকৌমুদী

কূর্ম্মানিতি। নক্রান্ কুম্ভীরান্। অপাতয়ৎ স্বর্ণময়ীকৃত্যেতি ভাবঃ ॥২৬॥

হিরণ্যানিতি। হিরণ্যান্ হিরণ্ময়ান্। অস্ময়ৎ বিস্মিতোঽভবৎ, অতিথিঃ অতিথিপ্রিয়ঃ সুহোত্রঃ ॥২৭॥

তদিতি। অপর্য্যন্তমসীমম্, আবৃত্তমানয়নেনাগতম্। ঈজানো যজমানঃ সুহোত্রঃ ॥২৮॥

স ইতি। স সুহোত্রঃ। অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ ॥২৯॥

ভারতভাবদীপঃ

অত্যরিচ্যন্ত এভ্যো যাঃ দক্ষিণা দত্তাস্তৈর্বোঢ়ুমশক্যা জাতা ইত্যর্থঃ ॥২২॥ চতুর্ভদ্রতরঃ চত্বারি ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাখ্যানি ভদ্রাণি যস্মিন্ স চতুর্ভদ্রঃ, ত্বয়া অবধিভূতেন ত্বত্তোঽতিশয়েন চতুর্ভদ্র ইত্যর্থঃ ॥২৩—২৯॥ চেত্য চেতনাবান্ ভব জানীহীত্যর্থঃ। সংশাম্য জ্ঞাত্বা শান্তো ভবেত্যর্থঃ ॥৩০॥

রাজা! জগৎপূজিত ইন্দ্র সুহোত্ররাজার রাজত্বকালে নদী সমূহের মধ্যে স্বর্ণময় কচ্ছপ, কর্কট, কুম্ভীর, মকর ও শিশু সকল নিক্ষেপ করিতেন ॥২৬॥

নদী সমূহ মধ্যে শত শত ও সহস্র সহস্র স্বর্ণময় মৎস্য, মকর ও কচ্ছপপ্রভৃতি পতিত দেখিয়া অতিথিপ্রিয় স্বয়ং সুহোত্ররাজাই বিস্ময়াপন্ন হইতেন ॥২৭॥

সেই অসীম স্বর্ণ কুরুজাঙ্গলদেশে আনয়ন করিয়া বিশাল যজ্ঞে প্রবৃত্ত হইয়া সুহোত্ররাজা সেই স্বর্ণ সমূহ ব্রাহ্মণগণকে দান করিয়াছিলেন ॥২৮॥

সৃঞ্জয়! তোমা অপেক্ষা সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা অধিক পুণ্যশালী সেই সুহোত্ররাজা যদি মরিয়া থাকেন এবং তাহাতে যদি কাহার অনুতাপ না হইয়া থাকে; তবে তুমি পুত্রের জন্য অনুতাপ করিতে পার না ॥২৯॥

---

(২৯) হৈরণ্যান্· ·নি। (৩০) অদাক্ষিণ্যমযজ্বানঞ্চৈনং ·পি। ·চৈত্য·· নি।

যঃ সহস্রং সহস্রাণাং শ্বেতানশ্বানবাসৃজৎ।
সহস্রঞ্চ সহস্রাণাং কন্যা হেমপরিষ্কৃতাঃ ॥৩১॥
ঈজানো বিততে যজ্ঞে দক্ষিণামত্যকালয়ৎ।
যঃ সহস্রং সহস্রাণাং গজানাং পদ্মমালিনাম্ ॥৩২॥
ঈজানো বিততে যজ্ঞে দক্ষিণামত্যকালয়ৎ।
শতং শতসহস্রাণি বৃষাণাং হেমমালিনাম্ ॥৩৩॥
গবাং সহস্রানুচরং দক্ষিণামত্যকালয়ৎ।
অঙ্গস্য যজমানস্য তদা বিষ্ণুপদে গিরৌ।
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অদক্ষিণমিতি। হে সৃঞ্জয়। অদক্ষিণম্ আত্মনঃ পুত্রম্, অযজ্বানং যজ্ঞমকৃতবন্তম্, অতএব দক্ষিণায়া অদাতারঞ্চ, এত্য অবগত্য, সংশাম্য সম্যক্ শান্তো ভব, মা শুচঃ শোকং ন কুরু। অঙ্গম্ অঙ্গরাজম্, বৃহদ্রথম্, মৃতং শুশ্রুম ॥৩০॥

য ইতি। সহস্রাণাং সহস্রং দশলক্ষসংখ্যকান্। অবাসৃজৎ ব্যতরৎ। সহস্রাণাং সহস্রং দশলক্ষসংখ্যাঃ, হেমপরিষ্কৃতাঃ স্বর্ণভূষিতাঃ, কন্যাশ্চাবাসৃজৎ ॥৩১॥

ঈজান ইতি। ঈজানো যজমানঃ, বিততে বিশালে যজ্ঞে, পদ্মমালিনাং স্বর্ণপদ্মমালাযুক্তানাং গজানাম্, সহস্রাণাং সহস্রং দশলক্ষরূপান্ দক্ষিণাম্, অত্যকালয়ৎ অর্পয়ৎ ॥৩২॥

ঈজান ইতি। শতং শতসহস্রাণি কোটিসংখ্যারূপমিত্যর্থঃ ॥৩৩॥

গবামিতি। সহস্রস্য অনুচরম্ অনুগামিনম্, তাবৎসংখ্যমেব বৃষমিত্যর্থঃ। বিষ্ণুপদে তদাখ্যে। সোমেন সোমরসপানেন। দ্বিজাতয়ো ব্রাহ্মণাশ্চ, দক্ষিণাভিঃ, অমাদ্যন্ আনন্দন্। ষট্পাদঃ ॥৩৪॥

সৃঞ্জয়! তোমার পুত্র যজ্ঞ করে নাই, কিংবা তাহার দক্ষিণা দানও করে নাই। ইহা বুঝিয়া তুমি তাহার জন্য শোক করিও না, শান্ত হও। তা'র পর, অঙ্গরাজ বৃহদ্রথ মরিয়া গিয়াছেন, ইহা আমরা শুনিয়াছি ॥৩০॥

যিনি দশলক্ষ শ্বেতবর্ণ অশ্ব এবং স্বর্ণালঙ্কৃত দশলক্ষ কন্যা দান করিয়াছিলেন ॥৩১॥

যিনি বিশাল যজ্ঞে প্রবৃত্ত হইয়া স্বর্ণপদ্মমালাধারী দশলক্ষ হস্তী দক্ষিণাস্বরূপ দান করিয়াছিলেন ॥৩২॥

যিনি বিস্তৃত যজ্ঞে প্রবৃত্ত হইয়া এক কোটি স্বর্ণমালাধারী বৃষ দক্ষিণা দিয়াছিলেন ॥৩৩॥

এবং সেই যজ্ঞে যিনি এক সহস্র ধেনুর অনুগামী একসহস্র বৃষও দক্ষিণা দান করিয়াছিলেন। তৎকালে অঙ্গরাজ বৃহদ্রথ বিষ্ণুপদনামক পর্ব্বতে যজ্ঞ করিতে থাকিলে,

(৩২)·· গজানামতিপদ্মিনাম্—পি বঙ্গ বর্দ্ধ।

যস্য যজ্ঞেষু রাজেন্দ্র ! শতসংখ্যেষু বৈ পুরা ।
দেবান্ মনুষ্যান্ গন্ধর্ব্বানত্যরিচ্যন্ত দক্ষিণাঃ ॥৩৫॥
ন জাতো জনিতা নান্যঃ পুমান্ যঃ সম্প্রদাস্যতি ।
যদঙ্গঃ প্রদদৌ বিত্তং সোমসংস্থাসু সপ্তসু ॥৩৬॥
স চেন্মমার সৃঞ্জয় ! চতুর্ভদ্রতরস্ত্বয়া ।
পুত্রাৎ পুণ্যতরশ্চৈব মা পুত্রমনুতপ্যথাঃ ॥৩৭॥
শিবিমৌশীনরঞ্চৈব মৃতং সৃঞ্জয় ! শুশ্রুম ।
য ইমাং পৃথিবীং সর্ব্বাং চর্ম্মবৎ সমবেষ্টয়ৎ ॥৩৮॥
মহতা রথঘোষেণ পৃথিবীমনুনাদয়ন্ ।
একচ্ছত্রাং মহীং চক্রে জৈত্রেণৈকরথেন যঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

যস্যেতি। দেবাদীনাং যজ্ঞদক্ষিণা ইত্যর্থঃ, অত্যরিচ্যন্ত অত্যক্রামন্ ॥৩৫॥

নেতি। জনিতা উৎপৎস্যতে। সোমসংস্থাসু সোমরসস্থিতিযুক্তেষু যাগেষু। তে চ সপ্তযাগা যথা—অগ্নিষ্টোমঃ, অত্যগ্নিষ্টোমঃ, উক্থ্যঃ, ষোড়শী, বাজপেয়ঃ, অতিরাত্রঃ, আপ্তোর্যামশ্চেতি ॥৩৬॥

স ইতি। প্রাগ্‌ব্যাখ্যাতমিদম্ ॥৩৭॥

শিবিমিতি। উশীনরস্যাপত্যমিত্যৌশীনরিস্তম্। চর্ম্মবৎ চর্ম্মণেব জয়প্রয়াণেন ॥৩৮॥

মহতেতি। একমেবাত্মনো রাজ্ঞশ্ছত্রং যস্যাং তাম্, জৈত্রেণ জয়শীলেন ॥৩৯॥

ইন্দ্র তাহার সোমরস পান করিয়া মত্ত হইয়াছিলেন এবং ব্রাহ্মণেরা সেই সকল দক্ষিণা লাভ করিয়া আনন্দে মাতিয়া উঠিয়াছিলেন ॥৩৪॥

যে অঙ্গরাজের শতসংখ্যক যজ্ঞেরই দক্ষিণা সমস্ত দেবযজ্ঞ, গন্ধর্ব্বযজ্ঞ ও মনুষ্যযজ্ঞের দক্ষিণা অপেক্ষা অতিরিক্ত হইয়াছিল ॥৩৫॥

অঙ্গরাজ বৃহদ্রথ সোমরসযুক্ত সাতটী যজ্ঞে যে পরিমাণ ধন দান করিয়াছিলেন, সেই পরিমাণ ধন দান যে করিতে পারে, তেমন কোন লোক জন্মগ্রহণ করে নাই বা করিবে না ॥৩৬॥

সৃঞ্জয় ! তোমা অপেক্ষা যিনি সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা অধিকপুণ্যশালী ছিলেন ; সেই অঙ্গরাজ বৃহদ্রথ যদি মরিয়া থাকেন এবং তাঁহার জন্য যদি কেহ অনুতাপ না করিয়া থাকে, তবে তুমি তোমার পুত্রের জন্য অনুতাপ করিতে পার না ॥৩৭॥

সৃঞ্জয় ! উশীনরের পুত্র শিবিও মরিয়া গিয়াছেন শুনিয়াছি। যিনি চর্ম্মতুল্য বিজয়প্রস্থানদ্বারা সমগ্র পৃথিবীটাকে বেষ্টন করিয়াছিলেন ॥৩৮॥

যাবদস্য গবাশ্বং স্যাদারণ্যৈঃ পশুভিঃ সহ।
তাবতীঃ প্রদদৌ গাঃ স শিবিরৌশীনরোঽধ্বরে ॥৪০॥
ন বোঢ়ারং ধুরং তস্য কঞ্চিন্মেনে প্রজাপতিঃ।
ন ভূতং ন ভবিষ্যঞ্চ সর্ব্বরাজসু সৃঞ্জয়।।
অন্যত্রৌশীনরাচ্ছৈব্যাদ্রাজর্ষেরিন্দ্রবিক্রমাৎ ॥৪১॥
স চেন্মমার সৃঞ্জয়। চতুর্ভদ্রতরস্ত্বয়া।
অদক্ষিণময়জ্বানং মা পুত্রমনুতপ্যথাঃ ॥৪২॥
ভরতঞ্চৈব দৌষ্মন্তিং মৃতং সৃঞ্জয়। শুশ্রুম।
শাকুন্তলং মহাত্মানং ভূরিদ্রবিণসঞ্চয়ম্ ॥৪৩॥
যোঽবধ্নাৎ ত্রিশতং চাশ্বান্ দেবেভ্যো যমুনামনু।
সরস্বতীং বিংশতিঞ্চ গঙ্গামনু চতুর্দ্দশ ॥৪৪॥

ভারতকৌমুদী

যাবদিতি। গাবশ্চ অশ্বাশ্চেতি গবাশ্বম্, পশুভির্হরিণাদিভিঃ ॥৪০॥
নেতি। ধুরং শাসনভারম্, প্রজাপতির্নৃপতিঃ শিবিঃ। অন্যত্র অন্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥
স ইতি। পূর্ব্বং বিবৃতমেতৎ ॥৪২॥
ভরতমিতি। দৌষ্মন্তিং দুষ্মন্তপুত্রম্। ভূরির্দ্রবিণানাং ধনানাং সঞ্চয়ো যস্য তম্ ॥৪৩॥
য ইতি। অবধ্নাৎ যজ্ঞে চ্ছেদনার্থম্। অনু লক্ষীকৃত্য যমুনাতীর ইত্যর্থঃ ॥৪৪॥

যিনি বিশাল রথশব্দদ্বারা পৃথিবীকে নিনাদিত করিতে থাকিয়া, একমাত্র বিজয়ী রথদ্বারা সেই পৃথিবীটাকে একচ্ছত্রা করিয়াছিলেন ॥৩৯॥

শিবিরাজার বন্যপশুগণের সহিত যতগুলি গরু ও ঘোড়া ছিল; উশীনরনন্দন শিবি যজ্ঞে ততগুলি গরু দক্ষিণা দিয়াছিলেন ॥৪০॥

সৃঞ্জয়। উশীনর পুত্র, ইন্দ্রের তুল্য বিক্রমশালী, রাজর্ষি আপনি ভিন্ন ভূত ও ভবিষ্যৎ অন্য কোন রাজাকেই নিজের ভার বহন করিবার যোগ্য বলিয়া শিবি মনে করিতেন না ॥৪১॥

সৃঞ্জয়। তোমা অপেক্ষা সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা অধিক পুণ্যশালী শিবিরাজা যদি মরিয়া থাকেন এবং তাহাতে যদি কেহ অনুতাপ না করিয়া থাকে; তবে অযজ্ঞকারী ও অদক্ষিণাদাতা তোমার পুত্রের জন্য তুমি অনুতাপ করিতে পার না ॥৪২॥

সৃঞ্জয়। বহু ধন সঞ্চয়কারী ও মহাত্মা দুষ্মন্তের পুত্র ও শকুন্তলার গর্ভজাত ভরতরাজা মরিয়া গিয়াছেন শুনিয়াছি ॥৪৩॥

অশ্বমেধসহস্রেণ রাজসূয়শতেন চ।
ইষ্টবান্ স মহাতেজা দৌষ্মন্তির্ভরতঃ পুরা ॥৪৫॥
ভরতস্য মহৎ কর্ম্ম সর্ব্বরাজসু পার্থিবাঃ।
খং মর্ত্ত্যা ইব বাহুভ্যাং নানুগন্তুমশক্নুবন্ ॥৪৬॥
পরং সহস্রাদ্‌যো বদ্ধ্বা হয়ান্ বেদীর্বিতত্য চ।
সহস্রং যত্র পদ্মানাং কণ্বায় ভরতো দদৌ ॥৪৭॥
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরশ্চৈব মা পুত্রমনুতপ্যথাঃ ॥৪৮॥

ভাবতকৌমুদী

অশ্বেতি। ইষ্টবান্ যজনং কৃতবান্ ॥৪৫॥

ভবতস্যেতি। খমাকাশম্, মর্ত্ত্যা মানুষাঃ, অনুগন্তুমনুকর্ত্তুম্ ॥৪৬॥

পবমিতি। বেদীঃ যজ্ঞীয়াঃ পবিষ্কৃতা ভূমীঃ, বিতত্য বিস্তারেণ বিধায় ॥৪৭॥

স ইতি। পূর্ব্বমেবাস্য ব্যাখ্যানং কৃতম্ ॥৪৮॥

ভাবতভাবদীপঃ

অবাস্জদযজ্ঞার্থমুৎসৃষ্টবান্ ॥৩১॥ অত্যাবালবৎ দত্তবান্ ॥৩২—৩৫॥ সপ্তসু অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোম উক্‌থ্যঃ ষোড়শী বাজপেয়োঽতিবাত্র আপ্তোর্যাম ইতি সপ্তসোমসংস্থাস্বাসু ॥৩৬—৪৫॥ "ভবতস্য মহাকর্ম্ম ন পূর্ব্বে নাপবে জনাঃ। দিবং মর্ত্ত্য ইব হস্তাভ্যাং নোদাপুঃ পঞ্চ মানবা॥" ইতি শ্রুতেবর্থঃ

যিনি দেবগণেব প্রীতি উদ্দেশে যমুনা নদীর তীবে তিনশতটী, সবস্বতী নদীব তীরে কুড়িটী এবং গঙ্গানদীব তীবে চৌদ্দটী অশ্বমেধেব অশ্ব বন্ধন কবিয়াছিলেন ॥৪৪॥

দুষ্মন্তেব পুত্র সেই মহাতেজা ভবত পূর্ব্বকালে সহস্র অশ্বমেধ এবং শত বাজসূয় যজ্ঞ কবিয়াছিলেন ॥৪৫॥

মানুষ যেমন বাহুযুগলদ্বাবা আকাশে গমন কবিতে সমর্থ হয় না; তেমন তৎকালীন বাজারা সমস্ত বাজাব মধ্যে সেই ভবতবাজাব মহৎ কার্য্যেব অনুকবণ কবিতে সমর্থ হন নাই ॥৪৬॥

যেমন ভবতবাজা সহস্রেবও অধিক অশ্ব বন্ধন কবিয়া এবং বিস্তবক্রমে যজ্ঞীয় বেদী নির্ম্মাণ কবিয়া সহস্র পদ্মসংখ্যক ধন (বহুতব ধন) মহর্ষি কণ্বকে দক্ষিণাস্বরূপ দিয়াছিলেন ॥৪৭॥

সৃঞ্জয়! তোমা অপেক্ষা সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা অধিক পুণ্যশালী সেই ভবতরাজা যদি মবিযা থাকেন এবং তাহাতে যদি কেহ অনুতাপ না করিয়া থাকে, তবে তুমি তোমাব পুত্রেব জন্য অনুতাপ কবিতে পার না ॥৪৮॥

রামং দাশরথিঞ্চৈব মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যোঽন্বকম্পত বৈ নিত্যং প্রজাঃ পুত্রানিবৌরসান্ ॥৪৯॥
বিধবা যস্য বিষয়ে নানাথাঃ কাশ্চনাভবন্।
সদৈবাসীৎ পিতৃসমো রামো রাজ্যং যদন্বশাৎ ॥৫০॥
কালবর্ষী চ পর্জ্জন্যঃ শস্যানি সমপাদয়ৎ।
নিত্যং সুভিক্ষমেবাসীদ্রামে রাজ্যং প্রশাসতি ॥৫১॥
প্রাণিনো নাপ্সু মজ্জন্তি নান্যথা পাবকোঽদহৎ।
রুজাভয়ং ন তত্রাসীদ্রামে রাজ্যং প্রশাসতি ॥৫২॥
আসন্ বর্ষসহস্রিণ্যস্তথা বর্ষসহস্রকাঃ।
অরোগাঃ সর্ব্বসিদ্ধার্থা রামে রাজ্যং প্রশাসতি ॥৫৩॥

ভাবতকৌমুদী

বামমিতি। দাশবথিমিতি বিশেষণং জামদগ্ন্যাদিব্যাবৃত্ত্যর্থম্। অন্বকম্পত অদয়ত ॥৪৯॥

বিধবা ইতি। বিষয়ে দেশে বাজ্যে, অনাথা বক্ষকশূন্যাঃ, কাশ্চন স্ত্রিয়ঃ। স্ত্রীণামবৈধব্যে বামস্য ধার্ম্মিকত্বম্, অনাথত্বে চ পিতৃসমত্বমেব হেতুবিত্যাশয়ঃ ॥৫০॥

কালেতি। কালবর্ষী যথাকালে বাবিবর্ষণকাবী, পর্জন্যো মেঘঃ। সমপাদযৎ অজনয়ৎ ॥৫১॥

প্রাণিন ইতি। অপ্সু জলেষু, অন্যথা জবযা মবণব্যতিবেকেণ। রুজাভযং বোগভীতিঃ ॥৫২॥

আসন্নিতি। বর্ষসহস্রিণ্যঃ সহস্রবৎসবজীবিন্যঃ স্ত্রিয়ঃ তথা পুরুষাশ্চ বর্ষসহস্রকাঃ। অবোগা মৃত্যুকালভিন্নকালে, সর্ব্ব এব সিদ্ধা নিষ্পন্নাঃ অর্থাঃ প্রযোজনানি যেষাং তে ॥৫৩॥

সৃঞ্জয়! দশবথেব পুত্র বামও মবিয়া গিযাছেন শুনিয়াছি, যিনি সর্ব্বদাই ঔবস পুত্রদের ন্যায় প্রজাদেব উপবে দয়া কবিতেন ॥৪৯॥

অসাধারণ ধার্ম্মিক রামচন্দ্র প্রজাদেব পিতাব তুল্য থাকিয়া যখন রাজ্য শাসন করিতেন; তখন তাঁহার রাজ্যে কোন স্ত্রীলোকই বিধবা বা অনাথা হইত না ॥৫০॥

রামচন্দ্র রাজ্য শাসন কবিতে থাকিলে, মেঘ যথাসমযে বাবি বর্ষণ কবিযা সর্ব্বপ্রকার শস্য উৎপাদন কবিত এবং সর্ব্বদাই সকলেব ঘবে অনাযাসে ভিক্ষা মিলিত ॥৫১॥

রামচন্দ্র রাজ্য শাসন কবিতে থাকিলে, তাঁহাব বাজ্যে প্রাণীবা জলে পড়িয়া মবিত না, মৃত্যু না হইলে অগ্নিতে দগ্ধ হইত না এবং কোন বোগেব ভযও ছিল না ॥৫২॥

রামচন্দ্র বাজ্য শাসন কবিতে থাকিলে, স্ত্রী ও পুরুষ সকলেই নীবোগ হইয়া সহস্রবৎসব পর্য্যন্ত জীবিত থাকিত এবং তাহাদেব সমস্ত প্রয়োজনই নিষ্পন্ন হইত ॥৫৩॥

(৫২) নানর্থে পাবকঃ ন ব্যালতো ভয়ং চাসীদ্রামে নি।

নান্যোন্যেন বিবাদোঽভূৎ স্ত্রীণামপি কুতো নৃণাম্।
ধর্ম্মনিত্যাঃ প্রজাশ্চাসন্ রামে রাজ্যং প্রশাসতি ॥৫৪॥
সন্তুষ্টাঃ সর্ব্বসিদ্ধার্থা নির্ভয়াঃ স্বৈরচারিণঃ।
নরাঃ সত্যব্রতাশ্চাসন্ রামে রাজ্যং প্রশাসতি ॥৫৫॥
নিত্যপুষ্পফলাশ্চৈব পাদপা নিরুপদ্রবাঃ।
সর্ব্বা দ্রোণদুঘা গাবো রামে রাজ্যং প্রশাসতি ॥৫৬॥
স চতুর্দ্দশ বর্ষাণি বনে প্রোষ্য মহাতপাঃ।
দশাশ্বমেধান্ জারূথ্যানাজহার নিরর্গলান্ ॥৫৭॥

ভারতকৌমুদী

নেতি। নৃণাং পুরুষাণাম্। ধর্ম্ম এব নিত্যো নিত্যানুষ্ঠেয়ো যাসাং তাঃ ॥৫৪॥

সন্তুষ্টা ইতি। স্বৈরচারিণো ধর্ম্মবিষয়ে স্বচ্ছন্দবর্ত্তিনঃ। "মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরম্" ইত্যমরঃ ॥৫৫॥

নিত্যেতি। দ্রোণং পরিমাণবিশেষং কলসং বা দুহন্তি দুগ্ধেন পূরয়ন্তীতি তাঃ। তথা চ—"চতুর্ভির্ব্রীহিভির্গুঞ্জা গুঞ্জাঃ পঞ্চ পণং ভবেৎ। পলং প্রকুঞ্চকং মুষ্টিঃ কুড়বস্তচ্চতুষ্টয়ম্॥ চত্বারঃ কুড়বাঃ প্রস্থশ্চতুঃপ্রস্থমথাঢকম্। অষ্টাঢ়কো ভবেদ্দ্রোণঃ—॥" ইত্যমরকোষটীকায়াং রঘুনাথঃ। দ্রোণদুঘা ইতি "দুহেঃ কো ঘশ্চ" ইতি দুহেঃ কপ্রত্যয়োঽস্য ঘশ্চ ॥৫৬॥

স ইতি। প্রোষ্য প্রবাসং কৃত্বা। জারূথ্যান্ প্রশস্তান্, নিরর্গলান্ নির্বাধান্ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

সংগৃহ্যাতি—ভবতস্তেতি ॥৪৬॥ বদ্বান্ হয়ানিতি পাঠঃ। বদ্বং সংখ্যাবিশেষোঽর্বুদপর্য্যায়ঃ। "বদ্বিন্ সহস্রং ব্রাহ্মণা বদ্বশো গা বিভেজিরে" ইতি শ্রুতেঃ ॥৪৭—৫২॥ বর্ষসহস্রিণ্যঃ স্ত্রিয়ঃ, বর্ষসহস্রকাঃ পুরুষাঃ ॥৫৩—৫৫॥ দ্রোণদুঘাঃ দ্রোণপরিমিতং ক্ষীরং দুহন্তি তাঃ, দ্রোণঃ কলশ ইত্যেকে ॥৫৬॥ জারূথ্যান্

রামচন্দ্র রাজ্য শাসন করিতে থাকিলে, স্ত্রীলোকদের মধ্যেও পরস্পর বিবাদ হইত না, পুরুষদের মধ্যে আর হইবে কি করিয়া এবং প্রজারা সর্ব্বদাই ধর্ম্মানুষ্ঠান করিত ॥৫৪॥

রামচন্দ্র রাজ্য শাসন করিতে থাকিলে, প্রজাদের সমস্ত প্রয়োজন অনায়াসে নিষ্পন্ন হইত এবং তাহারা সন্তুষ্ট চিত্তে থাকিত, ইচ্ছানুসারে নির্ভয়ে ধর্ম্মকার্য্য করিত, আর তাহারা নির্ভয়ে চলিত ও সত্যপরায়ণ ছিল ॥৫৫॥

রামচন্দ্র রাজ্য শাসন করিতে থাকিলে, সর্ব্বদাই বৃক্ষ ও লতার ফুল ও ফল জন্মিত এবং সেগুলির কোন উপদ্রব হইত না, আর সকল গাভীই প্রচুর পরিমাণে দুগ্ধ দান করিত ॥৫৬॥

রামচন্দ্র বিশেষ তপস্বী হইয়া চতুর্দ্দশ বৎসর বনে বাস করিয়া, (অযোধ্যায় ফিরিয়া আসিয়া রাজ্যে অভিষিক্ত হইয়া) অবাধে সর্ব্বজনপ্রশংসিত দশটী অশ্বমেধ যজ্ঞ সম্পন্ন করিয়াছিলেন ॥৫৭॥

যুবা শ্যামো লোহিতাক্ষো মাতঙ্গ ইব যূথপঃ।
আজানুবাহুঃ সুমুখঃ সিংহস্কন্ধো মহাভুজঃ ॥৫৮॥
দশবর্ষসহাস্রণি দশবর্ষশতানি চ।
অযোধ্যাধিপতির্ভূত্বা রামো রাজ্যমকারয়ৎ ॥৫৯॥ (যুগ্মকম্)
স চেন্মমার সৃঞ্জয়! চতুর্ভদ্রতরস্ত্বয়া।
পুত্রাৎ পুণ্যতরশ্চৈব মা পুত্রমনুতপ্যথাঃ ॥৬০॥
ভগীরথঞ্চ রাজানং মৃতং সৃঞ্জয়! শুশ্রুম।
যস্যেন্দ্রো বিততে যজ্ঞে সোমং পীত্বা মদোৎকটঃ ॥৬ ॥
অসুরাণাং সহস্রাণি বহূনি সুরসত্তমঃ।
অজয়দ্বাহুবীর্য্যেণ ভগবান্ পাকশাসনঃ ॥৬২॥ (যুগ্মকম্)
যঃ সহস্রং সহস্রাণাং কন্যা হেমবিভূষিতাঃ।
ঈজানো বিততে যজ্ঞে দক্ষিণামত্যকালয়ৎ ॥৬৩॥

ভারতকৌমুদী

যুবেতি। যূথং স্বজনসমূহং পাতি রক্ষতীতি সঃ। অকারযদিতি স্বার্থে ইন্ ॥৫৮—৫৯॥

স ইতি। পূর্ব্বমেবেদং ব্যাখ্যাতম্ ॥৬০॥

ভগীতি। বিততে বিশালে, মদোৎকটো মদমত্তঃ সন্। ভগবান্ ঐশ্বর্য্যবান্ ॥৬১—৬২॥

য ইতি। সহস্রাণাং সহস্রং দশলক্ষসংখ্যাঃ। ঈজানো যজমানঃ, বিততে বিশালে, অত্যকালয়ৎ ব্যতরৎ ॥৬৩॥

যুবা, শ্যামবর্ণ, রক্তনয়ন, হস্তীর ন্যায় স্বজনগণপালক, আজানুলম্বিত বাহু, সুন্দর মুখ ও মহাবাহু রামচন্দ্র অযোধ্যার রাজা হইয়া একাদশ সহস্র বৎসর যাবৎ রাজত্ব করিয়াছিলেন ॥৫৮—৫৯॥

সৃঞ্জয়! তোমা অপেক্ষা সাম, দান, ভেদ ও দণ্ডে সমধিক নিপুণ এবং তোমার পুত্র অপেক্ষা পুণ্যশালী সেই রামচন্দ্রও যদি মরিয়া থাকেন এবং তাহাতে যদি কেহ অনুতাপ না করিয়া থাকে; তবে তুমি তোমার পুত্রের জন্য অনুতাপ করিতে পার না ॥৬০॥

সৃঞ্জয়! রাজা ভগীরথও মরিয়া গিয়াছেন শুনিযাছি। দেবশ্রেষ্ঠ ও পাকদৈত্য-নিহন্তা ভগবান্ ইন্দ্র যাঁহার বিশাল যজ্ঞে সোমরস পান করিয়া মদমত্ত হইয়া, যুদ্ধে বাহুবলে বহুসহস্র অসুর জয় করিয়াছিলেন ॥৬১—৬২॥

যে ভগীরথ বিশাল যজ্ঞে প্রবৃত্ত হইয়া স্বর্ণভূষিত দশলক্ষ কন্যাকে দক্ষিণারূপে দান করিয়াছিলেন ॥৬৩॥

সর্ব্বা রথগতাঃ কন্যা রথাঃ সর্ব্বে চতুর্যুজঃ।
শতং শতং রথে নাগাঃ পদ্মিনো হেমমালিনঃ ॥৬৪॥
সহস্রমশ্বা একৈকং হস্তিনং পৃষ্ঠতোঽন্বয়ুঃ।
গবাং সহস্রমশ্বেঽশ্বে সহস্রং গব্যজাবিকম্ ॥৬৫॥
উপহ্বরে নিবসতো যস্যাঙ্কে নিষসাদ হ।
গঙ্গা ভাগীরথী তস্মাদুর্ব্বশী চাভবৎ পুরা ॥৬৬॥
ভূরিদক্ষিণমিক্ষ্বাকুং যজমানং ভগীরথম্।
ত্রিলোকপথগা গঙ্গা দুহিতৃত্বমুপেয়ুষী ॥৬৭॥

ভাবতকৌমুদী

সর্ব্বা ইতি। একৈকস্মিন্ রথে একৈকা কন্যা ইত্যেবংরূপেণ সর্ব্বাঃ কন্যা রথগতা আসন্নিত্যর্থঃ। চতুর্ভিরশ্বৈর্যুঞ্জন্তীতি চতুর্যুজঃ। শতং শতমিতি বীপ্সাদর্শনাৎ রথ ইত্যত্রাপি বীপ্সাবগন্তব্যা, পদ্মিনঃ পদ্মমালাযুক্তাঃ ॥৬৪॥

সহস্রমিতি। গবাং সহস্রং সহস্রম্, গবি একৈকস্যাম্, সহস্রং সহস্রম্ অজাশ্ছাগাশ্চ অবয়ো মেষাশ্চ তৎ, অন্বয়াদিতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥৬৫॥

উপেতি। উপহ্বরে যজ্ঞাঙ্গনসমীপে, অঙ্কে ক্রোড়ে, গঙ্গা নিষসাদ উপবিবেশ। উর্ব্বৌ বাসো যস্যাঃ সা উর্ব্বশী পৃষোদরাদিত্বাৎ হ্রস্বত্বাদয়ঃ ॥৬৬॥

ভূরিতি। ইক্ষ্বাকুং তদ্বংশজম্। ত্রয়াণাং লোকানাং ত্রীন্ পথো গচ্ছতীতি সা। উপেয়ুষী প্রাপ্তাসীৎ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

কুমাব ইতি। কুমাবঃ পুত্রঃ। কামো বিষয়ভোগাভিলাব আশযে চেতসি যস্য সঃ। এবং কবণেন হতবীবস্ত্রীণামপি শোকাপগমাদিত্যাশয়ঃ ॥৪৫॥

তাহাতেই স্বর্গবিজয়ী ইন্দ্র পাপবিহীন ও দেবগণকর্ত্তৃক বাজত্বপদে বৃত হইয়া, সুখী লোক লাভ কবিয়া, তেজে সমস্ত দিক্ উদ্ভাসিত কবিতে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥৪০॥

তৎকালে স্বর্গলোকে অপ্সবাবা ইন্দ্রেব স্তব কবিয়াছিল এবং অদ্যাপি দেবতাবা ও ঋষিবা দেববাজ বলিয়া তাঁহাব উপাসনা কবিয়া থাকেন ॥৪১॥

নিষ্পাপ রাজা ! তোমাব বিক্রমেব গুণে এখন এই সেই পৃথিবী তোমাব হাতে আসিয়াছে এবং বিক্রমেব ফলে তুমি বাজগণকেও জয় কবিয়াছ ॥৪২॥

অতএব বাজা ! তুমি এখন বন্ধুগণে পবিবেষ্টিত হইয়া সেই সকল রাজাব রাজ্যে ও নগরে গমন কবিয়া, যথাসম্ভব তাঁহাদেবই ভ্রাতৃগণ, পুত্রগণ ও পৌত্রগণকে স্ব স্ব রাজ্য অভিষিক্ত করাও ॥৪৩॥

রাজা ! সেই নিহত বীবগণেব যদি বালকপুত্র কিংবা স্ত্রীগণেব গর্ভস্থ সন্তান থাকে, তাহা হইলেও তুমি মধুববাক্যে তাহাদিগকে আশ্বস্ত এবং সর্ব্বপ্রকাব প্রজাগণকে অনুরক্ত কবিতে থাকিয়া পৃথিবী পালন কব ॥৪৪॥

এবমাশ্বাসনং কৃত্বা সর্ব্বরাষ্ট্রেষু ভারত ! ।
যজস্ব বাজিমেধেন যথেন্দ্রো বিজয়ী পুরা ॥৪৬॥
অশোচ্যাস্তে মহাত্মানঃ ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভ ! ।
স্বকর্ম্মভির্গতা নাশং কৃতান্তবলমোহিতাঃ ॥৪৭॥
অবাপ্তঃ ক্ষত্রধর্ম্মস্তে রাজ্যং প্রাপ্তমকণ্টকম্ ।
রক্ষস্ব ধর্ম্মং কৌন্তেয় ! শ্রেযান্ যঃ প্রেত্য ভাবত ! ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে প্রায়শ্চিত্তোপাখ্যানে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। বাজিমেধেনাশ্বমেধেন, বিজয়ী অসুবাণামিতি শেষঃ ॥৪৬॥

অশোচ্যা ইতি। কৃতান্তবলেন দৈবপ্রভাবেণ মোহিতাঃ, তত এব চ যুদ্ধাগমাদিতি ভাবঃ ॥৪৭॥

অবাপ্ত ইতি। তে ত্বয়া। শ্রেযান্ শ্রেয়স্করঃ, প্রেত্য পবলোকে ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ত্রযস্ত্রিংশোঽধ্যাযঃ ॥০॥

ভাবতভাবদীপঃ

॥৩৭—৪০॥ মহীযন্তং মহীযমানম্ ॥৪১—৪২॥ হতনাথানাং স্ত্রীণাং শোকেন মম দোষোঽনন্ত ইত্যুক্তম্, তত্রাহ—তেষামিতি ॥৪৩—৪৪॥ কামাঃ আশেবতেঽস্মিন্ কামাশয়ঃ পূর্ণকাম ইত্যর্থঃ ॥৪৫—৪৮॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে ত্রযস্ত্রিংশোঽধ্যাযঃ ॥৩৩॥

যে নিহত বীবগণেব পুত্র নাই—কন্যা আছে, সে স্থলে তাঁহাদেব সেই কন্যাগণকেই বাজ্যে অভিষিক্ত কব। কাবণ, স্ত্রীগণের হৃদয়ে ভোগলালসা প্রবল থাকে। এইরূপ্ কবিলেই তুমি শোক পবিত্যাগ কবিতে পারিবে ॥৪৫॥

ভবতনন্দন ! তুমি এইভাবে বাজ্যেব সমস্ত লোককে আশ্বস্ত কবিযা, পূর্ব্বকালে অসুরবিজয়ী ইন্দ্র যেমন কবিয়াছিলেন, তেমন অশ্বমেধ যজ্ঞ কব ॥৪৬॥

ক্ষত্রিযশ্রেষ্ঠ। সেই মহাত্মা ক্ষত্রিয়েবা দৈবেব প্রভাবে মোহিত হইযা বিনষ্ট হইযাছেন। সুতবাং তাঁহাদের জন্য শোক কবা উচিত নহে ॥৪৭॥

ভরতনন্দন। কুন্তীপুত্র ! তুমি ক্ষত্রিযধর্ম্ম রক্ষা কবিয়াছ এবং নিষ্কণ্টক বাজ্য হাতে পাইযাছ। এখন তুমি ধর্ম্ম বক্ষা কবিতে থাক, যে ধর্ম্ম পবলোকে মঙ্গলকর হইযা থাকে' ॥৪৮॥

---

* 'দ্বাত্রিংশোঽধ্যায়ঃ' নি।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

কানি কৃত্বেহ কর্ম্মাণি প্রায়শ্চিত্তীয়তে নরঃ।
কিং কৃত্বা মুচ্যতে তত্র তন্মে ব্রূহি পিতামহ! ॥১॥

ব্যাস উবাচ।

অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম প্রতিষিদ্ধানি চাচরন্।
প্রায়শ্চিত্তীয়তে হ্যেবং নরো মিথ্যানুবর্ত্তয়ন্ ॥২॥
সূর্য্যেণাভ্যুদিতো যশ্চ ব্রহ্মচারী ভবত্যুত।
তথা সূর্য্যাভিনির্ম্মুক্তঃ কুনখী শ্যাবদন্নপি ॥৩॥

ভাবতকৌমুদী

কানীতি। প্রায়শ্চিত্তীয়তে প্রাষশ্চিত্তবদাচবতি প্রায়শ্চিত্তার্হো ভবতীত্যর্থঃ ॥১॥

অকুর্ব্বন্নিতি। বিহিতং নিত্যনৈমিত্তিকবিধয়া, প্রতিষিদ্ধানি চ স্বরূপেণ বেদৈর্ধর্ম্মশাস্ত্রাদিভিশ্চ। মিথ্যানুবর্ত্তয়ন্ ইন্দ্রিয়াণি বিষয়েষু কামেন প্রবর্ত্তয়ন্ "অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম নিষিদ্ধঞ্চ সমাচরন্। প্রসজ্যংশ্চেন্দ্রিয়ার্থেষু প্রায়শ্চিত্তীয়তে নরঃ ॥" ইতি স্মৃত্যেকবাক্যত্বাৎ ॥২॥

ভারতভাবদীপঃ

কানি কৃত্বেতি। প্রায়শ্চিত্তীয়তে প্রায়শ্চিত্তেঽধিক্রিয়তে ॥১॥ মিথ্যানুবর্ত্তয়ন্ কাপট্যং চরন্ ॥২॥ সূর্য্যেণাভ্যুদিতঃ যস্মিন্ শয়ানে সতি সূর্য্যোঽভ্যুদেতীত্যর্থঃ। অভিনির্ম্মুক্তো যস্মিন্ শয়ানে সতি সূর্য্যোঽস্তং গচ্ছতীত্যর্থঃ। "অব্যাধিতং চেৎ স্বপন্তমাদিত্যোঽভ্যুদিয়াৎ" ইত্যাদিস্মৃত্যুক্ত-প্রায়শ্চিত্তং স কুর্য্যাদিত্যর্থঃ। কুনখী শ্যাবদন্নিতি চ "স্বর্ণহারী তু কুনখী সুরাপঃ শ্যাবদন্তক" ইতি কর্ম্মবিপাকে জন্মান্তরীয়দোষবতাপি সূর্য্যারুণসংবাদাদাবুপদিষ্টং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যমিত্যুক্তম্ ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! মানুষ কোন্ কোন্ কার্য্য করিয়া প্রায়শ্চিত্ত করিবার যোগ্য হয় এবং কি করিয়াই বা সেই সেই পাপ হইতে মুক্ত হইতে পারে, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির! মানুষ বেদ বা ধর্ম্মশাস্ত্রবিহিত কার্য্য না করিয়া কিংবা সেই সকল শাস্ত্রনিষিদ্ধ কার্য্য করিয়া, অথবা ইচ্ছানুসারে ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে প্রবৃত্ত হইয়া প্রায়শ্চিত্ত করিবার যোগ্য হয় ॥২॥

---

(২) · মিথ্যানুকীর্ত্তয়ন্···পি।

পরিবিত্তিঃ পরিবেত্তা ব্রহ্মঘ্নো যশ্চ কুৎসকঃ।
দিধিষূপপতির্যঃ স্যাদগ্রেদিধিষুরেব চ ॥৪॥
অবকীর্ণী ভবেদ্‌যশ্চ দ্বিজাতিবধকস্তথা।
অতীর্থে ব্রাহ্মণত্যাগী তীর্থে চাপ্রতিপাদকঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথাষ্টভিঃ কুলকেন কাংশ্চিৎ প্রায়শ্চিত্তার্হানাহ সূর্য্যেণেতি। উতশব্দঃ পাদপূরণে। যো ব্রহ্মচারী, সূর্য্যেণাভ্যুদিতো ভবতি সূর্য্যোদয়কালেঽপি নিদ্রিত এব তিষ্ঠতীত্যর্থঃ। সূর্য্যেণ অভি-নির্ম্মুক্তঃ সূর্য্যাস্তকাল এব চ নিদ্রিতো ভবতীতি তাৎপর্য্যম্। অত্র ব্রহ্মচারীত্যনেন গৃহস্থস্য তাদৃগাচরণেঽপি ন তাদৃগ্‌দোষ ইতি সূচিতম্। কুনখী স্বভাবত এব সঙ্কুচিতনখঃ, শ্যাবাঃ স্বভাবতঃ কৃষ্ণবর্ণা দন্তা যস্য স শ্যাবদন্। বহুব্রীহৌ দন্তশব্দস্য দন্নাদেশঃ। "সুবর্ণহারী কৌনখ্যং ব্রহ্মঘ্নঃ শ্যাবদন্তকঃ" ইতি শুদ্ধিতত্ত্বধৃতা স্মৃতিঃ। পরিবিত্তিঃ পরিবেদনম্, পরিবেত্তা পরিবেদনকর্ত্তা। জ্যেষ্ঠে সহোদরে অকৃতবিবাহে অকৃতাগ্নিগ্রহণে চ কনিষ্ঠসহোদরস্য বিবাহকরণমগ্নিগ্রহণঞ্চ পরি-বেদনম্, এতচ্চোপলক্ষণম্ "জ্যেষ্ঠেঽনির্বিষ্টে কনীয়ান্ নির্বিশন্ পরিবেত্তা ভবতি পরিবিন্নো জ্যেষ্ঠঃ পরিবেদনীয়া কন্যা পরিদায়ী দাতা পরিকর্ত্তা যাজকস্তে সর্ব্বে পতিতাঃ" ইত্যুদ্বাহতত্ত্বধৃতস্মৃতেঃ। ব্রহ্মঘ্নো ব্রাহ্মণহত্যাকারী, ইদমপ্যুপলক্ষণম্। "ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ। মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ॥" ইতি মনুবচনাৎ। কুৎসকো বেদনিন্দকঃ "নাস্তিকো বেদনিন্দক" ইতি মন্বেকবাক্যত্বাৎ। যস্যাঃ সকৃদ্বিবাহে জাতে পুনরপি বিবাহো ভবতি সা নারী দিধিষূঃ, তস্যা উপপতিঃ পুনর্বিবাহকর্ত্তা। তদ্বিবাহস্যাসিদ্ধতয়া তৎসম্ভোক্তা ন পতিঃ অপি তু জার এবেত্যাশয়েনোপপতিরিত্যুক্তম্। সকৃদ্বিবাহিতায়াঃ পুনর্বিবাহকারী যদি ব্রাহ্মণঃ স্যাৎ তদাসাবগ্রেদিধিষুরুচ্যতে। তথা চামরঃ—"পুনর্ভূর্দিধিষূরূঢা দ্বিস্তস্যা দিধিষুঃ পতিঃ। স তু দ্বিজোঽগ্রেদিধিষুঃ।" ইদমপি বাগ্‌দত্তাদীনামুপলক্ষণম্। "বাচা দত্তা মনোদত্তা যা চ পাণিগৃহীতিকা। উদকস্পর্শিতা যা চ সা সর্ব্বা দিধিষূঃ স্মৃতা॥" ইতি স্মৃতেঃ। এতেন নীলকণ্ঠব্যাখ্যানং হেয়-মপ্রমাণত্বাৎ। অবকীর্ণী স্ত্রীগামী ব্রহ্মচারী "অবকীর্ণী ভবেদ্‌গত্বা ব্রহ্মচারী তু যোষিতম্।" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতস্মৃতেঃ দ্বিজাতিবধকো যুদ্ধং বিনা ক্ষত্রিয়বৈশ্যহন্তা ব্রহ্মঘ্নস্য প্রাগুক্তত্বাৎ, ইদমপি

ভারতভাবদীপঃ

অনূঢ়ে জ্যেষ্ঠে ঊঢ়বান্ কনিষ্ঠঃ পরিবেত্তা, পরিবিত্তিঃ পূর্ব্বজঃ, জ্যেষ্ঠায়ামনূঢ়ায়াং কনিষ্ঠামূঢ়বানগ্রে-দিধিষূঃ, দিধিষূপপতিস্তু কনিষ্ঠাবিবাহোত্তরং জ্যেষ্ঠামূঢ়বান্॥৪॥ অবকীর্ণী নষ্টব্রতঃ, অতীর্থে

যে ব্রহ্মচারী, সূর্য্যোদয়কালে নিদ্রিত থাকে কিংবা সূর্য্যাস্তকালে নিদ্রিত হয়; যাহার কৌনখ্যরোগ কিংবা স্বভাবতঃ দন্ত সকল কৃষ্ণ বর্ণ থাকে; নির্দ্দোষ জ্যেষ্ঠ সহোদরের বিবাহ না হইতে কনিষ্ঠ সহোদরের বিবাহ করা (এমন ক্ষেত্রে জ্যেষ্ঠ ও

---

(৪)· ব্রহ্মজ্যায়শ্চ দূষকঃ·· নি।

দক্ষিণানামদানঞ্চ ব্রাহ্মণস্বাভিমর্শনম্ ।
সর্ব্বাণ্যেতান্যকার্য্যাণি প্রাহুর্ধর্ম্মবিদো জনাঃ ॥১৫॥ (কলাপকম্)
পিত্রা বিবদতে পুত্রো যশ্চ স্যাদ্‌গুরুতল্পগঃ ।
অপ্রজায়ন্ নরব্যাঘ্র ! ভবত্যধার্ম্মিকো নরঃ ॥১৬॥
উক্তান্যেতানি কর্ম্মাণি বিস্তরেণেতরেণ চ ।
যানি কুর্ব্বন্নকুর্ব্বংশ্চ প্রায়শ্চিত্তীয়তে নরঃ ॥১৭॥
এতান্যেব তু কর্ম্মাণি ক্রিয়মাণানি মানবৈঃ ।
যেষু যেষু নিমিত্তেষু লিপ্যন্তেঽথ তান্ শৃণু ॥১৮॥
প্রগৃহ্য শস্ত্রমায়ান্তমপি বেদান্তগং রণে ।
জিঘাংসন্তং জিঘাংসীয়ান্ন তেন ব্রহ্মহা ভবেৎ ॥১৯॥

ভারতকৌমুদী

পিত্রেতি। গুরুতল্পগো গুরুভার্য্যাগামী। অপ্রজায়ন্ ভার্য্যায়াং গর্ভমজনয়ন্ যথাকালে তৎসংসর্গমকুর্ব্বন্নিত্যর্থঃ ॥১৬॥

উক্তানীতি। বিস্তরেণ "সূর্য্যেণাভ্যুদিত" ইত্যাদিনা, ইতরেণ সংক্ষেপেণ "অকুর্ব্বন্ বিহিতং কর্ম্ম" ইত্যাদিনা। যানি প্রতিষিদ্ধানি কুর্ব্বন্, যানি নিত্যতয়া বিহিতানি চাকুর্ব্বন্ ॥১৭॥

এতানীতি। ন লিপ্যন্তে মানবাঃ পাপৈরিতি শেষঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ধনাদ্যর্থং পিত্রা সহ কলহং করোতি। অপ্রজায়ন্ ধর্ম্মপত্ন্যাং কালে মৈথুনমকুর্ব্বন্ ॥১৬॥ ইতরেণ সংক্ষেপেণ ॥১৭॥ এতানি স্বধর্ম্মস্য পরিত্যাগ ইত্যাদীনি কর্ম্মাণি ক্রিয়মাণানি যে মানবাঃ উপজীবন্ত ইতি শেষঃ ॥১৮॥ জিঘাংসী হন্তুমিচ্ছাবান্, ইয়াৎ গচ্ছেৎ ॥১৯॥ মন্ত্রো মন্ত্যুরকার্য্যিনো নম

যে লোক সমর্থ হইয়াও গর্ভাধানপ্রভৃতি সংস্কারকার্য্য না করে এবং নিত্য দাতব্য দ্রব্য দান না করে, দক্ষিণা দান না করা ও ব্রাহ্মণ দ্রব্য হরণ—এই সকল কার্য্যকে ধর্ম্মজ্ঞ লোকেরা অকার্য্য বলিয়া থাকেন ॥১২—১৫॥

নরশ্রেষ্ঠ ! যে পুত্র পিতার সহিত বিবাদ করে, যে গুরুপত্নী গমন করে এবং যে লোক, যথাকালে ভার্য্যাসংসর্গ না করে, সেই সকল লোকই অধার্ম্মিক ॥১৬॥

যুধিষ্ঠির ! মানুষ যে সকল নিষিদ্ধ কার্য্য করিয়া বা বিহিত কার্য্য না করিয়া প্রায়শ্চিত্তের যোগ্য হয়, এই সেই সকল কর্ম্ম আমি সংক্ষেপে ও বিস্তরক্রমে বলিলাম ॥১৭॥

মানুষ এই সকল কর্ম্ম করে ; তা'র পর, যে যে কারণে তাহার পাপে লিপ্ত হয় না ; তাহা শ্রবণ কর ॥১৮॥

ইতি চাপ্যত্র কৌন্তেয়! মন্ত্রো বেদেষু পঠ্যতে।
বেদপ্রমাণবিহিতং ধর্ম্মঞ্চ প্রব্রবীমি তে ॥২০॥
অপেতং ব্রাহ্মণং বৃত্তাদ্‌যো হন্যাদাততায়িনম্।
ন তেন ব্রহ্মহা স স্যান্মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি ॥২১॥
প্রাণাত্যয়ে তথা জ্ঞানাদাচরন্মদিরামপি।
আদেশিতো ধর্ম্মপরৈঃ পুনঃ সংস্কারমর্হতি ॥২২॥

ভারতকৌমুদী

প্রগৃহ্যেতি। বেদান্তগং ব্রাহ্মণমপি। জিঘাংসন্তং হন্তুমিচ্ছন্তম্। জিঘাংসা হন্তুমিচ্ছাস্যাস্তীতি জিঘাংসী স সন্, ইযাৎ তদভিমুখং গচ্ছেৎ; হন্যাচ্চাপি। "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্" ইতি মনুবচনাদিতি ভাবঃ। এতেন দ্রোণবধেঽপি ন পাপম্, তত্র পাপশ্রুতিস্তু "অশ্বত্থামা হত" ইতি মিথ্যোক্তেরেবেতি বোধ্যম্ ॥১৯॥

উক্তার্থে বেদপ্রমাণং দর্শয়িতুমাহ ইতীতি। মন্ত্রো মন্ত্রবদ্‌গুপ্তো বিষয়ঃ ॥২০॥

অপেতমিতি। যো জনঃ, বৃত্তাৎ ব্রাহ্মণকার্য্যাৎ, অপেতং ভ্রষ্টম্, আততায়িনম্ অগ্নিদাতৃপ্রভৃতিরূপং ব্রাহ্মণমপি হন্যাৎ, স জনঃ, তেন হননেন, ব্রহ্মহা ব্রহ্মহত্যাজনিতপাপভাক্ ন স্যাৎ। তত্র যুক্তিমাহ মন্যুরিতি। মন্যুস্তস্য ব্রাহ্মণস্য ক্রোধ এব তস্য হন্তুর্মন্যুং ক্রোধম্, ঋচ্ছতি প্রাপ্নোতি জনয়তীত্যর্থঃ। তথা চ তত্র স্বক্রোধ এব স্বজনিতপরক্রোধদ্বারা সংহন্তীতি নাস্তি পরস্য দোষ ইতি ভাবঃ। বৃত্তাদপেতমিত্যনেন বৃত্তবদ্‌ব্রাহ্মণস্যাততায়িত্বেঽপি তদ্ধননে পাপমস্ত্যেবেতি সূচিতম্। অতএব "পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ" ইতি গীতায়ামুক্তম্। ঈদৃশসাক্ষাদ্বেদাভাবেঽপি তদর্থসঙ্কলনেনাভিহিতমিতি জ্ঞেয়ম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

ইত্যাদির্মন্ত্রবে স্বাহেত্যন্তঃ ॥২০॥ মন্যুঃ ক্রোধঃ তন্মন্যুং শত্রোঃ ক্রোধং প্রতি ঋচ্ছতি গচ্ছতি, ক্রোধ এব তং প্রতীপীভূয় পরশরীরদ্বারা হন্তীত্যর্থঃ ॥২১॥ অসাধ্যরোগাদিনা প্রাণাত্যয়ে উপস্থিতে

বেদপারদর্শী ব্রাহ্মণও যদি বধ করিবার ইচ্ছায় অস্ত্র ধারণ করিয়া যুদ্ধে আসিতে থাকে; তাহা হইলে, মানুষ বধ করিবার ইচ্ছা করিয়াই তাহার অভিমুখে যাইবে এবং সম্ভব হইলে বধও করিবে; তাহাতে তাহার ব্রহ্মহত্যার পাপ হইবে না ॥১৯॥

কুন্তীনন্দন! এই বিষয়ে বেদেও একটী বাক্য আমরা পড়িয়া থাকি, সুতরাং সেই বেদপ্রমাণবিহিত ধর্ম্মও আমি তোমার নিকট বলিতেছি—॥২০॥

যে লোক স্বধর্ম্মভ্রষ্ট আততায়ী ব্রাহ্মণকে হত্যা করে, তাহাতে সে লোক ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হয় না। কারণ, সেই ব্রাহ্মণের ক্রোধই হন্তার ক্রোধ উৎপাদন করে। (এইরূপ স্থলে আপনার ক্রোধই পরের ক্রোধ জন্মাইয়া তাহাদ্বারা আপনাকে বধ করে) ॥২১॥

বৃথা পশুসমালম্ভং নৈব কুর্য্যান্ন কারয়েৎ।
অনুগ্রহঃ পশূনাং হি সংস্কারো বিধিনোদিতঃ ॥৩০॥
অনর্হে ব্রাহ্মণে দত্তমজ্ঞানাত্তন্ন দূষকম্।
সৎকারাণাং তথা তীর্থে নিত্যং বা প্রতিপাদনম্ ॥৩১॥
স্ত্রিয়াস্তথাপচারিণ্যা নিষ্কৃতিঃ স্যাদদূষিকা।
অপি সা পূয়তে তেন ন তু ভর্ত্তা প্রদুষ্যতি ॥৩২॥

ভারতকৌমুদী

বৃথেতি। বৃথা পশুসমালম্ভং প্রোক্ষণাদিসংস্কারব্যতিরেকেণ ছাগাদিপশুচ্ছেদনম্। "সংস্কৃত্য বিধিবদ্বলিম্" ইত্যাদিনা বিধিনা, উদিত উক্তঃ, সংস্কারঃ প্রোক্ষণাদিঃ, পশূনামনুগ্রহঃ, স্বর্গজনকত্বাৎ "বলিপ্রদো বলিশ্চৈব যাজকশ্চৈব যো দ্বিজঃ। ত্রয়ঃ স্বর্গং ধ্রুবং যান্তি দেবীবরপ্রসাদতঃ॥" ইতি দুর্গোৎসবপ্রকরণবচনাৎ। অতএব তাদৃশপশুসমালম্ভং কুর্য্যাৎ কারয়েচ্চেতি ভাবঃ ॥৩০॥

অপাত্রে দানং প্রতিপ্রস্তৌতে অনর্হ ইতি। অনর্হে পাতিত্যাদিনা অযোগ্যে, দত্তং দানম্। তীর্থে, অনর্হে ব্রাহ্মণ এব, সৎকারাণাং দানমানাদীনাম্, নিত্যং প্রতিপাদনং করণং বা তথা ন দূষকমিত্যর্থঃ। তত্র প্রায়েণ সদ্ব্রাহ্মণানাং দুর্লভত্বাদিত্যাশয়ঃ ॥৩১॥

স্ত্রিয়া ইতি। অপচারিণ্যা ব্যভিচারিণ্যাঃ স্ত্রিয়াঃ, নিষ্কৃতির্বহিষ্করণম্। অদূষিকা বহিষ্কর্ত্তুর্দোষাজনিকা স্যাৎ। যেন হি, তেন বহিষ্করণেন, কষ্টকরত্বাৎ প্রায়শ্চিত্তরূপেণেত্যাশয়ঃ, সা স্ত্রী অপি, পূয়তে পাপহীনা ভবতি, তথাত্বে তু তদ্ভর্ত্তাপি ন প্রদুষ্যতি তৎসংসর্গাসম্ভবাদিতি ভাবঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

স্ত্রিয়া প্রার্থিতে সতি ॥২৯॥ বৃথা শ্রাদ্ধাদিনিমিত্তং বিনা, সংস্কারঃ পাবিত্র্যম্। "যো যজেতাশ্বমেধেন মাসি মাসি শতং সমাঃ। মাংসানি চ ন খাদেত দ্বয়মেতৎ সমং স্মৃত"মিতি স্মৃতেঃ ॥৩০॥ তীর্থে সৎকারাণামজ্ঞানাদপ্রতিপাদনমপি ন দূষকম্ ॥৩১॥ অপচারিণ্যাঃ ব্যভিচারিণ্যাঃ, নিষ্কৃতি

অবলম্বন করিলে, কনিষ্ঠ সহোদরের বিবাহে পরিবেদন দোষ হয় না এবং পরস্ত্রী বা তাহার আত্মীয় তাহার মৈথুন প্রার্থনা করিলে, তাহার সঙ্গে মৈথুন করিলে পুরুষের ধর্ম্ম নষ্ট করে না ॥২৯॥

মানুষ প্রোক্ষণাদি না করিয়া পশুবধ করিবে না বা করাইবে না। কিন্তু শাস্ত্রোক্ত প্রোক্ষণাদি সংস্কার পশুর পক্ষে অনুগ্রহ ॥৩০॥

না জানিয়া অযোগ্য ব্রাহ্মণকে যে দান করা হয়, তাহাতে কোন দোষ হয় না, কিংবা তীর্থে সেই অযোগ্য ব্রাহ্মণকে সর্ব্বদা দানাদি করিলেও দোষ হইবে না ॥৩১॥

কেহ যদি ব্যভিচারিণী স্ত্রীকে গৃহ হইতে বহিষ্কৃত করে, তাহাতে তাহার দোষ

(৩১) তীর্থে চাপ্রতিপাদনম্—পি। (৩২) স্ত্রিয়স্তথাপচারিণ্যাঃ · প্রদুষ্যতে—পি।

তত্ত্বং জ্ঞাত্বা তু সোমস্য বিক্রয়ঃ স্যাদদোষবান্।
অসমর্থস্য ভৃত্যস্য বিসর্গঃ স্যাদদোষবান্ ॥৩৩॥
বনদাহো গবামর্থে ক্রিয়মাণো ন দূষকঃ।
উক্তান্যেতানি কর্ম্মাণি যানি কুর্ব্বন্ন দুষ্যতি ॥৩৪॥
প্রায়শ্চিত্তানি বক্ষ্যামি বিস্তরেণৈব ভারত!।
যানি কৃত্বা নরঃ পূতো ভবিষ্যতি নরাধিপ! ॥৩৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে প্রায়শ্চিত্তীয়ে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্ত্বমিতি। তত্ত্বং যজ্ঞার্থোঽয়ং সোম ইতি যাথার্থ্যম্, সোমস্য সোমরসস্য। অসমর্থস্য ভর্ত্তু-মশক্তস্য স্বামিনঃ, ভৃত্যস্য অবশ্যভরণীয়স্যাপি পুত্রকলত্রাদেঃ, বিসর্গস্ত্যাগঃ ॥৩৩॥

বনেতি। অর্থে বিচরণাদিস্থাননির্ম্মাণার্থে ॥৩৪॥

প্রায় ইতি। "পাপক্ষয়মাত্রসাধনত্বেন বিধিবোধিতং কর্ম্ম প্রায়শ্চিত্তম্" ইতি স্মার্ত্তঃ শূলপাণিশ্চ। পূতঃ পাপক্ষয়েণ পবিত্রঃ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ধিক্করণং দাসীবদন্নাচ্ছাদনমাত্রেণ দূরস্থাপনং তয়া সহ রতিভোজনাদিবর্জ্জনং চেত্যর্থঃ ॥৩২॥ সোমস্য তত্ত্বম্ অনেন তৃপ্তা দেবা মনুষ্যান্ কামৈরভিবর্ষন্তীতি লোকদ্বয়োপকারণকোঽয়ং সোম ইতি ॥৩৩—৩৫॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

হয় না। কারণ, তাহাতে সেই স্ত্রীরও পাপ ক্ষয় হয় এবং তাহার ভর্ত্তারও তৎসংসর্গ-নিবন্ধন দোষ হইতে পারে না ॥৩২॥

ক্রেতার উদ্দেশ্য বুঝিয়া সোম বিক্রয় করিলে, তাহাতে দোষ হয় না এবং ভরণীয় ব্যক্তিকে ভরণ করিতে না পারিলে, তাহাকে ত্যাগ করিলেও ভর্ত্তার কোন দোষ হইতে পারে না ॥৩৩॥

গোপ্রচারের জন্য বন দগ্ধ করিলে, তাহাতেও কোন দোষ হয় না। যে কার্য্যগুলি করিলে দোষ হয় না, এই সেই সকল কার্য্য বলিলাম ॥৩৪॥

ভরতনন্দন নরনাথ! মানুষ যে প্রায়শ্চিত্ত করিয়া পবিত্র হয়, আমি সেই সকল প্রায়শ্চিত্তের কথা এখন বিস্তরক্রমে বলিব' ॥৩৫॥

---

* 'ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ' নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

ব্যাস উবাচ।

তপসা কর্ম্মণা চৈব প্রদানেন চ ভারত!।
পুনাতি পাপং পুরুষঃ পুনশ্চেন্ন প্রবর্ত্ততে ॥১॥
এককালন্তু ভুঞ্জীত চরন্ ভৈক্ষ্যং স্বকর্ম্মকৃৎ।
কপালপাণিঃ খট্বাঙ্গী ব্রহ্মচারী সদোত্থিতঃ ॥২॥
অনসূয়ুরধঃশায়ী কর্ম্ম লোকে প্রকাশয়ন্।
পূর্ণৈর্দ্বাদশভির্বর্ষৈর্ব্রহ্মহা বিপ্রমুচ্যতে ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তপসেতি। তপসা বৈধোপবাসকৃপণনাকাদিনা, কর্ম্মণা বেদপাঠাদিনা। পুনাতি নাশয়তি, পুনশ্চেৎ পাপে ন প্রবর্ত্ততে তদা পাপং পুনাতি। পূর্ব্বকৃতপ্রায়শ্চিত্তেন পুনঃ করিষ্যমাণস্য পাপস্য ক্ষয়ো ন ভবেৎ, তথাত্বে পুনরপি প্রায়শ্চিত্তং করণীয়মিত্যর্থঃ ॥১॥

অজ্ঞানকৃতব্রহ্মহত্যাপাপপ্রায়শ্চিত্তমাহ দ্বাভ্যাং যুগ্মকেন একেতি। এককালং দিবা নক্তং বা। স্বকর্ম্মকৃৎ স্বজাতিবিহিতনিত্যকর্ম্মানুষ্ঠায়ী। কপালং ভিক্ষাপাত্রং পাণৌ যস্য সঃ, খট্বাঙ্গী খট্বাপাদধারী। সদা উত্থিতো ভক্ষ্যাদ্যর্থমুদ্যোগী। কর্ম্ম ব্রহ্মহত্যাকার্য্যম্, লোকে প্রকাশয়ন্ খ্যাপনেন পাপনাশাৎ ॥২—৩॥

ভারতভাবদীপঃ

সাধারণানি প্রায়শ্চিত্তানি তাবদাহ—তপসেতি। তপসা কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিনা। কর্ম্মণা যজ্ঞাদিনা। প্রদানেন গবাদীনাম্। পুনাতি শোধয়তি ॥১॥ স্বকর্ম্মকৃদ্দাসাদিরহিতঃ ॥২॥ কর্ম্ম ব্রহ্মহত্যাম্ ॥৩॥

বেদব্যাস বলিলেন—'ভরতনন্দন! মানুষ তপস্যা, বেদপাঠপ্রভৃতি কার্য্য ও শাস্ত্রবিহিত দানদ্বারা পাপ ক্ষয় করিতে পারে; কিন্তু সে যদি আবার পাপে প্রবৃত্ত না হয়। (আবার পাপে প্রবৃত্ত হইলে, আবারও প্রায়শ্চিত্ত করিতে হইবে) ॥১॥

ব্রহ্মহত্যাকারী লোক, সন্ধ্যাবন্দনাদি নিত্য কার্য্য করিতে থাকিয়া, এক হাতে একটা খাটের পায়া ও অপর হাতে একটা ভিক্ষাপাত্র লইয়া সর্ব্বদা ব্রহ্মচারী ও উদ্‌যোগী থাকিয়া, কাহারও দোষ আবিষ্কার না করিয়া, ভিক্ষা করতঃ দিনে বা রাত্রিতে একবার মাত্র ভোজন করিবে, ভূতলে শয়ন করিয়া নিদ্রা যাইবে এবং

(১) পূতশ্চেন্ন প্রবর্ত্তয়েৎ—পি, পূতশ্চেন্ন প্রবর্ত্ততে—নি। (২) এককালন্তু ভুঞ্জানঃ পি।

লক্ষ্যঃ শস্ত্রভৃতাং বা স্যাদ্বিদুষামিচ্ছয়াত্মনঃ।
প্রাস্যেদাত্মানমগ্নৌ বা সমিদ্ধে ত্রিরবাক্‌শিরাঃ ॥৪॥
জপন্ বান্যতমং বেদং যোজনানাং শতং ব্রজেৎ।
সর্ব্বস্বং বা বেদবিদে ব্রাহ্মণায়োপপাদয়েৎ ॥৫॥
ধনং বা জীবনায়ালং গৃহং বা সপরিচ্ছদম্।
মুচ্যতে ব্রহ্মহত্যায়া গোপ্তা গোব্রাহ্মণস্য চ ॥৬॥
ষড়্‌ভির্বর্ষৈঃ কৃচ্ছ্রভোজী ব্রহ্মহা পূয়তে নরঃ।
মাসে মাসে সমশ্নংস্তু ত্রিভির্বর্ষৈঃ প্রমুচ্যতে ॥৭॥

ভাবতকৌমুদী

জ্ঞানকৃতব্রহ্মহত্যাপাপে বিকল্পানাহ শ্লোকজাতেন লক্ষ্য ইতি। লক্ষ্যঃ শস্ত্রাঘাতস্য, বিদুষাং তৎপাপবিদাম্ আত্মনশ্চ। প্রাস্যেৎ নিক্ষিপেৎ ॥৪॥

জপন্নিতি। জপন্ পঠন্, বেদং বেদসংহিতাম্। উপপাদযেৎ দদ্যাৎ ॥৫॥

ধনমিতি। জীবনায সম্প্রদানপাত্রস্য যাবজ্জীবং জীবনযাত্রানির্ব্বাহোপযোগিব্যযনির্ব্বাহায়, অলং সমর্থম্, ধনং বা, সপরিচ্ছদং মঞ্জুষাপ্রভৃতিসমেতং গৃহং বা, বেদবিদে ব্রাহ্মণায উপপাদযে-দিত্যনুবৃত্তিঃ। গোপ্তা প্রাণসঙ্কটে রক্ষিতা ॥৬॥

ষড়্‌ভিরিতি। কৃচ্ছ্রেণ প্রাজাপত্যব্রতবিধযা ভুঙ্‌ক্তে ইতি কৃচ্ছ্রভোজী। প্রাজাপত্যমাহ প্রায়শ্চিত্ততত্ত্বধৃতং বচনম্—"ত্র্যহং প্রাতস্ত্র্যহং সাযং ত্র্যহমদ্যাদযাচিতম্। ত্র্যহং পরঞ্চ নাশ্নীযাৎ

ভাবতভাবদীপঃ

লক্ষ্য ইতি কামকারবিষযে বিদুষাং প্রাযশ্চিত্তোপদেষ্টৄণাম্ আত্মনো বা ইচ্ছয়া বৈদুষ্যে সতি অকামতস্ত্বাহ—ত্রিরিত্যাদিনা ॥৪॥ অবাক্‌শিরাঃ যৎ কঞ্চিদ্বেদং জপন্ যোজনানাং শতং ত্রির্ব্রজেৎ

লোক দেখিলেই তাহার নিকট নিজের দুষ্কর্ম্ম প্রকাশ করিবে। এইভাবে বার বৎসর পূর্ণ হইলে সেই ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হইবে ॥২—৩॥

ব্রহ্মহত্যাকারী তৎপাপাভিজ্ঞ লোকের ও নিজের ইচ্ছা অনুসারে অস্ত্রধারী লোকের অস্ত্রাঘাতের লক্ষ্য হইবে, অথবা অধোমস্তক হইয়া প্রজ্বলিত অগ্নিতে তিন বার দেহ নিক্ষেপ করিবে ॥৪॥

কিংবা কোন একখানি বেদগ্রন্থ পাঠ করিতে থাকিয়া একশত যোজন গমন করিবে, অথবা সর্ব্বস্ব বেদজ্ঞ ব্রাহ্মণকে দান করিবে ॥৫॥

একজনের যাবজ্জীবন জীবনযাত্রা নির্ব্বাহোপযোগী ধন কিংবা পরিচ্ছদের (আসবাবের) সহিত একখানি বাটী দান করিবে, তাহা হইলেই ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হইবে। অথবা প্রাণসঙ্কটে গো কিংবা ব্রাহ্মণকে রক্ষা করিলেও ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্তি পাইবে ॥৬॥

সংবৎসরেণ মাসাশী পূয়তে নাত্র সংশয়ঃ।
তথৈবোপবসন্ রাজন্! স্বল্পেনাপি প্রপূয়তে ॥৮॥
ক্রতুনা চাশ্বমেধেন পূয়তে নাত্র সংশয়ঃ।
যে চাপ্যবভৃথস্নাতাঃ কেচিদেবংবিধা নরাঃ ॥৯॥
তে সর্ব্বে ধূতপাপ্মানো ভবন্তীতি পরা শ্রুতিঃ।
ব্রাহ্মণার্থে হতো যুদ্ধে মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রাজাপত্যং চরন্ দ্বিজঃ॥" এতেন বর্ষে ত্রিংশৎ প্রাজাপত্যানীতি তৎ ষড়্গুণনেনাশীত্যধিকশত-প্রাজাপত্যানি ভবন্তি। মাসে মাসে সমশ্নন্ পরাকব্রতবিষয়া ভুঞ্জানঃ, একৈকমাসে একৈকং পরাকং কুর্ব্বন্নিত্যর্থঃ। পরাকব্রতমাহ তত্রৈব—"যতাত্মনোঽপ্রমত্তস্য দ্বাদশাহমভোজনম্। পরাকো নাম কৃচ্ছ্রোঽয়ং সর্ব্বপাপাপনোদনঃ॥" এতত্তু "ষড়্ভির্বর্ষৈঃ কৃচ্ছ্রচারী ব্রহ্মহা তু বিশুধ্যতি। মাসি মাসি পরাকেণ ত্রিভির্বর্ষৈর্ব্যপোহতি॥" ইতি প্রায়শ্চিত্তবিবেকধৃতবচনৈকবাক্যতয়া বিবৃতং জ্ঞেয়ম্ ॥৭॥

সংবৎসরেণেতি। মাসে অশ্নাতীতি মাসাশী একৈকস্মিন্ মাসে একৈকবারভোজীত্যর্থঃ। নম্বেতাবতা স্বল্পকালেন কথং শুদ্ধিরিত্যাহ তথেতি। উপবাসাতিরেকাৎ স্বল্পেনাপি কালেন শুদ্ধিরিত্যাশয়ঃ ॥৮॥

ক্রতুনেতি। ক্রতুনা যজ্ঞেন। অবভৃথে তদ্যজ্ঞসমাপ্তৌ স্নাতাঃ। ধূতপাপ্মানো নাশিত-পাপাঃ। শ্রুতিশ্চ—"তরতি পাপ্মানং তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজতে" ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

শতত্রয়যোজনং পাদচারেণ তীর্থযাত্রায়াং বেদং জপন্মুচ্যত ইত্যর্থঃ ॥৫—৬॥ কৃচ্ছ্রভোজী কৃচ্ছ্ররীত্যা সাতত্যেন ভুঞ্জানঃ। "ত্র্যহং প্রাতস্ত্র্যহং সায়ং ত্র্যহমদ্যাদযাচিতম্। ত্র্যহং পরঞ্চ নাশ্নীয়া"দিতি বিধিনা একৈকঃ কৃচ্ছ্রো দ্বাদশদিনাত্মকো জ্ঞেয়ঃ। মাসে মাসে ইতি তস্যৈবাতিদেশঃ, সপ্তাহং প্রাতঃ সপ্তাহং সায়ং সপ্তাহমযাচিতং সপ্তাহমনশনং বিষমেষু মাসেষু স এবাষ্টাহক্রমেণ সমেষু মাসেষু প্রকার এবং বর্ষত্রয়মিতি দ্বিতীয়ঃ ॥৭॥ মাসাশীতি মাসং সায়ং মাসং প্রাতর্মাসত্রযাচিতং

ব্রহ্মহত্যাকারী মানুষ ছয় বৎসর যাবৎ প্রাজাপত্যব্রত করিলে কিংবা তিনবৎসর পর্য্যন্ত এক এক মাসে এক একটী পরাকব্রত করিলে, ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয়। (প্রাজাপত্যব্রত ও পরাকব্রত টীকায় লিখিত হইল) ॥৭॥

ব্রহ্মহত্যাকারী প্রত্যেক মাসে এক একবার মাত্র ভোজন করিলে, এক বৎসরেই সে ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হইতে পারে। রাজা! সেইরূপ অধিক উপবাস করিলে, অল্পকাল মধ্যে পাপ হইতে মুক্ত হওয়া যুক্তিসঙ্গত ॥৮॥

ব্রহ্মহত্যাকারী অশ্বমেধযজ্ঞ করিয়াও ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয়।

গবাং শতসহস্রন্তু পাত্রেভ্যঃ প্রতিপাদয়েৎ।
ব্রহ্মহা বিপ্রমুচ্যেত সর্ব্বপাপেভ্য এব চ ॥১১॥
কপিলানাং সহস্রাণি যো দদ্যাৎ পঞ্চবিংশতিম্।
দোগ্ধ্রীণাং স চ পাপেভ্যঃ সর্ব্বেভ্যো বিপ্রমুচ্যতে ॥১২॥
গোসহস্রং সবৎসানাং দোগ্ধ্রীণাং প্রাণসংশয়ে।
সাধুভ্যো বৈ দরিদ্রেভ্যো দত্ত্বা মুচ্যেত কিল্বিষাৎ ॥১৩॥
শতং বৈ যস্তু কাম্বোজান্ ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছতি।
নিয়তেভ্যো মহীপাল! স চ পাপাৎ প্রমুচ্যতে ॥১৪॥
মনোরথং তু যো দদ্যাদেকস্মা অপি ভারত!।
ন কীর্ত্তয়েত দত্ত্বা যঃ স চ পাপাৎ প্রমুচ্যতে ॥১৫॥

ভাবতকৌমুদী

গবামিতি। শতসহস্রং লক্ষম্। প্রতিপাদয়েৎ দদ্যাৎ ॥১১॥
কপিলানামিতি। কপিলানাং স্বর্ণবর্ণানাম্। দোগ্ধ্রীণাং বহুক্ষীবাণাম্ ॥১২॥
গবিতি। সবৎসানাং দোগ্ধ্রীণামিত্যনযোর্গবিত্যেকদেশেঽন্বয আর্ষঃ ॥১৩॥
শতমিতি। কাম্বোজান্ কম্বোজদেশীযান্ অশ্বান্। নিযতেভ্যো ব্রতপবাযণেভ্যঃ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

মাসমুপবাস ইতি ক্রমেণ বর্দ্ধং বা নযেৎ, মাসাদধিকেন স্বল্পেনাপি কালেনোপবসন্ জলমাত্রেণ বর্ত্তযন্ মুচ্যতে ॥৮॥ সর্ব্বং পাপ্মানং তরতি "তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজত" ইতি শ্রুতিঃ

এইরূপ ব্রহ্মহত্যাকাবী যে কোন মানুষই সেই যজ্ঞ সমাপ্তিকালীন তদীয় জলে স্নান কবিযা সমস্ত পাপ বিনষ্ট কবিতে পাবে, এইরূপই বেদবাক্য রহিয়াছে। (সে বেদবাক্য টীকায লিখিত হইল)। অথবা ব্রাহ্মণকে বক্ষা কবিবাব জন্যও যুদ্ধে নিহত হইলে, ব্রহ্মহত্যাব পাপ হইতে মুক্ত হয ॥৯—১০॥

কিংবা ব্রহ্মহত্যাকাবী একলক্ষ গরু উপযুক্ত পাত্রদিগকে দান কবিলে ব্রহ্মহত্যাব পাপ হইতে এবং অন্যান্য সমস্ত পাপ হইতে মুক্ত হইতেও পাবে ॥১১॥

যে লোক, পঞ্চবিংশতি সহস্র স্বর্ণবর্ণা ও বহুক্ষীবা গো দান কবে, সেই লোক সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১২॥

মানুষ প্রাণ সংশযেব সময়ে দবিদ্র সাধুদিগকে সবৎসা ও বহুদুগ্ধা সহস্র গো দান করিয়া সকল পাপ হইতে মুক্ত হইযা থাকে ॥১৩॥

বাজা! যে লোক, ব্রতপবাযণ ব্রাহ্মণদিগকে কম্বোজদেশীয একশত অশ্ব দান কবে, সেই লোক, সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১৪॥

সংবৎসরেণ মাসাশী পূয়তে নাত্র সংশয়ঃ।
তথৈবোপবসন্ রাজন্! স্বল্পেনাপি প্রপূয়তে ॥৮॥
ক্রতুনা চাশ্বমেধেন পূয়তে নাত্র সংশয়ঃ।
যে চাপ্যবভৃথস্নাতাঃ কেচিদেবংবিধা নরাঃ ॥৯॥
তে সর্ব্বে ধূতপাপ্মানো ভবন্তীতি পরা শ্রুতিঃ।
ব্রাহ্মণার্থে হতো যুদ্ধে মুচ্যতে ব্রহ্মহত্যয়া ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রাজাপত্যং চরন্ দ্বিজঃ॥" এতেন বর্ষে ত্রিংশৎ প্রাজাপত্যানীতি তৎ ষড়্গুণনেনাশীত্যধিকশত-প্রাজাপত্যানি ভবন্তি। মাসে মাসে সমশ্নন্ পরাকব্রতবিষয়া ভুঞ্জানঃ, একৈকমাসে একৈকং পরাকং কুর্ব্বন্নিত্যর্থঃ। পরাকব্রতমাহ তত্রৈব—"যতাত্মনোঽপ্রমত্তস্য দ্বাদশাহমভোজনম্। পরাকো নাম কৃচ্ছ্রোঽয়ং সর্ব্বপাপাপনোদনঃ॥" এতত্তু "ষড়্ভির্বর্ষৈঃ কৃচ্ছ্রচারী ব্রহ্মহা তু বিশুধ্যতি। মাসি মাসি পরাকেণ ত্রিভির্বর্ষৈর্ব্যপোহতি॥" ইতি প্রায়শ্চিত্তবিবেকধৃতবচনৈকবাক্যতয়া বিবৃতং জ্ঞেয়ম্ ॥৭॥

সংবৎসরেণেতি। মাসে অশ্নাতীতি মাসাশী একৈকস্মিন্ মাসে একৈকবারভোজীত্যর্থঃ। নন্বেতাবতা স্বল্পকালেন কথং শুদ্ধিরিত্যাহ তথেতি। উপবাসাতিরেকাৎ স্বল্পেনাপি কালেন শুদ্ধিরিত্যাশয়ঃ॥৮॥

ক্রতুনেতি। ক্রতুনা যজ্ঞেন। অবভৃথে তদঙ্গসমাপ্তৌ স্নাতাঃ। ধূতপাপ্মানো নাশিত-পাপাঃ। শ্রুতিশ্চ—"তরতি পাপ্মানং তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজতে" ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

শতত্রয়যোজনং পাদচারেণ তীর্থযাত্রায়াং বেদং জপন্মুচ্যত ইত্যর্থঃ॥৫—৬॥ কৃচ্ছ্রভোজী কৃচ্ছ্ররীত্যা সাতত্যেন ভুঞ্জানঃ। "ত্র্যহং প্রাতস্ত্র্যহং সায়ং ত্র্যহমদ্যাদযাচিতম্। ত্র্যহং পরঞ্চ নাশ্নীয়া"দিতি বিধিনা একৈকঃ কৃচ্ছ্রো দ্বাদশদিনাত্মকো জ্ঞেয়ঃ। মাসে মাসে ইতি তস্যৈবাতিদেশঃ; সপ্তাহং প্রাতঃ সপ্তাহং সায়ং সপ্তাহমযাচিতং সপ্তাহমনশনং বিষমেষু মাসেষু স এবাষ্টাহক্রমেণ সমেষু মাসেষু প্রকার এবং বর্ষত্রয়মিতি দ্বিতীয়ঃ॥৭॥ মাসাশীতি মাসং সায়ং মাসং প্রাতর্মাসমযাচিতং

ব্রহ্মহত্যাকারী মানুষ ছয় বৎসর যাবৎ প্রাজাপত্যব্রত করিলে কিংবা তিনবৎসর পর্য্যন্ত এক এক মাসে এক একটী পরাকব্রত করিলে, ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয়। (প্রাজাপত্যব্রত ও পরাকব্রত টীকায় লিখিত হইল) ॥৭॥

ব্রহ্মহত্যাকারী প্রত্যেক মাসে এক একবার মাত্র ভোজন করিলে, এক বৎসরেই সে ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হইতে পারে। রাজা! সেইরূপ অধিক উপবাস করিলে, অল্পকাল মধ্যে পাপ হইতে মুক্ত হওয়া যুক্তিসঙ্গত ॥৮॥

ব্রহ্মহত্যাকারী অশ্বমেধযজ্ঞ করিয়াও ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয়।

গবাং শতসহস্রন্তু পাত্রেভ্যঃ প্রতিপাদয়েৎ।
ব্রহ্মহা বিপ্রমুচ্যেত সর্ব্বপাপেভ্য এব চ ॥১১॥
কপিলানাং সহস্রাণি যো দদ্যাৎ পঞ্চবিংশতিম্।
দোগ্ধ্রীণাং স চ পাপেভ্যঃ সর্ব্বেভ্যো বিপ্রমুচ্যতে ॥১২॥
গোসহস্রং সবৎসানাং দোগ্ধ্রীণাং প্রাণসংশয়ে।
সাধুভ্যো বৈ দরিদ্রেভ্যো দত্ত্বা মুচ্যেত কিল্বিষাৎ ॥১৩॥
শতং বৈ যস্তু কাম্বোজান্ ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছতি।
নিয়তেভ্যো মহীপাল! স চ পাপাৎ প্রমুচ্যতে ॥১৪॥
মনোরথং তু যো দদ্যাদেকস্মা অপি ভারত!।
ন কীর্ত্তয়েত দত্ত্বা যঃ স চ পাপাৎ প্রমুচ্যতে ॥১৫॥

ভাবতকৌমুদী

গবামিতি। শতসহস্রং লক্ষম্। প্রতিপাদয়েৎ দদ্যাৎ ॥১১॥
কপিলানামিতি। কপিলানাং স্বর্ণবর্ণানাম্। দোগ্ধ্রীণাং বহুক্ষীবাণাম্ ॥১২॥
গবিতি। সবৎসানাং দোগ্ধ্রীণামিত্যনয়োর্গবিত্যেকদেশেঽন্বয আর্ষঃ ॥১৩॥
শতমিতি। কাম্বোজান্ কম্বোজদেশীযান্ অশ্বান্। নিয়তেভ্যো ব্রতপবাযণেভ্যঃ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

মাসমুপবাস ইতি ক্রমেণ বর্ষং বা নযেৎ, মাসাদধিকেন স্বল্পেনাপি কালেনোপবসন্ জলমাত্রেণ বর্ত্তয়ন্ মুচ্যতে ॥৮॥ সর্ব্বং পাপ্মানং তবতি "তবতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজত" ইতি শ্রুতিঃ

এইরূপ ব্রহ্মহত্যাকাবী যে কোন মানুষই সেই যজ্ঞ সমাপ্তিকালীন তদীয় জলে স্নান কবিযা সমস্ত পাপ বিনষ্ট কবিতে পাবে, এইরূপই বেদবাক্য বহিযাছে। (সে বেদবাক্য টীকায লিখিত হইল)। অথবা ব্রাহ্মণকে বক্ষা কবিবাব জন্যও যুদ্ধে নিহত হইলে, ব্রহ্মহত্যাব পাপ হইতে মুক্ত হয় ॥৯—১০॥

কিংবা ব্রহ্মহত্যাকাবী একলক্ষ গরু উপযুক্ত পাত্রদিগকে দান কবিলে ব্রহ্মহত্যাব পাপ হইতে এবং অন্যান্য সমস্ত পাপ হইতে মুক্ত হইতেও পাবে ॥১১॥

যে লোক, পঞ্চবিংশতি সহস্র স্বর্ণবর্ণা ও বহুক্ষীবা গো দান কবে, সেই লোক সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১২॥

মানুষ প্রাণ সংশযেব সময়ে দবিদ্র সাধুদিগকে সবৎসা ও বহুদুগ্ধা সহস্র গো দান কবিযা সকল পাপ হইতে মুক্ত হইয়া থাকে ॥১৩॥

বাজা! যে লোক, ব্রতপবাযণ ব্রাহ্মণদিগকে কম্বোজদেশীয একশত অশ্ব দান কবে, সেই লোক, সমস্ত পাপ হইতে মুক্ত হয ॥১৪॥

সুরাপানং সকৃৎ কৃত্বা যোঽগ্নিবর্ণাং সুরাং পিবেৎ।
স পাবয়ত্যথাত্মানমিহ লোকে পরত্র চ ॥১৬॥
মরুপ্রপাতং প্রপতন্ জ্বলনং বা সমাবিশন্।
মহাপ্রস্থানমাতিষ্ঠন্ মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥১৭॥
বৃহস্পতিসবেনেষ্ট্বা সুরাপো ব্রাহ্মণঃ পুনঃ।
সমিতিং ব্রাহ্মণো গচ্ছেদিতি বৈ ব্রহ্মণঃ শ্রুতিঃ ॥১৮॥
ভূমিপ্রদানং কুর্য্যাদ্যঃ সুরাং পীত্বা বিমৎসরঃ।
পুনর্ন চ পিবেদ্রাজন্! সংস্কৃতঃ স চ শুধ্যতি ॥১৯॥

ভাবতকৌমুদী

মন ইতি। মনোবথং বৎকিঞ্চিদভীষ্টং বস্তু, একস্মৈ পাত্রায়াপি ॥১৫॥

সুবেতি। অগ্নিবর্ণাম্ অগ্নিসন্তাপেনৈব প্রায়শ্চিত্তরূপতয়া কষ্টপ্রাপ্যাবশ্যকত্বাৎ ॥১৬॥

মর্ব্বিতি। মরৌ জলশূন্যস্থানে প্রপাতঃ পতনং যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা, প্রপতন্ অত্যুচ্চদেশাৎ; জ্বলনং প্রজ্বলিতমগ্নিম্। মহাপ্রস্থানং পাদচারেণ কেদারপথেন চ হিমালয়ারোহণম্, আতিষ্ঠন্ কুর্ব্বন্ ॥১৭॥

বৃহস্পতীতি। বৃহস্পতিসবেন তদাখ্যেন যজ্ঞেন, ইষ্ট্বা দেবপূজনং কৃত্বা। স ব্রাহ্মণঃ, ব্রহ্মণো ব্রাহ্মণস্য, সমিতিং সমাজং গচ্ছেৎ তদ্ব্যবহার্য্য এব ভবেৎ ॥১৮॥

ভূমীতি। বিমৎসরঃ পরশুভদ্বেষশূন্যঃ। সংস্কৃতঃ পুনরুপনয়নসংস্কারং প্রাপ্তঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥৯—১৩॥ কাম্বোজান্ জাত্যশ্বান্ কম্বুদেশজান্ ॥১৪॥ মনোবথং বাঞ্ছিতং গৃহক্ষেত্রাদি ॥১৫—১৬॥ মরুপ্রপাতং নির্জ্জলদেশে পর্ব্বতাগ্রাৎ পতনম্, মহাপ্রস্থানং কেদারে হিমবদারোহণম্ ॥১৭॥ সমিতিং

ভরতনন্দন! যে লোক, একটী পাত্রকেও তাহার অভীষ্ট বস্তু দান করে এবং যে লোক, দান করিয়া তাহার কীর্ত্তন না করে, সেই সেই লোকও পাপ হইতে মুক্ত হয় ॥১৫॥

যে মানুষ একবার মাত্র সুরা পান করিয়া অগ্নিবর্ণা (অত্যন্ত উত্তপ্তা) সুরা পান করে, সে মানুষ ইহলোকে ও পরলোকে আপনাকে পবিত্র করে ॥১৬॥

মানুষ অত্যুচ্চ স্থান হইতে জলশূন্য স্থানে পতিত হইয়া কিংবা প্রজ্বলিত অগ্নির মধ্যে প্রবেশ করিয়া অথবা পাদচারে কেদারপথে মহাপ্রস্থান করিতে থাকিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১৭॥

সুরাপায়ী ব্রাহ্মণ বৃহস্পতিসবনামক যজ্ঞ করিয়া ব্রাহ্মণসমাজে ব্যবহার্য্য হইতে পারিবে এইরূপ শ্রুতি রহিয়াছে ॥১৮॥

---

(১৬)·· যোঽগ্নিবর্ণাং পিবেদ্দ্বিজঃ· পি।

গুরুতল্পী শিলাং তপ্তামায়সীমভিসংবিশেৎ।
অবকৃত্যাত্মনঃ শেফং প্রব্রজেদূর্দ্ধদর্শনঃ ॥২০॥
শরীরস্য বিমোক্ষেণ মুচ্যতে কর্ম্মণোঽশুভাৎ।
কর্ম্মভ্যো বিপ্রমুচ্যন্তে যতাঃ সংবৎসরং স্ত্রিয়ঃ ॥২১॥
মহাব্রতং চরেদ্‌যস্তু দদ্যাৎ সর্ব্বস্বমেব তু।
গুর্ব্বর্থে বা হতো যুদ্ধে স মুচ্যেৎ কর্ম্মণোঽশুভাৎ ॥২২॥

ভাবতকৌমুদী

গুর্ব্বিতি। গুরুতল্পী গুরুপত্নীগামী, শিলাম্ অগ্নিজালয়া জ্বলৎপ্রায়ং কঞ্চিৎ প্রস্তরম্, তথৈব তপ্তাম্ আয়সীং লৌহময়ীং স্ত্রীপ্রতিকৃতিং বা, অভিসংবিশেৎ সর্ব্বতোভাবেনালিঙ্গেৎ, অথবা আত্মনঃ শেফং লিঙ্গম্, অবকৃত্য ছিত্বা, ঊর্দ্ধদর্শনঃ সন্ প্রব্রজেৎ ধাবেৎ। তাদৃশেনান্যতমকর্ম্মণৈব মরণেন স শুধ্যতীত্যাশয়ঃ ॥২০॥

শরীরস্যেতি। বিমোক্ষেণ যথা তথা বাতিকষ্টকরেণ ত্যাগেন, অশুভাৎ গুরুতরপাপজনকাৎ, পুরুষঃ। তাদৃশগুরুতরপাপকারিণ্যঃ স্ত্রিয়স্তু, সংবৎসরং যাবৎ যতাঃ সংযতাহারেন্দ্রিয়াঃ সত্যঃ, কর্ম্মভ্যো গুরুতরপাপজনকেভ্যঃ, বিপ্রমুচ্যন্তে ॥২১॥

মহাব্রতমিতি। মহাব্রতং নৈষ্ঠিকব্রহ্মচর্য্যাদিকম্ ॥২২॥

ভাবতভাবদীপঃ

গচ্ছেদিত্যস্য নিষ্পাপঃ সন্ ব্রহ্মণঃ সভামারোঢ়ুং যোগ্যো ভবতীত্যর্থঃ ॥১৮—১৯॥ শেফং শিশ্নম্ ॥২০॥ যত্তাস্ত্যক্তাহারবিহারাঃ, যুক্তেষ্বেব পাপেষু সৎসু মুচ্যন্তে ॥২১॥ মহাব্রতং মাসমাত্রং

রাজা! যে লোক সুরা পান করিয়া পরশ্রীকাতর না হইয়া সেই পাপ ক্ষয়ের জন্য ভূমি দান করে, অথ চ আবার সুরা পান করে না, সেই লোক পুনরায় উপনয়ন-সংস্কারে সংস্কৃত হইয়া শুদ্ধ হয় ॥১৯॥

গুরুপত্নীগামী লোক অগ্নির জ্বালায় জাজ্বল্যমান কোন শিলা কিংবা সেইরূপই লৌহময়ী স্ত্রী-প্রতিমূর্ত্তি সর্ব্বতোভাবে আলিঙ্গন করিবে অথবা নিজের লিঙ্গচ্ছেদন করিয়া ঊর্দ্ধদৃষ্টি হইয়া বেগে কোন দিকে গমন করিবে। (ইহার কোন প্রকারে মৃত্যু হইলেই সেই পাপ হইতে মুক্ত হইবে) ॥২০॥

পুরুষ গুরুতর পাপ করিয়া অতিকষ্টকরভাবে দেহ ত্যাগ করিলে, সেই গুরুতর পাপ হইতে মুক্ত হয়; আর স্ত্রীলোকেরা সেইরূপ পাপ করিয়া এবং এক বৎসর যাবৎ সংযতাহার ও সংযতেন্দ্রিয় থাকিয়া সেই পাপকর্ম্ম হইতে মুক্ত হইয়া থাকে ॥২১॥

যে লোক যাবজ্জীবন ব্রহ্মচর্য্যব্রত করে কিংবা সর্ব্বস্ব দান করে, অথবা গুরুর জন্য যুদ্ধে নিহত হয়, সেই লোক পাপকর্ম্ম হইতে মুক্ত হয় ॥২২॥

(২১) যত্তাঃ সংবৎসরং বঙ্গ বর্দ্ধ।

অনৃতেনোপবর্ত্তী চেৎ প্রতিরোদ্ধা গুরোস্তথা।
উপাহৃত্য প্রিয়ং তস্মৈ তস্মাৎ পাপাৎ প্রমুচ্যতে ॥২৩॥
অবকীর্ণনিমিত্তন্তু ব্রহ্মহত্যাব্রতং চরেৎ।
গোচর্ম্মবাসাঃ ষণ্মাসাংস্তথা মুচ্যেত কিল্বিষাৎ ॥২৪॥
পরদারাপহারী তু পরস্যাপহরন্ বসু।
সংবৎসরং ব্রতী ভূত্বা তথা মুচ্যেত কিল্বিষাৎ ॥২৫॥
ধনন্তু যস্যাপহরেত্তস্মৈ দদ্যাৎ সমং বসু।
বিবিধেনাভ্যুপায়েন তদা মুচ্যেত কিল্বিষাৎ ॥২৬॥
কৃচ্ছ্রাদ্দ্বাদশরাত্রেণ সংযতাত্মা ব্রতে স্থিতঃ।
পরিবেত্তা ভবেৎ পূতঃ পরিবিত্তিস্তথৈব চ ॥২৭॥

ভারতকৌমুদী

অনৃতেনেতি। অনৃতেন মিথ্যাভাষণেন, গুরোরুপবর্ত্তী প্রতারকঃ, তথা প্রতিরোদ্ধা অনৃতেনৈব সৎকার্য্যান্নিরোধকঃ। প্রিয়ং প্রীতিকরং দ্রব্যম্ ॥২৩॥

অবেতি। অবকীর্ণং ভাবে ক্তপ্রত্যয়ান্ততয়া ব্রহ্মচারিণো যোষিদ্গমনং তদেব নিমিত্তং যস্য তৎ। অত্র ব্রহ্মপদং সর্ব্বথানিকৃষ্টব্রাহ্মণপরম্, এবঞ্চ ন পূর্ব্বোক্তবিরোধঃ। গোচর্ম্মবাসা অবকীর্ণী ॥২৪॥

পরেতি। বসু ধনম্। তচ্চাতিবহুলং জ্ঞেয়ম্, প্রায়শ্চিত্তাধিক্যাৎ। ব্রতী কৃচ্ছ্রী ॥২৫॥

ধনহরণে প্রায়শ্চিত্তবিকল্পমাহ ধনমিতি। বসু ধনম্। বিবিধেন সামাদিনা ॥২৬॥

কৃচ্ছ্রাদিতি। কৃচ্ছ্রাৎ প্রাগুক্তলক্ষণাৎ পরাকাৎ, ব্রতে ব্রহ্মচর্য্যে। পরিবেত্তা অকৃত-

---

শিষ্য মিথ্যা বলিয়া গুরুকে প্রতারণা করিলে কিংবা মিথ্যাভাবে গুরুকে তাঁহার অভীষ্ট কার্য্যে বাধা দিলে, সেই গুরুকে তাঁহার প্রীতিকর কোন বস্তু উপহার দান করিয়া সেই পাপ হইতে মুক্ত হইতে পারে ॥২৩॥

ব্রহ্মচারী স্ত্রীগমন করিয়া সেই পাপ ক্ষয়ের জন্য অতিনিকৃষ্ট ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিবে। অর্থাৎ গোচর্ম্ম পরিধান করিয়া ছয় মাস অতিক্রম করিবে, তাহাতেই সেই পাপ হইতে মুক্ত হইবে ॥২৪॥

পরদারাপহারী ও প্রচুর পরধনাপহারী লোক এক বৎসর যাবৎ প্রাজাপত্যব্রত করিয়া সেই পাপ হইতে মুক্ত হইবে ॥২৫॥

অথবা যাহার ধন অপহরণ করিবে, তাহাকে নানাবিধ উপায়ে সেই পরিমাণ ধন দান করিবে; তাহা হইলেই পাপ হইতে মুক্ত হইবে ॥২৬॥

---

(২৪) অবকীর্ণিনিমিত্তন্তু পি বঙ্গ বর্দ্ধ।

নিবেশ্যস্তু পুনস্তেন সদা তাবয়তা পিতৄন্।
ন তু স্ত্রিয়া ভবেদ্দোষো ন তু সা তেন লিপ্যতে ॥২৮॥
ভোজনং হ্যন্তরা শুদ্ধং চাতুর্ম্মাস্যে বিধীয়তে।
স্ত্রিয়স্তেন প্রশুধ্যন্তি ইতি ধর্ম্মবিদো বিদুঃ ॥২৯॥
স্ত্রিয়স্ত্বাশঙ্কিতাঃ পাপে নোপগম্যা বিজানতা।
রজসা তা বিশুধ্যন্তে ভস্মনা ভাজনং যথা ॥৩০॥

ভাবতকৌমুদী

বিবাহাগ্ন্যাধানে জ্যেষ্ঠে কৃতবিবাহাগ্ন্যাধানঃ কনিষ্ঠঃ, পবিবিত্তিস্তাদৃশো জ্যেষ্ঠশ্চ। অত্র প্রায়শ্চিত্ত-বিবেকবিবোধো বিষয়ভেদকল্পনযা পবিহার্য্যঃ ॥২৭॥

নিবেশ্যমিতি। তেন কনিষ্ঠেন, পিতৄন্ তাবয়তা শ্রাদ্ধাদিনা উদ্ধাবয়তা তৎ কামেনেত্যর্থঃ, পুনর্নিবেশ্যং নির্ব্বেশ্যং কন্যান্তবং বিবাহ্যমিতি তাৎপর্য্যম্, অন্যথা অনাশ্রমিত্বা শ্রাদ্ধাদ্যনধিকাব এব স্যাদিতি ভাবঃ। স্ত্রিযাস্তৎ পবিণীতাযাস্ত দোষো ন ভবেৎ, তেন পতিকৃতেন পাপেনাপি, ন লিপ্যতে অবিদিতবিষযত্বাদস্বাতন্ত্র্যাচ্চ ॥২৮॥

ভোজনমিতি। চাতুর্ম্মাস্যে ব্রতে, অন্তবা তন্মাসচতুষ্টযমধ্যে, স্ত্রীণাং শুদ্ধং গুডামিষাদিবর্জ্জিতং যথোক্তং ভোজনং বিধীযতে। প্রশুধ্যন্তি মহাপাপিসংসর্গাদিপাপে ॥২৯॥

ভাবতভাবদীপঃ

জলস্যাপি ত্যাগঃ ॥২২—২৬॥ কৃচ্ছ্রাদিতি। এতচ্চ জ্যেষ্ঠস্যাপি দাবাগ্নিহোত্রে কবণানন্তবং দ্রষ্টব্যম্ ॥২৭॥ তেন কনিষ্ঠেন নিবেশ্যং বিবাহান্তবং কর্ত্তব্যম্, অন্যথা শুদ্ধির্নাস্তীত্যর্থঃ ॥২৮॥ অন্তবাভোজনং ধাবণা পাবণব্রতেন মাসচতুষ্টযকৃতেন শুধ্যন্তি মহাপাপযোগে ॥২৯॥ অন্যত্র তু

(জ্যেষ্ঠসহোদব বিবাহ বা অগ্নিগ্রহণ না কবিলে, কনিষ্ঠসহোদব যদি বিবাহ বা অগ্নিগ্রহণ কবে তাহা হইলে, সেই কনিষ্ঠসহোদবেব নাম পবিবেত্তা এবং সেই জ্যেষ্ঠ-সহোদবেব নাম পবিবৃত্তি হয।) পবিবেত্তা ও পবিবিত্তি সংযত থাকিয়া দ্বাদশাহব্যাপী পবাকব্রত কবিযা সেই পবিবেদন দোষ হইতে মুক্ত হয ॥২৭॥

তাদৃশ কনিষ্ঠসহোদব পিতৃলোকেব উদ্ধাব কামনা কবিযা পুনবায বিবাহ কবিবে; কিন্তু ঐ ব্যাপাবে সেই স্ত্রীব কোন দোষ হয না কিংবা তাহাব পতিব পাপে সে লিপ্ত হয না ॥২৮॥

স্ত্রীলোকদিগেব মহাপাপিসংসর্গপ্রভৃতি ঘটিলে, তাঁহাবা চাতুর্ম্মাস্যব্রতমধ্যে গুড় ও আমিষবর্জিত ভোজন কবিযা শুদ্ধ হইতে পাবিবেন ॥২৯॥

(২৮) তাবয়তে পিতৄন্·· পি বঙ্গ বর্দ্ধ নি।
(২৯) চাতুর্ম্মাস্যং।বিধীয়তে · পি। (৩০) পাপা নোপগম্যা বিজানতা· পি বঙ্গ বর্দ্ধ।

পাদজোচ্ছিষ্টকাংস্যং যদ্‌গবাঘ্রাতমথাপি বা।
গণ্ডূষোচ্ছিষ্টমপি বা বিশুধ্যেদ্দশভিস্তু তৎ ॥৩১॥
চতুষ্পাৎ সকলো ধর্ম্মো ব্রাহ্মণস্য বিধীয়তে।
পাদাবকৃষ্টো রাজন্যে তথা ধর্ম্মো বিধীয়তে ॥৩২॥
তথা বৈশ্যে চ শূদ্রে চ পাদঃ পাদো বিধীয়তে।
বিদ্যাদেবংবিধৈনৈষাং গুরুলাঘবনিশ্চয়ম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স্ত্রিয় ইতি। পাপে ব্যভিচারে, আশঙ্কিতাঃ সম্ভাবিতাঃ স্ত্রিয়ঃ, বিজানতা পত্যা, নোপগম্যাঃ। রজসা পুনরপি রজোদর্শনেন। তৎপাপে স্থিরনিশ্চয়াস্তু যথোক্তপ্রায়শ্চিত্তেনেতি ভাবঃ ॥৩০॥

পাদজেতি। পাদজস্য শূদ্রস্য, উচ্ছিষ্টং যত্র তচ্চ তৎ কাংস্যং ভাজনঞ্চেতি তৎ, গবাঘ্রাতমপি কাংস্যমেব, গণ্ডূষোচ্ছিষ্টম্ উচ্ছিষ্টমুখপ্রক্ষালনজলাধারীভূতমপি কাংস্যমেব পাত্রং প্রকরণাৎ, দশভির্দ্দিনৈঃ ॥৩১॥

চতুষ্পাদিতি। তপঃ সত্যং যাগোঽধ্যয়নঞ্চেতি চত্বারঃ পাদা যস্য সঃ। পাদেন একপাদেন তপসা অবকৃষ্টো ন্যূনঃ, রাজন্যে ক্ষত্রিয়ে। অথবা চতুষ্পাৎ পূর্ণঃ ॥৩২॥

তথেতি। পাদঃ পাদো ন্যূনঃ বৈশ্যে দ্বিপাৎ শূদ্রে চৈকপাদিত্যর্থঃ। এবংবিধেন বিধানেন, এষাং চতুর্ণাং বর্ণানাং মধ্যে, শূদ্রাদারভ্য একৈকপাদেন গৌরবং ব্রাহ্মণাদারভ্য চ একৈকপাদেন লাঘবম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

সম্বন্ধব্যভিচারমাত্রে মানসিকে বা আহ—স্ত্রিয় ইতি ॥৩০॥ প্রসঙ্গাদ্ভাজনশুদ্ধিমাহ—পাদজেতি। শূদ্রস্য উচ্ছিষ্টং কাংস্যং পাত্রং তথা তদেব গবাঘ্রাতং তথা গণ্ডূষপাত্রং ব্রাহ্মণস্যাপি পূতানি দশভিঃ শোধনৈঃ শুধ্যন্তি। তানি চ পঞ্চগব্যেন মৃত্তোয়ৈর্ভস্মনাম্লেন বহ্নিনেতি ॥৩১—৩৩॥ বিধীয়তে পাদঃ

স্ত্রীলোকের ব্যভিচার পাপের আশঙ্কা হইলে, অভিজ্ঞ পতি তাহার সংসর্গ করিবে না; কিন্তু তৈজসপাত্র যেমন ভস্মদ্বারা শুদ্ধ হয়, তেমন সেই স্ত্রীলোক পুনরায় রজঃক্ষরণেই শুদ্ধ হইবে ॥৩০॥

কাংস্যপাত্রে শূদ্রের উচ্ছিষ্ট সংস্পর্শ হইলে কিংবা গরু তাহা আঘ্রাণ করিলে অথবা তাহাতে উচ্ছিষ্ট-মুখপ্রক্ষালনের জল ফেলিলে, সেই কাংস্যপাত্র দশদিনে শুদ্ধ হইবে ॥৩১॥

ব্রাহ্মণের পক্ষে পূর্ণ চারিপাদ ধর্ম্ম এবং ক্ষত্রিয়ের পক্ষে ত্রিপাদ ধর্ম্ম বিহিত হইয়াছে ॥৩২॥

---

(৩১) উদক্যোচ্ছিষ্টকাংস্যং বা · পি।

তির্য্যগ্‌যোনিবধং কৃত্বা দ্রুমাংশ্ছিত্ত্বেতরান্ বহূন্।
ত্রিরাত্রং বায়ুভক্ষঃ স্যাৎ কর্ম্ম চ প্রথয়ন্নরঃ ॥৩৪॥
অগম্যাগমনে রাজন্! প্রায়শ্চিত্তং বিধীয়তে।
আর্দ্রবস্ত্রেণ ষণ্মাসান্ বিহার্য্যং ভস্মশায়িনা ॥৩৫॥
এষ এব তু সর্ব্বেষামকার্য্যাণাং বিধির্ভবেৎ।
ব্রহ্মণোক্তেন বিধিনা দৃষ্টান্তাগমহেতুভিঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

তির্য্যগিতি। তির্য্যগ্‌যোনিবধং গবাশ্বাদিভিন্নপশুপক্ষিবধম্, ইতবান্ অশ্বত্থাদিভিন্নান্। বায়ুভক্ষ উপবাসীত্যর্থঃ, কর্ম্ম তত্তদ্বধরূপম্ ॥৩৪॥

সাধারণাগম্যাগমনপ্রায়শ্চিত্তমাহ অগম্যেতি। বিহার্য্যং বিচবণীযম্ ॥৩৫॥

এষ ইতি। এষ এবংপ্রকাবঃ, বিধিঃ প্রাযশ্চিত্তস্য। ব্রহ্মণোক্তেন বৈদিকেন, দৃষ্টান্তঃ সদৃশমুদাহবণম্ আগমঃ স্মৃত্যাদিশাস্ত্রং হেতুর্যুক্তিশ্চ তৈঃ। এষামন্যতমাভাবে অন্যতমপ্রমাণেন প্রাযশ্চিত্তং নিরূপণীয়মিতি ভাবঃ ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

পাদঃ পাদোপকৃষ্ট ইত্যর্থঃ। বৈশ্যস্য দ্বিপাদঃ শূদ্রস্য পাদমাত্রঃ ধর্ম্মঃ শৌচাদিঃ, প্রাযশ্চিত্তাদেবধিকস্য বিধানাৎ ॥৩৩—৩৫॥ এষ ইতি। ভস্মসাহচর্য্যাচ্ছতকদ্রীযজপোঽপ্যত্র দ্রষ্টব্যঃ। যদাহ বৃদ্ধশাতাতপঃ—"মদ্যং পীত্বা গুরুদাবাংশ্চ গত্বা স্তেযং কৃত্বা ব্রহ্মহত্যাঞ্চ কৃত্বা। ভস্মচ্ছন্নো ভস্মশয্যাং শয়ানো রুদ্রাধ্যাযী মুচ্যতে সর্ব্বপাপৈঃ ॥" ইতি। পাপানাং গৌববলাঘবানুসাবেণ দীক্ষা সংবৎসবং যণ্মাসং ত্রিমাসং মাসং দ্বাদশাহমিতি যথাযোগ্যং জ্ঞেযা। তত্র যথা কুষ্মাণ্ডহোমে যো যোনৌ বেতঃ সিঞ্চতীতি পাবদার্য্যং প্রকৃত্য বর্ষমাসচতুর্ব্বিংশতিবাত্রদ্বাদশবাত্রষড্‌বাত্রত্রিবাত্রপক্ষা উক্তাঃ। যাবদেনো দীক্ষামুপৈতীতি চ পাপানুসাবিত্বং দীক্ষাযামুক্তং তদ্দৃষ্টান্তেন সর্ব্বত্র বোধ্যম্। দৃষ্টান্তভূতো য আগমস্তত্রোক্তৈর্হেতুভি-

---

আর, বৈশ্যের দ্বিপাদ এবং শূদ্রের একপাদ ধর্ম্মের বিধান আছে; এইরূপ বিধান অনুসাবেই ইহাদের মধ্যে শূদ্র হইতে উপবের দিকে এক এক পাদ অধিক গুরুত্ব এবং ব্রাহ্মণ হইতে নীচের দিকে এক এক পাদ লঘুত্ব জানিবে ॥৩৩॥

মানুষ ক্ষুদ্র পশু-পক্ষি-বধ কিংবা বহুতর ক্ষুদ্র বৃক্ষ ছেদন কবিযা, নিজের সেই সেই কর্ম্ম প্রকাশ কবিতে থাকিযা, তিন দিন উপবাস কবিলেই শুদ্ধ হইবে ॥৩৪॥

রাজা! মানুষ সাধাবণ অগম্যা গমন কবিয়া ছয মাস যাবৎ আর্দ্রবস্ত্রে বিচবণ এবং ভস্মের উপবে শযন কবিবে ॥৩৫॥

সমস্ত অকার্য্যেবই এইরূপ প্রাযশ্চিত্ত হইবে এবং বেদবাক্য, দৃষ্টান্ত, ধর্ম্মশাস্ত্র ও শক্তি অনুসাবে সেই প্রাযশ্চিত্ত নিরূপণ কবিবে ॥৩৬॥

সাবিত্রীমপ্যধীয়ানঃ শুচৌ দেশে মিতাশনঃ।
অহিংস্রোঽমন্দকোঽজল্পো মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥৩৭॥
অহঃসু সততং তিষ্ঠেদভ্যাকাশং নিশাং স্বপন্।
ত্রিরহ্নি ত্রির্নিশায়াঞ্চ সবাসা জলমাবিশেৎ ॥৩৮॥
স্ত্রীশূদ্রং পতিতঞ্চাপি নাভিভাষেদ্‌ব্রতান্বিতঃ।
পাপান্যজ্ঞানতঃ কৃত্বা মুচ্যেদেবং ব্রতো দ্বিজঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
শুভাশুভফলং প্রেত্য লভতে ভূতসাক্ষিকম্।
অতিরিচ্যেত যো যত্র তৎ কর্ত্তা লভতে ফলম্ ॥৪০॥
তস্মাদ্দানেন তপসা কর্ম্মণা চ ফলং শুভম্।
বর্দ্ধয়েদশুভং কৃত্বা যথা স্যাদতিরেকবান্ ॥৪১॥

ভাবতকৌমুদী

সাবিত্রীমিতি। শুচৌ পবিত্রদেশে স্থিত্বা, মিতাশনঃ শুদ্ধমিতভোক্তা, অহিংস্রো হিংসাশূন্যঃ, অমন্দকঃ অমূঢ়ঃ, অজল্পঃ অসংবদ্ধপ্রজাপরহিতশ্চ সন্, সাবিত্রীং গায়ত্রীম্, অধীয়ানো জপন্ ॥৩৭॥

সামান্যপাপপ্রায়শ্চিত্তমাহ অহবিতি। অভ্যাকাশং গগনাভিমুখম্। ত্রিঃ ত্রীন্ বাবান্। এবংব্রত ঈদৃশব্রতাচাবী। অত্র পাপতাবতম্যেন দিনমাসাদিকালবিশেষো জ্ঞেয়ঃ ॥৩৮—৩৯॥

শুভেতি। প্রেত্য পবলোকে ভূতানি ক্ষিত্যাদীনি সাক্ষীণি যস্য তৎ। যো ব্যাপারঃ পুণ্যকর্ম্ম পাপকর্ম্ম বা, যত্র জনে, অতিবিচ্যেত অধিকো ভবেৎ, কর্ত্তা স জনঃ, তৎকর্ম্মানুরূপং ফলং লভতে; অধিকপুণ্যকাবী অধিকং সুখম্ অধিকপাপকাবী চাধিকং দুঃখং লভত ইত্যর্থঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

যাবদেন ইত্যাদ্যৈঃ ॥৩৬॥ মন্দ এব মন্দকঃ বাগদ্বেষমানাপমানশূন্যঃ, অজল্প ইতি চ্ছেদঃ ॥৩৭॥ তিষ্ঠেদিত্যুপবেশনাদের্ব্যাবৃত্তিঃ। অভ্যাকাশং নিবাবণে স্থণ্ডিলাদৌ। অহঃসু ইতি বহুবচনাদিনাপি

মানুষ পবিত্রস্থানে থাকিয়া মিতভোজী, হিংসাশূন্য ও মোহশূন্য হইযা, অসংবদ্ধ বাক্য না বলিযা গায়ত্রী জপ কবিতে থাকিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥৩৭॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা বৈশ্য না জানিয়া পাপ কবিয়া ব্রতচাবী হইয়া দিনেব বেলায় আকাশেব দিকে চাহিয়া থাকিবেন, বাত্রিতে শয়ন কবিবেন, দিনে তিনবাব ও রাত্রিতে তিনবাব বস্ত্রের সহিত জলমগ্ন হইবেন এবং স্ত্রী, শূদ্র ও পতিত ব্যক্তির সহিত আলাপ কবিবেন না। ইহা হইলেই তাঁহাবা সেই পাপ হইতে মুক্ত হইবেন ॥৩৮—৩৯॥

মানুষ যেরূপ কার্য্যই কেন করুক না, পৃথিবী, জল, চন্দ্র, সূর্য্য, বায়ু ও আকাশ সেই কার্য্যের সাক্ষী থাকে এবং পবলোকে তাহাব শুভ বা অশুভ ফল ভোগ করে। যে ব্যক্তির যে কার্য্য অতিবিক্ত হয, সেই ব্যক্তি সেই কার্য্যেব অনুরূপ ফল লাভ করে ॥৪০॥

কুর্য্যাচ্ছুভানি কর্ম্মাণি নিবর্ত্তেৎ পাপকর্ম্মণঃ।
দদ্যান্নিত্যঞ্চ বিত্তানি তথা মুচ্যেত কিল্বিষাৎ ॥৪২॥
অনুরূপং হি পাপস্য প্রায়শ্চিত্তমুদাহৃতম্‌।
মহাপাতকবর্জ্জন্তু প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥৪৩॥
ভক্ষ্যাভক্ষ্যেষু চান্যেষু বাচ্যাবাচ্যে তথৈব চ।
অজ্ঞানজ্ঞানয়ো রাজন্‌! বিহিতান্যনুজানতঃ ॥৪৪॥
জানতা তু কৃতং পাপং গুরু সর্ব্বং ভবত্যুত।
অজ্ঞানাৎ স্বল্পকো দোষঃ প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥৪৫॥
শক্যতে বিধিনা পাপং যথোক্তেন ব্যপোহিতুম্‌।
আস্তিকে শ্রদ্দধানে চ বিধিরেষ বিধীয়তে ॥৪৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। কর্ম্মণা যাগাদিনা, অতিবেকবান্‌ শুভাধিক্যবান্‌ ॥৪১॥

কুর্য্যাদিতি। বিত্তানি ধনানি, কিল্বিষাৎ পূর্ব্বকৃতপাপাৎ ॥৪২॥

অম্বিতি। মহাপাতকবর্জ্জং তত্র তু মরণং তদৈকল্পিকং যাবজ্জীবং যথোক্তভক্ষ্যাদিকং বা প্রায়শ্চিত্তং ন পুনরুক্তব্রতাদিকমিতি ভাবঃ ॥৪৩॥

ভক্ষ্যেতি। বিহিতানি প্রায়শ্চিত্তানি, অনুজানতো ভক্ষ্যত্বাদিজ্ঞানবতঃ। তত্র স্বরূপতো ভক্ষ্যত্বেঽপি পবান্নাদেঃ পিতৃমরণাদৌ ভক্ষণে, স্বরূপতঃ অভক্ষ্যস্য কলঞ্জাদের্ভক্ষণে, দোষস্য বাচ্যত্বেঽপি মাতুস্তদ্বচনে, অবাচ্যস্য অলীকদোষস্য বচনে চ প্রায়শ্চিত্তং জ্ঞেয়ম্‌ ॥৪৪॥

জানতেতি। "স্যাত্ত্বকামকৃতে যত্তু দ্বিগুণং বুদ্ধিপূর্ব্বকে" ইতি স্মৃতেঃ অজ্ঞানকৃতপাপাৎ জ্ঞানকৃতপাপে দ্বিগুণং প্রায়শ্চিত্তং বিধীয়ত ইত্যর্থঃ ॥৪৫॥

অতএব মানুষ পাপ করিয়াও যাহাতে অতিরিক্ত মঙ্গল লাভ করিতে পারে, সেই ভাবে দান, তপস্যা ও যজ্ঞপ্রভৃতি কার্য্যদ্বারা পুণ্য বৃদ্ধি করিবে ॥৪১॥

শুভ কার্য্য করিবে, পাপ কার্য্য হইতে নিবৃত্ত থাকিবে এবং প্রত্যহ ধন দান করিবে, এইরূপ করিলেই পাপ হইতে মুক্ত হইবে ॥৪২॥

যুধিষ্ঠির! আমি তোমার নিকট পাপের অনুরূপ প্রায়শ্চিত্ত বলিলাম। কিন্তু মহাপাপ ভিন্ন অন্য পাপে এই সকল প্রায়শ্চিত্ত করিবে ॥৪৩॥

রাজা! অভিজ্ঞ লোকের পক্ষে ভক্ষ্য ও অভক্ষ্য, বাচ্য ও অবাচ্য এবং জ্ঞান ও অজ্ঞান বিষয়ে বিহিত প্রায়শ্চিত্ত বলা হইল ॥৪৪॥

জ্ঞানকৃত পাপ গুরুতর হয় এবং অজ্ঞানকৃত পাপ তদপেক্ষা অল্প হইয়া থাকে। অতএব প্রায়শ্চিত্তও তাহার অনুরূপই বিহিত আছে ॥৪৫॥

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

কিং ভক্ষ্যং চাপ্যভক্ষ্যঞ্চ কিঞ্চ দেয়ং প্রশস্যতে।
কিঞ্চ পাত্রমপাত্রং বা তন্মে ব্রূহি পিতামহ। ॥১॥

ব্যাস উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সিদ্ধানাঞ্চৈব সংবাদং মনোশ্চৈব প্রজাপতেঃ ॥২॥
ঋষয়স্তু ব্রতপরাঃ সমাগম্য পুরা বিভুম্।
ধর্ম্মং পপ্রচ্ছুরাসীনমাদিকালে প্রজাপতিম্ ॥৩॥
কথমন্নং কথং পাত্রং দানমধ্যয়নং তপঃ।
কার্য্যাকার্য্যঞ্চ যৎ সর্ব্বং শংস বৈ ত্বং প্রজাপতে। ॥৪॥
তৈরেবমুক্তো ভগবান্ মনুঃ স্বায়ম্ভুবোঽব্রবীৎ।
শুশ্রূষধ্বং যথাবৃত্তং ধর্ম্মং ব্যাসসমাসতঃ ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। কিং দ্রব্যম্। পাত্রং সম্প্রদানম্ ॥১॥
অত্রেতি। ইতিহাসং বৃত্তান্তম্, পুরাতনপদপ্রয়োগান্ন পুনঃ পুবাবৃত্তম্ ॥২॥
ঋষয় ইতি। বিভুং তপঃপ্রভাবশালিনম্। আসীনমুপবিষ্টম্ ॥৩॥
কথমিতি। কথং কিম্, পাত্রং সম্প্রদানম্। শংস ব্রূহি ॥৪॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ! কোন্ বস্তু খাদ্য, কোন্ বস্তু অখাদ্য, কোন্ বস্তুই বা দানে প্রশস্ত? আর কোন্ ব্যক্তি দানেব পাত্র, কোন্ ব্যক্তিই বা দানের অপাত্র, তাহা আপনি আমাব নিকট বলুন?' ॥১॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠিব! তপঃসিদ্ধ মহর্ষিগণ ও প্রজাপতি মনুর সংবাদ-রূপ প্রাচীন বৃত্তান্ত এই বিষয়ে মনস্বীবা উল্লেখ করিয়া থাকেন ॥২॥

পূর্ব্বকালে একদা ব্রতপবায়ণ ঋষিবা উপস্থিত হইয়া প্রভাবশালী উপবিষ্ট স্বায়ম্ভুব-মনুর নিকট ধর্ম্মেব বিষয় জিজ্ঞাসা কবিয়াছিলেন—॥৩॥

'প্রজাপতি! অন্ন কি? দানেব পাত্র কে? দান কি? অধ্যয়ন কি? ও তপস্যা কি? এবং যাহা কর্ত্তব্য ও যাহা অকর্ত্তব্য, সেই সমস্তই আপনি বলুন' ॥৪॥

অনাদেশে জপো হোম উপবাসস্তথৈব চ।
আত্মজ্ঞানং পুণ্যনদ্যো যত্র প্রায়শ্চ তৎপরাঃ ॥৬॥
অনাদিষ্টং তথৈতানি পুণ্যানি ধরণীভৃতঃ।
সুবর্ণপ্রাশনমপি রত্নাদিস্নানমেব চ ॥৭॥
দেবস্থানাভিগমনমাজ্যপ্রাশনমেব চ।
এতানি মেধ্যং পুরুষং কুর্ব্বন্ত্যাশু ন সংশয়ঃ ॥৮॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

তৈবিতি। শুশ্রূষধ্বং শ্রোতুমিচ্ছত। ব্যাসো বিস্তরঃ সমাসঃ সংক্ষেপশ্চ তাভ্যাম্ ॥৫॥

পৃষ্টং বক্তুমুপক্রমমাণো মনুঃ প্রথমং ধর্ম্মসামান্যহেতুতয়া পবিত্রতামেবাহ ত্রিভির্বিশেষকেণ অনাদেশ ইতি। অনাদেশে বিশেষতঃ পবিত্রতাহেতোরনুক্তৌ, যত্র দেশে পুণ্যনদ্যঃ প্রবহন্তি, প্রায়ো বাহুল্যেনৈব, তৎপরাঃ পুণ্যকর্ম্মপরায়ণা লোকাশ্চ নিবসন্তি, তত্র দেশে, জপঃ, হোমঃ, উপবাসঃ, আত্মজ্ঞানং ব্রহ্মজ্ঞানাভ্যসনম্, অনাদিষ্টং বিশেষতোঽনুক্তং বিষ্ণুপূজাদি, এতানি পুণ্যানি কর্ম্মাণি, ধরণীভৃতঃ পুণ্যা এব গিরয়া বিন্ধ্যাদয়স্তদ্গমনমিত্যর্থঃ, সুবর্ণপ্রাশনং স্বর্ণস্পৃষ্টজলপানম্, রত্নাদিস্নানং প্রবালাদিরত্নসর্ব্বৌষধ্যাদিযুক্তজলেন স্নানম্, এতানি কর্ম্মাণি চ পুরুষং মেধ্যং পবিত্রং কুর্ব্বন্তি ॥৬—৮॥

ভাবতভাবদীপঃ

কিং ভক্ষ্যমিতি ॥১—২॥ প্রজাপতিং মনুম্ ॥৩॥ কথং কেন প্রকারেণ অন্নমদনীয়ং কিংদ্রব্যকং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥৪॥ ব্যাসো বিস্তরঃ ॥৫॥ অনাদেশে বিশেষতোঽনুক্তে দোষে যত্র দেশে তৎপরাঃ জপাদিপরাঃ প্রায়ঃ বহুশঃ সন্তি সোঽপি গঙ্গাদিবৎ পাবন ইত্যর্থঃ। যত্রোপায়া ইতি পাঠে স্পষ্টোঽর্থঃ ॥৬॥ তথা জপাদিবৎ পুণ্যান্যেতানি বক্ষ্যমাণানি। ধরণীভৃতঃ পর্ব্বতা ব্রহ্মগিরিপ্রভৃতয়ঃ,

মহর্ষিরা এইরূপ বলিলে, স্বায়ম্ভুবমনু বলিলেন—'মহর্ষিগণ! আপনারা আমার নিকট সংক্ষেপে ও বিস্তরক্রমে ধর্ম্ম শ্রবণ করুন ॥৫॥

যে ক্ষেত্রে বিশেষভাবে পবিত্রতা লাভের কারণ উক্ত না থাকে, সেই ক্ষেত্রে যে দেশে পবিত্র নদী সকল প্রবাহিত হইতে থাকে এবং অধিক সংখ্যকই ধর্ম্মপরায়ণ লোক বাস করে, সেই দেশে ইষ্টমন্ত্র জপ, হোম, উপবাস, ব্রহ্মচিন্তা ও বিশেষভাবে অনুক্ত বিষ্ণুপূজাপ্রভৃতি পুণ্য কার্য্য এবং পুণ্য পর্ব্বতে গমন, স্বর্ণস্পৃষ্ট জল পান, রত্ন ও সর্ব্বৌষধিযুক্ত জলে স্নান, দেবতায়তনে গমন ও ঘৃত ভোজন—এই সকল কর্ম্ম মানুষকে পবিত্র করে, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬—৮॥

(৬) আত্মজ্ঞানং পুণ্যনদ্যো যঃ প্রায়শ্চিত্ততৎপরঃ। দিষ্টান্যেতানি পুণ্যানি পুণ্যাশ্চ ধরণীভৃতঃ ॥—পি।

ন গর্ব্বেণ ভবেৎ প্রাজ্ঞঃ কদাচিদপি মানবঃ।
দীর্ঘমায়ুরথেচ্ছন্ হি ত্রিরাত্রঞ্চোষ্ণপো ভবেৎ ॥৯॥
অদত্তস্যানুপাদানং দানমধ্যয়নং তপঃ।
অহিংসা সত্যমক্রোধ ইজ্যা ধর্ম্মস্য লক্ষণম্ ॥১০॥
স এব ধর্ম্মঃ সোঽধর্ম্মো দেশকালে প্রতিষ্ঠিতঃ।
আদানমনৃতং হিংসা ধর্ম্মো হ্যাবস্থিকঃ স্মৃতঃ ॥১১॥
দ্বিবিধৌ চাপ্যভাবেতৌ ধর্ম্মাধর্ম্মৌ বিজানতাম্।
অপ্রবৃত্তিঃ প্রবৃত্তিশ্চ দ্বৈবিধ্যং লোকবেদয়োঃ ॥১২॥

ভারতকৌমুদী

ধর্ম্মার্জনার্থং আয়ুর্হ্রাসনিবৃত্তয়ে তদ্বর্দ্ধনায় চোপায়মাহ নেতি। প্রাজ্ঞো মানবঃ, কদাচিদপি গর্ব্বেণ যুক্তো ন ভবেৎ; উষ্ণপ ঈষদুষ্ণক্ষীরপায়ী, ত্রিরাত্রমিতি মাসমধ্য ইত্যর্থঃ ॥৯॥

ধর্ম্মস্বরূপমাহ অদত্তস্যেতি। অদত্তস্যানুপাদানং চৌর্য্যাকরণম্। ইজ্যা যাগঃ ॥১০॥

নরাণামবস্থাবিশেষে ধর্ম্মোঽপ্যধর্ম্মরূপতাম্, অধর্ম্মোঽপি চ ধর্ম্মরূপতাং ভজত ইত্যাহ স ইতি। স প্রাগুক্তপ্রকার এব ধর্ম্মঃ সুস্থকালে, পুনর্বিপৎকালে স এবাধর্ম্মঃ। এবং দেশোঽপ্যূহ্যঃ। অধর্ম্মস্য ধর্ম্মরূপতাং স্পষ্টয়তি আদানমিতি। আদানমদত্তস্য গ্রহণং চৌর্য্যমিত্যর্থঃ, অনৃতং মিথ্যা হিংসা চ, আবস্থিকঃ অবস্থাবিশেষেণ সংসৃষ্টো ধর্ম্মঃ স্মৃতঃ। তথা চ প্রাণসংশয়কালে চৌর্য্যাদয়ো ধর্ম্মা এব ভবন্তি ॥১১॥

ভারতভাবদীপঃ

আদিপদাৎ সুবর্ণস্নানাদি অনাদিষ্টং প্রায়শ্চিত্তং সামান্যমিত্যর্থঃ ॥৭—৮॥ গর্ব্বেণ যুক্তো ন ভবেৎ পূজ্যং নাবগণয়েৎ, অবগণনে তু ত্রিরাত্রমুষ্ণপো ভবেদিতি তপ্তকৃচ্ছ্রং ধর্ম্মশাস্ত্রোক্তং কুর্য্যাদিত্যর্থঃ। ভবেদিত্যত্র পিবেদিতি পাঠং প্রকল্প্য সুরামিত্যধ্যাহৃত্য সুরাং ন পিবেৎ। পানে তূষ্ণপো ভবেৎ সুরামেবোষ্ণাং কৃত্বা পিবেদিতি কেচিৎ ॥৯॥ তপঃ উপবাসাদি ॥১০॥ আদানং স্তেয়ম্, আবস্থিকোঽবস্থাবিশেষে ভবঃ; প্রাণাত্যয়াদাবধর্ম্মস্যাপি স্তেয়াদের্ধর্ম্মত্বং ধর্ম্মস্যাপ্যস্তেয়াদেরধর্ম্মত্বমিত্যর্থঃ ॥১১॥ বৈদিকৌ প্রবৃত্ত্যপ্রবৃত্তী মর্ত্ত্যত্বামৃতত্বপ্রদে লৌকিকৌ তু তে শুভে চেচ্ছুভফলে

বুদ্ধিমান্ মানুষ কখনও গর্ব্বিত হইবে না এবং দীর্ঘায়ু লাভ করিবার ইচ্ছায় অন্ততঃ মাসের মধ্যে তিন দিন ঈষদুষ্ণ দুগ্ধ পান করিবে ॥৯॥

চৌর্য্য না করা, দান, অধ্যয়ন, তপস্যা, হিংসা না করা, সত্য ব্যবহার ও ক্রোধ বর্জ্জন—এইগুলি ধর্ম্মের লক্ষণ ॥১০॥

দেশ এবং কাল অনুসারে সেই চুরি না করা প্রভৃতি ধর্ম্মও হয়, আবার অধর্ম্মও হয়; কেন না, বিপদের সময়ে চুরি করা, মিথ্যা বলা, কিংবা হিংসা করা প্রভৃতি ধর্ম্মই হইয়া থাকে ॥১১॥

অপ্রবৃত্তেরমর্ত্ত্যত্বং মর্ত্ত্যত্বং কর্ম্মণঃ ফলম্।
অশুভস্যাশুভং বিদ্যাচ্ছুভস্য শুভমেব চ।
এতয়োশ্চোভযোঃ স্যাতাং শুভাশুভতয়া তথা ॥১৩॥
দৈবঞ্চ দৈবসংযুক্তং প্রাণশ্চ প্রাণদশ্চ হ।
অপেক্ষাপূর্ব্বকরণাদশুভানাং শুভং ফলম্ ॥১৪॥

ভাবতকৌমুদী

দ্বিবিধাবিতি। দ্বিবিধৌ কদাচিদ্ধর্ম্মোঽপ্যধর্ম্মরূপঃ কদাচিচ্চাধর্ম্মোঽপি ধর্ম্মরূপ ইতি দ্বিপ্রকারৌ। বিজানতাং প্রাজ্ঞানাম্। তত্রাধর্ম্মে অপ্রবৃত্তিঃ ধর্ম্মে চ প্রবৃত্তিঃ ইতি দ্বৈবিধ্যমপি লোকবেদয়োঃ সিদ্ধম্ ॥১২॥

অপ্রবৃত্তেবিতি। তত্রাধর্ম্মে অপ্রবৃত্তেঃ ফলম্ অমর্ত্ত্যত্বমমরত্বম্, মর্ত্ত্যত্বং মরণধর্ম্মকত্বন্তু কর্ম্মণঃ অধর্ম্মকার্য্যস্য প্রবৃত্তেঃ ফলম্, অশুভস্য পাপকর্ম্মণঃ ফলমশুভম্, শুভস্য পুণ্যকর্ম্মণঃ ফলন্তু শুভং বিদ্যাৎ। কিঞ্চ এতয়োরুভযোরপি কর্ম্মণোরবস্থাবিশেষে শুভাশুভতযা ফলে স্যাতাম্। তথা চ খাদ্যাভাবাৎ প্রাণসংশয়কালে ধর্ম্মরূপমপি চৌর্য্যাকরণং মরণরূপমেবাশুভং ফলং জনযতি, তথা অধর্ম্মরূপাপি স্বমাক্রামতো ব্যাঘ্রস্য হিংসা জীবনরূপং শুভং ফলমেব প্রতিপাদযতি। ষট্‌পাদো-ঽয়ং শ্লোকঃ ॥১৩॥

দৈবমিতি। দৈবং বজ্রপাতাদিদৈবভয়ম্, দৈবসংযুক্তং মহামারীপ্রভৃতিদৈবভয়সংযুক্তং স্থানম্, প্রাণ আত্মজীবনম্, প্রাণদঃ পিত্রাদিশ্চ, এতেষাং চতুর্ণাম্ অপেক্ষাপূর্ব্বকরণাৎ অশুভানামপি কর্ম্মণাম্, শুভমেব ফলং ভবেৎ। তথা চ বহির্বজ্রপাতসম্ভবে স্বপ্রাণরক্ষাপেক্ষযা গৃহস্থব্যাঘ্রহত্যায়া শুভমেব ফলং ভবতি। এবমন্যদপ্যূহ্যম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অশুভে চেদশুভফলে ইত্যাহ দ্বাভ্যাং—দ্বিবিধাবিতি ॥১২॥ এতযোর্লৌকিক্যোঃ ফলে অপি কারণানুরূপে ইত্যর্থঃ ॥১৩॥ দৈবযুক্তং শাস্ত্রীয়ং কর্ম্ম, প্রাণো জীবনম্, এতেষাং চতুর্ণামপেক্ষাপূর্ব্বং যৎকিঞ্চিৎ ক্রিয়তে তর্হ্যশুভানাং নীচানামপি পুংসাং তস্য ফলং শুভং ভবতি ॥১৪॥ ঊর্দ্ধমিতি।

ধর্ম্ম ও অধর্ম্ম এই দুইটীর প্রত্যেকটীই উক্ত প্রকারে দুই প্রকার হয়, তা'র পর, প্রাজ্ঞ লোকদিগের ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম্মে অপ্রবৃত্তি হওয়া বেদে ও লোকসমাজে প্রসিদ্ধই আছে ॥১২॥

মানুষ জানিবে যে, অধর্ম্মে অপ্রবৃত্তির ফল অমরত্ব, আর অধর্ম্মে প্রবৃত্তির ফল—মরণ; এইরূপ অশুভকর্ম্মের ফল অশুভ এবং শুভকর্ম্মের ফল শুভ। এই পুণ্যকর্ম্ম ও পাপকর্ম্মের বিপরীত ফলও অবস্থাবিশেষে হইয়া থাকে ॥১৩॥

দৈবভয়, দৈবোৎপাতযুক্ত স্থান, প্রাণ ও প্রাণদাতা এই চারিটীর অপেক্ষাপূর্ব্বক অশুভ কার্য্য করিলেও তাহার শুভফলই হইয়া থাকে ॥১৪॥

[১] ঊর্দ্ধং ভবতি সন্দেহাদিহ দৃষ্টার্থমেব চ।
অপেক্ষাপূর্ব্বকরণাৎ প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥১৫॥
ক্রোধমোহকৃতে চৈব দৃষ্টান্তাগমহেতুভিঃ।
শরীরাণামুপক্লেশো মনসশ্চ প্রিয়াপ্রিয়ে।
তদৌষধৈশ্চ মন্ত্রৈশ্চ প্রায়শ্চিত্তৈশ্চ শাম্যতি ॥১৬॥
উপবাসমেকরাত্রং দণ্ডোৎসর্গে নরাধিপঃ।
বিশুধ্যেদাত্মশুদ্ধ্যর্থং ত্রিরাত্রন্তু পুরোহিতঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

ঊর্দ্ধমিতি। সন্দেহাৎ প্রাণসংশযাৎ, ঊর্দ্ধং পরং তং বিনেত্যর্থঃ, ভবতি ব্যাঘ্রাদিহিংসায়াং পাপমেবেতি শেষঃ। দৃষ্টার্থং তৃপ্ত্যাদিলাভার্থং ফলচৌর্য্যাদিকঞ্চ পাপজনকমেব ভবতি, অতস্তয়োরপেক্ষাপূর্ব্বকরণাৎ আমোদতৃপ্ত্যপেক্ষয়া বিধানাৎ তত্তৎপাপক্ষয়ার্থং প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥১৫॥

ক্রোধেতি। মনসঃ, প্রিয়ং প্রীতিকরং হিংস্রহননাদি অপ্রিয়মপ্রীতিকরং মৃগশাবকবধাদি তদ্রূপে, ক্রোধমোহাভ্যাং কৃতে পাপে, দৃষ্টান্তঃ অনুরূপস্থলদর্শনম্ আগমঃ শাস্ত্রং হেতুর্যুক্তিশ্চ তৈঃ, যথাসম্ভবমেষামন্যতমেন দ্বাভ্যাং সর্ব্বৈর্বা, শরীরাণামুপক্লেশ উপবাসাদিরূপং প্রায়শ্চিত্তং কার্য্যম্। কিঞ্চ ঔষধৈস্তিক্তাদিভিঃ, মন্ত্রৈর্গায়ত্র্যাদিভিঃ, প্রায়শ্চিত্তৈশ্চ তৎপাপং শাম্যতি। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

উপেতি। নরাধিপঃ ক্ষত্রিয়ঃ, ক্রোধমোহকৃতে দণ্ডোৎসর্গে অযথা দণ্ডদানে, একরাত্রমুপবাসং কৃত্বা বিশুধ্যেৎ, পুরোহিতো ব্রাহ্মণস্তু, আত্মশুদ্ধ্যর্থং ত্রিরাত্রমুপবাসং কৃত্বা বিশুধ্যেৎ। বৈশ্যশূদ্রয়োস্তু প্রাণায়ামাদিরূপমেব তাদৃশপাপপ্রায়শ্চিত্তমিতি বোধ্যম্ ॥১৭॥

ভাবতভাবদীপঃ

সত্যপি সন্দেহে যল্লোকবিগানপরিহারার্থং কৃতং নিত্যাদি যচ্চ কেবলং দৃষ্টার্থং কৃতং শ্যেনাদি তয়োর্ভবত্যপি ॥১৫॥ ক্রোধাদিনা যন্মনসঃ প্রিয়মপ্রিয়ং কৃতং তত্র দৃষ্টান্তাগমহেতুভিঃ পূর্ব্বোক্তৈর্যাবদেন ইত্যাদ্যৈঃ প্রমাণৈর্দেহস্য শোষণমুপবাসাদিকং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যম্। ঔষধৈর্হবির্ভিঃ যাগৈঃ

আর প্রাণ সংশয় না থাকিলে, কেবল আমোদের জন্য প্রাণিহিংসা করিলে এবং কেবল রসনার তৃপ্তির জন্য হিংসা করিলে, সেই আমোদ ও তৃপ্তির অপেক্ষায় হিংসা করা বশতঃ পাপ হয় বলিয়া সেই সকল ক্ষেত্রে প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে ॥১৫॥

মনের প্রীতিকরই হউক কিংবা অপ্রীতিকরই হউক, ক্রোধ বা মোহদ্বারা পাপ করিলে, দৃষ্টান্ত, শাস্ত্র ও যুক্তি অনুসারে দেহের ক্লেশদায়ক উপবাসপ্রভৃতি প্রায়শ্চিত্ত করিবে অথবা দেহের ক্লেশদায়ক তিক্তপ্রভৃতি ঔষধ সেবন, গায়ত্রীপ্রভৃতি মন্ত্র জপ এবং যথোক্ত প্রায়শ্চিত্তে সেই পাপ বিনষ্ট হয় ॥১৬॥

(১৫) সন্দেহাদিহাদিষ্টার্থমেব চ · নি।

ক্ষয়ং শোকং প্রকুর্ব্বাণো ন ম্রিয়েত যদা নরঃ।
শাস্ত্রাদিভিরুপাবিষ্টস্ত্রিরাত্রং তত্র নির্দ্দিশেৎ ॥১৮॥
জাতিশ্রেণ্যধিবাসানাং কুলধর্ম্মাংশ্চ সর্ব্বতঃ।
বর্জয়ন্তি চ যে ধর্ম্মং তেষাং ধর্ম্মো ন বিদ্যতে ॥১৯॥
দশ বা বেদশাস্ত্রজ্ঞাস্ত্রয়ো বা ধর্ম্মপাঠকাঃ।
যদ্‌ব্রূয়ুঃ কার্য্য উৎপন্নে স ধর্ম্মো ধর্ম্মসংশয়ে ॥২০॥

ভারতকৌমুদী

ক্ষয়মিতি। নরো যদা পুত্রাদিনাশে শোকং প্রকুর্ব্বাণঃ, ক্ষয়মাত্মনোঽপি নাশমুদ্দিশ্য, উদ্বন্ধনাদ্যুপায়ে প্রবৃত্তোঽপি ন ম্রিয়েত, তত্র তদা শাস্ত্রাদিভিঃ প্রাগুক্তদৃষ্টান্তাগমহেতুভিঃ, উপাবিষ্টঃ অধিকৃতঃ সন্, ত্রিরাত্রমুপবাসং তন্মরণোদ্যমপ্রায়শ্চিত্তরূপং নির্দ্দিশেদাচরেৎ। ইদন্তু স্বল্পত্বাৎ উন্মত্তাদেঃ প্রায়শ্চিত্তং সুস্থস্য তু প্রায়শ্চিত্তবিবেকাদিধৃতৈঃ শাস্ত্রান্তরৈরধিকং প্রায়শ্চিত্তং জ্ঞেয়ম্ ॥১৮॥

জাতীতি। যে, জাতির্ব্রাহ্মণত্বাদিঃ শ্রেণীর্বৈদিক্যাদিঃ অধিবাসঃ প্রতিবেশী তেষাং ধর্ম্মান্, সর্ব্বতঃ কুলধর্ম্মাংশ্চ, ধর্ম্মং শাস্ত্রোক্তং দানাদিকম্, বর্জয়ন্তি, তেষাম্ অন্যজাত্যাদিধর্ম্মগ্রহণেঽপি ধর্ম্মো ন বিদ্যতে। অপি তু পাপমেব ভবতীত্যাশয়ঃ ॥১৯॥

অথ ধর্ম্মসংশয়স্থলে কস্যোপদেশো গ্রাহ্য ইত্যাহ দশেতি। বেদান্ তদিতরাণি চ শাস্ত্রাণি জানন্তীতি তে, ধর্ম্মপাঠকা ধর্ম্মশাস্ত্রজ্ঞাঃ। তত্র সামান্যজ্ঞত্বে দশবিশেষজ্ঞত্বে তু ত্রয় ইতি ব্যবস্থিত বিকল্পঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

মন্ত্রৈশ্চ পবিত্রজপৈঃ চাদন্যদপি তীর্থাটনশ্রমাদিভিস্তৎ পাপং শাম্যতীতি সার্দ্ধম্ ॥১৬—১৭॥ ক্ষয়ং পুত্রাদিমরণনিমিত্তমাত্মবধার্থং প্রবৃত্তো ন ম্রিয়েত চেৎ ত্রিরাত্রমুপবাসং চরেৎ ॥১৮॥ জাতির্ব্রাহ্মণত্বাদিঃ, শ্রেণী গৃহস্থাদীনাং পঙ্‌ক্তিঃ, অধিবাসো জন্মভূমিঃ, জাত্যাদিধর্ম্মাংশ্চ যে বর্জ্জয়ন্তি তেষাং ধর্ম্মঃ প্রায়শ্চিত্তাদিস্বরূপো ন বিদ্যতে ॥১৯॥ পাঠকাঃ শোধকাঃ বিচারকা ইতি যাবৎ। কার্য্যে

রাজা প্রজার উপরে অযথা দণ্ড দান করিলে, আত্মশুদ্ধির জন্য এক রাত্র উপবাস করিবেন; আর ব্রাহ্মণ কাহারও উপরে অযথা দণ্ড দান করিলে, আত্মশুদ্ধির জন্য ত্রিরাত্র উপবাস করিবেন ॥১৭॥

অপ্রকৃতিস্থ মানুষ পুত্রপ্রভৃতির মৃত্যু হইলে, শোক করিতে থাকিয়া আত্মহত্যা করিতে প্রবৃত্ত হইয়াও যদি মরিতে না পারে তাহা হইলে, দৃষ্টান্ত, শাস্ত্র বা যুক্তি অনুসারে ত্রিরাত্র উপবাস করিবে ॥১৮॥

যাহারা নিজের জাতি, নিজের শ্রেণী ও নিজের প্রতিবেশীদের ধর্ম্ম, সর্ব্বপ্রকার কুলধর্ম্ম এবং শাস্ত্রোক্ত দানাদিধর্ম্ম পরিত্যাগ করে, ধর্ম্মান্তর গ্রহণেও তাহাদের কোন ধর্ম্ম হয় না ॥১৯॥

অনড্বান্ মৃত্তিকা চৈব তথা ক্ষুদ্রপিপীলিকাঃ।
শ্লেষ্মাতকস্তথা বিপ্রৈরভক্ষ্যং বিষমেব চ ॥২১॥
অভক্ষ্যা ব্রাহ্মণৈর্মৎস্যাঃ শল্কৈর্যে বৈ বিবর্জ্জিতাঃ।
চতুষ্পাৎ কচ্ছপাদন্যো মণ্ডূকা জলজাশ্চ যে ॥২২॥
ভাসা হংসাঃ সুপর্ণাশ্চ চক্রবাকাঃ প্লবা বকাঃ।
কাকো মদ্গুশ্চ গৃধ্রশ্চ শ্যেনোলূকস্তথৈব চ ॥২৩॥
ক্রব্যাদা দংষ্ট্রিণঃ সর্ব্বে চতুষ্পাৎ পক্ষিণশ্চ যে।
যেষাং চোভয়তো দন্তাশ্চতুর্দ্দংষ্ট্রাশ্চ সর্ব্বশঃ ॥২৪॥
এড়কাশ্চ খরোষ্ট্রীণাং সূতিকানাং গবামপি।
মানুষীণাং মৃগীণাঞ্চ ন পিবেদ্ব্রাহ্মণঃ পয়ঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

ইদানীং পৃষ্টান্যভক্ষ্যাণ্যাহ অনড্বানিতি। অনড্বান্ বৃষঃ। শ্লেষ্মাতকঃ কীটঃ। বিপ্রৈরিতি জাতিমাত্রোপলক্ষণম্ ॥২১॥

অভক্ষ্যা ইতি। কচ্ছপপদং ছাগমৃগাদীতবপবম্, মণ্ডূকা ভেকাঃ ॥২২॥

ভাসা ইতি। সুপর্ণাঃ স্বর্ণবর্ণপক্ষাঃ। প্লবাঃ পক্ষিবিশেষাঃ ॥২৩॥

ক্রব্যাদা ইতি। ক্রব্যাদা মাংসভোজিনঃ কুক্কুরাদয়ঃ, দংষ্ট্রিণো বৃহদ্দন্তশালিনঃ শূকরাদয়ঃ। উভয়তো দন্তা অশ্বাদয়ঃ ॥২৪॥

কোন কার্য্য হইয়া পড়িলে তখন আবার ধর্ম্ম সন্দেহ উপস্থিত হইলে, বেদ বা তদ্ভিন্ন শাস্ত্রোক্ত দশ জন কিংবা ধর্ম্মশাস্ত্রজ্ঞ তিন জন যাহা বলিবেন, তাহাকেই ধর্ম্ম বলিয়া জানিবে ॥২০॥

মানুষ—বৃষ, মৃত্তিকা, পিপীলিকা, কীট ও বিষ ভক্ষণ করিবে না ॥২১॥

শল্ক-(আঁইস) বিহীন মৎস্য, কচ্ছপ ও ছাগাদি ভিন্ন চতুষ্পদ জন্তু এবং জলজাত ভেক, এইগুলি ব্রাহ্মণের অখাদ্য ॥২২॥

ভাস, হংস, স্বর্ণবর্ণ পক্ষী, চক্রবাক, গুড়গুড়, বক, কাক, পানিকৌড়ি, শকুন, শ্যেন ও পেচক এই সকল পক্ষী অভক্ষ্য ॥২৩॥

মাংসভোজী ও বৃহৎ দন্তশালী জন্তু, চতুষ্পদ পক্ষী, দুইদিকে দন্তশালী ও চতুর্দ্দন্তশালী জন্তু অখাদ্য ॥২৪॥

মেষী ও ছাগীপ্রভৃতি স্ত্রী-পশু অভক্ষ্য এবং গর্দ্দভী ও উষ্ট্রী প্রসবের পর দশ দিনের মধ্যবর্ত্তিনী গো, মানুষী ও হরিণীর দুগ্ধ পান করিবে না ॥২৫॥

---

(২১) অনুষ্ণা মৃত্তিকা নি। (২৫) খরোষ্ট্রাণাং নি।

প্রেতান্নং সূতিকান্নঞ্চ যচ্চ কিঞ্চিদনির্দশম্‌।
অভোজ্যঞ্চাপ্যপেয়ঞ্চ ধেনোর্দুগ্ধমনির্দশম্‌ ॥২৬॥
রাজান্নং তেজ আদত্তে শূদ্রান্নং ব্রহ্মবর্চ্চসম্‌।
আয়ুঃ সুবর্ণকারান্নমবীরায়াশ্চ যোষিতঃ ॥২৭॥
বিষ্ঠা বার্দ্ধুষিকস্যান্নং গণিকান্নমথেন্দ্রিয়ম্‌।
মৃষ্যন্তি যে চোপপতিং স্ত্রীজিতান্নঞ্চ সর্ব্বশঃ ॥২৮॥

ভারতকৌমুদী

এডকা ইতি। এডকা মেষ্যঃ। ইদন্তু স্ত্রীপশুমাত্রোপলক্ষণম্‌। সূতিকানাং প্রসবানন্তর-দশদিনান্তর্বর্ত্তিনীনাম্‌ "অজা গাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা। শুধ্যন্তি দিবসৈরেব দশভির্নাত্র সংশয়ঃ॥" ইতি শুদ্ধিতত্ত্বধৃতবচনাৎ ॥২৫॥

প্রেতেতি। প্রেতান্নং মরণাশৌচিনামন্নম্‌, সূতিকান্নং জননাশৌচিনামন্নম্‌, যচ্চ কিঞ্চিদ্বস্তু অনির্দশং ন নির্গতং দশভ্যো দিনেভ্য ইতি তৎ। দশপদঞ্চ তত্তদশৌচকালপরম্‌। অনির্দশং প্রসবাবধিদশদিনমধ্যবর্ত্তি ধেনোর্দুগ্ধঞ্চাপেয়ম্‌ ॥২৬॥

ব্রাহ্মণপক্ষে তত্তদন্নভোজনে দোষমাহ রাজেতি। রাজান্নং ক্ষত্রিয়ান্নং কর্ত্তৃ, তেজো মানসং বলম্‌, আদত্তে নাশয়তি, ব্রহ্মবর্চ্চসং তপঃপ্রভাবম্‌। অবীরায়া নিষ্পতিসুতায়াঃ ॥২৭॥

বিষ্ঠেতি। বার্দ্ধুষিকস্য ধনবৃদ্ধিজীবিনঃ, অন্নম্‌, বিষ্ঠা বিষ্ঠাতুল্যম্‌, গণিকান্নম্‌, যে চ জনা ভার্য্যাণামুপপতিং মৃষ্যন্তি সহন্তে তেষামন্নম্‌, স্ত্রীজিতানাং পুরুষাণামন্নঞ্চ, ইন্দ্রিয়ং শুক্রতুল্যম্‌, এতৎ সর্ব্বমভোজ্যমিত্যর্থঃ। "শুক্রং তেজোরেতসী চ বীজবীর্য্যেন্দ্রিয়াণি চ" ইত্যমরঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রায়শ্চিত্তনিমিত্তে দোষে ॥২০॥ অভক্ষ্যানাহ চতুর্ভিঃ—অনড্বানিতি ॥২১—২৪॥ এড়কা মেষী, সূতিকানামনির্দশানাম্‌ ॥ ২৫ ॥ অভোজ্যং পায়সাদ্যন্তর্গতম্‌ ॥ ২৬ ॥ অবীরায়াঃ পতিপুত্রহীনায়াঃ ॥ ২৭ ॥

মরণাশৌচীর অন্ন, জননাশৌচীর অন্ন এবং অশৌচশালী লোকের যে কোন খাদ্য বস্তু, সে সমস্তই অভোজ্য; আর প্রসবাবধি দশ দিনের মধ্যে ধেনুর দুগ্ধ অপেয় ॥২৬॥

ক্ষত্রিয়ের অন্ন ভক্ষণ করিলে ব্রাহ্মণের মানসিক বল নষ্ট হয়, শূদ্রের অন্ন ভোজন করিলে ব্রাহ্মণের তপস্যার প্রভাব তিরোহিত হইয়া যায় এবং সুবর্ণকার ও পতিপুত্র-বিহীনা নারীর অন্ন ভক্ষণ করিলে, ব্রাহ্মণের আয়ু হ্রাস পায় ॥২৭॥

যাহারা সুদখোর তাহাদের অন্ন বিষ্ঠার তুল্য এবং বেশ্যার অন্ন, ব্যভিচারিণী স্ত্রীর পতির অন্ন ও স্ত্রীজিত পুরুষের অন্ন শুক্রের তুল্য (অর্থাৎ ইহাদের অন্ন অভক্ষ্য) ॥২৮॥

দীক্ষিতস্য কদর্য্যস্য ক্রতুবিক্রয়িকস্য চ।
তক্ষ্ণশ্চর্ম্মাবকর্ত্তুশ্চ পুংশ্চল্যা রজকস্য চ ॥২৯॥
চিকিৎসকস্য যচ্চান্নমভোজ্যং রক্ষিণস্তথা।
গণগ্রামাভিশস্তানাং রঙ্গস্ত্রীজীবিনাং তথা ॥৩০॥ (যুগ্মকম্)
পরিবিত্তীনাং পুংসাং চ বন্দিদ্যূতবিদাং তথা।
বামহস্তাহৃতঞ্চান্নং শুষ্কং পর্য্যুষিতঞ্চ যৎ।
সুরানুগতমুচ্ছিষ্টমভোজ্যং শেষিতঞ্চ যৎ ॥৩১॥

ভারতকৌমুদী

দীক্ষিতস্যেতি। দীক্ষিতস্য অগ্নীষোমযাগপ্রবৃত্তস্য বপাহোমাৎ পূর্ব্বম্, কদর্য্যস্য সর্ব্বথা নিন্দিতস্য, ক্রতুবিক্রয়িকস্য যজ্ঞসাধকসোমবিক্রয়িণঃ, তক্ষ্ণঃ কারোঃ, চর্ম্মাবকর্ত্তুশ্চর্ম্মকারস্য, পুংশ্চল্যা ব্যভিচারিণ্যাঃ, রজকস্য স্বনামপ্রসিদ্ধস্য, চিকিৎসকস্য ভিষজঃ, রক্ষিণো নগররক্ষকস্য, গণেন প্রবাসিনা লোকসমূহেন গ্রামেণ গ্রামবাসিনা জনেন চ অভিশস্তানাং তিরস্কৃতানাম্, রঙ্গস্ত্রীভির্নটীভিঃ রঙ্গসম্পাদনায় প্রেষিতনিজভার্য্যাভির্বা জীবন্তীতি তেষাঞ্চ যদন্নম্, তচ্চাপ্যভোজ্যম্ ॥২৯—৩০॥

পরীতি। পরিবিত্তীনাং প্রাগুক্তপরিবেদনদোষবতাম্, বন্দিনঃ স্তুতিপাঠকাঃ দ্যূতবিদো দ্যূতনিপুণত্বেন তদাসক্তাশ্চ তেষাম্, বামহস্তেন আহৃতমানীতম্, শুষ্কমরুক্ষম্, পর্য্যুষিতং পূর্ব্বদিনাদৌ পক্কঞ্চ যদন্নম্, সুরানুগতং মদ্যস্পৃষ্টম্, উচ্ছিষ্টং ভুক্তাবশিষ্টম্, শেষিতং সর্ব্বশেষতয়া রক্ষিতম্, চান্নমভোজ্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

ইন্দ্রিয়ং শুক্রম্, গণিকাদিত্রয়াণামন্নম্ ॥ ২৮ ॥ দীক্ষিতস্য অগ্নীষোমীয়বপাহোমাৎ প্রাঙ্ ন ভোক্তব্যম্, কদর্য্যো ধনব্যয়ভয়াদ্ভোগত্যাগহীনঃ ॥২৯॥ রক্ষিণো গ্রামপালকস্য সীমাদিরক্ষিণো বা ॥৩০—৩১॥

বপাহোমের পূর্ব্বে যজ্ঞপ্রবৃত্ত লোকের অন্ন, ঘৃণিত লোকের অন্ন, সোমবিক্রয়ীর অন্ন, কাঠের মিস্ত্রীর অন্ন, চর্ম্মকারের অন্ন, ব্যভিচারিণী স্ত্রীর অন্ন, রজকের অন্ন, চিকিৎসকের অন্ন, নগররক্ষীর অন্ন, ভিন্নস্থানীয় লোকনিন্দিত ও গ্রামস্থ লোকনিন্দিত ব্যক্তির অন্ন এবং নিজভার্য্যাদ্বারা রঙ্গসম্পাদনকারীর অন্ন ভোজন করিবে না ॥২৯—৩০॥

পরিবেদনদোষযুক্ত পুরুষদিগের, (পরিবেদন দোষ পূর্ব্বে বলা হইয়াছে,) স্তুতিপাঠকদিগের ও দ্যূতাসক্ত লোকদিগের অন্ন, বামহস্তানীত অন্ন, অত্যন্ত শীতল অন্ন, পর্য্যুষিত অন্ন, সুরাস্পৃষ্ট অন্ন, উচ্ছিষ্ট অন্ন এবং সর্ব্বশেষ অবশিষ্ট যে অন্ন, তাহা ভোজন করিবে না ॥৩১॥

(৩১) পরিবিত্তিকানাং… পি।

পিষ্টস্য চেক্ষুশাকানাং বিকারাঃ পয়সস্তথা।
সক্তুধানাকরম্ভাশ্চ নোপভোগ্যাশ্চিরস্থিতাঃ ॥৩২॥
পায়সং কৃসরং মাংসমপূপাশ্চ বৃথাকৃতাঃ।
অপেয়াশ্চাপ্যভক্ষ্যাশ্চ ব্রাহ্মণৈর্গৃহমেধিভিঃ ॥৩৩॥
দেবান্ ঋষীন্ মনুষ্যাংশ্চ পিতৄন্ গৃহ্যাশ্চ দেবতাঃ।
পূজয়িত্বা ততঃ পশ্চাদ্‌গৃহস্থো ভোক্তুমর্হতি ॥৩৪॥
যথা প্রব্রজিতো ভিক্ষুস্তথৈব স্বে গৃহে বসেৎ।
এবংবৃত্তঃ প্রিয়ৈর্দারৈঃ সংবসন্ ধর্ম্মমাপ্নুয়াৎ ॥৩৫॥

ভাবতকৌমুদী

পিষ্টস্যেতি। পিষ্টস্য পূপস্য, ইক্ষুশাকানাঞ্চ পযসো দুগ্ধস্য চ বিকাবা বিকৃতাবস্থাপ্রাপ্তানি পিষ্টকাদীনীত্যর্থঃ, সক্তবশ্চূর্ণিতলাজাদযঃ ধানা ভৃষ্টযবাঃ কবম্ভা দধিমিশ্রিতসক্তবশ্চ তে, চিবস্থিতা বহুপূর্ব্বকৃতাঃ, নোপভোগ্যাঃ ॥৩২॥

পায়সমিতি। পাযসং প্রসিদ্ধম্, কৃসবং তিলমিশ্রিতান্নম্, অপূপাঃ পিষ্টকানি, বৃথাকৃতাঃ স্বভক্ষণার্থনির্ম্মিতাঃ। গৃহমেধিভির্গৃহস্থৈঃ ॥৩৩॥

দেবানিতি। গৃহ্যা গৃহস্থিতাঃ। ভোক্তুমর্হতি পায়সাদীনি ॥৩৪॥

যথেতি। যথা বিষবানাসক্তভাবেন। এবংবৃত্তঃ অনাসক্তভাবেন বর্ত্তমানঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

শেষিতং কুটুম্বায়াদত্বাত্মার্থং বক্ষিতম্ ॥৩২॥ ধানা ভৃষ্টযবাঃ, করম্ভা দধিসক্তবঃ, সক্ত্বাদীনাং বিকাবা নষ্টাঃ সক্তবঃ। কৃসরং তিলমিশ্র ওদনঃ, বৃথাকৃতাঃ দেবতাদ্যুদ্দেশং বিনা কৃতাঃ ॥৩৩॥ চাৎ

বিকৃত (পচা) পিষ্টক, ইক্ষু, শাক ও দুগ্ধ এবং বহুপূর্ব্বে নির্ম্মিত ছাতু, খই ও দধিযুক্ত ছাতু ভক্ষণ কবিবে না ॥৩২॥

গৃহস্থ ব্রাহ্মণেবা কেবল আপনাদেব জন্য নির্ম্মিত পাযস, তিলমিশ্রিত অন্ন, মাংস ও পিষ্টক—এইগুলি পান বা ভোজন কবিবেন না ॥৩৩॥

স্বর্গস্থদেবতা, গৃহস্থদেবতা, ঋষিগণ, পিতৃগণ ও মনুষ্যগণেব যথাসম্ভব পূজা ও সৎকাব কবিযা গৃহস্থলোক উক্ত বস্তু সকল ভোজন কবিতে পাবে ॥৩৪॥

পরিব্রাজক ভিক্ষু যেমন বিষয়ে অনাসক্তভাবে বিচবণ কবেন, গৃহস্থও সেইরূপ বিষযে অনাসক্তভাবে আপন গৃহে বাস কবিবে। এইভাবে প্রিয়তমা ভার্য্যার সহিত বাস কবিতে থাকিযা ধর্ম্ম লাভ কবিতে পাবিবে ॥৩৫॥

---

(৩২)·· সক্তুধানাকরম্ভাণাং পি বঙ্গ বর্দ্ধ, পিষ্টমাংসেক্ষুশাকানামাবিকাজাপযস্তথা·· নি।

ন দদ্যাদ্‌যশসে দানং ন ভয়ান্নোপকারিণে।
ন নৃত্যগীতশীলেষু হাসকেষু চ ধার্ম্মিকঃ ॥৩৬॥
ন মত্তে চৈব নোন্মত্তে ন স্তেনে ন চ কুৎসকে।
ন বাগ্‌ঘীনে বিবর্ণে বা নাঙ্গহীনে ন বামনে ॥৩৭॥
ন দুর্জনে দৌষ্কুলে বা ব্রতৈর্যো বা ন সংস্কৃতঃ।
ন শ্রোত্রিয়মৃতে দানং ব্রাহ্মণে ব্রহ্মবর্জিতে ॥৩৮॥ (যুগ্মকম্)
অসম্যক্ চৈব যদ্দত্তমসম্যক্ চ প্রতিগ্রহঃ।
উভয়ং স্যাদনর্থায় দাতুরাদাতুরেব চ ॥৩৯॥
যথা খদিরমালম্ব্য শিলাং বাপ্যর্ণবং তরন্।
মজ্জেত মজ্জতে তদ্বদ্দাতা যশ্চ প্রতিগ্রহী ॥৪০॥

ভারতকৌমুদী

নেতি। ন দদ্যাৎ ধর্ম্মার্থ ইতি ভাবঃ। হাসকেষু নর্ম্মকারিষু ॥৩৬॥

নেতি। স্তেনে চৌরে, কুৎসকে নিরর্থকপরনিন্দাকারিণি। বাগ্‌ঘীনে মূকে, বিবর্ণে কুষ্ঠরোগাদিনা বিকৃতবর্ণে, বামনে খর্ব্বে। দৌষ্কুলে দুষ্টবংশোৎপন্নে, ব্রতৈরুপনয়নাদিভিঃ। শ্রোত্রিয়ং বেদবিদং ব্রাহ্মণম্, ঋতে বিনা, ব্রহ্মণা তপসা বর্জিতে। অত্র তপস্বিনি শ্রোত্রিয়ে দানবিধানাৎ মত্তাদৌ চ দাননিষেধাৎ ব্রাহ্মণব্রুবাদৌ দানে মাধ্যমিকং ফলমিতি বোধ্যম্ ॥৩৭—৩৮॥

অসম্যগিতি। প্রত্যুপকারলিপ্সাদিভির্দত্তমেব অসম্যগ্‌দত্তম্। দাতুরুদ্দেশ্যসাধনায়ৈব গ্রহণমসম্যক্প্রতিগ্রহঃ। আদাতুর্গ্রহীতুঃ ॥৩৯॥

যথেতি। খদিরং ভাররৎ কাষ্ঠম্। যো দাতা সন্ প্রতিগ্রহী ভবেৎ দত্তমেব দ্রব্যং গৃহ্ণাতীত্যর্থঃ, স মজ্জতে লোকনিন্দায়ামেব মগ্নো ভবতি, নিরর্থকমেব তদ্দানমিত্যর্থঃ ॥৪০॥

ধার্ম্মিক লোক যশের নিমিত্ত কিংবা ভয়বশতঃ দান করিবেন না এবং উপকারী, নৃত্যগীতপরায়ণ ও হাস-কৌতুককারী লোককে দান করিবেন না ॥৩৬॥

মত্ত, উন্মত্ত, চৌর, পরনিন্দাকারী, মূক, বিকৃত বর্ণ, অঙ্গবিহীন, অতি খর্ব্ব, খল, দুষ্কুল জাত, অনুপনীত, তপস্যা বিহীন ও শ্রোত্রিয় ভিন্ন অন্য ব্যক্তিকে দান করিবে না ॥৩৭—৩৮॥

অসমীচীনভাবে যাহা দান করা হয় এবং অসমীচীনভাবে যাহা প্রতিগ্রহ করা হয়, দাতা ও গ্রহীতার সেই দুইটী কার্য্যই নিষ্ফল হইয়া থাকে ॥৩৯॥

মানুষ যেমন খদির কাষ্ঠ বা প্রস্তর অবলম্বন করিয়া সমুদ্র তরণ করিতে প্রবৃত্ত হইয়া ডুবিয়া যায়, সেইরূপ যে বস্তু দান করা হয়, তাহাই আবার প্রতিগ্রহ করিয়া মানুষ লোকনিন্দায় ডুবিয়া পড়ে ॥৪০॥

(৪০)·· মজ্জতত্তদ্বৎ বঙ্গ বর্দ্ধ নি।

কাষ্ঠৈরার্দ্রৈর্যথা বহ্নিরুপস্তীর্ণো ন দীপ্যতে।
তপঃস্বাধ্যায়চারিত্রৈরেবং হীনঃ প্রতিগ্রহী ॥৪১॥
কপালে যদ্বদাপঃ স্যুঃ শ্বদৃতৌ চ যথা পয়ঃ।
আশ্রয়স্থানদোষেণ বৃত্তহীনে তথা শ্রুতম্ ॥৪২॥
নির্মন্ত্রো নির্ব্রতো যঃ স্যাদশাস্ত্রজ্ঞোঽনসূয়কঃ।
অনুক্রোশাৎ প্রদাতব্যং হীনেষ্বব্রতিকেষু চ ॥৪৩॥
ন বৈ দেয়মনুক্রোশাদ্দীনায়াপগুণায় তু।
আপ্তাচরিত ইত্যেব ধর্ম্ম ইত্যেব বা পুনঃ ॥৪৪॥

ভাবতকৌমুদী

কাষ্ঠৈরিতি। উপস্তীর্ণ আবৃতঃ, ন দীপ্যতে ন জলতি ন শোভতে চ ॥৪১॥

কপাল ইতি। আপো জলানি, কপালে মস্তকাস্থি„, যদ্বদাশ্রয়দোষেণ দূষিতাঃ স্যুঃ, পয়ো দুগ্ধং জলং বা, শ্বদৃতৌ কুক্কুরচর্ম্মময়কোষে যদ্বা আশ্রয়দোষেণ দূষিতং স্যাৎ, তথা বৃত্তহীনে তপশ্চাবিত্রশূন্যে জনে, আশ্রয়দোষেণ, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, দূষিতং স্যাৎ, অতস্তস্মৈ ন দাতব্যমিতি ভাবঃ ॥৪২॥

নির্বিতি। নির্ব্রতস্তপশ্চাবিত্রহীনঃ, অনসূয়কঃ পরদোষানাবিষ্কারকঃ। অনুক্রোশাৎ দয়াতঃ, হীনেষু নীচজাতিষু, অব্রতিকেষু শাস্ত্রীয়নিয়মশূন্যেষু উচ্চজাতীয়েষু দরিদ্রেষ্বপি ॥৪৩॥

ভাবতভাবদীপঃ

পেয়াঃ পীযূষাদয়ঃ ॥৩৪—৩৬॥ হাসকেষু পরিহাসপরেষু ভণ্ডেষু ॥৩৭॥ বাগ্‌হীনে মূকে মূর্খে বা ॥৩৮—৪১॥ শ্বদৃতৌ শুনকচর্ম্মময়ে কোশে ॥৪২॥ অনসূয়কো গুণেষু দোষারোপমকুর্ব্বন্, অনুক্রোশাদ্দয়য়া ॥৪৩॥ আপ্তাচরিত ইষ্টকারীতি বুদ্ধ্যা ধর্ম্মবুদ্ধ্যা বা নির্মন্ত্রে ন দেয়মিত্যাহ—ন বা

আর্দ্রকাষ্ঠাবৃত অগ্নি যেমন দীপ্তি পায় না, তেমন তপস্যা, অধ্যয়ন ও চরিত্রবিহীন প্রতিগ্রহার্থী লোকও শোভা পায় না ॥৪১॥

মাথার খুলিতে জল কিংবা কুকুরের চামরার ভিতরে দুধ বা রাখিলে, তাহা যেমন আশ্রয়ের দোষে দূষিত হয়; তেমন তপস্যা ও চরিত্রবিহীন লোকের শাস্ত্রজ্ঞান আশ্রয়ের দোষে দূষিত হইয়া থাকে ॥৪২॥

যে লোক মন্ত্র জানে না, তপস্বী বা চরিত্রবান্‌ও নহে এবং কোন শাস্ত্রজ্ঞও নহে, সে লোক যদি পরের দোষ কীর্ত্তন না করে, তাহা হইলে দয়া করিয়া তাহাকে দান করা উচিত, আর হীনজাতীয় দরিদ্র এবং উচ্চজাতীয় ব্রতবিহীন দরিদ্রকেও দান করা সঙ্গত ॥৪৩॥

(৪২)· শ্বভৃতৌ চ পি। (৪৪)· দীনায়ার্ত্তগুণেষপি পি, দীনার্ত্তাতুরেষপি—বঙ্গ বর্দ্ধ।

নিষ্কারণং স্মৃতং দত্তং ব্রাহ্মণে ব্রহ্মবর্জ্জিতে।
ন ফলেৎ পাত্রদোষেণ ন চাত্রাস্তি বিচারণা ॥৪৫॥
যথা দারুময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
ব্রাহ্মণশ্চানধীয়ানস্ত্রয়স্তে নাম বিভ্রতি ॥৪৬॥
যথা ষণ্ঢোঽফলঃ স্ত্রীষু যথা গৌর্গবি চাফলা।
শকুনির্বাপ্যপক্ষঃ স্যান্নির্মন্ত্রো ব্রাহ্মণস্তথা ॥৪৭॥
গ্রামো ধান্যৈর্যথা শূন্যে যথা কূপশ্চ নির্জ্জলঃ।
যথা হুতমনগ্নৌ চ তথৈব স্যান্নিরাকৃতৌ ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। দীনায়াপি অপগুণায় অপকৃষ্টগুণশালিনে চৌরপ্রভৃতয়ে ন দেয়ম্। কথং ন দেয়মিত্যাহ আপ্তেতি। অয়ং পন্থাঃ, আপ্তৈর্বিশ্বস্তৈর্ম্মুনিভিরাচরিতঃ; পুনর্বা ইত্যেব ধর্ম্মো ন্যায়ঃ, অন্যথা তস্য চৌর্য্যসাহায্যমেব কৃতং স্যাদিত্যাশয়ঃ ॥৪৪॥

নিরিতি। ব্রহ্মবর্জ্জিতে বেদহীনে। অত্র ঈদৃশে ব্রাহ্মণে, বিচারণা দানস্য ॥৪৫॥

যথেতি। দ্বৌ তাদৃশৌ হস্তিমৃগৌ একশ্চ ব্রাহ্মণ ইতি ত্রয়ঃ, নাম তত্তৎ সংজ্ঞামাত্রম্, বিভ্রতি ধারয়ন্তি ন তু তত্তৎ কার্য্যং কর্ত্তুং শক্নুবন্তীত্যর্থঃ ॥৪৬॥

যথেতি। ষণ্ঢঃ ক্লীবঃ। গৌরিত্যুপলক্ষণং স্ত্রী স্ত্রিয়াম্। শকুনিঃ পক্ষী ॥৪৭॥

গ্রাম ইতি। তথৈব নিষ্ফলং স্যাৎ দানমিতি শেষঃ, নিরাকৃতৌ মূর্খে ॥৪৮॥

মানুষ দরিদ্র হইয়াও যদি চৌর্য্যাদি দোষে দূষিত হয়; তবে তাহাকে দয়া করিয়াও দান করিবে না। কারণ, প্রাচীন বিশ্বস্ত লোকেরা এইরূপ ব্যবহারই করিয়া গিয়াছেন এবং ইহাই ন্যায়সঙ্গত নিয়ম ॥৪৪॥

শাস্ত্রজ্ঞানবিহীন ব্রাহ্মণকে দান করা নিরর্থক। কেন না, সে দান পাত্রের দোষে কোন ফল উৎপাদন করে না। এবিষয়ে কোন বিচার করাই উচিত নহে ॥৪৫॥

কাষ্ঠময় হস্তী, চর্ম্মময় মৃগ এবং শাস্ত্রজ্ঞানবিহীন ব্রাহ্মণ—এই ত্রিবিধ প্রাণীই কেবল নামমাত্র ধারণ করে ॥৪৬॥

নপুংসক যেমন নারীর পক্ষে, ধেনু যেমন অপর ধেনুর পক্ষে এবং পক্ষবিহীন বিহঙ্গ যেমন উড্ডয়নের পক্ষে নিষ্ফল; সেইরূপ মন্ত্রবিহীন ব্রাহ্মণ দাতার পক্ষে নিষ্ফল ॥৪৭॥

ধান্যশূন্য গ্রাম, জলশূন্য কূপ এবং অগ্নিভিন্ন স্থানে আহুতি যেমন নিরর্থক; সেইরূপ মূর্খে দান নিরর্থক ॥৪৮॥

---

(৪৫)· ভবেদপাত্রদোষেণ· পি বঙ্গ বর্দ্ধ। (৪৮) গ্রামধান্যং যথা শূন্যম্·· বঙ্গ বর্দ্ধ, গ্রামস্থানং·· নি।

দেবতানাং পিতৃণাঞ্চ হব্যকব্যবিনাশকঃ।
শত্রুরর্থহরো মূর্খো ন লোকান্ প্রাপ্তুমর্হতি ॥৪৯॥
এতত্তে কথিতং সর্ব্বং যথাবৃত্তং যুধিষ্ঠির !।
সমাসেন মহদ্ধ্যেতচ্ছ্রোতব্যং ভরতর্ষভ ! ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ব্যাসবাক্যে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভাবতকৌমুদী

দেবতানামিতি। দেবদেয়ং দ্রব্যং হব্যং পিতৃদেয়ং দ্রব্যঞ্চ কব্যং দর্শনমাত্রেণৈব তযোর্বিনাশকঃ। নিন্দার্থবাদমাত্রমিদম্। এবম্ভূতো মূর্খঃ, পিত্রাদেবর্থহবঃ কেবলখাদনেনার্থনাশকঃ অতএব চ শত্রুঃ, লোকান্ স্বর্গান্, প্রাপ্তুং নার্হতি পুণ্যার্জ্জনাসম্ভবাৎ। "গায়ত্রীবহিতত্বং মূর্খত্ব"মিতি স্মার্ত্তঃ, "স্বার্থ-গায়ত্রীরহিতত্বং মূর্খত্ব"মিতি চ কল্পধবঃ ॥৪৯॥

এতদিতি। বৃত্তং জাতম্। সমাসেন সংক্ষেপেণ, মহৎ প্রশস্তম্ ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ষট্‌ত্রিংশোঽধ্যাযঃ ॥০॥

———:*:———

ভাবতভাবদীপঃ

ইতি ॥৪৪॥ অত্রৈব হেতুমাহ—নিষ্কাবণমিতি। নিষ্কাবণং নিষ্ফলম্, দোষেণ যুক্ত ইতি শেষঃ ॥৪৫—৪৭॥ নিবাবৃত্তৌ মূর্খে ॥৪৮—৫০॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

———:*:———

মূর্খলোক কেবল দর্শনমাত্রেই দেবতাব দ্রব্য ও পিতৃলোকেব দ্রব্য নষ্ট কবে এবং ভোজন করিয়া অর্থ ক্ষয করে বলিয়া অভিভাবকের শত্রুস্বরূপ হয়; আব সে স্বর্গেও গমন করিতে পাবে না ॥৪৯॥

ভবতশ্রেষ্ঠ যুধিষ্ঠিব ! এই তোমাব নিকট আমি সংক্ষেপে যথাবৎ সমস্ত বৃত্তান্ত বলিলাম। এই প্রশস্ত বৃত্তান্ত সকলেরই শ্রবণ কবা উচিত' ॥৫০॥

———:*:———

* 'পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

শ্রোতুমিচ্ছামি ভগবন্! বিস্তরেণ মহামুনে!।
রাজধর্ম্মান্ দ্বিজশ্রেষ্ঠ! চাতুর্ব্বর্ণ্যস্য চাখিলান্ ॥১॥
আপৎসু চ যথা নীতিঃ প্রণেতব্যা দ্বিজোত্তম!।
ধর্ম্ম্যমালম্ব্য পন্থানং বিজয়েয়ং কথং মহীম্ ॥২॥
প্রায়শ্চিত্তকথা হ্যেষা ভক্ষ্যাভক্ষ্যসমন্বিতা।
কৌতূহলানুপ্রবণা হর্ষং জনয়তীব মে ॥৩॥
ধর্ম্মচর্য্যা চ রাজ্যঞ্চ নিত্যমেব বিরুধ্যতে।
এবং মুহ্যতি মে চেতশ্চিন্তয়ানস্য নিত্যশঃ ॥৪॥

ভাবতকৌমুদী

শ্রোতুমিতি। চাতুর্ব্বর্ণ্যস্য ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বর্ণানাম্ ॥১॥

আপৎস্বিতি। প্রণেতব্যা কর্ত্তব্যা। তামপি শ্রোতুমিচ্ছামীত্যনুবৃত্তিঃ ॥২॥

প্রায় ইতি। এষা ত্বয়োক্তা। কৌতূহলস্য অনুপ্রবণা অনুকূলা জনিকেত্যর্থঃ ॥৩॥

ধর্ম্মেতি। পরোপকারবহুলা ধর্ম্মচর্য্যা, পরাপকারবহুলঞ্চ রাজ্যমিতি পরস্পরবৈরূপ্যাৎ বিরুধ্যত ইতি ভাবঃ, অতএব চ মে রাজধর্ম্মজিজ্ঞাসেত্যাশয়ঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! মহামুনি! আমি আপনার নিকট সমস্ত রাজধর্ম্ম এবং ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণের সকল ধর্ম্ম বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি ॥১॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ! বিপদের সময়ে যে প্রকার নীতি অবলম্বন করা উচিত; আর কোন্ ভাবে ধর্ম্মসঙ্গত পথ অবলম্বন করিয়া পৃথিবী জয় করিতে পারিব, তাহাও শুনিতে ইচ্ছা করি ॥২॥

আপনার এই ভক্ষ্যাভক্ষ্যযুক্ত ও কৌতুকবর্দ্ধক প্রায়শ্চিত্তকথা, আমার যেন আনন্দ জন্মাইতেছে ॥৩॥

ওদিকে ধর্ম্মাচরণ ও রাজত্বকরণ এই দুইটী বিষয় সর্ব্বদাই পরস্পর বিরুদ্ধ; এইরূপ চিন্তা করিতে থাকায় সর্ব্বদাই আমার মন মুগ্ধ হইয়া থাকে' ॥৪॥

(২)· ধর্ম্ম্যমালক্ষ্য পি বঙ্গ বর্দ্ধ। (৩)· ভক্ষ্যাভক্ষ্যবিবর্জিতা কৌতূহলাত্তু শ্রবণাদ্ধর্ম্মং·· পি, · ভক্ষ্যাভক্ষ্যবিবর্জ্জিতা · বঙ্গ বর্দ্ধ।

বৈশম্পায়ন উবাচ।

তমুবাচ মহারাজ! ব্যাসো বেদবিদাং বরঃ।
নারদং সমভিপ্রেক্ষ্য সর্ব্বজ্ঞানাং পুরাতনম্ ॥৫॥
শ্রোতুমিচ্ছসি চেদ্ধর্ম্মং নিখিলেন নরাধিপ!।
প্রৈহি ভীষ্মং মহাবাহো! বৃদ্ধং কুরুপিতামহম্ ॥৬॥
স তে ধর্ম্মরহস্যেষু সংশয়ান্ মনসি স্থিতান্।
ছেত্তা ভাগীরথীপুত্রঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বধর্ম্মবিৎ ॥৭॥
জনয়ামাস যং দেবী দিব্যা ত্রিপথগা নদী।
সাক্ষাদ্দদর্শ যো দেবান্ সর্ব্বানিন্দ্রপুরোগমান্ ॥৮॥
বৃহস্পতিপুরোগাংস্তু দেবর্ষীনসকৃৎ প্রভুঃ।
তোষয়িত্বোপচারেণ রাজনীতিমধীতবান্ ॥৯॥
উশনা বেদ যচ্ছাস্ত্রং যচ্চ দেবগুরুর্দ্বিজঃ।
তচ্চ সর্ব্বং সবৈয়াখ্যং প্রাপ্তবান্ কুরুসত্তমঃ ॥১০॥

ভারতকৌমুদী

তমিতি। নারদাভিপ্রেক্ষণং স্ববক্তব্যবিষয়ে নয়নভঙ্গ্যা তদনুমোদনলাভার্থম্ ॥৫॥

শ্রোতুমিতি। নিখিলেন সর্ব্বেণ প্রকারেণ। প্রৈহি উপগচ্ছ ॥৬॥

ধর্ম্মজ্ঞানলাভার্থং শরশয্যাগতভীষ্মান্তিকগমনপ্ররোচনায় তদভিজ্ঞতাং বর্ণয়তি শ্লোকজাতেন স ইতি। ধর্ম্মা এব রহস্যানি গুপ্তবিষয়াস্তেষু। ছেত্তা অপনেষ্যতি ॥৭॥

জনয়ামাসেতি। দিব্যা স্বর্গীয়া, ত্রিপথগা গঙ্গা ॥৮॥

বৃহস্পতীতি। প্রভুর্ব্রহ্মচর্য্যপ্রভাবশালী। উপচারেণ পরিচর্য্যয়া ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তখন বেদজ্ঞশ্রেষ্ঠ বেদব্যাস সর্ব্বজ্ঞদিগের মধ্যে প্রাচীন নারদের দিকে দৃষ্টিপাত করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৫॥

'মহাবাহু নরনাথ! তুমি যদি সর্ব্বপ্রকার ধর্ম্ম শুনিতে ইচ্ছা কর, তাহা হইলে, তোমাদের পিতামহ, কুরুবৃদ্ধ ভীষ্মের নিকটে গমন কর ॥৬॥

সর্ব্বজ্ঞ ও সর্ব্বধর্ম্মবিদ্ সেই গঙ্গানন্দন ভীষ্ম সমস্ত গুপ্ত ধর্ম্মবিষয়ে তোমার মনের সকল সংশয় ছেদন করিবেন ॥৭॥

স্বর্গনদী গঙ্গাদেবী যাঁহাকে প্রসব করিয়াছিলেন এবং যিনি প্রত্যক্ষভাবে ইন্দ্রপ্রভৃতি সমস্ত দেবতাকে দর্শন করিয়াছেন ॥৮॥

ব্রহ্মচর্য্যপ্রভাবশালী যে ভীষ্ম, পরিচর্য্যার গুণে বৃহস্পতিপ্রভৃতি দেবর্ষিগণকে বিশেষভাবে সন্তুষ্ট করিয়া, রাজনীতি অধ্যয়ন করিয়াছিলেন ॥৯॥

(১০)·· যচ্চ ধর্ম্মং বঙ্গ বর্দ্ধ, স চ ধর্ম্মং · নি।

ভার্গবাচ্চ্যবনাচ্চাপি বেদানঙ্গোপবৃংহিতান্ ।
প্রতিপেদে মহাবাহুর্বশিষ্ঠাচ্চরিতব্রতঃ ॥১১॥
পিতামহসুতং জ্যেষ্ঠং কুমারং দীপ্ততেজসম্ ।
অধ্যাত্মগতিতত্ত্বজ্ঞমুপাশিক্ষত যঃ পুরা ॥১২॥
মার্কণ্ডেয়মুখাৎ কৃৎস্নং যতিধর্মমবাপ্তবান্ ।
রামাদস্ত্রাণি শক্রাচ্চ প্রাপ্তবান্ পুরুষর্ষভঃ ॥১৩॥
মৃত্যুরাত্মেচ্ছয়া যস্য জাতস্য মনুজেষ্বপি ।
তথানপত্যস্য সতঃ পুণ্যশ্লোকা দিবি শ্রুতাঃ ॥১৪॥
যস্য ব্রহ্মর্ষয়ঃ পুণ্যা নিত্যমাসন্ সভাসদঃ ।
যস্য নাবিদিতং কিঞ্চিজ্জ্ঞানযজ্ঞেষু বিদ্যতে ॥১৫॥

ভাবতকৌমুদী

উশনেতি। উশনা শুক্রঃ। সবৈয়াখ্যং ব্যাখ্যা সহিতম্ ॥১০॥

ভার্গবাদিতি। ভার্গবাৎ ভৃগুপুত্রাৎ, অঙ্গৈর্ব্যাকবণাদিভিঃ উপবৃংহিতান্ বর্দ্ধিতান্। প্রতিপেদে লেভে, চবিতব্রতশ্চিবমনুষ্ঠিতব্রহ্মচর্য্যো ভীষ্মঃ ॥১১॥

পিতেতি। পিতামহসুতং ব্রহ্মণঃ পুত্রম্, কুমাবং সনৎকুমাবম্। অধ্যাত্মগতিতত্ত্বজ্ঞং পবমাত্মাস্তবস্থাযাথার্থ্যবিদম্, উপ লক্ষ্যীকৃত্য উপেত্যেত্যর্থঃ ॥১২॥

মার্কণ্ডেয়েতি। যতিধর্ম্মং ব্রহ্মচর্য্যাচাবম্। বামাদ্জামদগ্ন্যাৎ ॥১৩॥

মৃত্যুবিতি। পুণ্যশ্লোকাঃ পবিত্রযশাংসি, দিবি পিতৃলোকাদৌ। নিঃসন্তানস্য পিতৃলোকাদাবনধিকাবেঽপি ব্রহ্মচর্য্যাদিপ্রভাবাৎ তৎসম্ভব ইতি ভাবঃ ॥১৪॥

ব্রাহ্মণ শুক্রাচার্য্য ও বৃহস্পতি যে সকল শাস্ত্র জানেন, কৌববশ্রেষ্ঠ ভীষ্ম ব্যাখ্যার সহিত সেই সমস্ত শাস্ত্রই অবগত হইয়াছেন ॥১০॥

চিবব্রহ্মচাবী ও মহাবাহু ভীষ্ম ভৃগুব পুত্র চ্যবন ও বশিষ্ঠেব নিকটে ব্যাকরণ-প্রভৃতি সমস্ত অঙ্গশাস্ত্রের সহিত সকল বেদ অধ্যয়ন কবিয়াছিলেন ॥১১॥

যিনি পূর্ব্বে ব্রহ্মাব জ্যেষ্ঠপুত্র, ব্রহ্মতত্ত্বজ্ঞ ও মহাতেজা সনৎকুমারেব নিকট উপস্থিত হইয়া ব্রহ্মতত্ত্ব শিক্ষা কবিয়াছিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম মহর্ষি মার্কণ্ডেয়েব মুখে সমস্ত যতিধর্ম্ম শুনিয়াছিলেন এবং পবশুরাম ও ইন্দ্রেব নিকটে অস্ত্র শিক্ষা কবিয়াছিলেন ॥১৩॥

মনুষ্যমধ্যে জন্মিয়া থাকিলেও নিজের ইচ্ছা অনুসাবেই যাঁহার মৃত্যু নির্দ্দিষ্ট বহিয়াছে এবং সন্তান না জন্মিয়া থাকিলেও পিতৃলোকে যাঁহাব পবিত্র যশ শুনা যায় ॥১৪॥

স তে বক্ষ্যতি ধর্ম্মজ্ঞঃ সূক্ষ্মধর্ম্মার্থতত্ত্ববিৎ।
তমভ্যেহি পুরা প্রাণান্ স বিমুঞ্চতি ধর্ম্মবিৎ ॥১৬॥ (যুগ্মকম্)
এবমুক্তস্তু কৌন্তেয়ো দীর্ঘপ্রাজ্ঞো মহামতিঃ।
উবাচ বদতাং শ্রেষ্ঠং ব্যাসং সত্যবতীসুতম্ ॥১৭॥

যুধিষ্ঠির উবাচ।

বৈশসং সুমহৎ কৃত্বা জ্ঞাতীনাং রোমহর্ষণম্।
আগস্কৃৎ সর্ব্বলোকস্য পৃথিবীনাশকারকঃ ॥১৮॥
ঘাতয়িত্বা তমেবাজৌ ছলেনাজিহ্মযোধিনম্।
উপসংপ্রষ্টুমর্হামি তমহং কেন হেতুনা ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যস্যেতি। জ্ঞানান্তেব যজ্ঞাস্তদ্দেবসন্তোষকাস্তেষু। পুরা অনধিকাগামিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥১৫—১৬॥

এবমিতি। কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ, দীর্ঘপ্রাজ্ঞো মহাবিচক্ষণঃ ॥১৭॥

বৈশসমিতি। বৈশসং হিংসাম্। আগস্কৃৎ অপরাধকারী। তং ভীষ্মম্, ছলেন শিখণ্ডিনঃ পুরোস্থাপনব্যাজেন, অজিহ্মযোধিনম্ অকূটযোদ্ধারম্ ॥১৮—১৯॥

ভাবতভাবদীপঃ

শ্রোতুমিতি ॥১—২॥ ভক্ষ্যাভক্ষ্যবিবর্জ্জিতা উপবাসাত্মিকা কৌতূহলেন প্রসঙ্গেনানুপ্রবণা অভিমুখা ॥৩—৫॥ প্রৈহি প্রয়াহি ॥৬—৯॥ সবৈয়াখ্যং ব্যাখ্যাসহিতম্ ॥১০—১৫॥ বিমুঞ্চতি বিমোক্ষ্যতি, পুরা ততঃ ॥ ৬—১৭॥ বৈশসং বিনাশম্ ॥১৮॥ উপসম্প্রষ্টুমুপাগত্য সম্যক্প্রষ্টুম্

পুণ্যবান্ ব্রহ্মর্ষিরা সর্ব্বদাই যাঁহার সভাসদ্ ছিলেন এবং জ্ঞান বিষয়ে ধরিতে গেলে যাঁহার অজ্ঞাত কিছুই নাই, ধর্ম্মজ্ঞ ও সূক্ষ্মধর্ম্মার্থতত্ত্ববিদ্ সেই ভীষ্ম তোমার নিকট সমস্ত ধর্ম্ম বলিবেন। অতএব তুমি সত্বর তাঁহার নিকট গমন কর। কেন না, সেই ধর্ম্মজ্ঞ ভীষ্ম অনধিক পরেই প্রাণ ত্যাগ করিবেন' ॥১৫—১৬॥

বেদব্যাস এইরূপ বলিলে, মহাপ্রাজ্ঞ ও মহাবুদ্ধি যুধিষ্ঠির সেই বাগ্মিশ্রেষ্ঠ সত্যবতীনন্দন বেদব্যাসকে বলিলেন ॥১৭॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! আমি নিঃশেষভাবে রোমহর্ষজনক জ্ঞাতিসংহার করিয়া এবং পৃথিবীর সর্ব্বনাশক হইয়া, সকল লোকের নিকটেই অপরাধী হইয়া পড়িয়াছি। তা'র পরে আবার পিতামহ ভীষ্মদেব সরলভাবে যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থাতেই আমি ছল করিয়া তাঁহাকে নিপাতিত করাইয়াছি। এই অবস্থায় আমি কোন্ মুখে যাইয়া তাঁহার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিব' ॥১৮—১৯॥

(১৭) দীর্ঘপ্রজ্ঞো মহামতিঃ· বঙ্গ নি।

বৈশম্পায়ন উবাচ।

ততস্তং নৃপতিশ্রেষ্ঠং চাতুর্ব্বর্ণ্যহিতেপ্সয়া।
পুনরাহ মহাবাহুর্যদুশ্রেষ্ঠো মহামতিঃ ॥২০॥

বাসুদেব উবাচ।

নেদানীমতিনির্ব্বন্ধং শোকে ত্বং কর্ত্তুমর্হসি।
যদাহ ভগবান্ ব্যাসস্তৎ কুরুষ্ব নৃপোত্তম! ॥২১॥
ব্রাহ্মণাস্ত্বাং মহাবাহো! ভ্রাতরশ্চ মহৌজসঃ।
পর্জ্জন্যমিব ঘর্ম্মান্তে নাথমানা উপাসতে ॥২২॥
হতশিষ্টাশ্চ রাজানঃ কৃৎস্নং চৈব সমাগতম্।
চাতুর্ব্বর্ণ্যং মহারাজ! রাষ্ট্রং তে কুরুজাঙ্গলম্ ॥২৩॥
প্রিয়ার্থমপি চৈতেষাং ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
নিয়োগাদস্য চ গুরোর্ব্যাসস্যামিততেজসঃ ॥২৪॥
সুহৃদামস্মদাদীনাং দ্রৌপদ্যাশ্চ পরন্তপ!।
কুরু প্রিয়মমিত্রঘ্ন! লোকস্য চ হিতং কুরু ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। চাতুর্ব্বর্ণ্যস্য ব্রাহ্মণাদিবর্ণচতুষ্টয়স্য হিতেপ্সয়া। যদুশ্রেষ্ঠঃ কৃষ্ণঃ ॥২০॥

নেতি। অতিনির্ব্বন্ধম্ অত্যন্তমাগ্রহম্, শোকে শোকনিবন্ধনবনগমনে ॥২১॥

ব্রাহ্মণা ইতি। পর্জ্জন্যং মেঘম্, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাবসানে, নাথমানা সুখমাশংসন্তঃ, উপাসতে অনুনয়ন্তি ॥২২॥

হতেতি। হতশিষ্টা হতাবশিষ্টাঃ। কুরুজাঙ্গলং তদাখ্যম্ ॥২৩॥

প্রিয়েতি। নিয়োগাদাদেশাৎ। হে অমিত্রঘ্ন! শত্রুনাশক! ॥২৪—২৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহামতি কৃষ্ণ ব্রাহ্মণাদি চারিবর্ণেরই হিত কামনা করিয়া পুনরায় যুধিষ্ঠিরকে কহিলেন ॥২০॥

কৃষ্ণ বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আপনি এখন আর শোকবশতঃ বনগমনে বিশেষ আগ্রহ করিতে পারেন না; ভগবান্ বেদব্যাস যাহা বলিলেন. আপনি তাহাই করুন ॥২১॥

মহাবাহু! মানুষ যেমন গ্রীষ্মকাল অতীত হইলে, শান্তি কামনা করিয়া মেঘের উপাসনা করে; সেইরূপ ব্রাহ্মণেরা এবং মহাতেজা ভ্রাতারা সুখ লাভের আশা করিয়া আপনার উপাসনা করিতেছেন ॥২২॥

মহারাজ! হতাবশিষ্ট রাজারা ব্রাহ্মণপ্রভৃতি চারিবর্ণ এবং কুরুজাঙ্গলবাসী সমস্ত প্রজা আসিয়াছেন ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স কৃষ্ণেন রাজা রাজীবলোচনঃ।
হিতার্থং সর্ব্বলোকস্য সমুত্তস্থৌ মহামনাঃ ॥২৬॥
সোঽনুনীতো নরব্যাঘ্র। বিষ্টরশ্রবসা স্বয়ম্।
দ্বৈপায়নেন চ তথা দেবস্থানেন জিষ্ণুনা ॥২৭॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিরনুনীতো যুধিষ্ঠিরঃ।
ব্যাজহান্মানসং দুঃখং সন্তাপঞ্চ মহাযশাঃ ॥২৮॥ (যুগ্মকম্)
শ্রুতবাক্যঃ শ্রুতনিধিঃ শ্রুতশ্রব্যবিশারদঃ।
ব্যবস্য মনসঃ শান্তিমগচ্ছৎ পাণ্ডুনন্দনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ। সমুত্তস্থৌ সভাতঃ ॥২৬॥

স ইতি। বিষ্টরশ্রবসা কৃষ্ণেন। দেবস্থানেন তদাখ্যেন মুনিনা, জিষ্ণুনা অর্জ্জুনেন; ইদমুপলক্ষণং ভীমাদিভিরপি। ব্যাজহাদত্যজৎ ॥২৭—২৮॥

শ্রুতেতি। শ্রুতনিধিঃ শাস্ত্রজ্ঞানসাগরঃ, শ্রুতেষু শ্রব্যেষু নীতিশাস্ত্রাদিষু বিশারদো বিচক্ষণঃ। ব্যবস্য কর্ত্তব্যমবধার্য্য ॥২৯॥

ভারতভাবদীপঃ

॥১৯—২১॥ নাথমানাঃ যাচমানাঃ উপাসত ইত্যুত্তরত্রাপি যোজ্যম্ ॥২২—২৬॥ বিষ্টরশ্রবসা বিষ্ণুনা ॥২৭॥ সন্তাপং শারীরং তাপম্ ॥২৮॥ বাক্যানি বেদাবয়বাঃ। নিখিলস্তদর্থবিচারগ্রন্থো মীমাংসা। অন্যদপি যচ্ছ্রুতং শ্রব্যং নীতিশাস্ত্রাদি তত্র বিশারদঃ উহাপোহকুশলঃ। ব্যবস্য

শত্রুসন্তাপকারী শত্রুনাশক মহারাজ! অমিততেজা ও গুরুজন বেদব্যাসের আদেশে এই মহাত্মা ব্রাহ্মণগণের প্রীতির জন্য অস্মদাদি সুহৃদ্‌গণের ও দ্রৌপদীদেবীর প্রীতি উৎপাদনের নিমিত্ত আপনি জগতের হিতসাধন করুন' ॥২৪—২৫॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ এইরূপ বলিলে, পদ্মনয়ন ও উদারচেতা রাজা যুধিষ্ঠির সমস্ত লোকের হিতের জন্য গাত্রোত্থান করিলেন ॥২৬॥

নরশ্রেষ্ঠ জনমেজয়! স্বয়ং কৃষ্ণ, বেদব্যাস, দেবস্থান, ভীমপ্রভৃতি ভ্রাতৃগণ এবং অন্যান্য বহুলোক অনুনয় করিলে, মহাযশা যুধিষ্ঠির মনের দুঃখ ও সন্তাপ পরিত্যাগ করিলেন ॥২৭—২৮॥

শাস্ত্রজ্ঞানের সাগর ও অধীতনীতিশাস্ত্রবিশারদ যুধিষ্ঠির বেদব্যাসপ্রভৃতির বাক্য শুনিয়া কর্ত্তব্য স্থির করিয়া মনে শান্তি লাভ করিলেন ॥২৯॥

(২৯) শ্রুতশ্রাব্যবিশারদঃ নি।

স তৈঃ পরিবৃতো রাজা নক্ষত্রৈরিব চন্দ্রমাঃ ।
ধৃতরাষ্ট্রং পুরস্কৃত্য স্বপুরং প্রবিবেশ হ ॥৩০॥
প্রবিবিক্ষুঃ স ধর্ম্মজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
অর্চ্চয়ামাস দেবাংশ্চ ব্রাহ্মণাংশ্চ সহস্রশঃ ॥৩১॥
ততো নবং রথং শুভ্রং কম্বলাজিনসংবৃতম্ ।
যুক্তং ষোড়শভিস্তুরৈঃ পাণ্ডুরৈঃ শুভলক্ষণৈঃ ॥৩২॥
মন্ত্রৈরভ্যর্চ্চিতং পুণ্যৈঃস্তূয়মানশ্চ বন্দিভিঃ ।
আরুরোহ যথা দেবঃ সোমোঽমৃতময়ং রথম্ ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। পবিবৃতঃ পবিবেষ্টিতঃ। পুরস্কৃত্য অগ্রেসবীকৃত্য ॥৩০॥
প্রেতি। প্রবিবিক্ষুঃ প্রবেষ্টুমিচ্ছুঃ। অর্চ্চয়ামাস স্বামিরূপেণ নবপ্রবেশাবম্ভাৎ ॥৩১॥
তত ইতি। পাণ্ডুবৈঃ শুভ্রৈঃ। অমৃতময়ং পীযূষপ্রচুবম্ ॥৩২—৩৩॥

ভারতভাবদীপঃ

কর্ত্তব্যমর্থং নিশ্চিত্য ॥২৯—৩১॥ তত ইতি। গোভির্বলীবর্দ্দৈঃ, এতস্মাল্লিঙ্গাদ্‌গম্যতে যৎ পুবপ্রবেশে প্রথমং গোবথেন প্রবেষ্টব্যমিতি। মন্ত্রলিঙ্গাদপ্যেতদ্‌গম্যতে। "সং গোভিবাঙ্গিবসো নক্ষত্রমাণো ভগ ইবেদর্য্যমণং নিনায়। জনং মিত্রো ন দম্পতী অনক্তী বৃহস্পতে বাজয়াশূঁবিবাজৌ ॥" অস্যার্থঃ—হে বৃহস্পতে! বৃহস্পতিতুল্য! হে পুবোহিত! আঙ্গিবসো বৃহস্পতিঃ গোভির্বৃষৈঃ বগমিত্যর্থাৎ সংনক্ষমাণঃ বথস্য সংনহনং করিষ্যন্ যকাবলোপ আর্ষঃ। অর্য্যমাণং দেবং ভগ ইব ষড্‌বিধমৈশ্বর্য্যমিব নিনাব প্রাপিতবান্, তত্র দৃষ্টান্তঃ জনে ইতি। নকাব উপমার্থে। যথা জনে লোকে মিত্রঃ সখা দম্পতী অনক্তি অন্যোন্যসম্বন্ধে স‌ংকবোতি এবং নগবগতামৈশ্বর্য্যলক্ষ্মীং পবিণেষ্যন্ গোবথেন নগবং প্রবেশয়েদ্রাজানং পুরোহিতঃ। এবং জবলক্ষ্মীং পবিণেষ্যন্নশ্ববথেন আজিং প্রবিশেদিত্যাহ—বাজযেতি। আজৌ সংগ্রামে অশূনশ্বান্ বথে যুঞ্জন্ বাজয গময় যজমনাং

চন্দ্র যেমন নক্ষত্রসমূহে পবিবেষ্টিত হন; সেইরূপ যুধিষ্ঠিরও সুহৃদ্‌গণে পরিবেষ্টিত হইয়া, ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী কবিযা হস্তিনানগবে প্রবেশ কবিয়াছিলেন ॥৩০॥

ধর্ম্মজ্ঞ কুন্তীনন্দন যুধিষ্ঠিব হস্তিনানগবে প্রবেশ করিবাব ইচ্ছা কবিয়া দেবগণের ও সহস্র সহস্র ব্রাহ্মণের পূজা কবিলেন ॥৩১॥

তাহার পব কম্বলে ও মৃগচর্ম্মে পবিবেষ্টিত এবং নূতন ও শুভ্রবর্ণ একখানি রথ প্রস্তুত করা হইল; তাহাতে শুভ্রবর্ণ ও শুভলক্ষণ ষোলটী ঘোড়া সংযুক্ত কবিল। ক্রমে ব্রাহ্মণেবা পবিত্র মন্ত্রদ্বাবা সেই বথখানিকে অভিমন্ত্রিত করিলেন এবং স্তুতিপাঠকেরা স্তব কবিতে লাগিল; সেই অবস্থায় চন্দ্র যেমন অমৃতময় রথে আবোহণ কবেন, সেইরূপ মহারাজ যুধিষ্ঠিব সেই বথে আবোহণ কবিলেন ॥৩২—৩৩॥

জগ্রাহ রশ্মীন্ কৌন্তেয়ো ভীমো ভীমপরাক্রমঃ।
অর্জ্জুনঃ পাণ্ডুরং ছত্রং ধারয়ামাস ভানুমৎ ॥৩৪॥
ধ্রিয়মাণঞ্চ তচ্ছত্রং পাণ্ডুরং রাজমূর্দ্ধনি।
শুশুভে তারকাকীর্ণং সিতমভ্রমিবাম্বরে ॥৩৫॥
চামরব্যজনে স্বস্য বীরৌ জগৃহতুস্তদা।
চন্দ্ররশ্মিপ্রভে শুভ্রে মাদ্রীপুত্রাবলঙ্কৃতে ॥৩৬॥
তে পঞ্চ রথমাস্থায় ভ্রাতরঃ সমলঙ্কৃতাঃ।
ভূতানীব সমস্তানি রাজন্! দদৃশিরে তদা ॥৩৭॥
আস্থায় তু রথং শুভ্রং যুক্তমশ্বৈর্মনোজবৈঃ।
অন্বয়াৎ পৃষ্ঠতো রাজন্! যুযুৎসুঃ পাণ্ডবাগ্রজম্ ॥৩৮॥

ভাবতকৌমুদী

জগ্রাহেতি। বশ্মীন্ অশ্ববজ্জূঃ। ভানুমৎ উজ্জ্বলম্ ॥৩৪॥
ধ্রিয়েতি। তাবকাকীর্ণং নক্ষত্রখচিতম্, অভ্রং মেঘঃ ॥৩৫॥
চামবেতি। চামবে এব ব্যজনে চামবব্যজনে, অস্য যুধিষ্ঠিবস্য ॥৩৬॥
ত ইতি। সমস্তানি পঞ্চ, ভূতানি ক্ষিত্যাদীনি, দদৃশিবে তত্রত্যৈর্জনৈঃ ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

জয়লক্ষ্মীং পবিণেতুমিত্যর্থাদনুষঞ্জনীয়ম্ ॥৩২॥ অমৃতময়ং দেবতাময়ম্ ॥৩৩—৩৪॥ তাবকাস্তাবাঃ তত্তুল্যাচ্ছত্রপ্রান্তস্থমৌক্তিকগুচ্ছাশ্চ ॥৩৫—৩৬॥ যথা দেহবথো ভূতপঞ্চকময়ঃ এবং সোঽপি

তখন ভীষণপবাক্রমশালী কুন্তীনন্দন ভীমসেন অশ্বগুলিব মুখবজ্জু গ্রহণ করিলেন এবং অর্জ্জুন একটী শুভ্রবর্ণ উজ্জ্বল ছত্র যুধিষ্ঠিবেব মস্তকের উপবে ধাবণ কবিলেন ॥৩৪॥

অর্জ্জুন যুধিষ্ঠিরের মস্তকের উপবে সেই শুভ্রবর্ণ ছত্রটী ধাবণ কবিলে, আকাশে নক্ষত্রখচিত শুভ্রবর্ণ মেঘ যেমন শোভা পায়, সেইরূপ সেই ছত্রটী শোভা পাইতে লাগিল ॥৩৫॥

বীর নকুল ও সহদেব অলঙ্কৃত ও চন্দ্রকিবণেব ন্যায় শুভ্রবর্ণ দুইটী চামব ধাবণ কবিয়া যুধিষ্ঠিরেব দুই পার্শ্বে দাঁড়াইলেন ॥৩৬॥

রাজা জনমেজয়! সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত সেই পঞ্চভ্রাতা যখন রথে আরোহণ করিয়া হস্তিনানগরাভিমুখে গমন কবিতে লাগিলেন; তখন তত্রত্য লোকেরা ক্ষিতিপ্রভৃতি পঞ্চ মহাভূতেব ন্যায় তাঁহাদিগকে দেখিতে লাগিল ॥৩৭॥

রাজা! যুযুৎসু মনেব ন্যায় বেগবান্ চাবিটী অশ্বযুক্ত ও শুভ্রবর্ণ বথে আবোহণ করিয়া, যুধিষ্ঠিবের পশ্চাৎ পশ্চাৎ গমন কবিতে লাগিলেন ॥৩৮॥

(৩৫) · রথমূর্দ্ধনি পি বঙ্গ, তাবকাবাজঃ সিতাভ্র ইব চাম্বরে—নি।

রথং হেমময়ং শুভ্রং শৈব্যসুগ্রীবযোজিতম্ ।
সহ সাত্যকিনা কৃষ্ণঃ সমাস্থায়ান্বয়াৎ কুরূন্ ॥৩৯॥
নরযানেন তু জ্যেষ্ঠঃ পিতা পার্থস্য ভারত ! ।
অগ্রতো ধর্ম্মরাজস্য গান্ধারীসহিতো যযৌ ॥৪০॥
কুরুস্ত্রিয়শ্চ তাঃ সর্ব্বাঃ কুন্তী কৃষ্ণা তথৈব চ ।
যানৈরুচ্চাবচৈর্জগ্মু র্বিদুরেণ পুরস্কৃতাঃ ॥৪১॥
ততো রথাশ্চ বহুলা নাগাশ্বসমলঙ্কৃতাঃ ।
পাদাতাশ্চ হয়াশ্চৈব পৃষ্ঠতঃ সমনুব্রজন্ ॥৪২॥
ততো বৈতালিকৈঃ সূতৈর্মাগধৈশ্চ সুভাষিতৈঃ ।
স্তূয়মানো যযৌ রাজা নগরং নাগসাহ্বয়ম্ ॥৪৩॥

ভাবতকৌমুদী

আস্থায়েতি। যুযুৎসুর্নাম ধৃতবাষ্ট্রস্য বৈশ্যাযাং জাতঃ পুত্রঃ ॥৩৮॥

বথমিতি। হেমময়ং স্বর্ণখচিতম্। অতএব বজতনির্ম্মিততযা শুভ্রমিত্যুপপদ্যতে, শৈব্য সুগ্রীবাভ্যাং তদাখ্যাভ্যামশ্বাভ্যাং যোজিতম্ ॥৩৯॥

নবেতি। নবযানং মানুযোঢা শিবিকা তযা, জ্যেষ্ঠঃ পিতা ধৃতবাষ্ট্রঃ ॥৪০॥

কুর্ব্বিতি। কৃষ্ণা দ্রৌপদী। উচ্চাবচৈর্নানাবিধৈঃ, পুবস্কৃতাঃ সম্মুখগাঃ কৃতাঃ ॥৪১॥

তত ইতি। নাগা গজাঃ। পাদাতাঃ পদাতিসমূহাঃ, হযা অশ্বাবোহিণঃ ॥৪২॥

তত ইতি। গানেন স্তুতিকবা বৈতালিকাঃ, ছন্দোবদ্ধপদৈঃ স্তুতিকবাঃ সূতাঃ, গদ্যৈঃ স্তুতিকবাশ্চ মাগধাস্তৈঃ। নাগসাহ্বযং হস্তিনাখ্যম্ ॥৪৩॥

কৃষ্ণ সাত্যকিব সহিত সম্মিলিত হইয়া, শৈব্য ও সুগ্রীব নামক দুইটী অশ্বযুক্ত, স্বর্ণখচিত ও শুভ্রবর্ণ রথে উঠিয়া কৌরবগণেব পিছনে পিছনে যাইতে থাকিলেন ॥৩৯॥

ভবতনন্দন! যুধিষ্ঠিবেব জ্যেষ্ঠতাত ধৃতবাষ্ট্র গান্ধাবীব সহিত মিলিত হইয়া, নরযানে আবোহণ কবিয়া (পাল্কিতে উঠিয়া,) যুধিষ্ঠিবের অগ্রে অগ্রে গমন কবিতে লাগিলেন ॥৪০॥

এবং কৌরবস্ত্রীগণ, কুন্তী ও দ্রৌপদী নানাবিধ যানে আবোহণ করিয়া গমন কবিতে থাকিলেন; আব বিদুব তাঁহাদের পিছনে পিছনে চলিলেন ॥৪১॥

তৎপবে হস্তী, অশ্ব, অলঙ্কৃত বথ, পদাতিগণ ও অশ্বারোহিগণ সকলেব পিছনে যাইতে থাকিল ॥৪২॥

ক্রমে বৈতালিকগণ, সূতগণ ও মাগধগণ সুন্দব সুন্দর বাক্যে স্তব কবিতে লাগিল; সেই অবস্থায় যুধিষ্ঠিব হস্তিনানগবেব দিকে গমন করিতে লাগিলেন ॥৪৩॥

তৎ প্রয়াণং মহাবাহোর্বভূবাপ্রতিমং ভুবি।
আকুলাকুলমুৎক্রুষ্টং হৃষ্টপুষ্টজনাকুলম্ ॥৪৪॥
অভিযানে তু পার্থস্য নরৈর্নগরবাসিভিঃ।
নগরং রাজমার্গাশ্চ যথাবৎ সমলঙ্কৃতাঃ ॥৪৫॥
পাণ্ডুরেণ চ মাল্যেন পতাকাভিশ্চ মেদিনী।
সংস্কৃতো রাজমার্গোঽভূদ্ধূপনৈশ্চ প্রধূপিতঃ ॥৪৬॥
অথ চূর্ণৈশ্চ গন্ধানাং নানাপুষ্পপ্রিয়ঙ্গুভিঃ।
মাল্যদামভিরাসক্তৈ রাজবেশ্মাভিসংবৃতম্ ॥৪৭॥
কুম্ভাশ্চ নগরদ্বারি বারিপূর্ণা নবা দৃঢ়াঃ।
সিতাঃ সুমনসো গৌরাঃ স্থাপিতাস্তত্র তত্র হ ॥৪৮॥

ভারতকৌমুদী

তদিতি। মহাবাহোর্যুধিষ্ঠিরস্য। উৎক্রুষ্টম্ উচ্চৈঃ কোলাহলাস্পদীকৃতম্ ॥৪৪॥

অভীতি। অভিযানে অভিমুখাগমনে, পার্থস্য যুধিষ্ঠিরস্য ॥৪৫॥

পাণ্ডুরেণেতি। মেদিনী নগরভূমিঃ সমলঙ্কৃতেত্যনুবৃত্তিঃ। সংস্কৃতঃ পরিষ্কৃতঃ, ধূপনৈঃ সৌরভকরৈঃ ধূপাগুরুপ্রভৃতিভিঃ ॥৪৬॥

অথেতি। প্রিয়ঙ্গুনামা গন্ধদ্রব্যবিশেষঃ। মাল্যদামভির্মালাসূত্রৈঃ ॥৪৭॥

কুম্ভা ইতি। সিতা রজতময়তয়া শুভ্রাঃ, সুমনসঃ পুষ্পমালাযুক্তাঃ, কেচিচ্চ স্বর্ণময়তয়া গৌরাঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

রথো ভ্রাতৃপঞ্চকযুক্তঃ ॥৩৭॥ যুযুৎসুর্ধৃতরাষ্ট্রপুত্রঃ ॥৩৮—৩৯॥ নরযানং তথতরাবা ইতি ম্লেচ্ছভাষায়াং প্রসিদ্ধম্, ন তু শিবিকা ॥৪০—৪৩॥ আকুলাকুলমতিসঙ্কুলং সম্মর্দ্দবশাৎ ॥৪৪—৪৫॥

তখন লোকেরা ব্যতিব্যস্তভাবে উচ্চস্বরে কোলাহল করিতে লাগিল এবং হৃষ্টপুষ্ট লোক সকল সঙ্গে চলিল; সুতরাং তৎকালে মহাবাহু যুধিষ্ঠিরের সেই রাজধানী-প্রবেশটীর আর উপমা থাকিল না ॥৪৪॥

যুধিষ্ঠির হস্তিনানগরে প্রবেশ করিবেন বলিয়া সেই নগরবাসী লোকেরা সেই নগরটীকে ও রাজপথগুলিকে পূর্ব্বেই অলঙ্কৃত করিয়া রাখিয়াছিল ॥৪৫॥

শুভ্রবর্ণ পুষ্পমালা ও পতাকাদ্বারা নগরের ভূমি সকল অলঙ্কৃত করিয়াছিল, রাজপথগুলি পরিষ্কৃত করা হইয়াছিল এবং ধূপ ও অগুরুপ্রভৃতি গন্ধদ্রব্যদ্বারা সৌরভযুক্ত করিয়া রাখিয়াছিল ॥৪৬॥

তা'র পর, গন্ধদ্রব্য চূর্ণ, নানাবিধ পুষ্প ও প্রিয়ঙ্গু বিন্যস্ত করিয়া এবং পুষ্পমাল্য-সমূহ লম্বিত করিয়া করিয়া রাজভবনটীকে সুসজ্জিত করিয়াছিল ॥৪৭॥

তথা স্বলঙ্কৃতদ্বারং নগরং পাণ্ডুনন্দনঃ।
স্তূয়মানঃ শুভৈর্ব্বাক্যৈঃ প্রবিবেশ সুহৃদ্বৃতঃ ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে যুধিষ্ঠিরস্য হস্তিনাপুরপ্রবেশে
সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
প্রবেশনে তু পার্থানাং জনানাং পুরবাসিনাম্।
দিদৃক্ষূণাং সহস্রাণি সমাজগ্মুঃ সহস্রশঃ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। স্বলঙ্কৃতানি দ্বারাণি যস্য তৎ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

প্রবেশন ইতি। পার্থানাং পাণ্ডবানাম্। দিদৃক্ষূণাং তদ্দ্রষ্টুমিচ্ছূনাম্ ॥১॥

ভারতভাবদীপঃ

মাল্যেন পুষ্পসমূহেন মেদিনী সমলঙ্কৃতেত্যনুষজ্যতে। ধূপনৈঃ অগুরুপ্রভৃতিভির্ধূপদ্রব্যৈঃ ॥৪৬—৪৭॥
সিতাঃ চূর্ণাদিনা শুভ্রীকৃতাঃ, সুমনসঃ পুষ্পাণি, গৌরাঃ শুক্লাঃ ॥৪৮—৪৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

আর বিভিন্ন নগরদ্বারে নূতন ও দৃঢ়, রজতময় ও স্বর্ণময় জলপূর্ণ কুম্ভ সকল স্থাপন করিয়া, সেগুলির উপরে নানাবিধ ফুলের মালা সাজাইয়া রাখিয়াছিল ॥৪৮॥

নগরবাসীরা সেইভাবে নগরের দ্বারগুলিকে সুশোভিত করিয়া রাখিলে এবং স্তুতিপাঠকেরা স্তুতিপাঠ করিতে লাগিলে, যুধিষ্ঠির সুহৃদ্গণে পরিবেষ্টিত হইয়া হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৪৯॥

---

(৪৯) যথা স্বলঙ্কৃতং দ্বারং বঙ্গ নি। * ‘ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ’ নি।

স রাজমার্গঃ শুশুভে সমলঙ্কৃতচত্বরঃ।
যথা চন্দ্রোদয়ে রাজন্! বর্দ্ধমানো মহোদধিঃ ॥২॥
গৃহাণি রাজমার্গেষু রত্নবন্তি মহান্তি চ।
প্রাকম্পন্তীব ভারেণ স্ত্রীণাং পূর্ণানি ভারত! ॥৩॥
তাঃ শনৈরিব সব্রীড়ং প্রশশংসুর্যুধিষ্ঠিরম্।
ভীমসেনার্জ্জুনৌ চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৪॥
ধন্যা ত্বমসি পাঞ্চালি! যা ত্বং পুরুষসত্তমান্।
উপতিষ্ঠসি কল্যাণি! মহর্ষীনিব গৌতমী ॥৫॥
তব কর্ম্মাণ্যমোঘানি ব্রতচর্য্যা চ ভাবিনি!।
ইতি কৃষ্ণাং মহারাজ! প্রশশংসুস্তদা স্ত্রিয়ঃ ॥৬॥

ভাবতকৌমুদী

স ইতি। সমলঙ্কৃতানি পুষ্পমালাদিনা ভূষিতানি চত্বরাণি যস্য সঃ ॥২॥

গৃহাণীতি। স্ত্রীণাং স্ত্রীভিঃ। "করণে পূস্তূপ্ত্যর্থস্য চ" ইতি করণে ষষ্ঠী ॥৩॥

তা ইতি। শনৈরনুচ্চস্বরৈঃ, সব্রীড়ং পুরুষৈঃ শ্রবণসম্ভবাৎ সলজ্জমিব ॥৪॥

তাসাং দ্রৌপদীপ্রশংসামনুবদতি ধন্যেতি। উপতিষ্ঠসি সেবসে। গৌতমী গৌতমবংশজা জটিলানাম্নী। তথা চাদিপর্ব্বণি—"শ্রূয়তে হি পুরাণেঽপি জটিলা নাম গৌতমী। ঋষীনধ্যাসিতবতী সপ্ত ধর্ম্মভৃতাং বরা॥" ॥৫॥

তবেতি। কর্ম্মাণি পতিজয়লাভায় ভগবদারাধনানি ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণের হস্তিনা প্রবেশের সময়ে দর্শনার্থী সহস্র সহস্র লোক আসিয়া উপস্থিত হইল ॥১॥

রাজা! হস্তিনানগরের রাজপথগুলি পূর্ব্বেই অলঙ্কৃত হইয়াছিল এবং সেগুলির পার্শ্ববর্ত্তী চত্বর সকলও (পার্কগুলিও) সুসজ্জিত করিয়াছিল; সুতরাং চন্দ্রোদয়কালে মহাসমুদ্র যেমন শোভা পায়, সেগুলিও সেইরূপ শোভা পাইতে লাগিল ॥২॥

ভরতনন্দন! রাজপথগুলির নিকটবর্ত্তী রত্নখচিত ও স্ত্রীলোকে পরিপূর্ণ বিশাল বিশাল গৃহ সকল ভারবশতঃ যেন কম্পিত হইতে লাগিল ॥৩॥

সেই স্ত্রীলোকেরা অনুচ্চস্বরে লজ্জিতভাবেই যেন যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের প্রশংসা করিতে থাকিল (এবং বলিতে লাগিল—) ॥৪॥

'কল্যাণি! পাঞ্চালি! পূর্ব্বকালে গৌতমবংশীয়া জটিলা যেমন ভার্য্যারূপে সাত জন মহর্ষির সেবা করিতেন; সেইরূপ যে তুমি ভার্য্যারূপে পাঁচ জন পাণ্ডবের সেবা করিতেছ, সেই তুমি ধন্যাই বট ॥৫॥

(৩) প্রাকম্পন্তেব পি বঙ্গ। (৬) ভামিনি। নি।

প্রশংসাবচনৈস্তাসাং মিথঃশব্দৈশ্চ ভারত ! ।
প্রীতিজৈশ্চ তদা শব্দৈঃ পুরমাসীৎ সমাকুলম্ ॥৭॥
তমতীত্য যথাযুক্তং রাজমার্গং যুধিষ্ঠিরঃ ।
অলঙ্কৃতং শোভমানমুপায়াদ্রাজবেশ্ম হ ॥৮॥
ততঃ প্রকৃতয়ঃ সর্ব্বাঃ পৌরা জানপদাস্তদা ।
ঊচুঃ কর্ণসুখা বাচঃ সমুপেত্য ততস্ততঃ ॥৯॥
দিষ্ট্যা জয়সি রাজেন্দ্র ! শত্রুঞ্শত্রুনিষূদন ! ।
দিষ্ট্যা রাজ্যং পুনঃ প্রাপ্তং ধর্ম্মেণ চ বলেন চ ॥১০॥
ভব নস্ত্বং মহারাজ ! রাজেহ শরদাং শতম্ ।
প্রজাঃ পালয় ধর্ম্মেণ যথেন্দ্রস্ত্রিদিবং তথা ॥১১॥

ভারতকৌমুদী

প্রশংসেতি। মিথঃশব্দৈঃ পরস্পবকোলাহলৈঃ। প্রীতিজৈঃ শব্দৈর্জয়াশীর্ব্বাদাদিভিঃ ॥৭॥
তমিতি। যথাযুক্তং যথাসম্ভবপ্রণামাশীর্ব্বাদসহিতং যথা স্যাত্তথা ॥৮॥
তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ। কর্ণসুখাঃ প্রীতিকরতয়া কর্ণসুখজনিকাঃ ॥৯॥
তা বাচ এবাহ দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে শত্রূণাং নিষূদন! দমনকাবক। ॥১০॥
ভবেতি। নঃ অস্মাকম্, শবদাং বৎসবাণাং শতং যাবৎ ॥১১॥

আব পতিপবায়ণে ! তোমাব ঈশ্বর আবাধনা এবং ব্রতাচরণও অব্যর্থই হইয়াছে'। মহাবাজ ! এইভাবে সেই স্ত্রীলোকেবা তখন দ্রৌপদীরও প্রশংসা করিতে থাকিল ॥৬॥

ভবতনন্দন ! তৎকালে পুরবাসিনীগণের প্রশংসা বাক্যে, সমাগত লোকদিগেব পরস্পর কোলাহলে এবং হর্ষধ্বনিতে নগবটী পবিপূর্ণ হইয়াছিল ॥৭॥

ক্রমে যুধিষ্ঠির যথাসম্ভব প্রণাম ও আশীর্ব্বাদ কবিতে করিতে সেই বাজপথ অতিক্রম করিয়া, অলঙ্কৃত ও সুশোভন বাজভবনেব নিকটে উপস্থিত হইলেন ॥৮॥

তাহাব পব প্রজাবা, পুবোবাসীবা ও দেশবাসীবা সকলে নানাস্থান হইতে উপস্থিত হইয়া, শ্রুতিমধুব বাক্য সকল বলিতে লাগিল—॥৯॥

'শত্রুসূদন রাজশ্রেষ্ঠ ! আপনি ভাগ্যবশতঃ শত্রুগণকেও জয় কবিয়াছেন এবং ভাগ্যবশতই বিক্রম প্রকাশ কবিয়া ধর্ম্ম অনুসাবে পুনবায় রাজ্যলাভ কবিয়াছেন ॥১০॥

মহাবাজ ! এখন আপনি শত বৎসব যাবৎ আমাদেব বাজা হইয়া থাকুন এবং ইন্দ্র যেমন স্বর্গলোক পালন কবেন, আপনিও তেমন ধর্ম্ম অনুসাবে প্রজা পালন করুন' ॥১১॥

---

(৯) · পৌবজানপদাস্তথা · পি।

এবং রাজকুলদ্বারি মঙ্গলৈরভিপূজিতঃ ।
আশীর্বাদান্ দ্বিজৈরুক্তান্ প্রতিগৃহ্য সমন্ততঃ ॥১২॥
প্রবিশ্য ভবনং রাজা দেবরাজগৃহোপমম্ ।
শ্রদ্ধাবিজয়সংযুক্তং রথাৎ পশ্চাদবাতরৎ ॥১৩॥ (যুগ্মকম্)
প্রবিশ্যাভ্যন্তরং শ্রীমান্ দৈবতান্যভিগম্য চ ।
পূজয়ামাস রত্নৈশ্চ গন্ধমাল্যৈশ্চ সর্ব্বশঃ ॥১৪॥
নিশ্চক্রাম ততঃ শ্রীমান্ পুনরেব মহাযশাঃ ।
দদর্শ ব্রাহ্মণাংশ্চৈব সোঽভিরূপানবস্থিতান্ ॥১৫॥
স সংবৃতস্তদা বিপ্রৈরাশীর্ব্বাদবিবক্ষুভিঃ ।
শুশুভে বিমলশ্চন্দ্রস্তারাগণবৃতো যথা ॥১৬॥
তাংস্তু বৈ পূজয়ামাস কৌন্তেয়ো বিধিবদ্দ্বিজান্ ।
ধৌম্যং গুরুং পুরস্কৃত্য জ্যেষ্ঠং পিতরমেব চ ॥১৭॥

ভারতকৌমুদী

এবমিতি। মঙ্গলৈঃ স্তুত্যাদিবাদৈঃ। শ্রদ্ধা আস্তিক্যতা বিশ্বাসঃ বিজয়ঃ পুষ্পমাল্যাদিভি-র্বিজয়শোভা চ তাভ্যাং সংযুক্তম্ ॥১২—১৩॥

প্রবিশ্যেতি। শ্রীমান্ রাজশোভাবান্, দৈবতানি দেববিগ্রহান্ ॥১৪॥

নিরিতি। ততো দেবভবনাৎ। অভিরূপান্ বিজ্ঞঃ ॥১৫॥

স ইতি। আশীর্ব্বাদান্ বিবক্ষুভির্বক্তুমিচ্ছুভিঃ ॥১৬॥

এইভাবে রাজা যুধিষ্ঠির সকলের মাঙ্গলিক বাক্যে সংবর্দ্ধিত হইয়া এবং সকল দিক্ হইতে ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ গ্রহণ করিতে থাকিয়া, অমরাবতীর তুল্য জয়লক্ষ্মী-সম্পন্ন রাজভবনে প্রবেশ করিয়া, বিশ্বস্তচিত্তে রথ হইতে অবতরণ করিলেন ॥১২—১৩॥

তদনন্তর রাজশ্রীসম্পন্ন যুধি র অভ্যন্তরে প্রবেশ করিয়া, দেববিগ্রহের নিকটে যাইয়া সর্ব্বপ্রকার রত্ন, গন্ধ ও মাল্যদ্বারা সেই দেববিগ্রহ সকলের পূজা করিলেন ॥১৪॥

ক্রমে রাজশ্রীসম্পন্ন ও মহাযশা যুধিষ্ঠির সেই দেবালয় হইতে নির্গত হইলেন এবং উপস্থিত পণ্ডিত ব্রাহ্মণগণকে দর্শন করিলেন ॥১৫॥

তৎকালে যুধিষ্ঠির আশীর্ব্বাদকারী সেই ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া, নক্ষত্রগণে পরিবেষ্টিত নির্ম্মল চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৬॥

---

(১৩) ..শ্রদ্ধা বিজয়সংযুক্তম্ · নি।

সুমনোমোদকৈ রত্নৈর্হিরণ্যেন চ ভূরিণা।
গোভির্বস্ত্রৈশ্চ রাজেন্দ্র! বিবিধৈঃ কৃমিকোত্থকৈঃ ॥১৮॥ (যুগ্মকম্)
ততঃ পুণ্যাহঘোষোঽভূদ্দিবং স্তব্ধ্বেব ভারত।।
সুহৃদাং প্রীতিজননঃ পুণ্যঃ শ্রুতিসুখাবহঃ ॥১৯॥
হংসবন্নেদুষাং রাজন্! দ্বিজানাং তত্র ভারতী।
শুশ্রুবে বেদবিদুষাং পুষ্কলার্থপদাক্ষরা ॥২০॥
ততো দুন্দুভিনির্ঘোষঃ শঙ্খানাঞ্চ মনোরমঃ।
জয়ং প্রবদতাং তত্র স্বনঃ প্রাদুরভূন্নৃপ।॥২১॥
নিঃশব্দে চ স্থিতে তত্র ততো বিপ্রজনে পুনঃ।
রাজানং ব্রাহ্মণচ্ছদ্মা চার্ব্বাকো রাক্ষসোঽব্রবীৎ ॥২২॥

ভারতকৌমুদী

তানিতি। জ্যেষ্ঠং পিতরং ধৃতরাষ্ট্রম্। সুমনাংসি কুসুমানি মোদকানি খাদ্যবিশেষাশ্চ তৈঃ, হিরণ্যেন ধনেন, কৃমিকেভ্যঃ ক্ষুদ্রকীটবিশেষেভ্য উৎপত্তির্যেষাং তৈঃ, ক্ষৌমৈরিত্যর্থঃ ॥১৭—১৮॥

তত ইতি। পুণ্যাহঘোষঃ অদ্য পুণ্যো দিবস ইত্যেবং শব্দঃ, স্তব্ধ্বা ব্যাপ্য ॥১৯॥

হংসবদিতি। হংসবৎ নেদুষাং নাদং কৃতবতাম্। নদধাতোঃ কন্সুপ্রত্যয়ে রূপম্। ভারতী বাক্। পুষ্কলানি প্রচুরাণি অর্থপদাক্ষরাণি অভিধেয়চরণবর্ণা যস্যাঃ সা ॥২০॥

তত ইতি। মনোরমঃ স্বন ইতি পরেণান্বয়ঃ। স্বনঃ শব্দঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

প্রবেশন ইতি ॥১—২॥ স্ত্রীণাং স্ত্রীভিঃ ॥৩—১৪॥ অভিরূপান্ মঙ্গলদ্রব্যপাণীন্ ॥১৫—১৭॥ কিমিচ্ছসি কিমিচ্ছসীতি পৃচ্ছদ্ভির্ভৃত্যৈর্বিবিধৈর্গোবস্ত্রাদিদ্রব্যৈর্নিমন্ত্রয়িতিবিত্যর্থঃ ॥১৮॥ স্তব্ধ্বা ব্যাপ্য

রাজশ্রেষ্ঠ জনমেজয়! ক্রমে যুধিষ্ঠির পুরোহিত ধৌম্যকে ও জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্রকে সম্মুখবর্ত্তী করিয়া, পুষ্প, মোদক, প্রচুর ধন, গো ও ক্ষৌমবস্ত্রদ্বারা যথাযথভাবে সেই ব্রাহ্মণগণের পূজা করিলেন ॥১৭—১৮॥

ভরতনন্দন! তাহার পর সুহৃজ্জনের আনন্দজনক, পবিত্র ও শ্রুতিমধুর পুণ্যাহ-ধ্বনি আকাশমণ্ডলকে ব্যাপ্ত করিয়াই যেন উদ্ভূত হইতে লাগিল ॥১৯॥

রাজা! তৎকালে বেদবিদ্ ব্রাহ্মণগণ হংসের ন্যায় হর্ষগদ্‌গদ্ স্বরে যে সকল প্রচুর অর্থবোধক, ছন্দোবদ্ধ ও মনোহরবর্ণ বাক্য বলিতে লাগিলেন, তাহা তত্রত্য সকলেই শুনিতে লাগিল ॥২০॥

রাজা! তাহার পর মনোহর দুন্দুভিধ্বনি, শঙ্খ শব্দ ও লোকমুখের জয়ধ্বনি উত্থিত হইতে লাগিল ॥২১॥

(১৮)···কিমিচ্ছকৈঃ—পি বঙ্গ বর্দ্ধ। (২০) হংসবদ্বিদুষাং রাজা··· ভারতীম্··· পুষ্কলার্থ-পদাক্ষরাম্—পি বঙ্গ বর্দ্ধ।

তত্র দুর্য্যোধনসখা ভিক্ষুরূপেণ সংবৃতঃ।
সাক্ষঃ শিখণ্ডী ত্রিদণ্ডী চ ধৃষ্টো বিগতসাধ্বসঃ ॥২৩॥
বৃতঃ সর্ব্বৈস্তথা বিপ্রৈরাশীর্ব্বাদবিবক্ষুভিঃ।
পরঃসহস্রৈ রাজেন্দ্র! তপোনিয়মসংস্থিতৈঃ ॥২৪॥
স দুষ্টঃ পাপমাশংসুঃ পাণ্ডবানাং মহাত্মনাম্।
অনামন্ত্র্যৈব তান্ বিপ্রাংস্তমুবাচ মহীপতিম্ ॥২৫॥ (বিশেষকম্)

চার্ব্বাক উবাচ।

ইমে প্রাহুর্দ্বিজাঃ সর্ব্বে সমারোপ্য বচো ময়ি।
ধিগ্‌ভবন্তং কুনৃপতিং জ্ঞাতিঘাতিনমস্তু বৈ ॥২৬॥

ভারতকৌমুদী

নিবিতি। ব্রাহ্মণচ্ছদ্মা ছদ্মনা ব্রাহ্মণবেশধারী, চার্ব্বাকো নাম ॥২২॥

তত্রেতি। দুর্য্যোধনঃ সখা যস্য সঃ, ভিক্ষো রূপেণ বেশেন। অক্ষণ জপমালয়া সহেতি সাক্ষঃ, শিখী শিখাবান্, ত্রিদণ্ডী বৈহ্ববৈণবপালাশদণ্ডত্রয়ধারী, ধৃষ্টো নিঃসঙ্কোচঃ প্রগল্‌ভ ইতি যাবৎ, বিগতসাধ্বসো নির্ভয়ঃ। আশীর্ব্বাদান্ বিবক্ষুর্ভির্বক্তুমিচ্ছুভিঃ। সহস্রাৎ পর ইতি পরঃসহস্রাস্তৈঃ। "অপস্করাদয়শ্চ" ইতি সমুড়্‌নিপাতঃ। পাপমনিষ্টম্, আশংসুরিচ্ছন্। অনামন্ত্র্য অননুজ্ঞাপ্য ॥২৩—২৫॥

ইম ইতি। সমারোপ্য নিবেশ্য। এতদ্বচো নাহমেব ব্রবীমি, কিন্তু মন্মুখেনামী বিপ্রা এব বদন্তীত্যর্থঃ। ধিগস্ত্বিতি সম্বন্ধঃ ॥২৬॥

তদনন্তর ব্রাহ্মণেরা নীরব হইয়া রহিলে, ব্রাহ্মণবেশধারী রাক্ষস চার্ব্বাক যুধিষ্ঠিরকে বলিতে আরম্ভ করিল ॥২২॥

রাজশ্রেষ্ঠ জনমেজয়! দুর্য্যোধনের সখা, ভিক্ষুরূপধারী, জপমালাহস্ত, শিখাযুক্ত, দণ্ডপাণি, প্রগল্‌ভস্বভাব ও নির্ভয়চিত্ত সেই দুষ্ট চার্ব্বাক, আশীর্ব্বাদকারী, তপস্যা ও ব্রতশালী সহস্রাধিক ব্রাহ্মণে পরিবেষ্টিত হইয়া, মহাত্মা পাণ্ডবগণের অনিষ্ট করিবার ইচ্ছা করিয়া, সেই ব্রাহ্মণগণের অনুমতি না লইয়াই যুধিষ্ঠিরকে বলিতে লাগিল ॥২৩—২৫॥

চার্ব্বাক বলিল—'পাণ্ডুনন্দন! এই ব্রাহ্মণেরা সকলে আমার উপরে বাক্য স্থাপিত করিয়া বলিতেছেন, (আমার মুখে বলিতেছেন)—'আপনি জ্ঞাতিহত্যাকারী ঘৃণিত রাজা; সুতরাং আপনাকে ধিক্ ॥২৬॥

---

(২৩) · সাক্ষঃ শিখী নি। (২৪) পরঃ সহস্রৈঃ · নিয়মসংবৃতৈঃ—পি বঙ্গ বর্দ্ধ।

কিং তে রাজ্যেন কৌন্তেয়! কৃত্বেমং জ্ঞাতিসঙ্ক্ষয়ম্।
ঘাতয়িত্বা গুরূংশ্চৈব মৃতং শ্রেয়ো ন জীবিতম্ ॥২৭॥
ইতি তে বৈ দ্বিজাঃ শ্রুত্বা তস্য দুষ্টস্য রক্ষসঃ।
বিব্যথুশ্চুক্রুশুশ্চৈব তস্য বাক্যপ্রধর্ষিতাঃ ॥২৮॥
ততস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে স চ রাজা যুধিষ্ঠিরঃ।
ব্রীড়িতাঃ পরমোদ্বিগ্নাস্তূষ্ণীমাসন্ বিশাংপতে! ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

প্রসীদন্তু ভবন্তো মে প্রণতস্যাভিযাচতঃ।
প্রত্যাসন্নব্যসনিনং ন মাং ধিক্কর্ত্তুমর্হথ ॥৩০॥

বৈশম্পায়ন উবাচ।

ততো রাজন্! ব্রাহ্মণাস্তে সর্ব্ব এব বিশাংপতে!।
ঊচুর্নৈষ দ্বিজোঽস্মাকং শ্রীরস্তু তব পার্থিব! ॥৩১॥

ভারতকৌমুদী

কিমিতি। গুরূন্ ভীষ্মদ্রোণাদীন্, মৃতং মরণম্, জীবিতং জীবনম্ ॥২৭॥

ইতীতি। রক্ষসো রাক্ষসস্য। চুক্রুশুরাক্রোশং চক্রুঃ, বাক্যেন প্রাগুক্তেন "ইমে প্রাহুর্দ্বিজাঃ সর্ব্বে সমাগম্য বচো মহৎ" ইত্যনেন প্রধর্ষিতা আক্রান্তাঃ ॥২৮॥

তত ইতি। ব্রীড়িতা লজ্জিতাঃ সন্তঃ, আত্মকর্তৃকস্তাপনাৎ যথার্থতাবধারণাচ্চেতি ভাবঃ ॥২৯॥

প্রেতি। অভিযাচতঃ ভবৎপ্রসাদমেব যাচমানস্য। প্রত্যাসন্নম্ অতিনিকটবর্ত্তি ব্যসনং বিপৎ মরণমস্যাস্তীতি তম্, যুষ্মাভির্যথার্থতয়ৈব প্রকাশমাহং জীবিতুমিচ্ছামীতি ভাবঃ ॥৩০॥

কুন্তীনন্দন! এইরূপ জ্ঞাতি ক্ষয় করিয়া এবং গুরুজনদিগকে বধ করাইয়া, আপনার রাজ্যদ্বারা কি হইবে। আপনার এখন মৃত্যুই ভাল—জীবন নহে ॥২৭॥

তখন সেই ব্রাহ্মণেরা সকলেই সেই দুষ্ট রাক্ষসের এই প্রকার বাক্য শুনিয়া এবং তাহার পূর্ব্বোক্ত বাক্যে আক্রান্ত হইয়া ব্যথিত হইলেন ও আক্রোশ প্রকাশ করিতে লাগিলেন ॥২৮॥

নরনাথ! তাহার পর সেই ব্রাহ্মণেরা সকল ও সেই রাজা যুধিষ্ঠির লজ্জিত ও বিশেষ উদ্বিগ্ন হইয়া, কিছুকাল নীরব থাকিলেন ॥২৯॥

তৎপরে যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণগণ! আমি অবনত হইয়া, আপনাদের প্রসন্নতা প্রার্থনা করিতেছি। আপনারা আমার উপরে প্রসন্ন হউন। আমার মৃত্যু অতিনিকটবর্ত্তী; সুতরাং আমার উপরে ধিক্কার দেওয়া আপনাদের উচিত নহে' ॥৩০॥

(২৭) কিং তেন রাজ্যে...বহু বহং। (৩১)...দ্বিজোঽস্মাকমস্তু...নি।

জজ্ঞুশ্চৈব মহাত্মানস্ততস্তং জ্ঞানচক্ষুষা।
ব্রাহ্মণা বেদবিদ্বাংসস্তপোভির্বিমলীকৃতাঃ ॥৩২॥

ব্রাহ্মণা ঊচুঃ।

এষ দুর্য্যোধনসখা চার্ব্বাকো নাম রাক্ষসঃ।
পরিব্রাজকরূপেণ হিতং তস্য চিকীর্ষতি ॥৩৩॥
ন বয়ং ব্রূম ধর্ম্মাত্মন্। ব্যেতু তে ভয়মীদৃশম্।
উপতিষ্ঠতু কল্যাণং ভবন্তং ভ্রাতৃভিঃ সহ ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে হুঙ্কারৈঃ ক্রোধমূর্চ্ছিতাঃ।
নির্ভৎ'সয়ন্তঃ শুচয়ো নিজঘ্নুঃ পাপরাক্ষসম্ ॥৩৫॥
স পপাত বিনির্দগ্ধস্তেজসা ব্রহ্মবাদিনাম্।
মহেন্দ্রাশনিনির্দগ্ধঃ পাদপোঽঙ্কুরবানিব ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অস্মাকং সম্বন্ধীতি শেষঃ, শ্রীঃ জীবনেন রাজলক্ষ্মীবেব ॥৩১॥

জজ্ঞুরিতি। জজ্ঞুর্জ্ঞাতবন্তঃ, তং চার্ব্বাকম্ ॥৩২॥

এষ ইতি। তস্য দুর্য্যোধনস্য, চিকীর্ষতি কর্ত্তুমিচ্ছতি ॥৩৩॥

নেতি। ব্রূম ইতি বিসর্গলোপো হৃস্বস্যামড়াগমাভাবো বা আর্ষঃ। ব্যেতু অপগচ্ছতু। ভয়ং নিন্দায়াঃ ॥৩৪॥

তত ইতি। ক্রোধেন মূর্চ্ছিতা উত্তেজিতাঃ। শুচয়ঃ পবিত্রাঃ ॥৩৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা নরনাথ! তদনন্তর সেই ব্রাহ্মণেরা সকলেই একযোগে বলিলেন—'রাজা! এই ব্রাহ্মণটা আমাদের কেহই নহে। আপনি জীবন ধারণ করুন, আপনার রাজলক্ষ্মীও চিরস্থায়িনী হউক' ॥৩১॥

তাহার পর বেদবিদ্বান্ ও তপোবলে নির্ম্মলচিত্ত সেই মহাত্মা ব্রাহ্মণেরা জ্ঞানদৃষ্টি-দ্বারা চার্ব্বাককে চিনিতে পারিলেন ॥৩২॥

ব্রাহ্মণেরা বলিলেন—'মহারাজ! দুর্য্যোধনের সখা চার্ব্বাকনামক এই রাক্ষস পরিব্রাজকরূপে দুর্য্যোধনেরই হিতসাধন করিবার ইচ্ছা করিতেছে ॥৩৩॥

ধর্ম্মাত্মা! আমরা এরূপ কথা বলি নাই। অতএব আপনার এইরূপ নিন্দার ভয় তিরোহিত হউক এবং ভ্রাতৃগণের সহিত আপনার মঙ্গল হউক' ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সেই পবিত্র ব্রাহ্মণেরা সকলে ক্রোধে উত্তেজিত হইয়া, ভৎ'সনা করিতে থাকিয়া, হুঙ্কারদ্বারা সেই পাপাত্মা রাক্ষসটাকে মারিয়া ফেলিলেন ॥৩৫॥

পূজিতাশ্চ যযুর্বিপ্রা রাজানমভিনন্দ্য তম্ ।
রাজা চ হর্ষমাপেদে পাণ্ডবঃ সসুহৃজ্জনঃ ॥৩৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে চার্ব্বাকবধে অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ।

বৈশম্পায়ন উবাচ ।
ততস্তত্র তু রাজানং তিষ্ঠন্তং ভ্রাতৃভিঃ সহ ।
উবাচ দেবকীপুত্রঃ সর্ব্বদর্শী জনার্দ্দনঃ ॥১॥

ভাবতকৌমুদী

স ইতি। ব্রহ্মবাদিনাং বেদবাদিনাম্। মহেন্দ্রাশনিনা ইন্দ্রবজ্রেণ নির্দগ্ধঃ, অঙ্কুরবানিবেত্যনেন চার্ব্বাকস্য জপমালাত্যাক্ষিপ্তম্ ॥৩৬॥

পূজিতা ইতি। পূজিতা হ্যায্যকার্য্যকরণাৎ সর্ব্বৈঃ সম্মানিতাঃ। আপেদে প্রাপ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। সর্ব্বদর্শী ঈশ্বররূপত্বাদিত্যাশয়ঃ। জনার্দ্দনঃ কৃষ্ণঃ ॥১॥

ভারতভাবদীপঃ

॥১৯—২৯॥ প্রত্যাসন্নাঃ সমীপস্থা ব্যসনিনশ্চিরত্বঃখিনো ভ্রাত্রাদয়ো যস্য তম্, ভ্রাত্রাদিত্বঃখবিহারার্থং মমেদং রাজ্যকরণম্, ন তু স্বসুখার্থমিত্যর্থঃ ॥৩০—৩১॥ জঞ্জ্ঞাতবন্তঃ ॥৩২—৩৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৮॥

তখন ইন্দ্রের বজ্রদগ্ধ অঙ্কুরযুক্ত বৃক্ষের ন্যায় সেই রাক্ষসটা বেদবাদী ব্রাহ্মণগণের তেজে দগ্ধ হইয়া পতিত হইল ॥৩৬॥

তৎপরে সেই ব্রাহ্মণেরা বিশেষ সম্মানিত হইয়া, যুধিষ্ঠিরের অভিনন্দন করিয়া, যথাস্থানে প্রস্থান করিলেন এবং যুধিষ্ঠিরও সুহৃজ্জনের সহিত আনন্দিত হইলেন ॥৩৭॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সেইস্থানে অবস্থান করিতে লাগিলে, সর্ব্বদর্শী দেবকীনন্দন কৃষ্ণ তাঁহার নিকট বলিতে লাগিলেন ॥১॥

---

* ‘ সপ্তত্রিংশোঽধ্যায়ঃ’ নি।

বাসুদেব উবাচ।

ব্রাহ্মণাস্তাত! লোকেঽস্মিন্নর্চ্চনীয়াঃ সদা মম।
এতে ভূমিচরা দেবা বাগ্‌বিষাঃ সুপ্রসাদকাঃ ॥২॥
পুরা কৃতযুগে রাজন্! চার্ব্বাকো নাম রাক্ষসঃ।
তপস্তেপে মহাবাহো! বদর্য্যাং বহুবার্ষিকম্ ॥৩॥
বরেণ চ্ছন্দ্যমানশ্চ ব্রহ্মণা চ পুনঃ পুনঃ।
অভয়ং সর্ব্বভূতেভ্যো বরয়ামাস ভারত! ॥৪॥
দ্বিজাবমানাদন্যত্র প্রাদাদ্বরমনুত্তমম্।
অভয়ং সর্ব্বভূতেভ্যো দদৌ তস্মৈ জগৎপতিঃ ॥৫॥
স তু লব্ধবরঃ পাপো দেবানমিতবিক্রমঃ।
রাক্ষসস্তাপয়ামাস তীব্রকর্ম্মা মহাবলঃ ॥৬॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। কথমর্চ্চনীয়া ইত্যাহ এত ইতি। ভূমিচরাঃ পৃথিবীবাসিনঃ, বাগেব বিষং বিষবৎ বিদ্বিষ্টনাশিকা যেষাং তে, সুকরঃ প্রসাদো যেষাং তে ॥২॥

অথাস্তু নাম ব্রাহ্মণানাং তাদৃশঃ প্রভাবঃ, রাক্ষসস্য তু চার্ব্বাকস্য কথমীদৃশং সাহসমিত্যাহ পুরেতি। কৃতযুগে সত্যযুগে। বদর্য্যাং বদরিকাশ্রমে ॥৩॥

বরেণেতি। ছন্দ্যমানঃ অনুরুধ্যমানঃ। বরয়ামাস চার্ব্বাক ইতি শেষঃ ॥৪॥

দ্বিজেতি। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তম্। জগৎপতির্ব্রহ্মা ॥৫॥

স ইতি। তীব্রকর্ম্মা নিষ্ঠুরকার্য্যকারী ॥৬॥

কৃষ্ণ বলিলেন—'মাননীয় রাজা! এই জগতে ব্রাহ্মণেরা সর্ব্বদাই আমার পূজনীয়। কারণ, ইঁহারা পৃথিবীচারী দেবতাস্বরূপ এবং ইঁহাদের বাক্যই বিষ, আবার প্রসন্নতা উৎপাদন করাও সহজ ॥২॥

মহাবাহু রাজা! পূর্ব্বকালে সত্যযুগে এই রাক্ষস চার্ব্বাক বদরিকাশ্রমে বহু-বৎসর যাবৎ তপস্যা করিয়াছিল ॥৩॥

ভরতনন্দন! তাহার পর ব্রহ্মা আসিয়া বর লইবার জন্য বার বার অনুরোধ করিলে, চার্ব্বাক সমস্ত প্রাণী হইতেই নিজের অভয় বর প্রার্থনা করিয়াছিল ॥৪॥

তখন অপমানিত ব্রাহ্মণ ভিন্ন অপর সমস্ত প্রাণী হইতেই সর্ব্বোত্তম অভয় বর তাহাকে ব্রহ্মা দান করিয়াছিলেন ॥৫॥

তৎপরে অসাধারণ বিক্রমশালী, নিষ্ঠুর কার্য্যকারী, মহাবল ও পাপাত্মা চার্ব্বাক ব্রহ্মার নিকট সেই বর লাভ করিয়া, দেবগণকে সন্তপ্ত করিতে লাগিল ॥৬॥

ততো দেবাঃ সমেতাশ্চ ব্রহ্মাণমিদমব্রুবন্ ।
বধায় রক্ষসস্তস্য বলবিপ্রকৃতাস্তদা ॥৭॥
তানুবাচ ততো দেবো বিহিতস্তত্র বৈ ময়া ।
যথাস্য ভবিতা মৃত্যুরচিরেণেতি ভারত ! ॥৮॥
রাজা দুর্য্যোধনো নাম সখাস্য ভবিতা নৃষু ।
তস্য স্নেহাববদ্ধোঽসৌ ব্রাহ্মণানবমংস্যতে ॥৯॥
তত্রৈনং রুষিতা বিপ্রা বিপ্রকারপ্রধর্ষিতাঃ ।
ধক্ষ্যন্তি বাগ্‌বলাঃ পাপং ততো নাশং গমিষ্যতি ॥১০॥
স এষ নিহতঃ শেতে ব্রহ্মদণ্ডেন রাক্ষসঃ ।
চার্ব্বাকো নৃপতিশ্রেষ্ঠ ! মা শুচো ভরতর্ষভ ! ॥১১॥
হতাস্তে ক্ষত্রধর্ম্মেণ জ্ঞাতয়স্তব পার্থিব ! ।
স্বর্গতাশ্চ মহাত্মানো বীরাঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ ॥১২॥

ভারতকৌমুদী

যস্মাদিতি। সর্ব্বাঃ সর্গপালনবিক্রিয়াঃ সৃষ্টিরক্ষারূপবিকারাঃ, যস্মাৎ, প্রসূয়ন্তে উৎপদ্যন্তে, তাশ্চ যস্মিন্ প্রলীয়ন্তে লয়ং গচ্ছন্তি, তস্মৈ, হেত্বাত্মনে সর্ব্বকারণরূপায় পরব্রহ্মণে নমঃ, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি তদ্ব্রহ্ম তদ্বিজিজ্ঞাসস্ব" ইতি শ্রুতেঃ ॥৬৪॥

য ইতি। যো রাত্রৌ, নিষণ্ণ উপবিষ্টো ভবতি নিশ্চলত্বাৎ, দিবা দিবসে চ, বিষ্ঠিতো দণ্ডায়মানো ভবতি ক্রিয়োদ্যোগাৎ, ইষ্টানিষ্টস্য পুণ্যাপাপস্য কর্ম্মণশ্চ, দ্রষ্টা সাক্ষী, তস্মৈ, দ্রষ্টাত্মনে সর্ব্বসাক্ষিরূপায় পরমাত্মনে নমঃ "সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চ" ইতি শ্রুতেঃ ॥৬৫॥

অকুণ্ঠমিতি। সর্ব্বকার্য্যেষু অকুণ্ঠম্ অমন্দং নিপুণমিত্যর্থঃ, ধর্ম্মকার্য্যার্থং জগতি ধর্ম্মকার্য্য-

ভারতভাবদীপঃ

সমুদ্রঃ কামঃ ॥৬১—৬৪॥ রাত্রৌ সুষুপ্তৌ নিষণ্ণ এব ন তু সুপ্তঃ সাক্ষীত্যর্থঃ ; দিবা জাগ্রৎস্বপ্নয়োঃ বিষ্ঠিতঃ কর্ত্তৃরূপেণ তদ্বিপরীতেন স্থিতঃ ; বস্তুতস্তু দ্রষ্টা ন তু কর্ত্তা ॥৬৫॥ অকুণ্ঠমনিরুদ্ধম্ ॥৬৬॥

যাঁহার কেশে মেঘ সকল বিচরণ করিতেছে, যাঁহার সমস্ত অঙ্গের সন্ধিদেশে নদী সকল প্রবাহিত হইতেছে এবং যাঁহার উদরের ভিতরে চারিটা সমুদ্র রহিয়াছে ; সেই জলময় নারায়ণকে নমস্কার করি ॥৬৩॥

যাঁহা হইতে সৃষ্টিও রক্ষা হইতেছে এবং যাঁহাতে প্রলয় হইয়া থাকে ; সেই সর্ব্বকারণরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৬৪॥

যিনি রাত্রিতে উপবিষ্ট থাকেন, দিনে দণ্ডায়মান হন এবং সমস্ত পুণ্যকর্ম্ম ও পাপকর্ম্ম দর্শন করেন ; সেই সর্ব্বসাক্ষিরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥৬৫॥

---

(৬৪) সর্গপ্রলয়বিক্রিয়াঃ · বঙ্গ বর্দ্ধ নি। (৬৬) আকার্য্যঃ ধর্ম্মকার্য্যার্থমুদ্যতঃ তদ্রূপম্ নি।

ব্রহ্ম বক্ত্রং ভুজৌ ক্ষত্রং কৃৎস্নমূরূদরং বিশঃ।
পাদৌ যস্যাশ্রিতাঃ শূদ্রাস্তস্মৈ বর্ণাত্মনে নমঃ ॥৬৭॥
অন্নপানেন্ধনময়ো রসপ্রাণবিবর্দ্ধনঃ।
যো ধারয়তি ভূতানি তস্মৈ প্রাণাত্মনে নমঃ ॥৬৮॥
প্রাণানাং ধারণার্থায় যোঽন্নং ভুঙ্‌ক্তে চতুর্বিধম্।
অন্তর্ভূতঃ পচত্যগ্নিস্তস্মৈ পাকাত্মনে নমঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

স্থাপনার্থম্, উদ্যতং সর্ব্বদোদ্যোগি, বৈকুণ্ঠস্য নারায়ণস্য, বৎ রূপং ভিন্নভিন্নাবতারঃ প্রবর্ত্ততে, তস্মৈ, কার্য্যাত্মনি যস্য তস্মৈ অবতারাত্মনে নারায়ণায় নমঃ ॥৬৬॥

ব্রহ্মেতি। যস্য, বক্ত্রং মুখম্, ব্রহ্ম ব্রাহ্মণঃ, ভুজৌ বাহূ, ক্ষত্রং ক্ষত্রিয়ঃ, কৃৎস্নং সর্ব্বম্, উরুদ্বয়ম্, বিশো বৈশ্যাঃ, শূদ্রাশ্চ পাদৌ আশ্রিতাঃ পাদদ্বয়ঞ্চ শূদ্র ইত্যর্থঃ, তস্মৈ, বর্ণাত্মনে উক্তচতুর্বর্ণরূপায় পরমাত্মনে নমঃ, "ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। উরূ যদস্য তদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত॥" ইতি শ্রুতেঃ ॥৬৭॥

অন্নেতি। অন্নং পানঞ্চ ইন্ধনমিব রক্ষকত্বাদগ্নেঃ কাষ্ঠমিব তন্ময়ঃ, তন্নিষ্পন্নঃ, রসস্য দেহধাতুবিশেষস্য প্রাণস্য বলস্য চ বিবর্দ্ধনশ্চ যঃ, ভূতানি প্রাণিনঃ, ধারয়তি রক্ষতি, তস্মৈ, প্রাণাত্মনে প্রাণবায়ুরূপায় পরমাত্মনে নমঃ ॥৬৮॥

প্রাণানামিতি। অন্তর্ভূত উদরাভ্যন্তরস্থঃ যঃ অগ্নিঃ, প্রাণানাং ধারণার্থায়, চতুর্বিধং চর্ব্ব্য-চোষ্য-লেহ্য-পেয়রূপমন্নম্, ভুঙ্‌ক্তে আত্মসাৎ করোতি পচতি পরিণময়তি চ, তস্মৈ, পাকস্য আত্মা স্বরূপং যস্মাৎ তস্মৈ জঠরাগ্নিরূপায় পরমাত্মনে নমঃ ॥৬৯॥

ভারতভাবদীপঃ

পঞ্চধা প্রাণাদিরূপেণ ॥৬৭॥ যুগেষু কৃতাদিষু আবর্ত্ততে মৎস্যাদিরূপেণ, কিং কর্ম্মবশোঽয়ং নেত্যাহ—যোগৈরিতি। যোগমায়াবলেন নটবদিত্যর্থঃ ॥৬৮—৭১॥ পরাদ্ধিবর্ণ্যগর্ভাৎ পরো

নারায়ণের যে রূপগুলি সমস্ত কার্য্যে নিপুণ এবং জগতে ধর্ম্ম স্থাপনের জন্য সর্ব্বদা উদ্যত; সেই সকল অবতাররূপী নারায়ণকে নমস্কার করি ॥৬৬॥

যাঁহার মুখ—ব্রাহ্মণ, যাঁহার বাহুযুগল—ক্ষত্রিয়, যাঁহার উরুযুগল—বৈশ্য এবং যাঁহার পাদযুগল—শূদ্র; সেই চতুর্বর্ণময় পরমাত্মাকে নমস্কার করি ॥৬৭॥

অগ্নি যেমন কাষ্ঠ হইতে নিষ্পন্ন হয়, তেমন যিনি অন্ন ও পানীয় হইতে নিষ্পন্ন হন, দেহের রস ও বল বৃদ্ধি করেন এবং প্রাণিগণকে রক্ষা করিয়া থাকেন; সেই প্রাণময় পরমাত্মাকে নমস্কার করি ॥৬৮॥

যে জঠরাগ্নি প্রাণ ধারণের নিমিত্ত চর্ব্ব্য, চোষ্য, লেহ্য ও পেয় এই চতুর্বিধ অন্ন

---

(৬৭) · কৃৎস্নমূরূদরং·· বঙ্গ বর্দ্ধ নি।

বিষয়ে বর্ত্তমানানাং যং তং বৈশেষিকৈর্গুণৈঃ।
প্রাহুর্বিষয়গোপ্তারং তস্মৈ গোপ্ত্রাত্মনে নমঃ ॥৭০॥
অপ্রমেয়শরীরায় সর্ব্বতো বুদ্ধিচক্ষুষে।
অপারপরিমাণায় তস্মৈ দিব্যাত্মনে নমঃ ॥৭১॥
পরঃ কালাৎ পরো যজ্ঞাৎ পরঃ সদসতশ্চ যঃ।
অনাদিরাদির্বিশ্বস্য তস্মৈ বিশ্বাত্মনে নমঃ ॥৭২॥
বৈদ্যুতো জাঠরশ্চৈব পাবকঃ শুচিরেব চ।
দহনঃ সর্ব্বভক্ষ্যাণাং তস্মৈ বহ্ন্যাত্মনে নমঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

বিষয় ইতি। বিষযে শব্দস্পর্শাদৌ ভোগো, বর্ত্তমানানাং স্বভাবাদেব প্রবৃত্তানামিন্দ্রিয়াণাম্, অনাদরে ষষ্ঠীতি তাদৃশানীন্দ্রিয়াণ্যনাদৃত্যেত্যর্থঃ, জ্ঞানিনঃ, বৈশেষিকৈঃ সর্ব্বাধিকৈঃ, গুণৈর্দযাদাক্ষিণ্যাদিভিঃ, যং তম্, বিষয়গোপ্তাবং মুমুক্ষূণাং তন্ময়তাবক্ষিতাবম্, প্রাহুঃ, তস্মৈ, গোপ্ত্রাত্মনে মোক্ষোপায়রক্ষকরূপায় পবমাত্মনে নমঃ ॥৭০॥

অপ্রমেয়েতি। অপ্রমেয়ম্ অবাঙ্মনসগোচবত্বাৎ প্রমাতুমশক্যং শবীবং স্বরূপং যস্য তস্মৈ, সর্ব্বতঃ সর্ব্বত্রগামিনী বুদ্ধিচক্ষুষী যস্য তস্মৈ, সর্ব্বজ্ঞায় সর্ব্বদর্শিনে চেত্যর্থঃ, অপাবমনন্তত্বাদসীমং পবিমাণং যস্য তস্মৈ, তস্মৈ, দিব্যাত্মনে অলৌকিকরূপায় পবমাত্মনে নমঃ ॥৭১॥

পব ইতি। কালাৎ পর উত্তমঃ, যজ্ঞাদপি পরঃ শ্রেষ্ঠঃ, সন্নিত্যং পবমাণ্বাদি অসদনিত্যং দ্ব্যণুকাদি সদ্যুক্তমসৎ সদসৎ শাকপার্থিবাদিত্বান্মধ্যপদলোপী সমাসস্তস্মাদপি পব উত্তমঃ, স্বয়মনাদিঃ, অথ চ যো বিশ্বস্যাদিঃ, তস্মৈ, বিশ্বমাত্মনি যস্য তস্মৈ পবমাত্মনে নমঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

মায়াবী, পরতরস্তু শুদ্ধঃ ॥৬৯॥ বিষযে শ্রোত্রাদিগোচবে বর্ত্তমানানাম্, অনাদরে ষষ্ঠী, তাননাদৃত্য বৈশেষিকৈর্গুণৈর্বিশেষজ্ঞে বাগদ্বেষৈর্যং বিষয়গোপ্তাবং প্রাহুঃ যত্র বাগস্তমেবার্থং বাসনারূপেণ

ভোজন করে এবং যথা সময়ে পবিপাক করিয়া থাকে, সেই পবিপাককাবী জঠবাগ্নিরূপ পরমাত্মাকে নমস্কার করি ॥৬৯॥

জ্ঞানীরা বলেন—সেই যিনি ইন্দ্রিয়গুলিকে অগ্রাহ্য কবিয়া, নিজে দযাদাক্ষিণ্য-প্রভৃতি বিশেষ গুণদ্বারা মানুষেব তন্ময়তা বক্ষা কবেন, সেই মোক্ষোপায়বক্ষক পরমাত্মাকে নমস্কাব করি ॥৭০॥

যাঁহার স্বরূপ বাক্য ও মনেব অগোচব, যাঁহাব বুদ্ধি ও চক্ষু সর্ব্বত্র গমন কবে এবং যাঁহার পরিমাণ অসীম, সেই অলৌকিকরূপী পবমাত্মাকে নমস্কার কবি ॥৭১॥

যিনি কাল, যজ্ঞ, সৎ ও অসৎ হইতে শ্রেষ্ঠ এবং নিজে অনাদি, অথ চ জগতেব আদি, সেই বিশ্বাত্মা পরব্রহ্মাকে নমস্কাব কবি ॥৭২॥

---

(৭২) পরাৎ পবতবশ্চ যঃ · পি॰বঙ্গ বর্দ্ধ।

রসাতলগতঃ শ্রীমাননন্তো ভগবান্ প্রভুঃ।
জগদ্ধারয়তে যোঽসৌ তস্মৈ শেষাত্মনে নমঃ ॥৭৪॥
জ্বলনার্কেন্দুতারাণাং জ্যোতিষাং দিব্যমূর্ত্তিনাম্।
যস্তেজয়তি তেজাংসি তস্মৈ তেজাত্মনে নমঃ ॥৭৫॥
আত্মজ্ঞানমিদং জ্ঞানং জ্ঞাত্বা পঞ্চস্ববস্থিতম্।
যং জ্ঞানেনাধিগচ্ছন্তি তস্মৈ জ্ঞানাত্মনে নমঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

বৈদ্যুত ইতি। যশ্চ, বিদ্যুত অয়মিতি বৈদ্যুতঃ, জঠরস্থোদরস্থায়মিতি জাঠরঃ, পাবকঃ সর্ব্বস্যৈব পদার্থস্য পবিত্রতাজনকঃ, শুচিঃ স্বয়ঞ্চ পবিত্রঃ, কিঞ্চ সর্ব্বভক্ষ্যাণাং নিখিলদাহ্যানাং কাষ্ঠাদীনাম্, দহনো ভস্মীকারকঃ, তস্মৈ বহ্ন্যাত্মনে অগ্নিরূপায় পরমাত্মনে নমঃ ॥৭৩॥

রসেতি। রসাতলগতঃ পৃথিব্যা অধঃস্থঃ পাতালস্থ ইত্যর্থঃ, শ্রীমান্ শক্তিসম্পত্তিমান্, অনন্তঃ সর্ব্বধরাধারকত্বাদস্মৎপক্ষে অসীমঃ, ভগবান্ ধরাধারকতয়ৈব মাহাত্ম্যবান্, প্রভুঃ প্রভাবশালী, শেষাত্মনে বাসুকিরূপায় ॥৭৪॥

জ্বলনেতি। যঃ, জ্বলনো বহ্নিঃ অর্কঃ সূর্য্য ইন্দুশ্চন্দ্রঃ তারা নক্ষত্রাণি চ তাসাম্, দিব্যানি মূর্ত্তানি আকারা এষাং সন্তীতি তেষাম্, জ্যোতিষামপরেষাং গ্রহাণাঞ্চ, তেজাংসি, তেজয়তি সন্ধুক্ষয়তি, তেজাত্মন ইতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৭৫॥

আত্মেতি। ইদমস্মাকং জ্ঞানম্, পঞ্চসু কেবলেষু শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধেষ্বেব, অবস্থিতং জ্ঞাত্বা তাদৃশজ্ঞানস্য নিষ্ফলতাং নিশ্চিত্যেত্যর্থঃ, আত্মজ্ঞানং ব্রহ্মবোধম্, অভ্যস্যন্তো মহাত্মান ইতি শেষঃ, জ্ঞানেন তাদৃশব্রহ্মবোধেন, যমধিগচ্ছন্তি প্রাপ্নুবন্তি, তস্মৈ, জ্ঞানাত্মনে পরব্রহ্মণে নমঃ, "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥৭৬॥

যিনি বিদ্যুৎ ও উদরের অগ্নি, যিনি সমস্ত পদার্থের পবিত্রতাজনক ও স্বয়ং পবিত্র এবং যিনি সমস্ত দাহ্য বস্তুকে দগ্ধ করিয়া থাকেন ; সেই অগ্নিরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৭৩॥

শক্তি, মাহাত্ম্য ও প্রভাবশালী যে অনন্ত পাতালে থাকিয়া, সমগ্র পৃথিবী ধারণ করিতেছেন ; সেই বাসুকিরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৭৪॥

যিনি অগ্নি, সূর্য্য, চন্দ্র ও নক্ষত্রের এবং দিব্যমূর্ত্তি অন্যান্য গ্রহগণের তেজকে পরিবর্দ্ধিত করেন, মহাতেজোরূপী সেই পরমাত্মাকে নমস্কার করি ॥৭৫॥

'আমাদের এই জ্ঞান কেবল শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ—এই পাঁচটী বিষয়েই অবস্থান করে ; সুতরাং উহা নিষ্ফল' এইরূপ বুঝিয়া মহাত্মারা ব্রহ্মজ্ঞান অভ্যাস করিতে থাকিয়া, সেই জ্ঞানদ্বারা যাঁহাকে লাভ করেন ; সেই জ্ঞানরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥৭৬॥

---

(৭৪) ·বিভুঃ···ধর্ম্মাত্মনে··_পি বঙ্গ বর্দ্ধ। (৭৫) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

সাংখ্যৈর্যোগৈর্বিনিশ্চিত্য সাধ্যৈশ্চ পরমর্ষিভিঃ।
যস্য তু জ্ঞায়তে তত্ত্বং তস্মৈ গুহ্যাত্মনে নমঃ ॥৭৭॥
জটিনে দণ্ডিনে নিত্যং লম্বোদরশরীরিণে।
কমণ্ডলুনিষঙ্গায় তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ ॥৭৮॥
শূলিনে ত্রিদশেশায় ত্র্যম্বকায় মহাত্মনে।
ভস্মদিগ্ধোর্দ্ধলিঙ্গায় তস্মৈ রুদ্রাত্মনে নমঃ ॥৭৯॥
চন্দ্রার্দ্ধকৃতশীর্ষায় ব্যালযজ্ঞোপবীতিনে।
পিনাকশূলহস্তায় তস্মৈ উগ্রাত্মনে নমঃ ॥৮০॥

ভারতকৌমুদী

সাংখ্যৈরিতি। পরমর্ষিভিশ্চ, সাধ্যৈঃ পর্য্যালোচনানিষ্পাদ্যৈঃ, সাংখ্যৈর্যোগৈশ্চ তত্তচ্ছাস্ত্রজ্ঞানৈঃ, বিনিশ্চিত্য "অসঙ্গোঽয়ং পুরুষঃ" ইতি সাংখ্যসূত্রোক্তপ্রকারেণ "ক্লেশকর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরঃ" ইতি যোগসূত্রোক্তপ্রকারেণ চ পুরুষতয়া ঈশ্বরতয়া চাবধার্য্য, যস্য তত্ত্বং যাথার্থ্যং জ্ঞায়তে, তস্মৈ, গুহ্যাত্মনে গোপনীয়রূপায় পরমাত্মনে নমঃ ॥৭৭॥

জটিন ইতি। কমণ্ডলুরেব নিষঙ্গস্তূণীরো যস্য তস্মৈ, ধনুর্দ্ধরো যথা তূণস্থিতৈর্বাণৈঃ শত্রূন্ জয়তি, তথা যঃ কমণ্ডলুস্থজলৈঃ শত্রূন্ জয়তি তস্মৈ ইত্যর্থঃ, তস্মৈ, ব্রহ্মাত্মনে বিরিঞ্চিরূপায় পরমাত্মনে নমঃ ॥৭৮॥

শূলিন ইতি। ত্রিদশেশায় দেবেশ্বরায়, ত্র্যম্বকায় ত্রিলোচনায়। ভস্মনা দিগ্ধো লিপ্তশ্চাসৌ ঊর্দ্ধং দণ্ডায়মানং লিঙ্গং শেফো যস্য স চেতি তস্মৈ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

মনসি রক্ষন্ সংসরতি ন তু সর্ব্বমিত্যর্থঃ ॥৭০—৭১॥ অন্তর্ভূতোঽন্তঃপ্রবিষ্টঃ ॥৭২॥ দীপ্তাত্মনে নৃসিংহায় ॥৭৩—৭৫॥ আত্মেতি শব্দাদিবিষয়কো যো বোধঃ স বিষয়মনন্তর্ভাব্য আত্মস্বরূপভূতমেব জ্ঞানং যথোক্তম্—"পরাগর্থপ্রমেয়েষু যা ফলত্বেন সঙ্গতা। সংবিৎ সৈবেহ মেয়োঽর্থো বেদান্তোক্তিপ্রমাণতঃ ॥" ইতি। ঈদৃশমেব যং জ্ঞানেন জ্ঞানসাধনবাক্যেন ॥৭৬॥ অপ্রমেয়মগোচরং শরীরং স্বরূপং যস্য অনন্তমপারং পরিমেয়ং বিষয়জাতং যত্র তস্মৈ ॥৭৭॥ কমণ্ডলুনিষঙ্গায় তজ্জলৈরেব

মহর্ষিরা, পর্য্যালোচনাসাধ্য সাংখ্যশাস্ত্রজ্ঞান ও যোগশাস্ত্রজ্ঞানদ্বারা যাঁহার তত্ত্ব অবগত হন; সেই গুপ্তরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৭৭॥

যিনি সর্ব্বদা দণ্ড ও জটা ধারণ করেন, যিনি লম্বোদর এবং যাঁহার কমণ্ডলুর জলই ধনুর্দ্ধরের তূণস্থ বাণের তুল্য; সেই বিরিঞ্চিরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৭৮॥

যিনি শূলধারী, দেবদেব, ত্রিলোচন, মহাত্মা, ভস্মলিপ্ত ও ঊর্দ্ধলিঙ্গ; সেই রুদ্ররূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৭৯॥

---

(৭৭) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

যো জাতো বসুদেবেন দেবক্যাং যদুনন্দনঃ।
শঙ্খচক্রগদাপাণির্বাসুদেবাত্মনে নমঃ ॥৮১॥
শিরঃকপালমালায় ব্যাঘ্রচর্ম্মনিবাসিনে।
ভস্মদিগ্ধশরীরায় তস্মৈ রুদ্রাত্মনে নমঃ ॥৮২॥
যো মোহয়তি ভূতানি স্নেহপাশানুবন্ধনৈঃ।
সর্গস্য রক্ষণার্থায় তস্মৈ মোহাত্মনে নমঃ ॥৮৩॥
চৈতন্যং সর্ব্বতো নিত্যং সর্ব্বপ্রাণিহৃদি স্থিতম্।
সর্ব্বাতীততরং সূক্ষ্মং তস্মৈ সূক্ষ্মাত্মনে নমঃ ॥৮৪॥
পঞ্চভূতাত্মভূতায় ভূতাদিনিধনায় চ।
অক্রোধদ্রোহমোহায় তস্মৈ শান্তাত্মনে নমঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

চন্দ্রেতি। চন্দ্রার্দ্ধেন কৃতং কৃতভূষণং শীর্ষং শিরো যস্য তস্মৈ, ব্যালঃ সর্প এব যজ্ঞোপবীতমস্যাস্তীতি তস্মৈ, পিনাকো ধনুঃ শূলঞ্চ হস্তে যস্য তস্মৈ, উগ্রাত্মনে ভীষণমূর্ত্তয়ে শিবায় নমঃ ॥৮০॥

য ইতি। শঙ্খচক্রগদাপাণিবিত্যনেন নারায়ণত্বম্ অস্য সূচিতম্ ॥৮১॥

শিব ইতি। শিরঃকপালানাং মস্তকাস্থ্নাং মালা যস্য তস্মৈ, ব্যাঘ্রচর্ম্ম নিবস্তে পরিদধাতীতি তস্মৈ, ভস্মনা দিগ্ধং লিপ্তং শরীরং যস্য তস্মৈ ॥৮২॥

য ইতি। ভূতানি প্রাণিনঃ। সর্গস্য সৃষ্টেঃ ॥৮৩॥

চৈতন্যমিতি। নিত্যং ব্রহ্মরূপত্বাৎ। সুষুপ্তৌ তু তমোবৃতং তিষ্ঠতীতি ভাবঃ ॥৮৪॥

যাঁহার মস্তকটী অর্দ্ধচন্দ্রে ভূষিত, গলদেশে সর্পের যজ্ঞোপবীত এবং হস্তে পিনাকধনু ও শূল রহিয়াছে; সেই মহাদেবরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮০॥

যিনি বসুদেবের ঔরসে ও দেবকীর গর্ভে জন্ম গ্রহণ করিয়া, যদুবংশের আনন্দ উৎপাদন করিতেছেন এবং যিনি শঙ্খ, চক্র, গদাধারী স্বয়ং নারায়ণস্বরূপ; সেই কৃষ্ণরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮১॥

যিনি মস্তকাস্থির মালা ধারণ ও ব্যাঘ্রচর্ম্ম পরিধান করেন এবং যাঁহার শরীরটী ভস্মে লিপ্ত থাকে; সেই রুদ্ররূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮২॥

যিনি সৃষ্টি রক্ষার জন্য স্নেহপাশের বন্ধনে প্রাণিগণকে মুগ্ধ করেন; সেই মোহরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮৩॥

যিনি সর্ব্বদা নিত্যচৈতন্যস্বরূপে সমস্ত প্রাণীর হৃদয়ে থাকেন এবং সমস্ত পদার্থ হইতে অতীত ও সূক্ষ্ম; সেই সূক্ষ্মরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥৮৪॥

(৮১, ৮২, ৮৪) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

(৮৩)…সর্ব্বপাপানুবন্ধনৈঃ…সর্ব্বস্য…নি।

যস্মিন্ সর্ব্বং যতঃ সর্ব্বং যঃ সর্ব্বঃ সর্ব্বতশ্চ যঃ।
যশ্চ সর্ব্বময়ো দেবস্তস্মৈ সর্ব্বাত্মনে নমঃ ॥৮৬॥
বিশ্বে চ মরুতশ্চৈব রুদ্রাদিত্যাশ্বিনাবপি।
বসবঃ সিদ্ধসাধ্যাশ্চ তস্মৈ দেবাত্মনে নমঃ ॥৮৭॥
অব্যক্তং বুদ্ধ্যহঙ্কারো মনোবুদ্ধীন্দ্রিয়াণি চ।
তন্মাত্রাণি বিশেষাশ্চ তস্মৈ তত্ত্বাত্মনে নমঃ ॥৮৮॥

ভারতকৌমুদী

পঞ্চেতি। পঞ্চভূতানাং পাঞ্চভৌতিকদেহশালিনামাত্মভূতায় জীবরূপায়, ভূতানামাদিরুৎপত্তিঃ নিধনঞ্চ যস্মাৎ তস্মৈ, ন বিদ্যন্তে ক্রোধদ্রোহমোহা যস্য তস্মৈ, তস্মৈ, শান্তাত্মনে সর্ব্বনিবৃত্তরূপায় তূরীয়ব্রহ্মণে নমঃ "শান্তং শিবমদ্বৈতং তূরীয়ং মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ" ইতি শ্রুতেঃ ॥৮৫॥

যস্মিন্নিতি। যস্মিন্, সর্ব্বং জগৎ প্রতিষ্ঠিতম্, যতঃ, সর্ব্বং জগদুৎপদ্যতে, যঃ, সর্ব্বঃ সর্ব্বব্যাপী, যশ্চ, সর্ব্বতঃ সর্ব্বত্র প্রতিভাতি, যো দেবশ্চ, সর্ব্বময়ঃ সর্ব্বস্বরূপঃ, তস্মৈ, সর্ব্বাত্মনে পরমাত্মনে নমঃ। এষর্থেষু শ্রুতয়শ্চোক্তাঃ ॥৮৬॥

বিশ্ব ইতি। বিশ্বে দেবাঃ, মরুতো বায়বঃ, রুদ্রৈরাদিত্যৈশ্চ যুক্তৌ অশ্বিনাবিতি তৌ শাক-পার্থিবাদিত্বান্মধ্যপদলোপী সমাসঃ। দেবাত্মনে দেবতাস্বরূপায় ॥৮৭॥

অব্যক্তমিতি। অব্যক্তং প্রকৃতিঃ, বুদ্ধির্মহত্তত্ত্বম্, তয়া যুক্তঃ অহঙ্কার ইতি সঃ, মধ্যপদলোপী সমাসঃ। মনঃ, বুদ্ধীন্দ্রিয়াণি, চকারাৎ কর্ম্মেন্দ্রিয়াণি চ, তন্মাত্রাণি শব্দস্পর্শরূপরসগন্ধাখ্যানি, বিশেষাঃ পঞ্চ মহাভূতানি, তস্মৈ, তত্ত্বাত্মনে চতুর্ব্বিংশতিতত্ত্বরূপায় পরমাত্মনে নমঃ। তথা চোক্তং সাংখ্যপ্রবচনভাষ্যে—"চতুর্ব্বিংশতিতত্ত্বজ্ঞো যত্র কুত্রাশ্রমে বসেৎ। জটী মুণ্ডী শিখী বাপি মুচ্যতে নাত্র সংশয়ঃ॥" ॥৮৮॥

যিনি পাঞ্চভৌতিক দেহে জীবরূপে বিরাজ করেন, যাঁহা হইতে জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইয়া থাকে এবং যাঁহার ক্রোধ, দ্রোহ ও মোহ নাই; সেই তূরীয় ব্রহ্মকে নমস্কার করি ॥৮৫॥

সমগ্র জগৎ যাঁহাতে প্রতিষ্ঠিত রহিয়াছে, সমগ্র জগৎ যাঁহা হইতে উৎপন্ন হইয়াছে, যিনি সর্ব্বব্যাপী, যিনি সর্ব্বত্র বিদ্যমান আছেন এবং যে দেব সর্ব্বস্বরূপ; সেই সর্ব্বস্বরূপ পরমাত্মাকে নমস্কার করি ॥৮৬॥

বিশ্বেদেবগণ, মরুদ্গণ, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, দুই অশ্বিনীকুমার, অষ্টবসু, সিদ্ধগণ ও সাধ্যগণস্বরূপ যিনি; সেই দেবস্বরূপ পরমাত্মাকে নমস্কার করি ॥৮৭॥

প্রকৃতি, মহৎ, অহঙ্কার, মন, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র ও পঞ্চ মহাভূতস্বরূপ যিনি; সেই চতুর্বিংশতিতত্ত্বরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮৮॥

(৮৭, ৮৮, ৮৯) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

ভূতং ভব্যং ভবিষ্যচ্চ ভূতাদিপ্রভবাব্যয়ঃ।
যোঽগ্রজঃ সর্ব্বভূতানাং তস্মৈ ভূতাত্মনে নমঃ ॥৮৯॥
যং হি সূক্ষ্মং বিচিন্বন্তি পরং সূক্ষ্মবিদো জনাঃ।
সূক্ষ্মাৎ সূক্ষ্মঞ্চ যদ্‌ব্রহ্ম তস্মৈ সূক্ষ্মাত্মনে নমঃ ॥৯০॥
মৎস্যো ভূত্বা বিরিঞ্চায় যেন বেদাঃ সমাহৃতাঃ।
রসাতলগতঃ শীঘ্রং তস্মৈ মৎস্যাত্মনে নমঃ ॥৯১॥
মন্দরাদ্রির্ধৃতো যেন প্রাপ্তে হ্যমৃতমন্থনে।
অতিকর্কশদেহায় তস্মৈ কূর্ম্মাত্মনে নমঃ ॥৯২॥
বরাহং রূপমাস্থায় মহীং সবনপর্ব্বতাম্।
উদ্ধরত্যেকদংষ্ট্রেণ তস্মৈ ক্রোড়াত্মনে নমঃ ॥৯৩॥

ভাবতকৌমুদী

ভূতমিতি। ভূতমতীতম্, ভব্যং বর্ত্তমানম্, ভবিষ্যৎ ভাবী চ বস্তু, ভূতাদীনাং ক্ষিত্যাদীনাম্, প্রভবো হেতুশ্চাসৌ অব্যয়োঽবিনশ্বরশ্চ সঃ, অগ্রজো জ্যেষ্ঠঃ, ভূতাত্মনে সর্ব্বভূতরূপায় পরমাত্মনে নমঃ ॥৮৯॥

যমিতি। বিচিন্বন্তি অন্বিষ্যন্তি, সূক্ষ্মমব্যক্তাদিকমপি বিদন্তীতি তে। আচার্য্যাণাময়ং স্বভাবো যৎ, কিঞ্চিদ্বিশেষপ্রতিপাদনায়ৈব বাক্যান্তরমারভন্ত ইতি পূর্ব্বেণ সহাস্যাপৌনরুক্ত্যম্। এবমন্যত্র ॥৯০॥

ক্রমেণ ভগবতোঽবতারাদীন্ বিশেষভাবান্ স্তৌতি মৎস্য ইতি। বিরিঞ্চায় ব্রহ্মণে, সমাহৃতাঃ সমর্পিতাঃ ॥৯১॥

মন্দরেতি। প্রাপ্তে উপস্থিতে। অতিকর্কশদেহায় নিতান্তকঠিনশরীরায় ॥৯২॥

যিনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ, যিনি ভূতপ্রভৃতির হেতু, যিনি অবিনশ্বর এবং যিনি সমস্ত ভূতের জ্যেষ্ঠ; সেই সর্ব্বভূতরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥৮৯॥

সূক্ষ্মবিদ্ মহাত্মারা যে পরম সূক্ষ্ম পদার্থের অন্বেষণ করেন এবং যে ব্রহ্ম সূক্ষ্ম হইতেও অতিসূক্ষ্ম সেই সূক্ষ্মরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥৯০॥

যিনি পাতালবর্ত্তী মৎস্য হইয়া, সত্বরই ব্রহ্মাকে চারিটী বেদ উপহার দিয়াছিলেন, সেই মৎস্যরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯১॥

সমুদ্র মন্থনের সময় উপস্থিত হইলে, যিনি কূর্ম্মরূপ ধারণপূর্ব্বক পৃষ্ঠে মন্দর-পর্ব্বত ধারণ করিয়াছিলেন; সেই অতিকঠিনদেহ কূর্ম্মরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯২॥

যিনি বরাহমূর্ত্তি ধারণপূর্ব্বক একটী দন্তদ্বারা বন ও পর্ব্বতের সহিত এই পৃথিবীটাকে উত্তোলন করিয়াছিলেন; সেই বরাহমূর্ত্তি নারায়ণকে নমস্কার করি ॥৯৩॥

(৯০—৯৪) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

নারসিংহবপুঃ কৃত্বা সর্ব্বলোকভয়ঙ্করম্।
হিরণ্যকশিপুং জঘ্নে তস্মৈ সিংহাত্মনে নমঃ ॥৯৪॥
পিঙ্গেক্ষণসটং যস্য রূপং দংষ্ট্রানখৈর্যুতম্।
দানবেন্দ্রান্তকরণং তস্মৈ দৃপ্তাত্মনে নমঃ ॥৯৫॥
যং ন দেবা ন গন্ধর্ব্বা ন দৈত্যা ন চ দানবাঃ।
তত্ত্বতো হি বিজানন্তি তস্মৈ সূক্ষ্মাত্মনে নমঃ ॥৯৬॥
বামনং রূপমাস্থায় বলিং সংযম্য মায়য়া।
ত্রৈলোক্যং ক্রান্তবান্ যস্তু তস্মৈ ক্রান্তাত্মনে নমঃ ॥৯৭॥
জমদগ্নিসুতো ভূত্বা রামঃ শস্ত্রভৃতাং বরঃ।
মহীং নিঃক্ষত্রিয়াং চক্রে তস্মৈ রামাত্মনে নমঃ ॥৯৮॥

ভারতভাবদীপঃ

বরাহমিতি। আস্থায় অবলম্ব্য, ক্রোড়াত্মনে শূকরমূর্ত্তয়ে ॥৯৩॥

নারেতি। অধো ভাগো নরস্য উপরিভাগশ্চ সিংহস্যেত্থং নারসিংহবপুঃ ॥৯৪॥

তন্নারসিংহবপুরেব বিশিনষ্টি পিঙ্গেতি। পিঙ্গাঃ পিঙ্গলবর্ণাঃ ঈক্ষণে নয়নদ্বয়ং সটা জটাশ্চ যস্য তৎ। দৃপ্তাত্মনে দর্পান্বিতরূপায় নরসিংহায়ৈব ॥৯৫॥

যমিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। সূক্ষ্মাত্মনে সূক্ষ্মরূপায় ব্রহ্মণে ॥৯৬॥

বামনমিতি। সংযম্য বদ্ধা। ক্রান্তবান্ ত্রিভিঃ পাদৈর্ব্যাপ্তবান্, ক্রান্তাত্মনে ত্রিবিক্রমরূপায় ॥৯৭॥

জমদগ্নীতি। রামাত্মনে পরশুরামরূপায় নারায়ণায় ॥৯৮॥

যিনি সমগ্র জগতের ভয়জনক নরসিংহরূপ ধারণ করিয়া, হিরণ্যকশিপুকে বধ করিয়াছিলেন; সেই নরসিংহমূর্ত্তি নারায়ণকে নমস্কার করি ॥৯৪॥

যাঁহার নয়নযুগল ও জটাসকল পিঙ্গলবর্ণ এবং দন্ত ও নখ সমস্ত বিশাল ছিল, আর যিনি দানবশ্রেষ্ঠ হিরণ্যকশিপুকে সংহার করিয়াছিলেন; সেই দর্পান্বিতমূর্ত্তি নরসিংহরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯৫॥

দেবগণ, গন্ধর্ব্বগণ, দৈত্যগণ এবং দানবগণ যথার্থরূপে যাঁহাকে জানেন না; সেই সূক্ষ্মরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥৯৬॥

যিনি বামনরূপ ধারণপূর্ব্বক মায়াবলে দৈত্যরাজ বলিকে বন্ধন করিয়া, তিন চরণে ত্রিভুবন আক্রমণ করিয়াছিলেন, সেই ত্রিবিক্রমরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯৭॥

---

(৯৫) দংষ্ট্রানখায়ুধম্ পি বঙ্গ বৰ্দ্ধ।
(৯৬—৯৮, ১০১) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বৰ্দ্ধ ন সন্তি।

ত্রিঃসপ্তকৃত্বো যঃ ক্ষত্রং ধর্ম্মব্যুৎক্রান্তগৌরবম্ ।
ক্রুদ্ধো নিজঘ্নে সমরে তস্মৈ ক্রৌর্য্যাত্মনে নমঃ ॥৯৯॥
বিভজ্য পঞ্চধাত্মানং বায়ুর্ভূত্বা শরীরগঃ ।
যশ্চেষ্টয়তি ভূতানি তস্মৈ বায়্বাত্মনে নমঃ ॥১০০॥
রামো দাশরথির্ভূত্বা পুলস্ত্যকুলনন্দনম্ ।
জঘান রাবণং সংখ্যে তস্মৈ ক্ষত্রাত্মনে নমঃ ॥১০১॥
যো হলী মুসলী শ্রীমান্ নীলাম্বরধরঃ স্থিতঃ ।
রামায় রৌহিণেয়ায় তস্মৈ ভোগাত্মনে নমঃ ॥১০২॥

ভারতভাবদীপঃ

উক্তমর্থং বিশিনষ্টি ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারান্, ধর্ম্মেণ দুর্বিনয়স্বভাবেন ব্যুৎক্রান্ত-মতিক্রান্তং গৌরবং ব্রাহ্মণোৎকর্ষো যেন তৎ। ক্রৌর্য্যং ক্রূরত্বং হিংসাতিরেকান্নিষ্ঠুরত্বম্ আত্মনি যস্য তস্মৈ ॥৯৯॥

বিভজ্যেতি। পঞ্চধা প্রাণাপানসমানোদানব্যানরূপৈঃ। চেষ্টয়তি নানাক্রিয়াং কারয়তি, ভূতানি প্রাণিনঃ ॥১০০॥

রাম ইতি। পুলস্ত্যস্য দেবর্ষেঃ কুলনন্দনং বংশানন্দজনকম্। সংখ্যে যুদ্ধে ॥১০১॥

য ইতি। হলী হলধরঃ, শ্রীমান্ শুভ্রকান্তিঃ। রৌহিণেয়ায় রোহিণ্যাঃ পুত্রায়, ভোগাত্মনে অনন্তনাগদেহাবতারায় "ভোগঃ সুখে স্ত্র্যাদিভৃত্যাবহেশ্চ ফণকায়য়োঃ" ইত্যমরঃ ॥১০২॥

যিনি জমদগ্নির পুত্র অস্ত্রধারিশ্রেষ্ঠ পরশুরাম হইয়া, পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়াছিলেন, সেই পরশুরামরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯৮॥

তৎকালে ক্ষত্রিয়েরা আপনাদের দুর্বিনয়স্বভাবে ব্রাহ্মণগণের গৌরব অতিক্রম করিতেছিলেন, সেই জন্যই যিনি ক্রুদ্ধ হইয়া, একুশবার যুদ্ধে ক্ষত্রিয়গণকে সংহার করিয়াছিলেন; সেই নিষ্ঠুরস্বভাব পরশুরামরূপী নারায়ণকে নমস্কার করি ॥৯৯॥

যিনি শরীরস্থ বায়ু হইয়া প্রাণ, অপান, সমান, উদান ও ব্যানরূপে আপনাকে বিভক্ত করিয়া, প্রাণিগণকে নানাকার্য্য করাইতেছেন; সেই বায়ুরূপী পরমাত্মাকে নমস্কার করি ॥১০০॥

যিনি দশরথের পুত্র রাম হইয়া, যুদ্ধে পুলস্ত্যবংশের আনন্দজনক রাবণকে বধ করিয়াছিলেন; সেই ক্ষত্রিয়রামরূপী নারায়ণকে নমস্কার করি ॥১০১॥

যিনি হল ও মুসল ধারণ করেন এবং নীলবর্ণ বস্ত্র পরিধান করিয়া থাকেন; সেই রোহিণীনন্দন, শুভ্রকান্তি, অনন্তনাগাবতার বলরামকে নমস্কার করি ॥১০২॥

---

(৯৯) যশ্চৈকো ধর্ম্মে ব্যুৎক্রান্তিগৌরবাৎ·· জঘান ক্ষত্রিয়ান্ সংখ্যে তস্মৈ ক্রোধাত্মনে নমঃ—নি।

(১০২—১০৮) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

শঙ্খিনে চক্রিণে নিত্যং শার্ঙ্গিণে পীতবাসসে।
বনমালাধরায়ৈব তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ ॥১০৩॥
বসুদেবসুতঃ শ্রীমান্ ক্রীড়িতো নন্দগোকুলে।
কংসস্য নিধনার্থায় তস্মৈ ক্রীড়াত্মনে নমঃ ॥১০৪॥
বাসুদেবত্বমাগম্য যদোর্বংশসমুদ্ভবঃ।
ভূভারহরণং চক্রে তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ ॥১০৫॥
সারথ্যমর্জুনস্যাজৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ ॥১০৬॥
দানবাংস্তু বশে কৃত্বা পুনর্বুদ্ধত্বমাগতঃ।
সর্গস্য রক্ষণার্থায় তস্মৈ বুদ্ধাত্মনে নমঃ ॥১০৭॥

ভারতকৌমুদী

শঙ্খিন ইতি। শার্ঙ্গিণে শার্ঙ্গধনুর্দ্ধারিণে, বনমালাধরায় বন্যপুষ্পমালাধারিণে ॥১০৩॥

বস্বিতি। কংসস্য নিধনার্থায় ক্রীড়িতো মল্লযুদ্ধক্রীড়ামভ্যস্তবান্ ॥১০৪॥

বাস্বিতি। বাসুদেবত্বং বসুদেবপুত্রত্বম্, আগম্য প্রাপ্য ॥১০৫॥

সারথ্যমিতি। ব্রহ্মাত্মনে পরব্রহ্মরূপিণে। এতত্তু শরশয্যায়াং পতনাৎ পরং কদাচিৎ সঞ্জয়-মুখাদাকর্ণ্য ভীষ্মেনাভিহিতমিতি মন্তব্যমতো নানুপপত্তিঃ ॥১০৬॥

দানবানিতি। দানবান্ হিরণ্যাক্ষাদীন্, বশে কৃত্বা বরাহাবতারাদিনা, বুদ্ধত্বং শাক্যসিংহত্বম্, আগতঃ প্রাপ্তো ভবিষ্যতি। সর্গস্য সৃষ্টেঃ, রক্ষণার্থায় অহিংসধর্ম্মপ্রচারেণ ॥১০৭॥

যিনি সর্ব্বদা শঙ্খ, চক্র ও শৃঙ্গনির্ম্মিত ধনু ধারণ করেন এবং পীতবর্ণ বস্ত্র পরিধান করিয়া থাকেন; সেই বনমালী, কৃষ্ণরূপী নারায়ণকে নমস্কার করি ॥১০৩॥

যিনি বসুদেবের পুত্র হইয়া, কংসকে বধ করিবার জন্য নন্দের গোকুলে খেলাচ্ছলে যুদ্ধ অভ্যাস করিতেন; সেই লীলাময় খেলাকারী কৃষ্ণকে নমস্কার করি ॥১০৪॥

যিনি যদুবংশে বসুদেবের পুত্র হইয়া, শিশুপালপ্রভৃতিকে বধ করিয়া, ভূভার হরণ করিয়াছেন; সেই কৃষ্ণরূপী নারায়ণকে নমস্কার করি ॥১০৫॥

যিনি যুদ্ধে অর্জ্জুনের সারথ্য করিতে প্রবৃত্ত হইয়া, ত্রিভুবনের উপকার করিবার জন্য অর্জ্জুনকে গীতামৃত দান করিয়াছেন, সেই পরব্রহ্মরূপী কৃষ্ণকে নমস্কার করি ॥১০৬॥

যিনি বরাহপ্রভৃতি অবতার হইয়া, হিরণ্যাক্ষপ্রভৃতি দানবগণকে বশীভূত করিয়া, অহিংসাধর্ম্ম প্রচারদ্বারা সৃষ্টি রক্ষা করিবার জন্য পুনরায় বুদ্ধ হইবেন; সেই বুদ্ধরূপী নারায়ণকে নমস্কার করি ॥১০৭॥

হনিষ্যতি কলৌ প্রাপ্তে ম্লেচ্ছাংস্তুরগবাহনঃ।
ধর্ম্মসংস্থাপকো যস্তু তস্মৈ কল্ক্যাত্মনে নমঃ ॥১০৮॥
তারাময়ে কালনেমিং হত্বা দানবপুঙ্গবম্।
দদৌ রাজ্যং মহেন্দ্রায় তস্মৈ সাংখ্যাত্মনে নমঃ ॥১০৯॥
যঃ সর্ব্বপ্রাণিনাং দেহে সাক্ষিভূতো হ্যবস্থিতঃ।
অক্ষরঃ ক্ষরমাণানাং তস্মৈ সাক্ষ্যাত্মনে নমঃ ॥১১০॥
নমোহস্তু তে মহাদেব! নমস্তে ভক্তবৎসল!।
সুব্রহ্মণ্য! নমস্তেহস্তু প্রসীদ পরমেশ্বর! ॥১১১॥
অব্যক্তব্যক্তরূপেণ ব্যাপ্তং সর্ব্বং ত্বয়া বিভো!।
নারায়ণং সহস্রাক্ষং সর্ব্বলোকমহেশ্বরম্ ॥১১২॥

ভারতকৌমুদী

হনিষ্যতীতি। তুরগবাহনঃ অশ্বারোহী সন্। কল্ক্যাত্মনে কল্কিরূপায় নারায়ণায় ॥১০৮॥

তারেতি। তারাময়ে তারকাসুরবংশে, জাতমিতি শেষঃ, সম্যক্ খ্যা প্রকথনমিতি সংখ্যা তস্যা অয়মিতি সাংখ্যো বিষ্ণুরেব আত্মা স্বরূপং যস্য তস্মৈ পরব্রহ্মণে। এতদুপাখ্যানং হরিবংশ-বিষ্ণুপুরাণাদৌ দ্রষ্টব্যম্ ॥১০৯॥

য ইতি। সাক্ষিভূতো দ্রষ্টৃরূপো জীবঃ। ক্ষরমাণানাং নশ্বরাণাং দেহেন্দ্রিয়াদীনাং মধ্যে, অক্ষরঃ অবিনাশী, সাক্ষ্যাত্মনে সাক্ষিরূপায় জীবব্রহ্মণে ॥১১০॥

নম ইতি। ব্রহ্মসু বেদেষু সুসাধুরিতি সুব্রহ্মণ্যোঽতীববেদহিতকারী ॥১১১॥

কলিযুগ উপস্থিত হইলে, যিনি ধর্ম্ম সংস্থাপন করিবার জন্য অশ্বে আরোহণ করিয়া, ম্লেচ্ছগণকে সংহার করিবেন; সেই কল্কিরূপী নারায়ণকে নমস্কার করি ॥১০৮॥

যিনি তারকাসুরবংশজাত দানবশ্রেষ্ঠ কালনেমিকে বধ করিয়া, ইন্দ্রকে রাজ্য দান করিয়াছিলেন; সেই বিষ্ণুরূপী পরব্রহ্মকে নমস্কার করি ॥১০৯॥

যিনি সমস্ত প্রাণীরই দেহের ভিতরে সাক্ষিরূপে অবস্থান করিতেছেন এবং যিনি নশ্বর দেহ ও ইন্দ্রিয়প্রভৃতির মধ্যে অনশ্বর; সেই সাক্ষিরূপী জীবব্রহ্মকে নমস্কার করি ॥১১০॥

মহাদেব! আপনাকে নমস্কার, ভক্তবৎসল! আপনাকে নমস্কার এবং বেদের অত্যন্ত হিতকারি! আপনাকে নমস্কার, পরমেশ্বর! আপনি আমার প্রতি প্রসন্ন হউন ॥১১১॥

(১০৯—১১৫) ইমে শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

(১১৩) অপবর্গস্থভূতাং · পরমাস্থিতঃ·· নি।

হিরণ্যনাভং যজ্ঞাঙ্গমমৃতং বিশ্বতোমুখম্ ।
সর্ব্বদা সর্ব্বকার্য্যেষু নাস্তি তেষামমঙ্গলম্ ॥১১৩॥ (যুগ্মকম্)
যেষাং হৃদিস্থো দেবেশো মঙ্গলায়তনং হরিঃ ।
মঙ্গলং ভগবান্ বিষ্ণুর্মঙ্গলং মধুসূদনঃ ॥১১৪॥
মঙ্গলং পুণ্ডরীকাক্ষো মঙ্গলং গরুড়ধ্বজঃ ।
বিশ্বকর্ম্মন্ ! নমস্তেঽস্তু বিশ্বাত্মন্ ! বিশ্বসম্ভব ! ॥১১৫॥ (যুগ্মকম্)
অপবর্গস্থ ! ভূতানাং পঞ্চানাং পরতঃ স্থিতঃ ।
নমস্তে ত্রিষু লোকেষু নমস্তে পরতস্ত্রিষু ॥১১৬॥

ভাবতকৌমুদী

অব্যক্তেতি। অব্যক্তস্য ব্রহ্মণো ব্যক্তরূপং সূর্য্যস্তেন "সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ" ইতি শ্রুতেঃ। সহস্রাক্ষং সহস্রনয়নম্ "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ" ইতি শ্রুতেঃ। হিরণ্যনাভং স্বর্ণময়নাভিকমলম্, যজ্ঞাঙ্গং যজ্ঞসম্পাদকবহ্নিরূপম্, অমৃতং নিত্যমুক্তম্, বিশ্বতোমুখং সর্ব্বদিগ্‌বর্ত্তি-বদনম্। সর্ব্বকার্য্যেষু যে স্মরন্তীতি শেষঃ ॥১১২—১১৩॥

যেষামিতি। মঙ্গলস্য আযতনমাশ্রয়ঃ। মঙ্গলং মঙ্গলজনকঃ ॥১১৪—১১৫॥

অপেতি। হে অপবর্গস্থ ! নিত্যমুক্ত ! পবমাত্মন্ ! ত্বম্, পঞ্চানাং ভূতানাং ক্ষিত্যাদীনাম্, পবতঃ পাবে স্থিতঃ চিজ্জড়ভেদাৎ, ত্রিষু লোকেষু জগৎসু, পবতঃ পবস্মৈ উত্তমায়, তে তুভ্যং নমঃ, ত্রিষু কালেষু চ, পরতস্তে নমঃ ॥১১৬॥

ভারতভাবদীপঃ

বাণভূতৈরসুবাম্নাশুন্তে ইত্যর্থঃ ॥৭৮—৮৪॥ ভূতাদেবহঙ্কাবস্য নিধনং মবণং তস্মৈ ॥৮৫—১১৫॥ অপবর্গস্থ ! নিত্যমুক্ত যতো ভূতানাং ভূতেভ্যঃ পবতঃ স্থিতঃ। ত্রিষু লোকেষু তেভ্যঃ পবতশ্চ

প্রভু ! আপনি ব্রহ্মময় সূর্য্যরূপে সমগ্র জগৎ আলোকিত করিয়া থাকেন। যে সকল মহাত্মা সর্ব্বদা সর্ব্বকার্য্যে সহস্রনয়ন, সমগ্র জগতেব প্রধান নিযন্তা, স্বর্ণময়-নাভিযুক্ত, যজ্ঞসম্পাদক বহ্নিস্বরূপ, নিত্যমুক্ত ও সর্ব্বদিগ্‌বর্ত্তি-মুখশালী নারায়ণকে স্মরণ কবেন, তাঁহাদের অমঙ্গল হয না ॥১১২—১১৩॥

আব, যাঁহাদের হৃদয়ে দেবদেব, মঙ্গলেব আধাব হবি, মঙ্গলময় মধুসূদন, মঙ্গলময় পুণ্ডবীকাক্ষ, মঙ্গলময় গরুড়ধ্বজ ও মঙ্গলময় ভগবান্ বিষ্ণু অবস্থান করেন, তাঁহাদেরও অমঙ্গল হয না। হে বিশ্বকর্ম্মন্! হে বিশ্বাত্মন্! হে বিশ্বসম্ভব! আপনাকে নমস্কার কবি ॥১১৪—১১৫॥

হে নিত্যমুক্ত! আপনি পঞ্চভূত হইতে অত্যন্ত ভিন্ন, আব ত্রিভুবনেব মধ্যে এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—এই তিন কালে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। অতএব আপনাকে নমস্কাব করি ॥১১৬॥

নমস্তে দিক্ষু সর্ব্বাসু ত্বং হি সর্ব্বময়ো নিধিঃ।
নমস্তে ভগবন্! বিষ্ণো! লোকানাং প্রভবাপ্যয়! ॥১১৭॥
ত্বং হি কর্ত্তা হৃষীকেশ! সংহর্ত্তা চাপরাজিতঃ।
নহি পশ্যামি তে ভাবং দিব্যং হি ত্রিষু বর্ত্মসু ॥১১৮॥
তচ্চ পশ্যামি তত্ত্বেন যত্তে রূপং সনাতনম্।
দিবং তে শিরসা ব্যাপ্তং পদ্ভ্যাং দেবী বসুন্ধরা।
বিক্রমেণ ত্রয়ো লোকাঃ পুরুষোঽসি সনাতনঃ ॥১১৯॥
দিশো ভুজা রবিশ্চক্ষুর্বীর্য্যে শুক্রঃ প্রতিষ্ঠিতঃ।
সপ্তমার্গা নিরুদ্ধাস্তে বায়োরমিততেজসঃ ॥১২০॥
ব্যক্তাব্যক্তস্বরূপেণ ব্যাপ্তং সর্ব্বং ত্বয়া বিভো!।
অব্যক্তং ব্রাহ্মণং রূপং ব্যক্তমেতচ্চরাচরম্ ॥১২১॥

ভারতকৌমুদী

নম ইতি। নিধির্ধনপাত্রবদাদরণীয়ঃ। হে প্রভবাপ্যয়! উৎপত্তিবিনাশকারণ। ॥১১৭॥
ত্বমিতি। ভাবমবস্থাম্, বর্ত্মসু জ্ঞানকর্ম্মভক্তিমার্গেষু ॥১১৮॥
তদিতি। পশ্যামি গুরূপদেশেন জানামি। দিবং স্বর্গঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৯॥
দিশ ইতি। শুক্রো ভার্গবঃ। সপ্ত প্রবহপরিবহাদযঃ, নিরুদ্ধাঃ স্ববিশালতয়া ॥১২০॥
ব্যক্তেতি। ব্যক্তাব্যক্তস্বরূপং স্বযমেব পরার্দ্ধেন বিবৃণোতি। ব্রহ্মণ ইদং ব্রাহ্মণম্ ॥১২১॥

হে ভগবন্! আপনি সর্ব্বব্যাপী এবং ধননিধির ন্যায় সকলের আদরণীয়। অতএব আপনার সকল দিকে নমস্কার করি। বিষ্ণু! আপনি ত্রিভুবনের উৎপত্তি ও বিনাশের কারণ; সুতরাং আপনাকে নমস্কার করি ॥১১৭॥

হৃষীকেশ! আপনি জগতের কর্ত্তা ও সংহর্ত্তা এবং সর্ব্বত্র অপরাজিত। হায়! জ্ঞান, কর্ম্ম ও ভক্তি এই তিনটী পথের কোন পথেই আমি আপনার দিব্যভাব দেখিতে পাই না ॥১১৮॥

তবে নারায়ণ! গুরুর উপদেশে আপনার সেই সনাতনরূপটী জানিতে পারি। আপনার মস্তকে স্বর্গলোক, চরণযুগলে পৃথিবী এবং বিক্রমে ত্রিভুবন ব্যাপ্ত হইয়া রহিয়াছে। অতএব আপনিই সেই সনাতন বিরাট্ পুরুষ ॥১১৯॥

দিক্ সকল আপনার বাহু, সূর্য্য আপনার চক্ষু এবং বীর্য্যে শুক্র রহিয়াছেন; আর আপনি অমিততেজা বায়ুর প্রবহ ও নিবহপ্রভৃতি সাতটী পথকে নিরুদ্ধ রাখিয়াছেন ॥১২০॥

---

(১১৮)⋯ হৃষীকেশঃ⋯ তেন পশ্যামি তে দিব্যান্ ভাবান্ · নি। (১২১) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

অতসীপুষ্পসঙ্কাশং পীতবাসসমচ্যুতম্।
যে নমস্যন্তি গোবিন্দং ন তেষাং বিদ্যতে ভয়ম্ ॥১২২॥
একোঽপি কৃষ্ণস্য কৃতপ্রণামো দশাশ্বমেধাবভৃথেন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায় ॥১২৩॥
কৃষ্ণব্রতাঃ কৃষ্ণমনুস্মরন্তো রাত্রৌ চ কৃষ্ণং পুনরুত্থিতা যে।
তে কৃষ্ণদেহাঃ প্রবিশন্তি কৃষ্ণমাজ্যং যথা মন্ত্রহুতং হুতাশে ॥১২৪॥
নমো নরকসন্ত্রাসরক্ষামণ্ডলকারিণে।
সংসারনিম্নগাবর্ত্ততরিকাষ্ঠায় বিষ্ণবে ॥১২৫॥

ভারতকৌমুদী

অতসীতি। অতসীপুষ্পসঙ্কাশং নীলাতসীপুষ্পসমানবর্ণম্ ॥১২২॥

এক ইতি। দশানামশ্বমেধানাম্ অবভৃথেন সমাপ্তিস্নানেন। কিঞ্চ একঃ কৃষ্ণপ্রণামো দশাশ্বমেধেভ্যোঽপি শ্রেষ্ঠ ইত্যাহ দশেতি। পুনর্ভবায পুনর্জন্মনে ন সম্পদ্যতে মুক্তিলাভাদিতি ভাবঃ ॥১২৩॥

কৃষ্ণেতি। কৃষ্ণ এব ব্রতং ব্রতবিষযো যেষাং তে, যে চ বাত্রৌ, পুনঃ প্রভাতে উত্থিতাশ্চ সন্তঃ, কৃষ্ণমনুস্মবন্তো ভবন্তীত্যর্থঃ, কৃষ্ণস্য দেহ ইব দেহো যেষাং তে তাদৃশাঃ সন্তঃ। হুতাশে অগ্নৌ ॥১২৪॥

নম ইতি। নরকাদ্যঃ সন্ত্রাসো ভয়ং তস্মাদ্‌রক্ষামণ্ডলং ব্যালগ্রাহী রক্ষণার্থগোলবেখামিব রক্ষণসমূহং করোতীতি তস্মৈ, সংসাব এব নিম্নগাবর্ত্তো নদীজলভ্রমিস্তস্মিন্ তরিকাষ্ঠং তবণদারুভূতস্তস্মৈ, বিষ্ণবে নমঃ ॥১২৫॥

প্রভু! আপনি ব্যক্ত ও অব্যক্তরূপে এই চবাচর জগৎ ব্যাপ্ত কবিয়া বহিয়াছেন। আপনার পরব্রহ্মরূপ অব্যক্ত এবং চরাচররূপ ব্যক্ত ॥১২১॥

যাঁহাবা, নীল অতসীপুষ্পেব ন্যায় নীলবর্ণ, পীতবসন পবিধায়ী ও বীরব্রত হইতে অভ্রষ্ট গোবিন্দকে নমস্কাব করেন; তাঁহাদেব কোন ভয় থাকে না ॥১২২॥

কৃষ্ণেব উদ্দেশে একটী মাত্র প্রণাম কবিলেও তাহা দশটী অশ্বমেধযজ্ঞেব তুল্য হইয়া থাকে। (দশটী অশ্বমেধেব তুল্য কেন, তদপেক্ষাও অধিক। কারণ,) দশাশ্বমেধকাবীর পুনবায জন্ম গ্রহণ করিতে হয; কিন্তু কৃষ্ণকে প্রণামকাবীব পুনবায় জন্ম হয না ॥১২৩॥

যাঁহারা কৃষ্ণকে স্মবণ কবিতে থাকিয়া তাঁহাব উদ্দেশে ব্রত করেন এবং বাত্রিতে ও প্রভাতকালে গাত্রোত্থান করিযা, কৃষ্ণকে স্মরণ কবেন, তাঁহাবা—কৃষ্ণেব দেহেব ন্যায দেহধাবী হইয়া মন্ত্রপাঠপূর্ব্বক নিক্ষিপ্ত ঘৃত যেমন অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ কৃষ্ণে প্রবেশ কবিযা থাকেন ॥১২৪॥

নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥১২৬॥
প্রাণকান্তারপাথেয়ং সংসারোচ্ছেদভেষজম্।
দুঃখশোকপরিত্রাণং হরিরিত্যক্ষরদ্বয়ম্ ॥১২৭॥
নারায়ণঃ পরং ব্রহ্ম নারায়ণপরং তপঃ।
নারায়ণঃ পরো দেবঃ সর্বং নারায়ণঃ সদা ॥১২৮॥
যথা বিষ্ণুময়ং সত্যং যথা বিষ্ণুময়ং জগৎ।
যথা বিষ্ণুময়ং সর্বং পাপ্মা মে নশ্যতাং তথা ॥১২৯॥

ভারতকৌমুদী

নম ইতি। ব্রহ্মভ্যো বেদেভ্যো রক্ষকতয়া সাধুরিতি ব্রহ্মণ্যশ্চাসৌ দেবঃ পরমাত্মতয়া দ্যোতমানশ্চেতি তস্মৈ ॥১২৬॥

প্রাণেতি। প্রাণো জীবনমেব কান্তারং মহাবণ্যং দুর্গমপথো বা তত্র পাথেয়ং মার্গসম্বলম্, রোগরূপস্য সংসারস্য উচ্ছেদে ভেষজমৌষধম্, দুঃখশোকাভ্যাং পবিত্রায়তে অনেনেতি তচ্চ ॥১২৭॥

নাবেতি। নারায়ণপরং নারায়ণবিষয়মেব "সর্ব্বদেবময়ো হবিঃ" ইতি স্মৃতেঃ "যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেঽপি মামেব কৌন্তেয়! যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥" ইতি গীতোক্তেশ্চ পরঃ শ্রেষ্ঠঃ, সদা সর্ব্বমেব নারায়ণঃ ব্রহ্মরূপত্বাৎ, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥১২৮॥

যথেতি। যথা, বিষ্ণুময়ং বিষ্ণুরূপম্, সত্যং ব্রহ্ম, "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, যথা চ বিষ্ণুময়ং বিষ্ণুরূপম্, জগৎ, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, কিং বহুনা যথা বিষ্ণুময়ং সর্ব্বং ব্রহ্মাণ্ডম্ উক্তশ্রুতেরেব, তথা মে, পাপ্মা পাপম্, নশ্যতাং নশ্যতু। এতৎ সর্ব্বং যথা সত্যং ভগবৎস্মরণাৎ তথা মে পাপনাশোঽপি সত্যো ভবত্বিতি ভাবঃ ॥১২৯॥

যিনি মানুষকে নরকের ভয় হইতে রক্ষা করেন এবং যিনি সংসাররূপ নদীর আবর্ত্ত হইতে তরণের কাষ্ঠস্বরূপ ; সেই বিষ্ণুকে নমস্কার করি ॥১২৫॥

যিনি ব্রহ্মণ্যদেব, যিনি গো ও ব্রাহ্মণগণের হিতকারী, এমন কি যিনি জগতেরই হিতসাধনতৎপর ; সেই কৃষ্ণ এবং গোবিন্দকে বার বার নমস্কার করি ॥১২৬॥

'হরি' এই দুইটী অক্ষর জীবনরূপ দুর্গমপথের পাথেয়স্বরূপ, সংসাররোগনাশের ঔষধের সমান এবং দুঃখ ও শোক হইতে রক্ষা কারক ॥১২৭॥

নারায়ণই পরব্রহ্ম, নারায়ণের উদ্দেশেই সমস্ত তপস্যা, নারায়ণই সর্বপ্রধান দেবতা এবং নারায়ণই সর্বদা সর্বময় ॥১২৮॥

বিষ্ণুই পরব্রহ্ম ইহা যেমন সত্য, সমগ্র জগৎ বিষ্ণুময় ইহা যেমন ধ্রুব এবং সমগ্র

---

(১২৮) নারায়ণপরং ব্রহ্ম…নারায়ণপরং দেবং সর্ব্বং নারায়ণাত্মকম্—পি,… নারায়ণপরং সত্যং…নি।

তস্য যজ্ঞবরাহস্য বিষ্ণোরমিততেজসঃ।
প্রণামং যেঽপি কুর্ব্বন্তি তেষামপি নমো নমঃ ॥১৩০॥
ত্বাং প্রপন্নায় ভক্তায় গতিমিষ্টাং জিগীষবে।
যচ্ছ্রেয়ঃ পুণ্ডরীকাক্ষ! তদ্ধ্যায়স্ব সুরোত্তম! ॥১৩১॥
ইতি বিদ্যাতপোযোনিরযোনির্বিষ্ণুরীড়িতঃ।
বাগ্‌যজ্ঞেনার্চ্চিতো দেবঃ প্রীয়তাং মে জনার্দ্দনঃ ॥১৩২॥

বৈশম্পায়ন উবাচ।

এতাবদুক্ত্বা বচনং ভীষ্মস্তদ্গতমানসঃ।
নম ইত্যেব কৃষ্ণায় প্রণামমকরোত্তদা ॥১৩৩॥
তস্মিন্নুপরতে বাক্যে ততস্তে ব্রহ্মবাদিনঃ।
ভীষ্মং বাগ্‌ভির্বাষ্পকণ্ঠাস্তমানর্চ্চুর্মহামতিম্ ॥১৩৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। যজ্ঞো যজ্ঞেশ্বরো বরাহো যজ্ঞবরাহস্তস্য ॥১৩০॥

ত্বামিতি। প্রপন্নায় শরণত্বেন প্রাপ্তায়, ভক্তায় মহ্যম্, জিগীষবে জেতুং লব্ধুমিচ্ছবে ॥১৩১॥

ইতীতি। বিদ্যায়াস্তত্ত্বজ্ঞানস্য তপসশ্চ যোনির্বিষয়তয়া কারণম্, অযোনিরজঃ, ঈড়িত উক্তঃ স্তুত ইত্যর্থঃ, বাগ্‌বাক্যমেব যজ্ঞস্তেন, এতদবস্থায়ামন্যবিধযজ্ঞাসম্ভবাদিত্যাশয়ঃ ॥১৩২॥

এতাবদিতি। তং কৃষ্ণং গতং প্রাপ্তং মানসং মনো যস্য সঃ ॥১৩৩॥

ব্রহ্মাণ্ডই বিষ্ণুময় ইহাও যেমন নিশ্চিত; তেমন আমার পাপনাশও নিশ্চিতই হউক ॥১২৯॥

সেই যজ্ঞবরাহ, অমিততেজা বিষ্ণুকে যাঁহারা নমস্কার করেন; তাঁহাদিগকেও আমি বার বার নমস্কার করি ॥১৩০॥

দেবশ্রেষ্ঠ পুণ্ডরীকাক্ষ! আমি আপনার ভক্ত, আপনার শরণাপন্ন এবং সকলের অভীষ্ট গতি লাভ করিতে ইচ্ছা করিতেছি। অতএব আমার যাহাতে মঙ্গল হয়, আপনি সেই বিষয়ের চিন্তা করুন ॥১৩১॥

আমি এই ভাবে তত্ত্বজ্ঞান ও তপস্যার কারণ এবং জন্মবিহীন বিষ্ণুর স্তব করিলাম, আর বাক্যরূপ যজ্ঞদ্বারা তাঁহার অর্চ্চনা করিলাম। অতএব সেই জনার্দ্দন আমার প্রতি সন্তুষ্ট হউন' ॥১৩২॥

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম এই পর্য্যন্ত বাক্য বলিয়া, তদ্গতচিত্ত হইয়া, 'নম' এই কথা বলিয়া কৃষ্ণকে নমস্কার করিলেন ॥১৩৩॥

(১৩৪) · বাষ্পগলা মহাদ্যুতিম্ নি।

তে স্তুবন্তশ্চ বিপ্রেন্দ্রাঃ কেশবং পুরুষোত্তমম্ ।
ভীষ্মঞ্চ শনকৈঃ সর্ব্বে প্রশশংসুঃ পুনঃ পুনঃ ॥১৩৫॥
অভিগম্য তু যোগেন ভক্তিং ভীষ্মস্য মাধবঃ ।
ত্রৈলোক্যদর্শনজ্ঞানং দিব্যং দত্ত্বা যযৌ হরিঃ ॥১৩৬॥
বিদিত্বা ভক্তিযোগন্তু ভীষ্মস্য পুরুষোত্তমঃ ।
সহসোত্থায় সংহৃষ্টো যানমেবান্বপদ্যত ॥১৩৭॥
কেশবঃ সাত্যকিশ্চৈব রথেনৈকেন জগ্মতুঃ ।
অপরেণ মহাত্মানৌ যুধিষ্ঠিরধনঞ্জয়ৌ ॥১৩৮॥
ভীমসেনো যমৌ চোভৌ রথমেকং সমাস্থিতাঃ ।
কৃপো যুযুৎসুঃ সূতশ্চ সঞ্জয়শ্চাপরং রথম্ ॥১৩৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উপবতে বিবতে, ব্রহ্মবাদিনো বেদবাদিনো মুনযঃ। আনর্চ্চুঃ প্রশশংসুঃ ॥১৩৪॥
ত ইতি। শনকৈর্মন্দং মন্দম্, উচ্চৈঃ প্রশংসায়াং মুমূর্ষোর্ভীষ্মস্য পীডাসম্ভবাদিতি ভাবঃ ॥১৩৫॥
অভীতি। অভিগম্য জ্ঞাত্বা, যোগেন ধ্যানেন। দিব্যমলৌকিকম্ ॥১৩৬॥
বিদিত্বেতি। পুরুষোত্তমঃ কৃষ্ণঃ। যানং বথম্, অন্বপদ্যত প্রাপ্নোৎ ॥১৩৭॥
কেশব ইতি। অপবেণ বথেন ॥১৩৮॥

ভারতভাবদীপঃ

বিদ্যমানায় তে ত্রিষু কালেষু নমঃ ॥১১৬—১১৭॥ বর্ত্মস্থ বর্ত্তমানাদিষু ॥১১৮॥ দিবং দ্যৌঃ ১১৯॥ সপ্ত উপরিতনানি ছিদ্রাণি প্রবহাদয়ো বা সর্ব্বং ত্বযৈব ব্যাপ্তমিত্যর্থঃ ॥১২০—১৩৫॥ ভীষ্মায় জ্ঞানং

ভীষ্মের সেই সকল বাক্য বিবত হইলে, সেই বেদবাদী মুনিবা বাষ্পরুদ্ধ কণ্ঠ হইয়া, উপযুক্ত বাক্যদ্বারা মহামতি ভীষ্মের প্রশংসা করিলেন ॥১৩৪॥

এবং সেই ব্রাহ্মণশ্রেষ্ঠেবা পুরুষোত্তম নাবায়ণেব স্তব করিতে থাকিয়া, ধীরে ধীরে সকলেই বার বাব ভীষ্মেব প্রশংসা করিতে লাগিলেন ॥১৩৫॥

এদিকে কৃষ্ণ যোগপ্রভাবে ভীষ্মেব ভক্তিব বিষয় জানিয়া, তাঁহাকে ত্রৈলোক্য দর্শন কবিবাব উপযোগী দিব্যজ্ঞান দান কবিয়া, তাঁহাব নিকটে গমন কবিলেন ॥১৩৬॥

কৃষ্ণ ভীষ্মের সেই ভক্তিভাব জানিয়া, আনন্দিত হইয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান কবিয়া, রথেব নিকটে গমন কবিলেন ॥১৩৭॥

পবে কৃষ্ণ ও সাত্যকি এক বথে এবং মহাত্মা যুধিষ্ঠিব ও অর্জ্জুন অন্য বথে আরোহণ করিয়া গমন কবিতে লাগিলেন ॥১৩৮॥

তে রথৈর্নগরাকারৈঃ প্রয়াতাঃ পুরুষর্ষভাঃ।
নেমিঘোষেণ মহতা কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥১৪০॥

ততো গিরঃ পুরুষবরস্তবান্বিতা দ্বিজেরিতাঃ পথিষু মনাক্ স শুশ্রুবে।
কৃতাঞ্জলিং প্রণতমথাপরং জনং স কেশিহা মুদিতমনাভ্যনন্দত ॥১৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ভীষ্মস্তবরাজে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

ভীমেতি। যমৌ নকুলসহদেবৌ। সূতস্তজ্জাতীয়ঃ সঞ্জয়ঃ ॥১৩৯॥

ত ইতি। নগরাকারৈর্বিশালৈঃ। নেমিঘোষেণ চক্রপ্রান্তশব্দেন ॥১৪০॥

তত ইতি। দ্বিজৈর্ব্রাহ্মণৈরীরিতা উক্তাঃ, মনাক্ রথশব্দাতিরেকাদল্পম্ অল্পম্, জনং লোকসমূহম, প্রসিদ্ধঃ, কেশিহা কেশিনামকদানবহন্তা। পুরুষবর ইতি "শষসেঘোষপরেষু বিসর্জ্জনীয়স্ত" তি পক্ষে বিসর্গলোপঃ। মুদিতমনাভ্যনন্দতেতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। ইদং রুচিরাচ্ছন্দঃ ॥১৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

দত্ত্বা পুনঃ স্বদেহং প্রতি শয়নস্থানে যথাবাগতবান্ তদা যুধিষ্ঠিরেণ চ প্রবোধিতঃ সন্নুত্থিত ইত্যর্থঃ ॥১৩৬॥ বিদিত্বা যোগবলেন জ্ঞাত্বা ॥১৩৭—১৪০॥ অভ্যনন্দতেতি সন্ধিরার্ষঃ ॥১৪১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশোঽধ্যায় ॥৪৬॥

———:*:———

ক্রমে ভীম, নকুল ও সহদেব এক রথে আরূঢ় হইলেন এবং কৃপাচার্য্য, যুযুৎসু ও সূতবংশীয় সঞ্জয় অপর রথে আরোহণ করিলেন ॥১৩৯॥

সেই পুরুষশ্রেষ্ঠেরা নগরতুল্য রথে আরোহণ করিয়া, বিশাল রথচক্রের শব্দে ভূমিতল কম্পিত করিতে থাকিয়া, ভীষ্মের নিকটে প্রস্থান করিলেন ॥১৪০॥

তৎকালে ব্রাহ্মণেরা পথের পার্শ্বে থাকিয়া, কৃষ্ণের স্তুতিবাক্য বলিতে লাগিলেন এবং কৃষ্ণও রথশব্দের মধ্যে তাহা অল্প অল্প শুনিতে থাকিলেন। আর স্থানে স্থানে অন্য লোক সকল আসিয়া কৃতাঞ্জলি হইয়া, নমস্কার করিতে লাগিল; তখন কৃষ্ণও হৃষ্টচিত্তে তাহাদের অভিনন্দন করিতে লাগিলেন ॥১৪১॥

(১৪১) পথি সুমনাঃ পি বঙ্গ বর্দ্ধ, স্তবেরিতাঃ নি। * 'সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ স চ হৃষীকেশঃ স চ রাজা যুধিষ্ঠিরঃ।
কৃপাদয়শ্চ তে সর্ব্বে চত্বারঃ পাণ্ডবাশ্চ তে ॥১॥
রথৈস্তৈর্নগরপ্রখ্যৈঃ পতাকাধ্বজশোভিতৈঃ।
যযুরাশু কুরুক্ষেত্রং বাজিভিঃ শীঘ্রগামিভিঃ ॥২॥ (যুগ্মকম্)
তেঽবতীর্য্য কুরুক্ষেত্রং কেশমজ্জাস্থিসঙ্কুলম্।
দেহন্যাসঃ কৃতো যত্র ক্ষত্রিয়ৈস্তৈর্মহাত্মভিঃ ॥৩॥
গজাশ্বদেহাস্থিচয়ৈঃ পর্ব্বতৈরিব সঞ্চিতম্।
নরশীর্ষকপালৈশ্চ শঙ্খৈরিব চ সর্ব্বশঃ ॥৪॥
চিতাসহস্রৈর্নিচিতং বর্ম্মশস্ত্রসমাকুলম্।
আপানভূমিং কালস্য তথা ভুক্তোজ্ঝিতামিব ॥৫॥
ভূতসঙ্ঘানুচরিতং রক্ষোগণনিষেবিতম্।
পশ্যন্তস্তে কুরুক্ষেত্রং যযুরাশু মহারথাঃ ॥৬॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। চত্বাবো ভীমাদযঃ। নগবপ্রখ্যৈর্নগবতুল্যৈর্বৃহদ্ভিঃ ॥১—২॥

ত ইতি। দেহন্যাসঃ প্রাণহীনশবীরক্ষেপঃ। সঞ্চিতং নির্ম্মিতম্। শঙ্খৈবিব শুভ্রত্বাদিত্যাশয়ঃ। নিচিতং ব্যাপ্তম্। আদৌ ভুক্তা ব্যবহৃতা পশ্চাদুজ্ঝিতা ত্যক্তেতি তাম্। ভূতানাং মাংসভোজিপ্রাণিনাং সঙ্ঘেন অনুচবিতং বণাবসানাৎ পবং তদানীমপি বিচবিতম্ ॥৩—৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব কৃষ্ণ, বাজা যুধিষ্ঠিব, ভীমসেনপ্রভৃতি অপর চারি পাণ্ডব এবং কৃপপ্রভৃতি সকলে নগবেব তুল্য বৃহৎ এবং পতাকা ও ধ্বজশোভিত রথে আবোহণ কবিয়া, দ্রুতগামী অশ্বগণেব গুণে সত্ত্বই যাইয়া কুরুক্ষেত্রে উপস্থিত হইলেন ॥১—২॥

মহাত্মা ক্ষত্রিয়েবা যে স্থানে দেহ বাখিয়াছিলেন, যে স্থানটী—কেশ, মজ্জা ও অস্থিতে পরিপূর্ণ ছিল, পর্ব্বতের ন্যায় হস্তী ও অশ্বেব অস্থিসমূহে যেন নির্ম্মিত হইয়াছিল, শঙ্খেব ন্যায় মানুষেব মাথাব খুলি ও সহস্র সহস্র চিতায় সকল দিকে

(৪) হংসৈবিব চ নি। (৫) চিতাসহস্রপ্রচিতং · পি বঙ্গ বর্দ্ধ।

গচ্ছন্নেব মহাবাহুঃ সর্ব্বযাদবনন্দনঃ।
যুধিষ্ঠিরায় প্রোবাচ জামদগ্ন্যস্য বিক্রমম্ ॥৭॥
অমী রামহ্রদাঃ পঞ্চ দৃশ্যন্তে পার্থ! দূরতঃ।
তেষু সন্তর্পয়ামাস পিতৄন্ ক্ষত্রিয়শোণিতৈঃ ॥৮॥
ত্রিঃসপ্তকৃত্বো বসুধাং কৃত্বা নিঃক্ষত্রিয়াং পুরা।
ইহেদানীং ততো রামঃ কর্ম্মণো বিররাম হ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ।

ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবী কৃতা নিঃক্ষত্রিয়া পুরা।
রামেণেতি যদাত্থ ত্বমত্র মে সংশয়ো মহান্ ॥১০॥
ক্ষত্রবীজং যথা দগ্ধং রামেণ যদুপুঙ্গব!।
কথং ভূয়ঃ সমুৎপত্তিঃ ক্ষত্রস্যামিতবিক্রম! ॥১১॥

ভাবতকৌমুদী

গচ্ছন্নিতি। সর্ব্বান্ যাদবান্ নন্দযতি আমোদয়তীতি স কৃষ্ণঃ ॥৭॥
অমী ইতি। তেষু এষু, সন্তর্পযামাস জামদগ্ন্যো বাম ইতি শেষঃ ॥৮॥
ত্রিবিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবাবান্। কর্ম্মণস্তৎক্ষত্রিয়সংহাবব্যাপাবাৎ ॥৯॥
ত্রিবিতি। আত্থ ব্রবীষি। সংশয়ো বর্ত্তত ইতি শেষঃ ॥১০॥

ব্যাপ্ত ছিল এবং বর্ম্মে ও অস্ত্রে পবিপূর্ণ ছিল, সুতবাং যাহা প্রথমে ব্যবহৃত ও পবে পবিত্যক্ত যমেব সুবাপানভূমির ন্যায় দৃষ্টিগোচব হইতেছিল, আব যে স্থানে বাক্ষসগণ ও মাংসভোজী জন্তুগণ তখনও বিচবণ কবিতেছিল, সেই কুরুক্ষেত্র দর্শন কবিতে কবিতে সেই মহাবথেবা যাইতে লাগিলেন ॥৩—৬॥

সমস্ত যদুবংশেব আনন্দজনক মহাবাহু কৃষ্ণ গমন কবিতে কবিতে যুধিষ্ঠিবেব নিকটে পবশুবামেব বিক্রমেব বিষয বলিলেন—॥৭॥

'পৃথানন্দন! এই দূব হইতে ঐ পাঁচটী বামহ্রদ দেখা যাইতেছে। পবশুবাম ক্ষত্রিযবক্তদ্বাবা এই হ্রদগুলিতেই পিতৃলোকেব তর্পণ কবিযাছিলেন ॥৮॥

পবশুবাম পূর্ব্বকালে একুশবাব পৃথিবীকে নিক্ষত্রিয করিযা, পবে এই স্থানেই সেই ক্ষত্রিযসংহাবব্যাপাব হইতে বিবত হইযাছিলেন' ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'কৃষ্ণ! পবশুবাম পূর্ব্বকালে একুশবাব পৃথিবীকে নিক্ষত্রিয করিযাছিলেন, এই কথা যে তুমি বলিতেছ, এ বিষযে আমাব গুরুতব সন্দেহ হইতেছে ॥১০॥

(১০)·· যথাত্থ বঙ্গ বর্দ্ধ নি।

মহাত্মনা ভগবতা রামেণ যদুপুঙ্গব ! ।
কথমুৎসাদিতং ক্ষত্রং কথং বৃদ্ধিমুপাগতম্ ॥১২॥
মহতা রথযুদ্ধেন কোটিশঃ ক্ষত্রিয়া হতাঃ ।
তথাভূচ্চ মহী কীর্ণা ক্ষত্রিয়ৈর্বদতাং বর ! ॥১৩॥
কিমর্থং ভার্গবেণেদং ক্ষত্রমুৎসাদিতং পুরা ।
রামেণ যদুশার্দ্দূল ! কুরুক্ষেত্রে মহাত্মনা ॥১৪॥
এতন্মে ছিন্ধি বার্ষ্ণেয় ! সংশয়ং তার্ক্ষ্যকেতন ! ।
আগমো হি পরঃ কৃষ্ণ ! ত্বত্তো নো বাসবানুজ ! ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ ।

ততো ব্রজন্নেব গদাগ্রজঃ প্রভুঃ শশংস তস্মৈ নিখিলেন তত্ত্বতঃ ।
যুধিষ্ঠিরায়াপ্রতিমৌজসে তদা যথাভবৎ ক্ষত্রিয়সঙ্কুলা মহী ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে রামোপাখ্যানে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ক্ষত্রেতি। যথা যতঃ, দগ্ধং ক্ষত্রিয়নাশেনৈব নাশিতম্। ভূয়ঃ পুনঃ ॥১১॥
মহেতি। উৎসাদিতং নিঃশেষেণ নাশিতম্। উপাগতং তৎ ক্ষত্রম্ ॥১২॥
সামান্যতঃ শ্রুতমেবাহ মহতেতি। হতা রামেণ। কীর্ণা ব্যাপ্তা ॥১৩॥
কিমিতি। ভার্গবেণ ভৃগুবংশ্যেন, ক্ষত্রস্ত্রায়ত ইতি ক্ষত্রং ক্ষত্রিয়ঃ ॥১৪॥
এতদিতি। হে তার্ক্ষ্যকেতন! গরুড়ধ্বজ!। হে বাসবানুজ! উপেন্দ্র! ত্বত্তঃ সকাশাদেব, নঃ অস্মাকম্, পরঃ শ্রেষ্ঠঃ, আগমো জ্ঞেয়জ্ঞানং জায়তে ॥১৫॥

অমিতবিক্রম যাদবশ্রেষ্ঠ! রাম যখন ক্ষত্রিয়ের বীজ একেবারে নষ্ট করিয়াছিলেন; তখন পুনরায় সেই ক্ষত্রিয়ের উৎপত্তি হইল কি প্রকারে? ॥১১॥

যদুবংশশ্রেষ্ঠ! মহাত্মা, ভগবান্ পরশুরাম কি কারণে ক্ষত্রিয়জাতিকে উৎসন্ন করিয়াছিলেন? কি প্রকারেই বা সেই ক্ষত্রিয়জাতি আবার বৃদ্ধি পাইয়াছিল? ॥১২॥

বাগ্মিশ্রেষ্ঠ! পরশুরাম রথযুদ্ধে কোটি কোটি ক্ষত্রিয়কে নিহত করিয়াছিলেন; তাহাতেই ক্ষত্রিয়ের দেহে রণভূমি ব্যাপ্ত হইয়াছিল ॥১৩॥

যদুবংশশ্রেষ্ঠ! ভৃগুবংশীয় মহাত্মা পরশুরাম কি জন্য পূর্ব্বকালে এই কুরুক্ষেত্রে এই ক্ষত্রিয়জাতিকে উৎসন্ন করিয়াছিলেন? ॥১৪॥

বৃষ্ণিনন্দন গরুড়ধ্বজ! তুমি আমার এই সংশয় ছেদন কর। কারণ, উপেন্দ্র! তোমা হইতেই আমাদের সমস্ত জ্ঞাতব্য বিষয়ের জ্ঞান হইয়া আসিতেছে ॥১৫॥

---

(১৬) ততো যথাবৎ· পি বঙ্গ বর্দ্ধ। * '.. অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

———:*:———

বাসুদেব উবাচ।

শৃণু কৌন্তেয়! রামস্য প্রভাবো যো ময়া শ্রুতঃ।
মহর্ষীণাং কথয়তাং বিক্রমং তস্য জন্ম চ ॥১॥
যথা চ জামদগ্ন্যেন কোটিশঃ ক্ষত্রিয়া হতাঃ।
উদ্ভূতা রাজবংশেষু যে ভূয়ো ভারতে হতাঃ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। গদস্য তদাখ্যস্য যাদববিশেষস্য অগ্রজো জ্যেষ্ঠভ্রাতা কৃষ্ণঃ। শশংস উবাচ, হতৈঃ ক্ষত্রিয়ৈঃ সঙ্কুলা ব্যাপ্তা ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

শৃণ্বিতি। মহর্ষীণাং মুখাদিতি শেষঃ। তস্য রামস্য ॥১॥

যথেতি। যে ক্ষত্রিয়া উদ্ভূতাঃ, ভারতে যুষ্মাকমতীতে যুদ্ধে, ভূয়ঃ পুনরপি যে হতাঃ তদুপাখ্যানং বক্ষ্যামীতি শেষঃ ॥২॥

ভারতভাবদীপঃ

ততঃ স চেতি ॥১—৭॥ সন্তর্পয়ামাস রাম ইত্যর্থাৎ এতেন শক্রকুলবধজা গ্লানিস্তে মাভূদিতি দর্শিতম্ ॥৮—১৪॥ আগমো বেদঃ, মত্তস্তদ্বচনাম্নো পরঃ নাধিকঃ ॥১৫—১৬॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

———:*:———

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর প্রভাবশালী কৃষ্ণ যাইতে যাইতে অতুলনীয় বিক্রমশালী যুধিষ্ঠিরের নিকট—যে ভাবে নিহত ক্ষত্রিয়গণের দেহে কুরুক্ষেত্রভূমি ব্যাপ্ত হইয়াছিল, সেই উপাখ্যানটী পূর্ণভাবে যথাযথরূপে বলিতে লাগিলেন ॥১৬॥

———:০:———

কৃষ্ণ বলিলেন—'কুন্তীনন্দন! পূর্ব্বে একদা মহর্ষিরা বলিতেছিলেন, আমি তখন তাঁহাদের মুখ হইতে পরশুরামের যে প্রভাবের বিষয় শুনিয়াছিলাম তাহা এবং তাঁহার বিক্রম ও জন্মবৃত্তান্ত আপনি শ্রবণ করুন ॥১॥

পরশুরাম যে কারণে কোটি কোটি ক্ষত্রিয়কে নিহত করিয়াছিলেন; তা'র পরে

(১) কারণং তস্য নি।

জহ্নোরজস্তু তনয়ো বলাকাশ্বস্তু তৎসুতঃ।
কুশিকো নাম ধর্ম্মজ্ঞস্তস্য পুত্রো মহীপতে!॥৩॥
অগ্র্যং তপঃ সমাতিষ্ঠৎ সহস্রাক্ষসমো ভুবি।
পুত্রং লভেয়মজিতং ত্রিলোকেশ্বরমিত্যুত ॥৪॥
তমুগ্রতপসং দৃষ্ট্বা সহস্রাক্ষঃ পুরন্দরঃ।
সমর্থং পুত্রজননে স্বয়মেবাম্বপদ্যত ॥৫॥
পুত্রত্বমগমদ্রাজন্! তস্য লোকেশ্বরেশ্বরঃ।
গাধির্নামাভবৎ পুত্রঃ কৌশিকঃ পাকশাসনঃ ॥৬॥
তস্য কন্যাভবদ্রাজন্! নাম্না সত্যবতী প্রভো!।
তাং গাধির্ভৃগুপুত্রায় ঋচীকায় দদৌ প্রভুঃ ॥৭॥

ভারতকৌমুদী

জহ্নোরিতি। জহ্নুর্নাম প্রসিদ্ধ এব তপস্বী। সর্ব্বত্র অভবদিতি শেষঃ ॥৩॥
অগ্র্যমিতি। অগ্র্যং শ্রেষ্ঠম্, সমাতিষ্ঠৎ অম্বতিষ্ঠৎ, সহস্রাক্ষসম ইন্দ্রতুল্যঃ কুশিকঃ ॥৪॥
তমিতি। সমর্থং তপঃপ্রভাবেণৈব শক্তম্, অম্বপদ্যত উপাগচ্ছৎ ॥৫॥
পুত্রত্বমিতি। লোকেশ্বরেশ্বর ইন্দ্রঃ। কুশিকস্যাপত্যমিতি কৌশিকঃ ॥৬॥
তস্যেতি। তস্য গাধেঃ। ঋচীকায় তদাখ্যায় ॥৭॥

আবার যাঁহারা রাজবংশে জন্মিয়াছিলেন, পরে আবার কুরুক্ষেত্রযুদ্ধে নিহত হইয়াছেন; আমি তাঁহাদের সে সমস্ত বৃত্তান্তই বলিব ॥২॥

রাজা! জহ্নুর পুত্র অজ, অজের পুত্র বলাকাশ্ব এবং বলাকাশ্বের পুত্র কুশিক। এই কুশিক যথাসময়ে বিশেষ ধর্ম্মজ্ঞ হইয়াছিলেন ॥৩॥

কালক্রমে কুশিক পৃথিবীতে ইন্দ্রের তুল্য প্রভাবশালী হইয়া, 'আমি সকলের অপরাজেয় এবং ত্রিভুবনের মধ্যে প্রধান ঐশ্বর্য্যশালী একটী পুত্র লাভ করিব' এই কামনা করিয়া, গুরুতর তপস্যা করিয়াছিলেন ॥৪॥

'কুশিকরাজা ভীষণ তপস্যা করিতেছেন; সুতরাং ইনি এই তপস্যার প্রভাবে আশানুরূপ পুত্র উৎপাদনে সমর্থ হইয়াছেন' ইহা দেখিয়া সহস্রাক্ষ ইন্দ্র উপস্থিত হইলেন ॥৫॥

রাজা! ক্রমে দিক্‌পালগণের অধীশ্বর ইন্দ্র সেই কুশিকের পুত্রত্ব প্রাপ্ত হইলেন; সুতরাং ইন্দ্রই 'গাধি'নামে কুশিকের পুত্র হইয়াছিলেন ॥৬॥

প্রভাবশালী রাজা! তাহার পর সেই গাধিরাজার সত্যবতী নামে একটী কন্যা

(৭) সর্চ্চীকায় বঙ্গ, সোর্চ্চীকায় বর্দ্ধ।

তস্যাঃ প্রীতঃ স শৌচেন ভার্গবঃ কুরুনন্দন ! ।
পুত্রার্থং শ্রপযামাস চরুং গাধেস্তথৈব চ ॥৮॥
আহূযোবাচ তাং ভার্য্যামৃচীকো ভার্গবস্তদা ।
উপযোজ্যশ্চরুরয়ং ত্বয়া মাত্রাপ্যয়ং তব ॥৯॥
তস্যা জনিষ্যতে পুত্রো দীপ্তিমান্ ক্ষত্রিয়র্ষভঃ ।
অজয্যঃ ক্ষত্রিয়ৈর্লোকে ক্ষত্রিয়র্ষভসূদনঃ ॥১০॥
তবাপি পুত্রং কল্যাণি । ধৃতিমন্তং শমাত্মকম্ ।
তপোঽন্বিতং দ্বিজশ্রেষ্ঠং চরুরেষ বিধাস্যতি ॥১১॥
ইত্যেবমুক্ত্বা তাং ভার্য্যামৃচীকো ভৃগুনন্দনঃ ।
তপস্যভিরতঃ শ্রীমান্ জগামারণ্যমেব হি ॥১২॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। শৌচেন পবিত্রতযা, ভার্গব ঋচীকঃ। শ্রপযামাস পাচযামাস, চরুং চরুদ্বযম্ ॥৮॥
আহূযেতি। উপযোজ্যো ভোক্তব্যঃ, অযমঙ্গুল্যা নির্দ্দিষ্টঃ, দ্বিতীযোঽপোবম্ ॥৯॥
তস্যা ইতি। তস্যাস্তব মাতুঃ, দীপ্তিমান্ তেজস্বী। অজয্যো জেতুমশক্যঃ ॥১০॥
তবেতি। ধৃতিমন্তং তপসি ধৈর্য্যশালিনম্, শমঃ অন্তবিন্দ্রিযনিগ্রহ আত্মনি যস্য তম্ ॥১১॥
ইতীতি। শ্রীমান্ ব্রাহ্মণোচিতকান্তিমান্ ॥১২॥

উৎপন্ন হয। গাধিবাজা সেই কন্যাটিকে ভৃগুব পুত্র ঋচীকেব হস্তে সমর্পণ করিযাছিলেন ॥৭॥

কৌববনন্দন ! ঋচীক সত্যবতীব পবিত্রতাব গুণে সন্তুষ্ট হইযা, তাঁহাব পুত্রেব জন্য এবং গাধিরও পুত্রের নিমিত্ত দুইটী চরু পাক করাইলেন ॥৮॥

তখন ভৃগুনন্দন ঋচীক ভার্য্যা সেই সত্যবতীকে ডাকিযা আনিয়া বলিলেন— 'তুমি এই চরু ভক্ষণ কবিবে, আব তোমাব মাতা এই চরু ভক্ষণ কবিবেন ॥৯॥

কল্যাণি ! তোমাব মাতা এই চরু ভক্ষণ করিলে, তাঁহার একটী তেজস্বী পুত্র জন্মিবে। সে নিজে ক্ষত্রিযশ্রেষ্ঠ হইবে, জগতে কোন ক্ষত্রিযই তাহাকে জয কবিতে সমর্থ হইবে না , অথ চ সে-ই সমস্ত ক্ষত্রিযশ্রেষ্ঠকে জয় কবিবে ॥১০॥

কল্যাণি ! আব তুমি এই চরু ভক্ষণ কবিলে, ইহা তোমারও এমন একটী পুত্র উৎপাদন কবিবে যে, সে ধৈর্য্যশীল, জিতেন্দ্রিয, তপস্বী ও ব্রাহ্মণশ্রেষ্ঠ হইবে' ॥১১॥

ব্রাহ্মণোচিতকান্তিসম্পন্ন ভৃগুনন্দন ঋচীক ভার্য্যা সত্যবতীকে এইরূপ বলিয়া, তপস্যা কবিবাব উদ্দেশে বনে চলিযা গেলেন ॥১২॥

এতস্মিন্নেব কালে তু তীর্থযাত্রাপরো নৃপঃ।
গাধিঃ সদারঃ সংপ্রাপ্ত ঋচীকস্যাশ্রমং প্রতি ॥১৩॥
চরুদ্বয়ং গৃহীত্বা চ রাজন্! সত্যবতী তদা।
ভর্ত্তুর্বাক্যং তদা ব্যগ্রা মাত্রে হৃষ্টা ন্যবেদয়ৎ ॥১৪॥
মাতা তু তস্যাঃ কৌন্তেয়! দুহিত্রে স্বং চরুং দদৌ।
তস্যাশ্চরুমথাজ্ঞানাদাত্মসংস্থং চকার হ ॥১৫॥
অথ সত্যবতী গর্ভং ক্ষত্রিয়ান্তকরং তদা।
ধারয়ামাস দীপ্তেন বপুষা ঘোরদর্শনম্ ॥১৬॥
তমৃচীকস্তদা দৃষ্ট্বা তস্যা গর্ভগতং দ্বিজম্।
সোঽব্রবীদ্ভৃগুশার্দ্দূলঃ স্বাং ভার্য্যাং দেবরূপিণীম্ ॥১৭॥

ভাবতকৌমুদী

এতস্মিন্নিতি। দারৈর্ভার্য্যয়া সহেতি সদারঃ, সংপ্রাপ্ত আগতঃ ॥১৩॥
চর্ব্বিতি। চরুদ্বয়ং চরুপাত্রদ্বয়ম্। ব্যগ্রা ভক্ষণাগ্রহবতী ॥১৪॥
মাতেতি। স্বং স্বভোক্তব্যম্। অজ্ঞানাদ্ভ্রমাৎ, আত্মসংস্থং নিজোদরস্থম্ ॥১৫॥
অথেতি। দীপ্তেন তেজস্বিনা, ঘোরদর্শনং ভীষণাকৃতিম ॥১৬॥
তমিতি। দৃষ্ট্বা যোগপ্রভাবেণাবলোক্য, দ্বিজং ব্রাহ্মণমেব ॥১৭॥

ভারতভাবদীপঃ

শৃণ্বিতি ॥১॥ ভারত ভারতসংগ্রামে ॥২—৬॥ গাধেঃ পুত্রার্থং তস্যাশ্চ পুত্রার্থং চরুং চরুদ্বয়ম ॥৮॥ উপযোজ্যা ভোজ্যো ভোক্তব্যাঃ ॥৯—১৩॥ ব্যগ্রা হর্ষেণৈব ॥১৪—১৭॥ বাংসিতা

এই সময়েই তীর্থপর্য্যটননিরত গাধিরাজা ভার্য্যার সহিত সেই ঋচীকের আশ্রমে আগমন করিলেন ॥১৩॥

রাজা! তখন সত্যবতী সেই চরু ভক্ষণে আগ্রহান্বিত হইয়া, চরুপাত্র দুইটী হাতে লইয়া, হৃষ্টচিত্তে মাতাকে ভর্ত্তার বাক্য জানাইলেন ॥১৪॥

কিন্তু কুন্তীনন্দন! সত্যবতীর মাতা ভ্রমবশতঃ সত্যবতীকে নিজের চরু অর্পণ করিলেন এবং সত্যবতীর চরু নিজে ভক্ষণ করিলেন ॥১৫॥

তাহার পর সত্যবতী উজ্জ্বলদেহে ভীষণাকৃতি ও ক্ষত্রিয়ান্তকারী গর্ভ ধারণ করিলেন ॥১৬॥

তাহার পর ভৃগুবংশশ্রেষ্ঠ ঋচীক আশ্রমে আসিয়া, ব্রাহ্মণই সত্যবতীর গর্ভে প্রবেশ করিয়াছেন ইহা জানিয়া, দেবরূপিণী ভার্য্যা সত্যবতীকে বলিলেন—॥১৭॥

(১৭) তামৃচীকঃ অব্রবীৎ বঙ্গ বর্দ্ধ নি।

মাত্রাসি ব্যংসিতা ভদ্রে। চরুব্যত্যাসহেতুনা।
ভবিষ্যতি হি তে পুত্রঃ ক্রূরকর্ম্মাত্যমর্ষণঃ ॥১৮॥
বিশ্বং হি ব্রহ্ম সুমহচ্চরৌ তব সমাহিতম্।
ক্ষত্রবীর্য্যঞ্চ সকলং তব মাত্রে সমর্পিতম্ ॥১৯॥
বিপর্য্যয়েণ তে ভদ্রে। নৈতদেবং ভবিষ্যতি।
মাতুস্তে ব্রাহ্মণো ভূয়াত্তব চ ক্ষত্রিয়ঃ সুতঃ ॥২০॥
সৈবমুক্তা মহাভাগা ভর্ত্রা সত্যবতী তদা।
পপাত শিরসা তস্মৈ বেপন্তী চাব্রবীদিদম্ ॥২১॥
নার্হোঽসি ভগবন্নদ্য বক্তুমেবংবিধং বচঃ।
ব্রাহ্মণাপসদং পুত্রং প্রাপ্স্যসীতি হি মাং প্রভো! ॥২২॥

ভাবতকৌমুদী

মাত্রেতি। ব্যংসিতা বঞ্চিতা, চরোর্ব্যত্যাসো ব্যতিক্রম এব হেতুস্তেন। অত্যমর্ষণ, অতিকোপনঃ ॥১৮॥

বিশ্বমিতি। বিশ্বং সর্ব্বম্, ব্রহ্ম ব্রহ্মতেজঃ, সমাহিতং সমারোপিতম্ ॥১৯॥

বীতি। বিপর্য্যয়েণ চরুপরিবর্ত্তনেন, এবং পূর্ব্বোক্তপ্রকারম্। তর্হি কিং ভবেদিত্যাহ মাতুরিতি ॥২০॥

সেতি। পপাত ভর্ত্তুশ্চরণোপরি, তস্মৈ ভর্ত্রে, বেপন্তী কম্পমানা ॥২১॥

নেতি। অর্হো যোগ্যো নাসি স্বপুত্রত্বাদেব। ব্রাহ্মণাপসদং নিকৃষ্টব্রাহ্মণম্ ॥২২॥

'ভদ্রে। চরুপরিবর্ত্তন করিয়া, তোমার মাতাই তোমাকে বঞ্চনা করিয়াছেন। অতএব অতিশয় কোপনস্বভাব এবং অত্যন্ত নিষ্ঠুরকার্য্যকারী তোমার একটী পুত্র হইবে ॥১৮॥

কল্যাণি! আমি তোমার চরুতে সমগ্র মহাব্রহ্মতেজ নিহিত করিয়াছিলাম এবং তোমার মাতার চরুতে সমস্ত ক্ষত্রিয়তেজ সমর্পণ করিয়াছিলাম ॥১৯॥

ভদ্রে! চরু পরিবর্ত্তন করায় ইহা এরূপ হইবে না। তোমার মাতার হইবে ব্রাহ্মণ পুত্র, আর তোমার হইবে ক্ষত্রিয় পুত্র' ॥২০॥

ভর্ত্তা ঋচীক এইরূপ বলিলে, মহাভাগা সত্যবতী তখন মস্তক অবনত করিয়া, ভর্ত্তার চরণযুগলের উপরে পতিত হইলেন এবং কাঁপিতে থাকিয়া বলিলেন—॥২১॥

'ভগবন্! প্রভাবসম্পন্ন। 'তুমি একটী পুত্র লাভ করিবে, সে'টী নিকৃষ্ট ব্রাহ্মণ হইবে' এরূপ বাক্য আজ আপনি আমাকে বলিতে পারেন না' ॥২২॥

(১৯) উৎপংস্যতে চ তে ভ্রাতা ব্রহ্মভূতস্তপোরতঃ। বিশ্বং হি ব্রহ্ম সুমহচ্চরৌ তব সমাহিতম্॥ বঙ্গ।

ঋচীক উবাচ।

নৈষ সংকল্পিতঃ কামো ময়া ভদ্রে! তথা ত্বয়ি।
উগ্রকর্ম্মা ভবেৎ পুত্রশ্চরুব্যত্যাসহেতুনা ॥২৩॥

সত্যবত্যুবাচ।

ইচ্ছন্ লোকানপি মুনে! সৃজেথাঃ কিং পুনঃ সুতম্।
শমাত্মকমৃজুং পুত্রং দাতুমর্হসি মে প্রভো! ॥২৪॥

ঋচীক উবাচ।

নোক্তপূর্ব্বং ময়া ভদ্রে! স্বৈরেষ্বপ্যনৃতং বচঃ।
কিমুতাগ্নিং সমাধায় মন্ত্রবচ্চরুসাধনে ॥২৫॥
দৃষ্টমেতৎ পুরা ভদ্রে! জ্ঞাতঞ্চ তপসা ময়া।
ব্রহ্মভূতং হি সকলং পিতুস্তব কুলং ভবেৎ ॥২৬॥

ভাবতকৌমুদী

নেতি। কামঃ কাম্যঃ পুত্রঃ, এষ ঈদৃশো ব্রাহ্মণাপসদ ইত্যর্থঃ ॥২৩॥

ইচ্ছন্নিতি। লোকানপি ভুবনান্যপি, সৃজেথা যোগপ্রভাবেণ স্রষ্টুং শক্নুযাঃ। শমাত্মকং শান্তস্বভাবম্, ঋজুং সবলঞ্চ ॥২৪॥

নেতি। স্বৈরেষ্বপি ইচ্ছাপূর্ব্বকোপহাসাদিষ্বপি, অনৃতং মিথ্যা ॥২৫॥

দৃষ্টমিতি। দৃষ্টং পর্য্যালোচিতম্, ব্রহ্মভূতং ব্রাহ্মণরূপম্ ॥২৬॥

ঋচীক বলিলেন—'ভদ্রে! তোমার এইরূপ পুত্রই হইবে এরূপ সঙ্কল্প আমি করিয়াছিলাম না বটে; কিন্তু চরু পরিবর্ত্তন করার জন্যই তোমার উগ্রকর্ম্মা পুত্র হইবে' ॥২৩॥

সত্যবতী বলিলেন—'মুনি!, আপনি যদি ইচ্ছা করেন, তবে যোগের প্রভাবে ত্রিভুবনও সৃষ্টি করিতে পারেন; তাহাতে পুত্রের কথা আর কি বলিব। অতএব প্রভু! আপনি আমাকে একটী শান্ত ও সবল পুত্র দান করুন' ॥২৪॥

ঋচীক বলিলেন—'ভদ্রে! আমি পূর্ব্বে ইচ্ছাপূর্ব্বক উপহাসপ্রভৃতির সময়েও মিথ্যা কথা বলি নাই। তাহাতে চরু সম্পাদন করিবার উদ্দেশে মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নি স্থাপন করিয়া কি প্রকারে মিথ্যা কথা বলিব ॥২৫॥

ভদ্রে! আমি তপস্যার প্রভাবে পূর্ব্বেই ইহা পর্য্যালোচনা করিয়া দেখিয়াছি এবং জানিতে পারিয়াছি যে, তোমার পিতার সমস্ত বংশটাই ব্রাহ্মণ হইয়া যাইবে' ॥২৬॥

---

(২৫) নোক্তপূর্ব্বানৃতং·· স্বৈরেষ্বপি কদাচন পি বঙ্গ বৰ্দ্ধ।

লোকনাথ! মহাবাহো! শিব! নারায়ণাচ্যুত!।
তব বাক্যমুপশ্রুত্য হর্ষেণাস্মি পরিপ্লুতঃ ॥২॥
কিঞ্চাহমভিধাস্যামি বাক্পতে! তব সন্নিধৌ।
যদা বাচোগতং সর্ব্বং তব বাচি সমাহিতম্ ॥৩॥
যচ্চ কিঞ্চিৎ ক্বচিল্লোকে কর্ত্তব্যং ক্রিয়তে চ যৎ।
ত্বত্তস্তন্নিঃসৃতং দেব! লোকে বুদ্ধিমতো হিতে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ধর্ম্মার্থসহিতং সূচকতয়া ধর্ম্মার্থযুক্তম্, হিতং হিতকরম্ ॥১॥

লোকেতি। লোকনাথ! জগৎপালক!, শিব! সর্ব্বমঙ্গলকর!। পরিপ্লুতো ব্যাপ্তঃ ॥২॥

কিমিতি। অভিধাস্যামি বক্ষ্যামি। যদা যতঃ, বাচোগতং বাগ্‌বিষয়ীভূতম্, বাচি বেদরূপে বাক্যে, সমাহিতং ন্যস্তম্ "তদেতস্মহতো ভূতস্য নিশ্বসিতং যদৃগ্বেদ" ইত্যাদিশ্রুতেঃ ॥৩॥

যদিতি। হে দেব! লোকে জগতি, হিতে হিতসাধনবিষয়ে, ক্বচিৎ, যচ্চ কিঞ্চিৎ কার্য্যং

পুরুষশ্রেষ্ঠ! জ্ঞাতিশোকে যুধিষ্ঠিরের শাস্ত্রজ্ঞান সকল লুপ্তপ্রায় হইয়া পড়িয়াছে; অথ চ ইনি সত্যপ্রতিজ্ঞ। অতএব আপনি ইঁহার নিকটে ধর্ম্ম, অর্থ ও সমাধি বিষয়ের সত্য বাক্য সকল বলুন এবং সত্বরই উঁহার শোক দূর করুন' ॥১৮॥

---:*:---

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর কৃষ্ণের সেই ধর্ম্মার্থযুক্ত ও হিতকর বাক্য সকল শুনিয়া, শান্তনুনন্দন ভীষ্ম কৃতাঞ্জলি হইয়া প্রত্যুত্তর করিলেন ॥১॥

ভীষ্ম বলিলেন—'জগন্নাথ! মহাবাহু! সর্ব্বমঙ্গলকর! নারায়ণ! অচ্যুত! আপনার বাক্য শুনিয়া, আমি আনন্দে আপ্লুত হইয়াছি ॥২॥

বাক্‌পতি! আমি আপনার নিকটে কি বলিব? যেহেতু বাক্যের সমস্ত বিষয়ই আপনার বাক্যস্বরূপ বেদমধ্যে নিহিত রহিয়াছে ॥৩॥

কথয়েদ্দেবলোকং যো দেবরাজসমীপতঃ।
ধর্ম্মকামার্থমোক্ষাণাং সোঽর্থং ব্রূয়াত্তবাগ্রতঃ ॥৫॥
শরাভিতাপাদ্ব্যথিতং মনো মে মধুসূদন!।
গাত্রাণি চাবসীদন্তি ন চ বুদ্ধিঃ প্রসীদতি ॥৬॥
ন চ মে প্রতিভা কাচিদস্তি কিঞ্চিৎ প্রভাষিতুম্।
পীড্যমানস্য গোবিন্দ! বিষানলসমৈঃ শরৈঃ ॥৭॥
বলং মে প্রজহাতীব প্রাণাঃ সন্ত্বরয়ন্তি চ।
মর্ম্মাণি পরিতপ্যন্তে ভ্রান্তচিত্তস্তথা হ্যহম্ ॥৮॥

ভারতকৌমুদী

কর্ত্তব্যম্, যচ্চ কার্য্যং ক্রিয়তে, তৎ সর্ব্বমেব, বুদ্ধিমতস্ত্বত্তঃ, লোকে নিঃসৃতম্, তব সর্ব্বকর্তৃত্বা-দিত্যাশয়ঃ ॥৪॥

কথয়েদিতি। দেবলোকং দেবলোকস্য সর্ব্বাবস্থাম্। অর্থং বিষয়ম্। তথা চ—দেবরাজো দেবলোকস্য সর্ব্বামেবাবস্থাং জানাতি, তথাপি যো নির্লজ্জতয়া তদন্তিক এব তাং বক্তুমর্হতি। স এব সর্ব্বজ্ঞস্য তবান্তিকে ধর্ম্মকামার্থমোক্ষাণাং বিষয়ং বক্তুমর্হতীতি ভাবঃ ॥৫॥

শরেতি। প্রসীদতি নির্ম্মলা ভবতি, অতএব তত্র ন কিঞ্চিৎ স্ফুরতীতি ভাবঃ ॥৬॥

নেতি। প্রতিভা শক্তিঃ। বিষানলসমৈঃ তদ্বদ্বেদনাজনকৈঃ ॥৭॥

বলমিতি। প্রজহাতি দেহস্ত্যজতি, সন্ত্বরয়ন্তি গন্তুং সম্যক্ ত্বরাং কুর্ব্বন্তি ॥৮॥

দেব! জগতে আপন হিতের জন্য যে কোন সময়ে যাহা কিছু জীবের কর্ত্তব্য আছে এবং জীব যাহা কিছু করিতেছে; আপনি সর্ব্বকর্ত্তা ও সর্ব্বজ্ঞ বলিয়া সে সমস্তই আপনা হইতে নির্গত হইয়াছে ॥৪॥

নারায়ণ! যে লোক দেবরাজের নিকটে দেবলোকের অবস্থা বলিতে পারে; সেই লোকই আপনার নিকটে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের বিষয় বলিতে পারে ॥৫॥

মধুসূদন! বাণাঘাতের বেদনায় আমার মন আকুল হইয়া রহিয়াছে; অঙ্গ সকল অবসন্ন হইয়া গিয়াছে এবং বুদ্ধি স্ফূর্ত্তিও হইতেছে না ॥৬॥

গোবিন্দ! বিষ ও অগ্নির ন্যায় বেদনাকারী বাণের আঘাতে আমি দারুণ পীড়া অনুভব করিতেছি। অতএব কোন বিষয় বলিতেই আমার কোন শক্তি নাই ॥৭॥

দেব! আমার শরীর যেন বল ত্যাগ করিতেছে; প্রাণ যেন নির্গত হইবার জন্য ত্বরান্বিত হইয়াছে; সমস্ত মর্ম্মই যেন পরিতপ্ত হইতেছে এবং চিত্তে ভ্রম যেন আসিয়া পড়িয়াছে ॥৮॥

---

(৮)·· পরিতপ্যন্তি·· বঙ্গ বর্দ্ধ নি।

দৌর্ব্বল্যাৎ সজ্জতে বাঙ্‌মে স কথং বক্তুমুৎসহে।
সাধু মে ত্বং প্রসীদস্ব দাশার্হকুলবর্দ্ধন! ॥৯॥
তৎ ক্ষমস্ব মহাবাহো! ন ব্রূয়াং কিঞ্চিদচ্যুত!।
ত্বৎসন্নিধৌ চ সীদেদ্ধি বাচস্পতিরপি ব্রুবন্ ॥১০॥
ন দিশঃ সম্প্রজানামি নাকাশং ন চ মেদিনীম্।
কেবলং তব বীর্য্যেণ তিষ্ঠামি মধুসূদন! ॥১১॥
স্বয়মেব ভবাংস্তস্মাদ্ধর্ম্মরাজস্য যদ্ধিতম্।
তদ্‌ব্রবীত্বাশু সর্ব্বেষামাগমানাং ত্বমাগমঃ ॥১২॥
কথং ত্বয়ি স্থিতে কৃষ্ণে শাশ্বতে লোককর্ত্তরি।
প্রব্রূয়ান্মদ্বিধঃ কশ্চিদ্‌গুরৌ শিষ্য ইব স্থিতে ॥১৩॥

বাসুদেব উবাচ।

উপপন্নমিদং বাক্যং কৌরবাণাং ধুরন্ধরে।
মহাবীর্য্যে মহাসত্ত্বে স্থিরে সর্ব্বার্থদর্শিনি ॥১৪॥

ভারতকৌমুদী

দৌর্বল্যাদিতি। সজ্জতে বিলীয়ত ইব, উৎসহে শক্নোমি। সাধু সম্যক্ ॥৯॥
তদিতি। ব্রূয়াং বক্তুং শক্নুয়াম্। কিঞ্চ, সীদেৎ অক্ষমো ভবেৎ ॥১০॥
নেতি। ন সম্প্রজানামি অত্যবসাদাৎ। বীর্য্যেণ প্রভাবেণ, তিষ্ঠামি জীবামি ॥১১॥
স্বয়মিতি। আগমানাং শাস্ত্রাণাম্, আগচ্ছন্ত্যস্মাদিত্যাগম আকরঃ ॥১২॥
কথমিতি। শাশ্বতে নিত্যে। প্রব্রূয়াৎ প্রবক্তুং শক্নুয়াৎ ॥১৩॥

আর দুর্ব্বলতাবশতঃ আমার বাক্য যেন লয় পাইয়া যাইতেছে; সুতরাং আমি কি করিয়া বলিতে সমর্থ হইব? হে দাশার্হকুলবর্দ্ধন! তথাপি আপনি আমার উপরে সম্যক্ প্রসন্নই থাকুন ॥৯॥

অতএব মহাবাহু! আপনি আমাকে ক্ষমা করুন, আমি কিছুই বলিতে সমর্থ হইব না। বিশেষতঃ স্বয়ং বৃহস্পতিও আপনার নিকটে বলিতে আরম্ভ করিয়া, অবসন্ন হইয়া পড়েন ॥১০॥

মধুসূদন! আমি এখন আর দিক্, আকাশ ও পৃথিবী চিনিতেছি না। তথাপি কেবল আপনার প্রভাবেই রহিয়াছি ॥১১॥

অতএব আপনি নিজেই ধর্ম্মরাজের যাহা হিতকর তাহা বলুন। কেন না, আপনি ত সমস্ত শাস্ত্রেরই আকর ॥১২॥

তা'র পর, কৃষ্ণ! চিরন্তন জগৎকর্ত্তা আপনি থাকিতে, গুরু থাকিতে শিষ্যের ন্যায়, আমার তুল্য লোক কি করিয়া বলিতে সমর্থ হইবে' ॥১৩॥

যচ্চ মামাত্থ গাঙ্গেয় ! বাণঘাতরুজং প্রতি ।
গৃহাণাত্র বরং ভীষ্ম ! মৎপ্রসাদকৃতং প্রভো ! ॥১৫॥
ন তে গ্লানির্ন তে মূর্চ্ছা ন দাহো ন চ তে রুজা ।
প্রভবিষ্যন্তি গাঙ্গেয় ! ক্ষুৎপিপাসে ন চাপ্যুত ॥১৬॥
জ্ঞানানি চ সমগ্রাণি প্রতিভাস্যন্তি তেঽনঘ ! ।
ন চ তে কাচিদাসক্তির্বুদ্ধেঃ প্রাদুর্ভবিষ্যতি ॥১৭॥
সত্ত্বস্থঞ্চ মনো নিত্যং তব ভীষ্ম ! ভবিষ্যতি ।
রজস্তমোভ্যাং নির্ম্মুক্তং ঘনৈর্ম্মুক্ত ইবোড়ুরাট্ ॥১৮॥
যদ্‌যচ্চ ধর্ম্মসংযুক্তমর্থযুক্তমথাপি চ ।
চিন্তয়িষ্যসি তত্রাগ্র্যা বুদ্ধিস্তব ভবিষ্যতি ॥১৯॥

ভাবতকৌমুদী

উপেতি। উপপন্নং যুক্তিযুক্তম্। মহাসত্ত্বে দৃঢাধ্যবসায়ে ॥১৪॥

যদিতি। আত্থ ব্রবীষি, বাণৈর্ঘাতস্য তাডনস্য রুজং পীডাম্ ॥১৫॥

নেতি। রুজা পীড়া। উতশব্দঃ পাদপূরণে ॥১৬॥

জ্ঞানানীতি। প্রতিভাস্যন্তি প্রকাশিষ্যন্তে। আসক্তিরন্যবিষয়সম্বন্ধঃ ॥১৭॥

সত্ত্বস্থমিতি। সত্ত্বস্থং সর্ব্বপ্রকাশকসত্ত্বগুণস্থিতম্ "সত্ত্বং লঘু প্রকাশকমিষ্টম্" ইতি সাংখ্যকারিকোক্তেঃ। ঘনৈর্মেঘৈঃ, উড়ুরাট্ নক্ষত্রেশশ্চন্দ্রঃ ॥১৮॥

যদিতি। ধর্ম্মসংযুক্তং ধর্ম্মসম্বদ্ধং বস্তু, অর্থযুক্তং রাজ্যাদিবিষয়সম্বদ্ধম্ ॥১৯॥

কৃষ্ণ বলিলেন—'ভীষ্ম ! কুরুবংশের ধুরন্ধর, মহাবল, মহাধ্যবসায়, ধীর ও সর্ব্ববিষয়দর্শী আপনাতে এইরূপ বাক্য যুক্তিযুক্তই বটে ॥১৪॥

প্রভাবশালী গঙ্গানন্দন ভীষ্ম ! বাণাঘাতের পীড়ার বিষয়ে আপনি আমার নিকট যাহা বলিতেছেন, সেই সম্বন্ধে আমার অনুগ্রহকৃত বর গ্রহণ করুন ॥১৫॥

গঙ্গানন্দন ! গ্লানি, মূর্চ্ছা, সন্তাপ, কিংবা অন্যবিধ পীড়া, অথবা ক্ষুধা বা পিপাসা ইহার কোনটাই আপনার হইবে না ॥১৬॥

নিষ্পাপ শান্তনুনন্দন ! সমস্ত জ্ঞানই আপনার প্রকাশ পাইবে ; অথচ অন্য কোন বিষয়েই আপনার বুদ্ধি সংসক্ত হইবে না ॥১৭॥

ভীষ্ম ! আপনার মন মেঘমুক্ত চন্দ্রের ন্যায় রজোগুণ ও তমোগুণ মুক্ত হইয়া, কেবল সত্ত্বগুণস্থ হইবে ॥১৮॥

আপনি ধর্ম্ম সম্বন্ধে কিংবা অর্থ সম্বন্ধে যাহা চিন্তা করিবেন, সেই সেই বিষয়েই আপনার প্রখর বুদ্ধি আবির্ভূত হইবে ॥১৯॥

---

(১৬) ন তাপো ন চ নি। (১৭) ন চ তে কচিদাসক্তির্বুদ্ধিঃ পি।

ইমঞ্চ রাজশার্দ্দূল। ভূতগ্রামং চতুর্ব্বিধম্।
চক্ষুর্দ্দিব্যং সমাশ্রিত্য দ্রক্ষ্যস্যমিতবিক্রম। ॥২০॥
সংসরন্তং প্রজাজালং সংযুক্তো জ্ঞানচক্ষুষা।
ভীষ্ম। দ্রক্ষ্যসি তত্ত্বেন জলে মীন ইবানলে ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে ব্যাসসহিতাঃ সর্ব্ব এব মহর্ষয়ঃ।
ঋগ্‌যজুঃসামসহিতৈর্বচোভিঃ কৃষ্ণমার্চ্চয়ন্ ॥২২॥
ততঃ সর্ব্বার্ত্তবং দিব্যং পুষ্পবর্ষং নভস্তলাৎ।
পপাত যত্র বার্ষ্ণেয়ঃ সগাঙ্গেয়ঃ সপাণ্ডবঃ ॥২৩॥
বাদিত্রাণি চ সর্ব্বাণি জগুশ্চাপ্সরসাং গণাঃ।
ন চাহিতমনিষ্টঞ্চ কিঞ্চিত্তত্র প্রদৃশ্যতে ॥২৪॥

ভাবতকৌমুদী

ইমমিতি। হে রাজশার্দ্দূল। ক্ষত্রিয়শ্রেষ্ঠ!, ভূতগ্রামং প্রাণিসমূহম্, চতুর্ব্বিধং জরায়ুজাণ্ডজ-স্বেদজোদ্ভিজ্জরূপম্। দিব্যমলৌকিকম্ ॥২০॥

সমিতি। সংসরন্তম্ ইহামুত্র চ ব্রজন্তম্, প্রজাজালং জীবসমূহম্ ॥২১॥

তত ইতি। ঋগ্‌যজুঃসামভিঃ তত্তদন্তর্গতমন্ত্রৈঃ সহিতানি তৈঃ ॥২২॥

তত ইতি। সর্বেষু ঋতুষু ভবমিতি সর্ব্বার্ত্তবম্। বার্ষ্ণেয়ঃ কৃষ্ণঃ ॥২৩॥

বাদিত্রাণীতি। বাদিত্রাণি দধ্বনুরিতি শেষঃ। প্রদৃশ্যতে স্ম তত্রত্যৈঃ ॥২৪॥

অমিতবিক্রম ভীষ্ম! আপনি দিব্যচক্ষু লাভ করিয়া, এই চতুর্ব্বিধ প্রাণিসমূহ দেখিতে পাইবেন ॥২০॥

ভীষ্ম! আপনি জ্ঞাননয়নসম্পন্ন হইয়া, নির্ম্মল জলস্থ মৎস্যের ন্যায় ইহলোক ও পরলোকে গমনকারী এই জীবসমূহকে যথাযথভাবে দেখিতে পাইবেন' ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সেই মহর্ষিরা সকলেই বেদব্যাসের সহিত মিলিত হইয়া, ঋক্, যজু ও সামবেদের বিভিন্ন মন্ত্রযুক্ত বাক্যদ্বারা কৃষ্ণের স্তব করিলেন ॥২২॥

তদনন্তর ভীষ্ম ও পাণ্ডবগণের সহিত কৃষ্ণ যে স্থানে অবস্থান করিতেছিলেন, সেই স্থানে গগনমণ্ডল হইতে স্বর্গীয় সমস্ত ঋতুসমুৎপন্ন পুষ্পের বৃষ্টি হইতে লাগিল ॥২৩॥

এবং সর্ব্ববিধ বাদ্য বাজিতে থাকিল ও অপ্সরারা গান করিতে লাগিল, কিন্তু তখন কোন অনিষ্ট বা অহিতকর লক্ষণ দেখা গেল না ॥২৪॥

---

(২১) চতুর্ব্বিধং প্রজাজালং নি।

ববৌ শিবঃ সুখো বায়ুঃ সর্ব্বগন্ধবহঃ শুচিঃ।
শান্তায়াং দিশি শান্তাশ্চ প্রাবদন্মৃগপক্ষিণঃ ॥২৫॥
ততো মুহূর্ত্তাদ্ভগবান্ সহস্রাংশুর্দিবাকরঃ।
দহন্ বনমিবৈকান্তে প্রতীচ্যাং প্রত্যদৃশ্যত ॥২৬॥
ততো মহর্ষয়ঃ সর্ব্বে সমুত্থায় জনার্দ্দনম্।
ভীষ্মমামন্ত্রয়াঞ্চক্রু রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥২৭॥
ততঃ প্রণামমকরোৎ কেশবঃ সহপাণ্ডবঃ।
সাত্যকিঃ সঞ্জয়শ্চৈব স চ শারদ্বতঃ কৃপঃ ॥২৮॥
ততস্তে ধর্ম্মনিরতাঃ সম্যক্ তৈরভিপূজিতাঃ।
শ্বঃ সমেষ্যাম ইত্যুক্ত্বা যথেষ্টং ত্বরিতা যযুঃ ॥২৯॥
তথৈবামন্ত্র্য গাঙ্গেয়ং কেশবঃ পাণ্ডবাস্তথা।
প্রদক্ষিণমুপাবৃত্য রথানারুরুহুঃ শুভান্ ॥৩০॥

ভারতকৌমুদী

ববাবিতি। শিবো মঙ্গলকরঃ, সুখঃ সুখজনকঃ। শান্তায়ামনুগ্রায়াম্ ॥২৫॥
তত ইতি। দহন্নিব সন্ধ্যাকালীনতয়া অগ্নিবর্ণত্বাদিতি ভাবঃ ॥২৬॥
তত ইতি। আমন্ত্রয়াঞ্চক্রুঃ সায়ং হোমাদ্যর্থং প্রস্থানায় সম্বোধয়ামাসুঃ ॥২৭॥
তত ইতি। প্রণামং মহর্ষিভ্যঃ। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥২৮॥
তত ইতি। তৈঃ কৃষ্ণাদিভিঃ। শ্বঃ পরদিনে, ত্বরিতাঃ সায়ং হোমাদ্যর্থম্ ॥২৯॥
তথেতি। আমন্ত্র্য গমনানুমত্যর্থং সম্বোধ্য। উপাবৃত্য গত্বা ॥৩০॥

মঙ্গলময়, সুখজনক, সর্ব্বসৌরভবাহী ও পবিত্র বায়ু বহিতে লাগিল এবং পশু পক্ষীরা শান্তস্বরে নির্ম্মল দিক্ সকলে রব করিতে থাকিল ॥২৫॥

তাহার পর পশ্চিম দিকের একপ্রান্তে ভগবান্ সহস্রাংশু সূর্য্য যেন বন দগ্ধ করিতেছেন—এইরূপ দেখা যাইতে লাগিল ॥২৬॥

তৎপরে মহর্ষিরা সকলেই গাত্রোত্থান করিয়া, কৃষ্ণ, ভীষ্ম ও রাজা যুধিষ্ঠিরকে প্রস্থানকালীন সংবর্দ্ধনা করিলেন ॥২৭॥

তদনন্তর কৃষ্ণ, পাণ্ডবগণ, সাত্যকি, সঞ্জয় ও শরদ্বানের পুত্র কৃপ সেই মহর্ষিগণকে প্রণাম করিলেন ॥২৮॥

কৃষ্ণপ্রভৃতি যথানিয়মে প্রণাম করিলে, ধর্ম্মকার্য্যে ব্যাপৃত সেই মহর্ষিরা 'কা'ল আবার আসিব' এই কথা বলিয়া, সত্বর অভীষ্টস্থানে গমন করিলেন ॥২৯॥

সেইরূপই কৃষ্ণ ও পাণ্ডবগণ ভীষ্মের অনুমতি লইয়া এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া, সুন্দর সুন্দর রথে আরোহণ করিলেন ॥৩০॥

ততো রথৈঃ কাঞ্চনচিত্রকূবরৈর্মহীধরাভৈঃ সমদৈশ্চ দন্তিভিঃ।
হয়ৈঃ সুপর্ণৈরিব চাশুগামিভিঃ পদাতিভিশ্চাত্তশরাসনাদিভিঃ ॥৩১॥
যযৌ রথানাং পুরতো হি সা চমূস্তথৈব পশ্চাদতিমাত্রসারিণী।
পুরশ্চ পশ্চাচ্চ যথা মহানদী তমৃক্ষবন্তং গিরিমেত্য নর্ম্মদা ॥৩২॥ (যুগ্মকম্)
ততঃ পুরস্তাদ্‌ভগবান্ নিশাকরঃ সমুত্থিতস্তামভিহর্ষয়ংশ্চমূম্।
দিবাকরাপীতরসা মহৌষধীঃ পুনঃ স্বকেনৈব গুণেন যোজয়ন্ ॥৩৩॥
ততঃ পুরং সুরপুরসম্মিতদ্যুতি প্রবিশ্য তে যদুবৃষপাণ্ডবাস্তথা।
যথোচিতান্ ভবনবরান্ সমাবিশন্ শ্রমান্বিতা মৃগপতয়ো গুহা ইব ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে যুধিষ্ঠিরাদীনাং পুরপ্রবেশে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

তত ইতি। কাঞ্চনেন স্বর্ণনিবেশেন চিত্রাণি কূবরাণি দারুবিশেষা যেষাং তৈঃ, মহীধরাভৈঃ পর্ব্বতপ্রমাণৈঃ, সমদৈঃ মদজলযুক্তৈঃ। সুপর্ণৈর্গরুড়ৈঃ। আত্তানি গৃহীতানি শরাসনাদীনি ধনুরাদীন্যস্ত্রাণি যৈস্তৈঃ। অতিমাত্রসারিণী অতিশয়দ্রুতগামিনী। এত্য প্রাপ্য ॥৩১—৩২॥

তত ইতি। পুরস্তাদগ্রস্থানাং সম্মুখদিশি। দিবাকরেণ সূর্য্যেণ আপীতঃ সম্যক্ শোষিতো রসো দ্রবো যাসাং তাঃ, মহৌষধীর্লতাদীঃ, গুণেন রসেন যোজয়ন্, রসময়ত্বাৎ ॥৩৩॥

তত ইতি। পুরং হস্তিনাম্, সুরপুরস্য দেবনগরস্য সম্মিতা তুল্যা দ্যুতিঃ কান্তির্যস্য তৎ। যদুবৃষো যদুবংশশ্রেষ্ঠঃ কৃষ্ণঃ পাণ্ডবাশ্চ তে। ভবনবরান্ গৃহশ্রেষ্ঠান্। মৃগপতয়ঃ সিংহাঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

তদনন্তর তাঁহারা রথারোহণে গমন করিতে লাগিলেন। তখন অতিশয় দ্রুতগামিনী মহানদী নর্ম্মদা যেমন ঋক্ষবান্‌পর্ব্বতের সম্মুখে ও পশ্চাতে গমন করে; সেইরূপ সেই সেনা পাণ্ডবগণের সম্মুখে ও পশ্চাতে গমন করিতে লাগিল। সেই সৈন্যের মধ্যে স্বর্ণখচিত বিচিত্র কূবরগুলি (কাষ্ঠবিশেষগুলি) রথে রথে প্রকাশ পাইতে থাকিল, পর্ব্বতপ্রমাণ ও মদস্রাবী হস্তিসকল, গরুড়ের ন্যায় দ্রুতগামী অশ্বসমূহ ও ধনুর্ব্বাণপ্রভৃতি অস্ত্রধারী সৈন্যগণ সঙ্গে সঙ্গে বেগে চলিতে লাগিল ॥৩১—৩২॥

তখন তাঁহাদের সম্মুখের দিকে আকাশে চন্দ্র উদয় পাইলেন, তাহাতে সকলেই আনন্দিত হইলেন এবং সেই চন্দ্র সূর্য্যশোষিত তরুলতাপ্রভৃতিকে পুনরায় আপন আপন রসে সংযুক্ত করিতে থাকিলেন ॥৩৩॥

---

* 'দ্বিপঞ্চাশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

ততঃ শয়নমাবিশ্য প্রসুপ্তো মধুসূদনঃ।
যামমাত্রার্দ্ধশেষায়াং যামিন্যাং প্রত্যবুধ্যত ॥১॥
স ধ্যানপথমাবিশ্য সর্ব্বজ্ঞানানি মাধবঃ।
অবলোক্য ততঃ পশ্চাদ্দধ্যৌ ব্রহ্ম সনাতনম্ ॥২॥
ততঃ স্তুতিপুরাণজ্ঞা রক্তকণ্ঠাঃ সুশিক্ষিতাঃ।
অস্তুবন্ বিশ্বকর্ম্মাণং বাসুদেবং প্রজাপতিম্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। শয়নং শয্যাম্। যামমাত্রার্দ্ধশেষায়াং প্রহরার্দ্ধমাত্রাবশিষ্টায়াম্ ॥১॥

স ইতি। সর্ব্বজ্ঞানানি যথা স্যুস্তথা আবিশ্য আশ্রিত্য। অবলোক্য নাসিকাগ্রমিতি শেষঃ। সনাতনং ব্রহ্ম দধ্যৌ চিন্তয়ামাস প্রাতঃকৃত্যং চকারেত্যর্থঃ ॥২॥

ভাবতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ তে তবৈব বাক্যং তব সন্নিধৌ বাচোগতং বাচাং বিষয়ঃ সর্ব্বোঽপি তব বাচি বেদে ॥৩॥ যচ্চেতি হিতে প্রিয়ে লোকে দেবলোকে ইহ পবত্র চ তৎসর্ব্বং ত্রৈকালিকং ত্বত্তো নিঃসৃতমিতি উক্তেঽর্থে হেতুরুক্তঃ ॥৪—১৬॥ আসত্তিবিবসম্মতা ॥১৭—২০॥ সংসরঙ্গ সংসরৎ ॥২১—৩৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

তাহার পব পরিশ্রান্ত কৃষ্ণ ও পাণ্ডবেবা দেবনগবেব তুল্য হস্তিনানগরে প্রবেশ করিয়া, সিংহগণ যেমন গুহায় প্রবেশ কবে, সেইরূপ আপন আপন ভবনে প্রবেশ করিলেন ॥৩৪॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কৃষ্ণ শয্যাব ভিতবে প্রবেশ কবিয়া নিদ্রিত হইলেন এবং রাত্রি যামার্দ্ধমাত্র অবশিষ্ট থাকিতে তাঁহাব নিদ্রা ভঙ্গ হইল ॥১॥

তদনন্তর যাহাতে সমস্ত জ্ঞান উৎপন্ন হয়, সেইভাবে ধ্যান অবলম্বন করিয়া, তিনি নাসিকার অগ্রদেশ দেখিতে থাকিয়া, সনাতন ব্রহ্মের চিন্তা করিলেন ॥২॥

(১) ততঃ প্রবিশ্য ভবনং প্রশিশ্যে যামমাত্রাবশেষায়াং নি।

(৩) সূতাঃ স্তুতিপুরাণজ্ঞাঃ···নি।

পঠন্তি পাণিস্বনিকাস্তপা গায়কাঃ গায়নাঃ।
শঙ্খানথ মৃদঙ্গাংশ্চ প্রবাদ্যন্তি সহস্রশঃ ॥৪॥
বীণাপণববেণূনাং স্বনশ্চাতিমনোরমঃ।
প্রহাস ইব বিস্তীর্ণঃ শুশ্রুবে তস্য বেশ্মনঃ ॥৫॥
ততো যুধিষ্ঠিরস্যাপি রাজ্ঞো মঙ্গলসংহিতাঃ।
উচ্চৈরুর্মধুরা বাচো গীতবাদিত্রনিঃস্বনাঃ ॥৬॥
তত উত্থায় দাশার্হঃ স্নাতঃ প্রাঞ্জলিরচ্যুতঃ।
জপ্ত্বা গুহ্যং মহাবাহুরগ্নীনাশ্রিত্য তস্থিবান্ ॥৭॥
ততঃ সহস্রং বিপ্রাণাং চতুর্বেদবিদাং তথা।
গবাং সহস্রেণৈকৈকং বাচয়ামাস মাধবঃ ॥৮॥

ভাবতকৌমুদী

তত ইতি। স্তুতিং কৃষ্ণস্যৈব স্তবং পুবাণং পূর্ব্ববৃত্তান্তঞ্চ জানন্তীতি তে, বক্তৃকণ্ঠা মধুবস্বরা বন্দিনঃ। বিশ্বকর্ম্মাণং জগৎকর্ত্তাবম্ ॥৩॥

পঠন্তীতি। পাণিস্বনিকাঃ কবতালনান্বিতাঃ, পঠন্তি স্ম স্তুতিশ্লোকানিতি শেষঃ ॥৪॥

বীণেতি। স্বনো ববঃ। প্রহাসঃ অট্টহাস্যধ্বনিঃ ॥৫॥

তত ইতি। মঙ্গলসংহিতা মাঙ্গলিকস্তুতিযুক্তাঃ। উচ্চৈরুঃ উত্তস্থুঃ ॥৬॥

তত ইতি। দাশার্হঃ কৃষ্ণঃ। গুহ্যং মন্ত্রং গায়ত্রীমিত্যর্থঃ। তস্থিবান্ প্রাতর্হোমায় ॥৭॥

তত ইতি। বাচয়ামাস স্বস্তিপ্রভৃতিকমিতি শেষঃ ॥৮॥

তৎপবে কৃষ্ণেব স্তব ও পূর্ব্ববৃত্তান্তে অভিজ্ঞ, মধুরকণ্ঠ ও সুশিক্ষিত স্তুতিপাঠকেবা জগৎকর্ত্তা ও প্রজাপতি কৃষ্ণেব স্তব কবিতে লাগিল ॥৩॥

অনেক লোক কবতলধ্বনি কবিয়া, কৃষ্ণেব স্তুতিশ্লোক পাঠ করিতে থাকিল, বহু গাথক গান কবিতে লাগিল এবং সহস্র সহস্র লোক শঙ্খ ও মৃদঙ্গ বাজাইতে থাকিল ॥৪॥

তৎকালে কৃষ্ণেব সেই বাড়ীখানির বিস্তৃত হাস্যববের ন্যায় বীণা, পণব ও বংশীব অতিমনোহর বব শুনা যাইতে লাগিল ॥৫॥

তাহাব পব বাজা যুধিষ্ঠিবেব বাড়ীতেও মাঙ্গলিক বাক্য, গান ও বাদ্যেব ধ্বনি উত্থিত হইল ॥৬॥

তদনন্তব মহাবাহু কৃষ্ণ শয্যা হইতে উঠিয়া, স্নান কবিয়া, হস্তযুগল সংযোজন-পূর্ব্বক গায়ত্রী জপ (প্রাতঃসন্ধ্যা) কবিয়া, হোমাগ্নিব নিকটে যাইযা, প্রাতঃকালীয় হোম করিবাব জন্য অবস্থান কবিলেন ॥৭॥

তাহাব পর কৃষ্ণ এক সহস্র গকব মধ্যে এক একটী গরু প্রত্যেক চতুর্ব্বেদবিদ্

মঙ্গলালম্ভনং কৃত্বা আত্মানমবলোক্য চ।
আদর্শে বিমলে কৃষ্ণস্ততঃ সাত্যকিমব্রবীৎ ॥৯॥
গচ্ছ শৈনেয়! জানীহি গত্বা রাজনিবেশনম্।
অপি সজ্জো মহাতেজা ভীষ্মং দ্রষ্টুং যুধিষ্ঠিরঃ ॥১০॥
ততঃ কৃষ্ণস্য বচনাৎ সাত্যকিস্ত্বরিতো যযৌ।
উপগম্য চ রাজানং যুধিষ্ঠিরমভাষত ॥১১॥
যুক্তো রথবরো রাজন্! বাসুদেবস্য ধীমতঃ।
সমীপমাপগেয়স্য প্রয়াস্যতি জনার্দ্দনঃ ॥১২॥
ভবৎপ্রতীক্ষঃ কৃষ্ণোঽসৌ ধর্ম্মরাজ! মহাদ্যুতে!।
যদত্রানন্তরং কৃত্যং তদ্ভবান্ কর্ত্তুমর্হতি ॥১৩॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
যুজ্যতাং মে রথবরঃ ফাল্গুনাপ্রতিমদ্যুতে! ॥১৪॥

ভারতকৌমুদী

মঙ্গলেতি। মঙ্গলানাং দধিদূর্ব্বাদিদ্রব্যাণামালম্ভনং স্পর্শম্। আদর্শে দর্পণে ॥৯॥

গচ্ছেতি। হে শৈনেয়। শিনেঃ পৌত্র! সাত্যকে।। অপীতি প্রশ্নে ॥১০॥

তত ইতি। ত্বরিতঃ প্রভোবাদেশস্য শীঘ্রমেব পালনীয়ত্বাদিত্যাশয়ঃ ॥১১॥

যুক্ত ইতি। যুক্তঃ অশ্বাদিভিঃ সংযুক্তঃ। আপগাযা নদ্যা গঙ্গায়া অপত্যমিত্যাপগেয়ো ভীষ্মস্তস্য ॥১২॥

ভবদিতি। ভবন্তং প্রতীক্ষত ইতি ভবৎপ্রতীক্ষঃ। কৃত্যং কর্ত্তব্যম্ ॥১৩॥

ব্রাহ্মণকে দান কবিয়া, সেই এক সহস্র ব্রাহ্মণকে দিয়া স্বস্তি, ঋদ্ধি ও পুণ্যাহ পাঠ কবাইলেন ॥৮॥

তৎপবে কৃষ্ণ দধি ও দূর্ব্বাপ্রভৃতি মাঙ্গলিক দ্রব্য স্পর্শ কবিয়া এবং নির্ম্মল দর্পণে নিজের প্রতিবিম্ব দেখিয়া, পবে সাত্যকিকে বলিলেন—॥৯॥

'সাত্যকি! তুমি যুধিষ্ঠিবেব গৃহে যাও; যাইয়া জান যে, যুধিষ্ঠির ভীষ্মের সহিত সাক্ষাৎ কবিতে যাইবাব জন্য প্রস্তুত হইয়াছেন কি না' ॥১০॥

তদনন্তব সাত্যকি কৃষ্ণেব বাক্য অনুসাবে সত্বব যুধিষ্ঠিবের গৃহে গমন কবিলেন এবং রাজা যুধিষ্ঠিবের নিকট যাইয়া বলিলেন—॥১১॥

'রাজা! ধীমান্ কৃষ্ণেব উত্তম বথ সজ্জিত হইয়াছে। তিনি ভীষ্মের নিকটে গমন করিবেন ॥১২॥

মহাতেজা ধর্ম্মবাজ! কৃষ্ণ এখন আপনাব প্রতীক্ষা কবিতেছেন। অতএব ইহাব পরে আপনাব যাহা কর্ত্তব্য, তাহা আপনি কবিতে পাবেন' ॥১৩॥

ন সৈনিকৈশ্চ যাতব্যং যাস্যামো বয়মেব হি।
ন চ পীড়য়িতব্যো মে ভীষ্মো ধর্ম্মভৃতাং বরঃ ॥১৫॥
অতঃ পুরঃসরাশ্চাপি নিবর্ত্তন্তু ধনঞ্জয়!।
অদ্যপ্রভৃতি গাঙ্গেয়ঃ পরং গুহ্যং প্রবক্ষ্যতি।
অতো নেচ্ছামি কৌন্তেয়! পৃথগ্‌জনসমাগমম্ ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

স তদ্বাক্যমথাজ্ঞায় কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
যুক্তং রথবরং তস্মা আচচক্ষে নরর্ষভঃ ॥১৭॥
ততো যুধিষ্ঠিরো রাজা যমৌ ভীমার্জ্জুনাবপি।
ভূতানীব সমস্তানি যযুঃ কৃষ্ণনিবেশনম্ ॥১৮॥
আগচ্ছৎস্বথ কৃষ্ণোঽপি পাণ্ডবেষু মহাত্মসু।
শৈনেয়সহিতো ধীমান্ রথমেবাম্বপদ্যত ॥১৯॥

ভাবতকৌমুদী

এবমিতি। যুজ্যতামশ্বাদিভিবিতি শেষঃ। হে ফাল্গুন! অর্জ্জুন! ॥১৪॥
নেতি। সৈনিকৈঃ কথং ন যাতব্যমিত্যাহ ন চেতি। পীডযিতব্য উদ্বেজযিতব্যঃ ॥১৫॥
অত ইতি। পুর-সবা অগ্রগামিনঃ সৈন্যাঃ। গুহ্যং গোপনীযং বিষযম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥
স ইতি। আজ্ঞায় আকর্ণ্য। তস্মৈ যুধিষ্ঠিবায ॥১৭॥
তত ইতি। যমৌ যমজৌ নকুলসহদেবৌ। ভূতানি ক্ষিত্যাদীনি, সমস্তানি পঞ্চ ॥১৮॥
আগচ্ছৎস্বিতি। শৈনেয়েন সাত্যকিনা সহিতঃ। অম্বপদ্যত আবোহৎ ॥১৯॥

সাত্যকি এইরূপ বলিলে, যুধিষ্ঠিব অর্জ্জুনকে কহিলেন—'অমিততেজা অর্জ্জুন! আমাব উত্তম রথখানিকে সজ্জিত কব ॥১৪॥

সৈন্যেবা আমাদেব সঙ্গে যাইবে না, কেবল আমবাই যাইব। কাবণ, বহুলোক যাইয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ ভীষ্মকে অস্থিব কবা উচিত নহে ॥১৫॥

অতএব অর্জ্জুন! আজ অগ্রগামী সৈন্যেবাও নিবৃত্ত থাকুক। কারণ, ভীষ্ম অদ্য হইতে আমাদেব নিকটে পবম গোপনীয বিষয বলিবেন, সুতবাং কুন্তীনন্দন! সেখানে অন্য লোকেব উপস্থিতি আমি ইচ্ছা কবি না' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব নবশ্রেষ্ঠ কুন্তীনন্দন অর্জ্জুন, যুধিষ্ঠিবেব সেই কথা শুনিযা, তাঁহাব উত্তম বথ সজ্জিত কবিয়া আসিযা, তাহা তাঁহাব নিকটে বলিলেন ॥১৭॥

তদনন্তর বাজা যুধিষ্ঠিব, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব এই পঞ্চ ভ্রাতা ক্ষিতি প্রভৃতি পঞ্চ মহাভূতেব ন্যায় মিলিত হইয়া, কৃষ্ণেব ভবনে গমন কবিলেন ॥১৮॥

রথস্থাঃ সংবিদং কৃত্বা সুখাং পৃষ্ট্বা চ শর্ব্বরীম্ ।
মেঘঘোষৈ রথবরৈঃ প্রযযুস্তে নরর্ষভাঃ ॥২০॥
বলাহকং মেঘপুষ্পং শৈব্যং সুগ্রীবমেব চ ।
দারুকশ্চোদয়ামাস বাসুদেবস্য বাজিনঃ ॥২১॥
তে হয়া বাসুদেবস্য দারুকেণ প্রচোদিতাঃ ।
গাং খুরাগ্রৈস্তথা রাজন্ ! লিখন্তঃ প্রযযুস্তদা ॥২২॥
তে গ্রসন্ত ইবাকাশং বেগবন্তো মহাবলাঃ ।
ক্ষেত্রং ধর্ম্মস্য কৃৎস্নস্য কুরুক্ষেত্রমবাতরন্ ॥২৩॥
ততো যযুর্যত্র ভীষ্মঃ শরতল্পগতঃ প্রভুঃ ।
আস্তে মহর্ষিভিঃ সার্দ্ধং ব্রহ্মা দেবগণৈর্যথা ॥২৪॥

ভারতকৌমুদী

রথস্থা ইতি। সংবিদং যথাযোগ্যাভিবাদনাদিনিয়মম্, সুখাং সুখজনিকাম্ ॥২০॥
বলাহকমিতি। বলাহকাদীনি চত্বারি চতুর্ণাং কৃষ্ণস্যাশ্বানাং নামানি ॥২১॥
ত ইতি। প্রচোদিতাঃ প্রেরিতাঃ। গাং ভূমিম্, লিখন্তঃ ক্ষুণ্ণীকুর্ব্বন্তঃ ॥২২॥
ত ইতি। গ্রসন্তো ব্যাপ্তমুখত্বাৎ। ক্ষেত্রং স্থানম্ ॥২৩॥
তত ইতি। প্রভুঃ শৌর্য্যাদিপ্রভাবশালী। আস্তে তিষ্ঠতি স্ম ॥২৪॥

তাহার পর মহাত্মা পাণ্ডবেরা আসিতে লাগিলে, কৃষ্ণও সাত্যকির সহিত মিলিত হইয়া যাইয়া রথেই আরোহণ করিলেন ॥১৯॥

সেই নরশ্রেষ্ঠেরা রথে আরূঢ় হইয়া, পরস্পর অভিবাদনাদি করিয়া, 'রাত্রিটী সুখে গিয়াছে ত'?' এইরূপ জিজ্ঞাসা করিতে থাকিয়া, মেঘের ন্যায় গম্ভীর শব্দকারী উত্তম রথে গমন করিতে লাগিলেন ॥২০॥

তখন সারথি দারুক বলাহক, মেঘপুষ্প, শৈব্য ও সুগ্রীব নামক কৃষ্ণের চারিটী অশ্বকে চালাইতে লাগিল ॥২১॥

রাজা! কৃষ্ণের সেই চারিটী অশ্বই দারুককর্ত্তৃক চালিত হইয়া, খুরাগ্রদ্বারা ভূমি ক্ষুণ্ণ করিতে করিতে চলিতে থাকিল ॥২২॥

সেই মহাবল ও বেগবান্ অশ্বগুলি আকাশকে যেন গ্রাস করিতে থাকিয়া, সমস্ত ধর্ম্মেরই ক্ষেত্র কুরুক্ষেত্রে যাইয়া উপস্থিত হইল ॥২৩॥

তাহার পর ব্রহ্মা যেমন দেবগণের সহিত অবস্থান করেন; সেইরূপ শরশয্যাগত প্রভাবশালী ভীষ্ম মহর্ষিগণের সহিত যে স্থানে অবস্থান করিতেছিলেন; সেই স্থানে যাইয়া তাঁহারা উপস্থিত হইলেন ॥২৪॥

ততোঽবতীর্য্য গোবিন্দো রথাৎ স চ যুধিষ্ঠিরঃ।
ভীমো গাণ্ডীবধন্বা চ যমৌ সাত্যকিরেব চ।
ঋষীনভ্যর্চ্চয়ামাসুঃ করানুদ্যম্য দক্ষিণান্ ॥২৫॥
স তৈঃ পরিবৃতো রাজা নক্ষত্রৈরিব চন্দ্রমাঃ।
অভ্যাজগাম গাঙ্গেয়ং ব্রহ্মাণমিব বাসবঃ ॥২৬॥
শরতল্পে শয়ানং তমাদিত্যং পতিতং যথা।
স দদর্শ মহাবাহুং ভয়াচ্চাগতসাধ্বসঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শ্রীকৃষ্ণাদীনাং ভীষ্মসমীপগমনে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যর্চ্চয়ামাসুঃ অর্ঘ্যার্পণেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

স ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। বাসব ইন্দ্রঃ ॥২৬॥

শরেতি। স যুধিষ্ঠিরঃ, ভয়াৎ স্বয়মেব তদবস্থত্বকরণেন ভীষ্মস্যৈব রোষভীতেঃ, আগতসাধ্বস উপস্থিতনিজানিষ্টপাতভয়ঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৮॥ মঙ্গলানাং গবাদীনামালম্ভনং স্পর্শম্ ॥৯—২৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

—:*:—

তদনন্তর কৃষ্ণ, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও সাত্যকি রথ হইতে অবতীর্ণ হইয়া, দক্ষিণ হস্ত উত্তোলনপূর্ব্বক অর্ঘ্য নিক্ষেপ করিয়া, মহর্ষিগণের অর্চ্চনা করিলেন ॥২৫॥

ক্রমে যুধিষ্ঠির নক্ষত্রপরিবেষ্টিত চন্দ্রের ন্যায় সেই স্বজনগণে পরিবেষ্টিত হইয়া, ইন্দ্র যেমন ব্রহ্মার নিকট উপস্থিত হন, সেইরূপ ভীষ্মের নিকটে উপস্থিত হইলেন ॥২৬॥

তখন যুধিষ্ঠির দেখিলেন—মহাবাহু ভীষ্ম আকাশ হইতে নিপতিত সূর্য্যের ন্যায় শরশয্যায় পতিত রহিয়াছেন। তখন ভীষ্মের রোষভয়ে যুধিষ্ঠিরের চিত্তে নিজের অনিষ্ট হইবার ভয় উপস্থিত হইল ॥২৭॥

* 'ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ।

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

জনমেজয় উবাচ।

ধর্ম্মাত্মনি মহাবীর্য্যে সত্যসন্ধে জিতাত্মনি।
দেবব্রতে মহাভাগে শরতল্পগতেঽচ্যুতে ॥১॥
শয়ানে বীরশয়নে ভীষ্মে শান্তনুনন্দনে।
গাঙ্গেয়ে পুরুষব্যাঘ্রে পাণ্ডবৈঃ পর্য্যুপাসিতে ॥২॥
কাঃ কথাঃ সমবর্ত্তন্ত তস্মিন্ বীরসমাগমে।
হতেষু সর্ব্বসৈন্যেষু তন্মে শংস মহামুনে! ॥৩॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

শরতল্পগতে ভীষ্মে কৌরবাণাং পিতামহে।
আজগ্মুর্ঋষয়ঃ সিদ্ধা নারদপ্রমুখা নৃপ! ॥৪॥
হতশিষ্টাশ্চ রাজানো যুধিষ্ঠিরপুরোগমাঃ।
ধৃতরাষ্ট্রশ্চ কৃষ্ণশ্চ ভীমার্জ্জুনযমাস্তথা ॥৫॥ (যুগ্মকম্)
তেঽভিগম্য মহাত্মানো ভরতানাং পিতামহম্।
অন্বশোচন্ত গাঙ্গেয়মাদিত্যং পতিতং যথা ॥৬॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। সত্যসন্ধে সত্যপ্রতিজ্ঞে, জিতাত্মনি সংযতচিত্তে। দেবব্রতে দেবোপাসনানিয়তে, অচ্যুতে সৎসঙ্কল্পাদভ্রষ্টে। বীরশয়নে বীরোচিতশয্যায়াম্। শংস ব্রূহি ॥১—৩॥

শরেতি। কৌরবাণাং তদানীন্তনানাং যুধিষ্ঠিরাদীনাম্। ভীমশ্চ অর্জ্জুনশ্চ যমৌ যমজৌ নকুলসহদেবৌ চেতি তে ॥৪—৫॥

জনমেজয় বলিলেন—'মহর্ষি! ধর্ম্মাত্মা, মহাবীর, সত্যপ্রতিজ্ঞ, সংযতচিত্ত, দেবব্রত, মহাভাগ, সৎসঙ্কল্প হইতে অভ্রষ্ট, গঙ্গাগর্ভজাত, শান্তনুনন্দন ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম বীরোচিত শরশয্যায় শয়িত থাকিলে, সমস্ত সৈন্য নিহত হইয়া গেলে, পাণ্ডবেরা তাঁহার সেবা করিতে লাগিলে এবং অন্যান্য বীরেরা উপস্থিত হইলে, কিরূপ কথা হইতে লাগিল, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১—৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! কৌরবপিতামহ ভীষ্ম শরশয্যায় শয়িত থাকার সময়ে, নারদপ্রভৃতি সিদ্ধ মহর্ষিরা, যুধিষ্ঠিরপ্রভৃতি হতাবশিষ্ট রাজারা, ধৃতরাষ্ট্র, কৃষ্ণ, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব সেইস্থানে আগমন করিলেন ॥৪—৫॥

মুহূর্ত্তমিব চ ধ্যাত্বা নারদো দেবদর্শনঃ।
উবাচ পাণ্ডবান্ সর্ব্বান্ হতশিষ্টাংশ্চ পার্থিবান্ ॥৭॥
প্রাপ্তকালং সমাচক্ষে ভীষ্মোঽয়মনুযুজ্যতাম্।
অস্তমেতি হি গাঙ্গেয়ো ভানুমানিব ভারত! ॥৮॥
অয়ং প্রাণানুৎসিসৃক্ষুস্তং সর্ব্বেঽভ্যনুপৃচ্ছত।
কৃৎস্নান্ হি বিবিধান্ ধর্ম্মাংশ্চাতুর্ব্বর্ণ্যস্য বেত্ত্যয়ম্ ॥৯॥
এষ বৃদ্ধঃ পরান্ লোকান্ সংপ্রাপ্নোতি তনুং ত্যজন্।
তং শীঘ্রমনুযুঞ্জীধ্বং সংশয়ান্ মনসি স্থিতান্ ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তে নারদেন ভীষ্মমীয়ুর্নরাধিপাঃ।
প্রষ্টুং চাশক্নুবন্তস্তে বীক্ষাঞ্চক্রুঃ পরস্পরম্ ॥১১॥

ভারতকৌমুদী

ত ইতি। অন্বশোচন্ত আসন্নমরণনিশ্চয়াদিত্যাশয়ঃ ॥৬॥

মুহূর্ত্তমিতি। দেব ইব দৃশ্যত ইতি দেবদর্শনঃ। হতেভ্যঃ শিষ্টান্ অবশিষ্টান্ ॥৭॥

প্রাপ্তেতি। প্রাপ্তকালম্ এতৎকালোচিতম্, সমাচক্ষে ব্রবীমি, অনুযুজ্যতাম্ অভীষ্টবিষয়ং পৃচ্ছতাম্ ॥৮॥

অয়মিতি। উৎসিসৃক্ষুঃ উৎস্রষ্টুং ত্যক্তুমিচ্ছুঃ, সর্ব্বে যূয়ম্ ॥৯॥

এষ ইতি। অনুযুঞ্জীধ্বং পৃচ্ছত, "প্রশ্নোঽনুযোগঃ পৃচ্ছা চ" ইত্যমরঃ ॥১০॥

এবমিতি। ঈয়ুরুপজগ্মুঃ। অশক্নুবন্তঃ স্বপক্ষীয়প্রহারেণৈব ভীষ্মস্য তদবস্থতয়া লজ্জাগমাৎ ॥১১॥

সেই মহাত্মারা নিকটবর্ত্তী হইয়া, আকাশ হইতে নিপতিত সূর্য্যের ন্যায় ভরত-পিতামহ ভীষ্মের বিষয়ে শোক করিতে লাগিলেন ॥৬॥

তখন দেবদর্শন নারদ কিয়ৎকাল চিন্তা করিয়া, সমস্ত পাণ্ডব ও হতাবশিষ্ট রাজগণকে বলিলেন—॥৭॥

'ভরতনন্দন যুধিষ্ঠির! আমি তোমাদের নিকট এই সময়ের উপযুক্ত কথা বলিতেছি; তোমরা এই ভীষ্মের নিকট এখনই অভীষ্ট বিষয় জিজ্ঞাসা কর। কারণ, ভীষ্ম সূর্য্যের ন্যায় অস্তে গমন করিতেছেন ॥৮॥

ভীষ্ম প্রাণ পরিত্যাগ করিবার ইচ্ছা করিতেছেন। অতএব তোমরা সকলে সত্বর উঁহার নিকট অভীষ্ট বিষয়ে প্রশ্ন কর। কেন না, ইনি ব্রাহ্মণপ্রভৃতি চারি বর্ণেরই নানাবিধ সমস্ত ধর্ম্ম জানেন ॥৯॥

এই বৃদ্ধ দেহ ত্যাগ করিয়া পরলোকে গমন করিতেছেন। অতএব তোমরা সত্বর উঁহার নিকট হৃদয়স্থিত সন্দিগ্ধ বিষয় সকল জিজ্ঞাসা কর' ॥১০॥

অথোবাচ হৃষীকেশং পাণ্ডুপুত্রো যুধিষ্ঠিরঃ।
নান্যস্তু দেবকীপুত্রচ্ছক্তঃ প্রষ্টুং পিতামহম্ ॥১২॥
প্রব্যাহর যদুশ্রেষ্ঠ! ত্বমগ্রে মধুসূদন!।
ত্বং হি নস্তাত! সর্ব্বেষাং সর্ব্বধর্ম্মবিদুত্তমঃ ॥১৩॥
এবমুক্তঃ পাণ্ডবেন ভগবান্ কেশবস্তদা।
অভিগম্য দুরাধর্ষং প্রব্যাহারয়দচ্যুতঃ ॥১৪॥

বাসুদেব উবাচ।

কচ্চিৎ সুখেন রজনী ব্যুষ্টা তে রাজসত্তম!।
বিস্পষ্টলক্ষণা বুদ্ধিঃ কচ্চিচ্চোপস্থিতা তব ॥১৫॥
কচ্চিজ্জ্ঞানানি সর্ব্বাণি প্রতিভান্তি চ তেঽনঘ!।
ন গ্লায়তে চ হৃদয়ং ন চ তে ব্যাকুলং মনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

অথেতি। অন্যো ন শক্তঃ ভীষ্মস্য বিরাগসম্ভবাৎ, কৃষ্ণং প্রতি তু ভক্ত্যতিরেকাদিতি ভাবঃ ॥১২॥

প্রেতি। প্রব্যাহর জিজ্ঞাস্যবিষয়ং প্রকর্ষেণ ব্রূহি। নঃ অস্মাকং মধ্যে ॥১৩॥

এবমিতি। পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ। দুরাধর্ষং ভীষ্মম্, প্রব্যাহারয়ৎ প্রব্যাহারমুক্তিমকরোৎ ॥১৪॥

কচ্চিদিতি। হে রাজসত্তম! ক্ষত্রিয়শ্রেষ্ঠ!, রজনী সুখেন ব্যুষ্টা প্রভাতা কচ্চিৎ ইতি বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ। বিস্পষ্টং তিরোহিতমোহমলং লক্ষণং স্বরূপং যস্যাঃ সা তাদৃশী তব বুদ্ধিশ্চ উপস্থিতা কচ্চিৎ ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—নারদ এইরূপ বলিলে, রাজারা ভীষ্মের নিকটে গমন করিলেন; কিন্তু তাঁহারা জিজ্ঞাসা করিতে অসমর্থ হইয়া, পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥১১॥

তাহার পর পাণ্ডুনন্দন যুধিষ্ঠির কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ ভিন্ন অন্য কোন লোকই পিতামহের নিকট প্রশ্ন করিতে সমর্থ হইবেন না ॥১২॥

যদুশ্রেষ্ঠ মধুসূদন! তুমিই প্রথমে জিজ্ঞাস্য বিষয় বল। কেন না, বৎস! তুমিই আমাদের সকলের মধ্যে বিশেষভাবে সমস্ত ধর্ম্ম জান' ॥১৩॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, তখনই ভগবান্ অচ্যুত কৃষ্ণ দুর্দ্ধর্ষ ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া বলিতে আরম্ভ করিলেন ॥১৪॥

কৃষ্ণ বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! রাত্রিটী আপনার সুখে প্রভাত হইয়াছে ত? এবং বর্ত্তমান সময়ে আপনার নির্ম্মল বুদ্ধি প্রকাশ পাইতেছে ত? ॥১৫॥

(১২) ততো বাচ·· বঙ্গ, · নান্যস্ত্বদ্দেবকীপুত্র! · নি।

ভীষ্ম উবাচ।

দাহো মোহঃ শ্রমশ্চৈব ক্লমো গ্লানিস্তথা রুজা।
তব প্রসাদাদ্বার্ষ্ণেয়! সদ্য প্রতিগতানি মে ॥১৭॥
যচ্চ ভূতং ভবিষ্যচ্চ ভবচ্চ পরমদ্যুতে!।
তৎ সর্ব্বমনুপশ্যামি পাণৌ ফলমিবার্পিতম্ ॥১৮॥
বেদোক্তাশ্চৈব যে ধর্ম্মা বেদান্তাধিগতাশ্চ যে।
তান্ সর্ব্বান্ সংপ্রপশ্যামি বরদানাত্তবাচ্যুত!॥১৯॥
শিষ্টৈশ্চ ধর্ম্মো যঃ প্রোক্তঃ স চ মে হৃদি বর্ত্ততে।
দেশজাতিকুলানাঞ্চ ধর্ম্মজ্ঞোঽস্মি জনার্দ্দন!॥২০॥

ভাবতকৌমুদী

কচ্চিদিতি। প্রতিভান্তি স্ফুরন্তি। গ্লায়তে বেদনযা গ্লানিমনুভবতি ॥১৬॥
দাহ ইতি। দাহঃ শস্ত্রপ্রহাবসন্তাপঃ। প্রসাদাৎ পূর্ব্বদিনকৃতাদনুগ্রহাৎ ॥১৭॥
যদিতি। ভূতমতীতম্, ভবদ্বর্ত্তমানং বস্তু। অর্পিতং স্থাপিতম্ ॥১৮॥
বেদেতি। বেদান্তান্ উপনিষদঃ অধিগতাঃ প্রাপ্তাঃ ॥১৯॥
শিষ্টৈবিতি। শিষ্টৈঃ শাস্ত্রবিধিচালিতৈঃ সাধুভিঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

ধর্ম্মাত্মনীতি ॥১—৭॥ সমাচক্ষে ব্রবীমি, অনুযুজ্যতাং পৃচ্ছতাম্ ॥৮—১১॥ ততঃ উবাচেতি ছেদঃ ॥১২—১৩॥ প্রব্যাহাববৎ অবাচবৎ ॥১৪—১৮॥ বেদোক্তা অগ্নিহোত্রাদয়ঃ, বেদান্তাধিগতাঃ

নিষ্পাপ! আপনাব সর্ব্বজ্ঞান স্ফুর্ত্তি হইতেছে ত? মনে কোন গ্লানি নাই ত? কিংবা আপনাব মন কোন কাবণে আকুল হয নাই ত' ॥১৬॥

ভীষ্ম বলিলেন—'বৃষ্ণিনন্দন! গত কল্য আপনি আমাব প্রতি অনুগ্রহ করিয়া যে বব দিয়াছিলেন, তাহাব ফলে আমাব সন্তাপ, মোহ, শ্রম, ক্লান্তি, গ্লানি এবং অন্য প্রকাব পীডা—এ সমস্তই তৎক্ষণাৎ তিবোহিত হইয়াছিল ॥১৭॥

মহাতেজা! বর্ত্তমান সময়ে আমি হস্তস্থাপিত ফলের ন্যায় ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যে কিছু বস্তু, সে সমস্তই প্রত্যক্ষ দেখিতেছি ॥১৮॥

অচ্যুত! যে সকল ধর্ম্ম বেদে উক্ত হইয়াছে, কিংবা বেদান্তমধ্যে রহিযাছে, আপনাব ববেব প্রভাবে সে সমস্তই আমি প্রত্যক্ষ দেখিতেছি ॥১৯॥

জনার্দ্দন! শিষ্টেবা যে ধর্ম্ম বলিয়াছেন, তাহাও আমাব মনে প্রকাশ পাইতেছে এবং সমস্ত দেশ, জাতি ও বংশেব ধর্ম্ম আমাব মনে পড়িতেছে ॥২০॥

(১৮)· ফলমিবাহিতম্—নি।

চতুর্ষ্বাশ্রমধর্ম্মেষু যোঽর্থঃ স চ হৃদি স্থিতঃ।
রাজধর্ম্মাংশ্চ সকলানবগচ্ছামি কেশব! ॥২১॥
যচ্চ যত্র চ বক্তব্যং তদ্বক্ষ্যামি জনার্দ্দন!।
তব প্রসাদাদ্ধি শুভা মনো মে বুদ্ধিরাবিশৎ ॥২২॥
যুবেবাস্মি সমাবৃত্তস্ত্বদনুধ্যানবৃংহিতঃ।
বক্তুং শ্রেয়ঃ সমর্থোঽস্মি ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন! ॥২৩॥
স্বয়ং কিমর্থন্তু ভবান্ শ্রেয়ো ন প্রাহ পাণ্ডবম্।
কিন্তে বিবক্ষিতঞ্চাত্র তদাশু বদ মাধব! ॥২৪॥

বাসুদেব উবাচ।

যশসঃ শ্রেয়সশ্চৈব মূলং মাং বিদ্ধি কৌরব!।
মত্তঃ সর্ব্বেঽভিনির্বৃত্তা ভাবাঃ সদসদাত্মকাঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

চতুর্ষ্বিতি। চতুর্ষু ব্রহ্মচর্য্য-গার্হস্থ্য-বানপ্রস্থ সন্ন্যাসাত্মকেষু। অর্থো বিষয়ঃ ॥২১॥
যদিতি। যত্র বিষয়ে। শুভা নির্ম্মলা, আবিশৎ সমবধ্নাৎ ॥২২॥
যুবেতি। সমাবৃত্তঃ সমর্থঃ সংবৃত্তঃ, ত্বদনুধ্যানেন বৃংহিতো বর্দ্ধিতশক্তিঃ ॥২৩॥
স্বয়মিতি। প্রাহ ব্রবীতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥২৪॥
যশস ইতি। অভিনির্বৃত্তা অভিসম্পন্নাঃ, ভাবা জীবানামবস্থাঃ ॥২৫॥

কেশব! ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমধর্ম্মে যে যে বিষয় আছে, সে সকলও আমার মনে উদিত হইতেছে এবং সমস্ত রাজধর্ম্মও আমার মনে প্রকাশ পাইতেছে ॥২১॥

জনার্দ্দন! যে বিষযে যাহা বক্তব্য, সেই বিষযেই তাহা আমি বলিব। কেন না, আপনার অনুগ্রহে নির্ম্মল বুদ্ধি আমার হৃদয়ে প্রবেশ করিয়াছে ॥২২॥

জনার্দ্দন! আপনাকে ধ্যান করিতে থাকায় আমার শক্তি বৃদ্ধি পাইয়াছে; সুতরাং আমি এখন যুবা পুরুষের ন্যায় হইয়াছি এবং আপনার অনুগ্রহে মঙ্গলের বিষয় বলিবার শক্তিও লাভ করিয়াছি ॥২৩॥

মাধব! আপনি নিজেই কেন পাণ্ডবগণের নিকট তাহাদের মঙ্গলের বিষয় বলেন না; অথবা আপনার যাহা বলিবার ইচ্ছা হইয়াছে, তাহা সত্বর বলুন' ॥২৪॥

কৃষ্ণ বলিলেন—'কৌরবনন্দন! মানুষের যে সকল যশ ও মঙ্গল হয়, আমাকেই তাহার কারণ বলিয়া অবগত হউন এবং জীবের ভাল বা মন্দ সমস্ত অবস্থাই আমা হইতে হইয়া থাকে ॥২৫॥

শীতাংশুশ্চন্দ্র ইত্যুক্তে লোকে কো বিস্ময়িষ্যতি।
তথৈব যশসা পূর্ণে ময়ি কো বিস্ময়িষ্যতি ॥২৬॥
আধেয়ন্তু ময়া ভূয়ো যশস্তব মহাদ্যুতে!।
ততো মে বিপুলা বুদ্ধিস্ত্বয়ি ভীষ্ম! সমর্পিতা ॥২৭॥
যাবদ্ধি পৃথিবীপাল! পৃথ্বীয়ং স্থাস্যতি ধ্রুবা।
তাবত্তবাক্ষয়া কীর্ত্তির্লোকাননুচরিষ্যতি ॥২৮॥
যচ্চ ত্বং রক্ষ্যসে ভীষ্ম! পাণ্ডবায়ানুপৃচ্ছতে।
বেদপ্রবাদ ইব তে স্থাস্যতে বসুধাতলে ॥২৯॥
যশ্চৈতেন প্রমাণেন যোক্ষ্যত্যাত্মানমাত্মনা।
স ফলং সর্ব্বপুণ্যানাং প্রেত্য চানুভবিষ্যতি ॥৩০॥
এতস্মাৎ কারণাদ্ভীষ্ম! মতির্দ্দিব্যা ময়া হি তে।
দত্তা যশো বিপ্রথয়েৎ কথং ভূয়স্তবেতি হ ॥৩১॥

ভারতকৌমুদী

শীতেতি। চন্দ্রস্য শীতাংশুত্বপ্রত্যক্ষীকরণাৎ কোঽপি ন বিস্ময়িষ্যতীত্যর্থঃ ॥২৬॥

স্বয়ং কিমর্থমিত্যাদেকক্তব্যমাহ আধেয়মিতি। আধেয়ং সম্পাদ্যম্। সমর্পিতা স্বমুখেনৈব কথনায় ॥২৭॥

যশঃসম্পাদনেন কিং ফলমিত্যাহ যাবদিতি। হে পৃথিবীপাল! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ॥২৮॥

যদিতি। পাণ্ডবায় যুধিষ্ঠিরায়। বেদপ্রবাদো বেদবাক্যম্, তে তব তদ্বাক্যম্ ॥২৯॥

য ইতি। এতেন ত্বদ্বাক্যরূপেণ, যোক্ষ্যতি মিশ্রীকরিষ্যতি। প্রেত্য পরলোকে ॥৩০॥

এতস্মাদিতি। বিশেষেণ পৃথু বিশালং কুর্য্যাদিতি বিপ্রথয়েৎ ॥৩১॥

চন্দ্র শীতাংশু এইরূপ বলিলে, জগতে কোন্ ব্যক্তি বিস্মিত হইবে? সেইরূপ কেহ আমাকে যশে পরিপূর্ণ বলিলে, কোন্ ব্যক্তি বিস্মিত হইতে পারে? ॥২৬॥

মহাতেজা ভীষ্ম! আপনার প্রচুর যশ সম্পাদন করা আমার কর্ত্তব্য; সেই জন্যই আপনাকে বক্তা করিতে আমার ইচ্ছা হইয়াছে ॥২৭॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! যতকাল পর্য্যন্ত এই পৃথিবী নিশ্চল হইয়া থাকিবে; তত কালই আপনার যশ জগতে বিচরণ করিবে ॥২৮॥

দেবব্রত! যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলে, তাহার উত্তরে আপনি যাহা বলিবেন, আপনার সেই বাক্য বেদবাক্যের ন্যায় পৃথিবীতে থাকিয়া যাইবে ॥২৯॥

যে লোক আপনার বাক্য সকল শ্রবণ করিবে, সে লোক পরলোকে যাইয়া, সমস্ত পুণ্যের ফল লাভ করিবে ॥৩০॥

যাবদ্ধি প্রথতে লোকে পুরুষস্য যশো ভুবি।
তাবত্তস্যাক্ষয়া কীর্ত্তির্ভবতীতি বিনিশ্চিতম্ ॥৩২॥
রাজানো হতশিষ্টাস্ত্বাং রাজন্নভিত আসতে।
ধর্ম্মাননুযুযুক্ষন্তস্তেভ্যঃ প্রব্রূহি ভারত ! ॥৩ ॥
ভবান্ হি বয়সা বৃদ্ধঃ শ্রুতাচারদমান্বিতঃ।
কুশলো রাজধর্ম্মাণাং সর্ব্বেষামপরাশ্চ যে ॥৩৪॥
জন্মপ্রভৃতি তে কিঞ্চিদ্বৃজিনং ন দদর্শ হ।
জ্ঞাতারং সর্ব্বধর্ম্মাণাং ত্বাং বিদুঃ সর্ব্বপার্থিবাঃ ॥৩৫॥
তেভ্যঃ পিতেব পুত্রেভ্যো রাজন্ ! ব্রূহি পরং নয়ম্।
ঋষয়শ্চৈব দেবাশ্চ ত্বয়া নিত্যমুপাসিতাঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

যাবদিতি। লোকে লোকসমাজে, প্রথতে প্রসৃতং ভবতি ॥৩২॥

রাজান ইতি। হে রাজন্। ক্ষত্রিয়শ্রেষ্ঠ !, ত্বাম্ অভিতঃ সর্ব্বতঃ "তসোভয়াভিপরিসর্ব্বৈঃ" ইতি দ্বিতীয়া। আসতে উপবিশন্তি। অনুযুযুক্ষন্তঃ অনুযোক্তুং প্রষ্টুমিচ্ছন্তঃ ॥৩৩॥

ভবানিতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ আচারঃ দম ইন্দ্রিয়দমনঞ্চ তৈরন্বিতঃ। অপরা ধর্ম্মাঃ ॥৩৪॥

জন্মেতি। বৃজিনং পাপম্, দদর্শ কশ্চিদপি। বিদুর্জানন্তি ॥৩৫॥

গঙ্গানন্দন ! এই কারণে এবং আপনার যশ কি প্রকারে অত্যন্ত বিস্তৃত হয় ইহা ভাবিয়া, আমি আপনাকে অলৌকিক বুদ্ধি দান করিয়াছি ॥৩১॥

যে পর্য্যন্ত পৃথিবীতে মানুষের যশ লোকসমাজে বিস্তৃতভাবে হয়, সেই পর্য্যন্তই সেই পুরুষের অক্ষয় কীর্ত্তি হইয়া থাকে, ইহা নিশ্চয় ॥৩২॥

ভরতনন্দন ! ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! হতাবশিষ্ট রাজারা ধর্ম্ম জিজ্ঞাসা করিবার জন্য আপনার সকল দিকে উপবেশন করিয়া রহিয়াছেন। অতএব আপনি তাঁহাদের নিকট ধর্ম্ম বলুন ॥৩৩॥

কারণ, আপনি বয়োবৃদ্ধ এবং শাস্ত্রজ্ঞান, সদাচার ও ইন্দ্রিয়দমনসম্পন্ন ; বিশেষতঃ আপনি রাজধর্ম্মে ও অন্যান্য ধর্ম্মে অত্যন্ত নিপুণ ॥৩৪॥

কোন লোকই জন্মাবধি আপনার কোন পাপ দেখিতে পায় নাই ; বিশেষতঃ সকল রাজাই আপনাকে সর্ব্বধর্ম্মজ্ঞ বলিয়া জানেন ॥৩৫॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! পিতা যেমন পুত্রদের নিকট নীতি বলেন ; তেমন আপনিও সেই রাজাদের নিকট নীতি বলুন। কারণ, আপনি চিরকালই নীতি শিক্ষার জন্য ঋষিগণ ও দেবগণের সেবা করিয়াছেন ॥৩৬॥

(৩২) ··বিনিশ্চিতা—নি। (৩৫) কশ্চিদ্বৃজিনং ·পি বঙ্গ বৰ্দ্ধ।

তস্মাদ্বক্তব্যমেবেদং ত্বয়াবশ্যমশেষতঃ।
ধর্ম্মং শুশ্রূষমাণেভ্যঃ পৃষ্টেন চ সতা পুনঃ ॥৩৭॥
বক্তব্যং বিদুষা চেতি ধর্ম্মমাহুর্ম্মনীষিণঃ।
অপ্রতিব্রুবতঃ কষ্টো দোষো হি ভবিতা প্রভো! ॥৩৮॥
তস্মাৎ পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ ধর্ম্মান্ পৃষ্টান্ সনাতনান্।
বিদ্বন্! জিজ্ঞাসমানৈস্ত্বং প্রব্রূহি ভরতর্ষভ! ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শ্রীকৃষ্ণবাক্যে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

তেভ্য ইতি। নয়ং নীতিম্। উপাসিতা নীতিশিক্ষার্থং সেবিতাঃ ॥৩৬॥

তস্মাদিতি। শুশ্রূষমাণেভ্যঃ শ্রোতুমিচ্ছদ্ভ্যঃ, ত্বয়া পৃষ্টেন সতা ॥৩৭॥

বক্তব্যমিতি। ধর্ম্মং নিয়মম্। জানতোঽপি অপ্রতিব্রুবতঃ পৃষ্টং বিষয়মবদতো জনস্য, কষ্টঃ পরকষ্টজনকঃ ॥৩৮॥

তস্মাদিতি। জিজ্ঞাসমানৈঃ মর্ম্ম জ্ঞাতুমিচ্ছদ্ভিঃ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

শমদমসন্ন্যাসাদয়ঃ ॥১৯—২১॥ মে মম মনঃ কর্ম্ম বুদ্ধিরাবিশৎ ॥২২—২৬॥ মে ময়া ॥২৭—৩১॥ যশঃ পরচিত্তচমৎকৃতিজনকো গুণৌঘঃ। কীর্ত্তিঃ সধুতয়াঽন্যৈঃ কথনম্ ॥৩২॥ অনুযুযুক্ষন্তঃ প্রষ্টুমিচ্ছন্তঃ ॥৩৩—৩৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৩॥

অতএব ইঁহারা ধর্ম্ম জানিবার জন্য আপনার নিকট প্রশ্ন করিলে, আপনার ইঁহাদের নিকট সেই ধর্ম্ম অবশ্য বক্তব্য ॥৩৭॥

প্রভাবশালী দেবব্রত! পণ্ডিতেরা এইরূপ নিয়ম বলিয়া থাকেন যে, মানুষ অভিজ্ঞ হইলে, তাঁহার নিকট যে যাহা জিজ্ঞাসা করিবে, তাঁহার তাহা বলিতেই হইবে। কেন না, তিনি তাহা না বলিলে, তাঁহার পরকষ্টজনক দোষ হইবে ॥৩৮॥

অতএব সর্ব্বাভিজ্ঞ ভরতশ্রেষ্ঠ! আপনার এই সকল পুত্রস্থানীয় ও পৌত্রস্থানীয় ব্যক্তিরা জানিবার ইচ্ছা করিয়া, আপনার নিকট সনাতন ধর্ম্ম জিজ্ঞাসা করিলে পর, আপনি তাহা বিশেষভাবে বলিতে থাকুন' ॥৩৯॥

---

(৩৮)· দোষো হি ভবতি পি। *'চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

অথাব্রবীন্মহাতেজা বাক্যং কৌরবনন্দনঃ।
হন্ত! ধর্ম্মান্ প্রবক্ষ্যামি দৃঢ়ে বাঙ্মনসী মম।
তব প্রসাদাদ্‌গোবিন্দ! ভূতাত্মা হ্যসি শাশ্বতঃ ॥১॥
যুধিষ্ঠিরস্তু ধর্ম্মাত্মা মাং ধর্ম্মাননুপৃচ্ছতু।
এবং প্রীতো ভবিষ্যামি ধর্ম্মান্ বক্ষ্যামি চাখিলান্ ॥২॥
যস্মিন্ রাজর্ষভে জাতে ধর্ম্মাত্মনি মহাত্মনি।
অহৃষ্যন্নৃষয়ঃ সর্ব্বে স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৩॥
সর্ব্বেষাং দীপ্তযশসাং কুরূণাং ধর্ম্মচারিণাম্।
যস্য নাস্তি সমঃ কশ্চিৎ স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৪॥

ভারতকৌমুদী

অথেতি। কৌরবনন্দনো ভীষ্মঃ। হন্তেতি হর্ষে। প্রসাদাৎ প্রসাদেন বরদানাৎ, দৃঢে সম্পূর্ণকার্য্যক্ষমে। অথ তত্র কিং প্রমাণমিত্যাহ ভূতেতি। ভূতানাং প্রাণিনামাত্মা জীবঃ, শাশ্বতো নিত্যঃ, অতস্ত্বমপি তদ্‌দৃঢত্বং জানাসীতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

যুধীতি। প্রশ্নাভাবে বিষয়নির্ণয়াসম্ভবাৎ কথনাসম্ভব ইত্যাশয়ঃ ॥২॥

প্রশ্নানুমোদনব্যাজেন যুধিষ্ঠিরং প্রশংসতি শ্লোকজাতেন যস্মিন্নিতি। অহৃষ্যন্ ধর্ম্মানুসারেণৈব রাজ্যশাসনসম্ভবাদিতি ভাবঃ ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাতেজা ভীষ্ম এই কথা বলিলেন—'ভাল, আমি ধর্ম্ম বলিব। গোবিন্দ! আপনার অনুগ্রহে আমার বাগিন্দ্রিয় ও মন সম্পূর্ণ কার্য্যক্ষম হইয়াছে; আপনি ত প্রাণিগণের জীবাত্মা ও নিত্য। (সুতরাং আপনিও তাহা বুঝিতেছেন) ॥১॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিতে থাকুন। এইরূপ হইলে, আমি সন্তুষ্ট হইব এবং সমস্ত ধর্ম্ম বলিব ॥২॥

ধর্ম্মাত্মা ও মহাত্মা যে রাজশ্রেষ্ঠ জন্মিবামাত্র সকল ঋষি আনন্দিত হইয়াছিলেন; সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন ॥৩॥

যশস্বী ও ধর্ম্মচারী সমস্ত কৌরবের মধ্যে কোন ব্যক্তি যাঁহার তুল্য ছিলেন না বা নাই; সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন ॥৪॥

ধৃতির্দমো ব্রহ্মচর্য্যং ক্ষমা ধর্ম্মশ্চ নিত্যদা।
যস্মিন্নোজশ্চ তেজশ্চ স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৫॥
সম্বন্ধিনোঽতিথীন্ ভৃত্যান্ সংশ্রিতাংশ্চৈব যো ভৃশম্।
সম্মানয়তি সৎকৃত্য স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৬॥
সত্যং দানং তপঃ শৌর্য্যং শান্তির্দাক্ষ্যমসম্ভ্রমঃ।
যস্মিন্নেতানি সর্ব্বাণি স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৭॥
যো ন কামান্ন সংরম্ভান্ন ভয়ান্নার্থকারণাৎ।
কুর্য্যাদধর্ম্মং ধর্ম্মাত্মা স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৮॥
সত্যনিত্যঃ ক্ষমানিত্যো জ্ঞাননিত্যোঽতিথিপ্রিয়ঃ।
যো দদাতি সতাং নিত্যং স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥৯॥

ভারতকৌমুদী

সর্ব্বেষামিতি। কুরূণাং মধ্যে। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৪॥
ধৃতিরিতি। ধৃতির্ধৈর্য্যম্, দম ইন্দ্রিয়দমনম্। ওজো দৈহিকং বলম্, তেজো মানসিকং বলম্ ॥৫
সম্বন্ধিন ইতি। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্। সৎকৃত্য আদৃত্য ॥৬॥
সত্যমিতি। দাক্ষ্যং সর্ব্বকার্য্যনৈপুণ্যম্, অসম্ভ্রমঃ কার্য্যেষ্বনাকুলতা ॥৭॥
য ইতি। সংরম্ভাৎ ক্রোধাৎ, অর্থকারণাৎ কিঞ্চিৎপ্রয়োজননিমিত্তাৎ ॥৮॥
সত্যেতি। সত্যমেব নিত্যং যস্য স ইত্যাদিবিগ্রহঃ। সতাং সদ্ভ্যঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১॥ ভূতাত্মা প্রাণিনামন্তরাত্মাঽসি তেন মমাভিপ্রায়ং বেৎসীতি ভাবঃ ॥২॥ প্রসঙ্গাদ্ধর্ম্মশ্রবণাধিকারিণং নিরূপয়তি যুধিষ্ঠিরস্তুতিব্যাজেন—যস্মিন্নিত্যাদিনা ॥৩—৫॥ সম্বন্ধীন্

যে যুধিষ্ঠিরে ধৈর্য্য, ইন্দ্রিয়দমন, ব্রহ্মচর্য্য, ক্ষমা, ধর্ম্ম, দৈহিক বল ও মানসিক বল সর্ব্বদা বিদ্যমান রহিয়াছে, সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন ॥৫॥

যে যুধিষ্ঠির সম্বন্ধী, অতিথি, ভৃত্য ও আশ্রিত ব্যক্তিগণকে আদরপূর্ব্বক বিশেষভাবে সম্মানিত করিয়া থাকেন; সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন ॥৬॥

যে যুধিষ্ঠিরে সত্য, দান, তপস্যা, বীরত্ব, শান্তি, নৈপুণ্য ও ধীরতা এই সমস্ত গুণ বিদ্যমান রহিয়াছে; সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম বিষয়ে প্রশ্ন করুন ॥৭॥

যিনি কাম, ক্রোধ ও ভয়বশতঃ কিংবা অন্য কোন প্রয়োজন সাধনের জন্য অধর্ম্মাচরণ করেন না; সেই ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরই আমার নিকটে প্রশ্ন করুন ॥৮॥

---

(৬)· সম্বন্ধীনতিথীন্·· পি বঙ্গ বর্দ্ধ।

ইজ্যাধ্যয়ননিত্যশ্চ ধর্ম্মে চ নিরতঃ সদা।
ক্ষান্তঃ শ্রুতরহস্যশ্চ স মাং পৃচ্ছতু পাণ্ডবঃ ॥১০॥

বাসুদেব উবাচ।

লজ্জয়া পরয়োপেতো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
অভিশাপভয়াদ্ভীতো ভবন্তং নোপসর্পতি ॥১১॥
লোকস্য কদনং কৃত্বা লোকনাথো বিশাংপতে!।
অভিশাপভয়াদ্ভীতো ভবন্তং নোপসর্পতি ॥১২॥
পূজ্যান্মান্যাংশ্চ ভক্তাংশ্চ গুরূন্ সম্বন্ধিবান্ধবান্।
অর্ঘার্হানিষুভির্ভিত্ত্বা ভবন্তং নোপসর্পতি ॥১৩॥

ভীষ্ম উবাচ।

ব্রাহ্মণানাং যথা ধর্ম্মো দানমধ্যয়নং তপঃ।
ক্ষত্রিয়াণাং তথা কৃষ্ণ! সমরে দেহপাতনম্ ॥১৪॥

ভারতকৌমুদী

ইজ্যেতি। ইজ্যা যাগঃ অধ্যয়নং বেদানুশীলনঞ্চ নিত্যে যস্য সঃ। শ্রুতরহস্যো জ্ঞাতশাস্ত্র-গূঢ়ার্থঃ ॥১০॥

লজ্জয়েতি। লজ্জয়া তত্ত্বব্যবহারবেশৈব ভবদেতদবস্থাপাতাদিতি ভাবঃ ॥১১॥

লোকস্যেতি। কদনং মহামারীম্, লোকানাং নাথো রক্ষিতা সন্নপি ॥১২॥

পূজ্যানিতি। অর্ঘার্হান্ বিশেষসৎকারযোগ্যান্, ইষুভির্বাণৈঃ ॥১৩॥

যিনি সর্ব্বদা সত্য ব্যবহার, ধর্ম্মাচরণ ও জ্ঞানানুশীলন করিয়া থাকেন এবং যিনি অতিথিপ্রিয় ও সাধুদিগকে দান করেন, সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন ॥৯॥

যিনি সর্ব্বদা যাগ ও বেদানুশীলন করেন, ধর্ম্মে নিরত থাকেন, ক্ষমাগুণশালী ও শাস্ত্রের গূঢ়তত্ত্ব অবগত আছেন; সেই যুধিষ্ঠিরই আমার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করুন' ॥১০॥

কৃষ্ণ বলিলেন—'দেবব্রত! ধর্ম্মরাজ যুধিষ্ঠির অত্যন্ত লজ্জাবশতঃ এবং অভিশাপের ভয়ে আপনার নিকট উপস্থিত হইতেছেন না ॥১১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! যুধিষ্ঠির লোকের রক্ষক হইয়াও সেই লোকেরই মহামারী ঘটাইয়া অভিশাপের ভয়ে আপনার নিকট উপস্থিত হইতে পারিতেছেন না ॥১২॥

পূজনীয়, মাননীয়, ভক্ত, সৎকারযোগ্য গুরুজন, সম্বন্ধিজন ও বন্ধুজনকে বাণে বাণে বিদীর্ণ করিয়া, এখন যুধিষ্ঠির লজ্জাবশতঃ আপনার নিকটে আসিতে পারিতেছেন না' ॥১৩॥

পিতৄন্ পিতামহান্ ভ্রাতৄন্ গুরূন্ সম্বন্ধিবান্ধবান্।
মিথ্যাপ্রবৃত্তান্ যঃ সংখ্যে নিহন্যাদ্ধর্ম্ম এব সঃ ॥১৫॥
সময়ত্যাগিনো লুব্ধান্ গুরূনপি চ কেশব।।
নিহন্তি সমরে পাপান্ ক্ষত্রিয়ো যঃ স ধর্ম্মবিৎ ॥১৬॥
যো লোভান্ন সমীক্ষেত ধর্ম্মসেতুং সনাতনম্।
নিহন্তি যস্তং সমরে ক্ষত্রিয়ো বৈ স ধর্ম্মবিৎ ॥১৭॥
লোহিতোদাং কেশতৃণাং গজশৈলাং ধ্বজদ্রুমাম্।
মহীং করোতি যুদ্ধেষু ক্ষত্রিয়ো যঃ স ধর্ম্মবিৎ ॥১৮॥
আহূতেন রণে নিত্যং যোদ্ধব্যং ক্ষত্রবন্ধুনা।
ধর্ম্ম্যং স্বর্গ্যঞ্চ লোক্যঞ্চ যুদ্ধং হি মনুরব্রবীৎ ॥১৯॥

ভারতকৌমুদী

মৎপাতনেনাস্য কশ্চিদপি নাপরাধ ইত্যাহ ব্রাহ্মণানামিতি। তপো বৈধক্লেশঃ ॥১৪॥

অথ গুরুজনাদিবধো দুঃসহো দোষ এবেত্যাহ পিতৄনিতি। মিথ্যাপ্রবৃত্তান্ অন্যায্যকার্য্যোন্মত্তান্ ॥১৫॥

কিঞ্চ, সময়েতি। সময়ত্যাগিনঃ সদাচারবর্জ্জকান্। অতো যুধিষ্ঠিরো ধর্ম্মবিদেবেতি ভাবঃ ॥১৬॥

য ইতি। ধর্ম্মসেতুম্ উভয়লোকপথযোজকং ধর্ম্মম্। অতো দুর্য্যোধনাদিবধাদ্যুধিষ্ঠিরস্য ধর্ম্মবিত্ত্বমেবেত্যাশয়ঃ ॥১৭॥

অথ নিরপরাধানামপি বধাৎ পাপমেব জাতমিত্যাহ লোহিতোদামিতি। লোহিতং রক্তমেব উদকং জলং যস্যাং তাম্, কেশ এব তৃণং যস্যাং তাম্, গজ এব শৈলো যস্যাং তাম্, ধ্বজ এব দ্রুমা যস্যাং তাঞ্চ ॥১৮॥

ভীষ্ম বলিলেন—'কৃষ্ণ। দান, অধ্যয়ন ও তপস্যা যেমন ব্রাহ্মণদের ধর্ম্ম, তেমন যুদ্ধে দেহ পাত করা ক্ষত্রিয়দের ধর্ম্ম ॥১৪॥

পিতা, পিতামহ, ভ্রাতা, গুরু, সম্বন্ধী ও অন্যান্য বন্ধুজনেরা অন্যায় কার্য্যে প্রবৃত্ত হইলে, যিনি যুদ্ধে তাঁহাদিগকে বধ করেন; তিনি সেটা ধর্ম্মই করেন ॥১৫॥

কেশব। যে ক্ষত্রিয়, সদাচারত্যাগী, লোভী ও পাপী গুরুজনকেও যুদ্ধে বধ করেন; তিনি ধর্ম্মজ্ঞই বটেন ॥১৬॥

যে লোক, লোভবশতঃ সনাতন ধর্ম্মপথের প্রতি দৃষ্টিপাত করে না; যে ক্ষত্রিয় তাহাকে যুদ্ধে বধ করেন; তিনি ধর্ম্মজ্ঞই বটেন ॥১৭॥

যে ক্ষত্রিয়, রণভূমিতে রক্তময় জলের স্রোত প্রবাহিত করেন, কেশরূপ তৃণ প্রস্তুত করিয়া থাকেন, হস্তিরূপ পর্ব্বত নিপাতিত করেন এবং ধ্বজরূপ বৃক্ষ ধরাশায়ী করিয়া থাকেন, তিনি নিশ্চয়ই ধর্ম্মজ্ঞ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু ভীষ্মেণ ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
বিনীতবদুপাগম্য তস্থৌ সন্দর্শনেঽগ্রতঃ ॥২০॥
অথাস্য পাদৌ জগ্রাহ ভীষ্মশ্চাপি ননন্দ তম্।
মূর্দ্ধ্নি চৈনমুপাঘ্রায় নিষীদেত্যব্রবীত্তদা ॥২১॥
তমুবাচাথ গাঙ্গেয়ো বৃষভঃ সর্ব্বধন্বিনাম্।
মাং পৃচ্ছ তাত ! বিস্রব্ধং মা ভৈস্ত্বং কুরুসত্তম ! ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে যুধিষ্ঠিরাশ্বাসনে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

আহূতেনেতি। ক্ষত্রবন্ধুনা সৎক্ষত্রিয়েণ। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, স্বর্গ্যং স্বর্গজনকম্, লোকামৈহিকসুখকরম্ ॥১৯॥

এবমিতি। বিনীতবৎ শিষ্য ইব, সন্দর্শনে ভীষ্মস্য দৃষ্টিপথে ॥২০॥

অথেতি। অস্য ভীষ্মস্য। ননন্দ আশিষা। নিষীদ উপবিশ ॥২১॥

তমিতি। বৃষভঃ শ্রেষ্ঠঃ। বিস্রব্ধং সাশ্বাসম্ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সম্বন্ধিনঃ ॥৬—১০॥ অভিশাপো লোকগর্হ্যতা ॥১১—১৩॥ গোত্রবধজাং গ্লানিং ধর্ম্মবাচস্থাপনেষ্যন্ ভীষ্ম উবাচ—ব্রাহ্মণানামিতি ॥১৪—১৬॥ তং লোভিনম্ ॥১৭—২২॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৪॥

কেহ যুদ্ধ করিবার জন্য আহ্বান করিলে, সৎক্ষত্রিয়ের অবশ্যই যুদ্ধ করা উচিত কারণ, মনু বলিয়াছেন—'যুদ্ধ ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মসঙ্গত, স্বর্গজনক এবং ইহলোকে মঙ্গলকারক' ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম এইরূপ বলিলে, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির শিষ্যের ন্যায় নিকটে যাইয়া ভীষ্মের দৃষ্টিপথের সম্মুখে দাঁড়াইলেন ॥২০॥

তাহার পর যুধিষ্ঠির ভীষ্মের চরণযুগল ধারণ করিলেন। ভীষ্ম শুভাশীর্ব্বাদ করিয়া, তাঁহাকে অভিনন্দিত করিলেন। তৎপরে ভীষ্ম যুধিষ্ঠিরের মস্তক আঘ্রাণ করিয়া বলিলেন—'উপবেশন কর' ॥২১॥

---

* 'পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

প্রণিপত্য হৃষীকেশমভিবাদ্য পিতামহম্।
অনুমান্য গুরূন্ সর্ব্বান্ পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠিরঃ ॥১॥

যুধিষ্ঠির উবাচ।

রাজ্ঞাং বৈ পরমো ধর্ম্ম ইতি ধর্ম্মবিদো বিদুঃ।
মহান্তমেতং ভারঞ্চ মন্যে তদ্‌ব্রূহি পার্থিব! ॥২॥
রাজধর্ম্মান্ বিশেষেণ কথয়স্ব পিতামহ!।
সর্ব্বস্য জীবলোকস্য রাজধর্ম্মঃ পরায়ণম্ ॥৩॥
ত্রিবর্গো হি সমাসক্তো রাজধর্ম্মেষু কৌরব!।
মোক্ষধর্ম্মশ্চ বিস্পষ্টঃ সকলোঽত্র সমাহিতঃ ॥৪॥

ভাবতকৌমুদী

প্রণীতি। প্রণিপত্য আত্মনো বয়োজ্যেষ্ঠত্বা অভিভাষ্য। অনুমান্য নমস্কৃত্য ॥১॥

রাজ্ঞামিতি। এতং বাজধর্ম্মম্, ভাব‌ং তদ্বদ্ভর্ব্বহম্। হে পার্থিব! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ॥২॥

অথ কথমন্যান্ ধর্ম্মান্ বিহায় প্রথমং রাজধর্ম্মমেব পৃচ্ছসীত্যাহ বাজেতি। পবায়ণং পবমাশ্রব, বনজনজীবনাদিরক্ষণপ্রধানোপায়ত্বাদিতি ভাবঃ ॥৩॥

ক্রমে সর্ব্বধনুর্দ্ধবশ্রেষ্ঠ ভীষ্ম যুধিষ্ঠিরকে কহিলেন—'বৎস কুরুশ্রেষ্ঠ! তুমি আশ্বস্ত থাকিয়া আমাব নিকট প্রশ্ন কব। কোন ভয় কবিও না' ॥২২॥

—:০:—

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তব যুধিষ্ঠিব কৃষ্ণকে অভিভাষণ, ভীষ্মকে অভিবাদন এবং সমস্ত গুরুজনকে নমস্কার কবিয়া, ভীষ্মেব নিকট প্রশ্ন কবিতে লাগিলেন ॥১॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিযশ্রেষ্ঠ! ধর্ম্মজ্ঞেবা অবগত আছেন যে, সমস্ত ধর্ম্মেব মধ্যে রাজধর্ম্মই শ্রেষ্ঠ; সুতবাং আমি এই বাজধর্ম্মকে গুরুতব ভার বলিয়াই মনে কবি। অতএব আপনি প্রথমে তাহাই বলুন ॥২॥

পিতামহ! আপনি বিশেষভাবে বাজধর্ম্ম বলুন। কেন না, বাজধর্ম্ম সমস্ত জীবলোকেবই প্রধান অবলম্বন ॥৩॥

কৌববনন্দন! ধর্ম্ম, অর্থ ও কাম বাজধর্ম্মে সংসক্ত আছে এবং সুস্পষ্ট সমস্ত মোক্ষধর্ম্মও এই বাজধর্ম্মেই নিহিত বহিয়াছে ॥৪॥

যথা হি রশ্ময়োঽশ্বস্য দ্বিরদস্যাঙ্কুশো যথা।
নরেন্দ্রধর্ম্মো লোকস্য তথা প্রগ্রহণং স্মৃতম্ ॥৫॥
তত্র চেৎ সম্প্রমুহ্যেত ধর্ম্মে রাজর্ষিসেবিতে।
লোকস্য সংস্থা ন ভবেৎ সর্ব্বঞ্চ ব্যাকুলীভবেৎ ॥৬॥
উদয়ন্ হি যথা সূর্য্যো নাশয়ত্যশুভং তমঃ।
রাজধর্ম্মাস্তথা লোক্যাং নিক্ষিপন্ত্যশুভাং গতিম্ ॥৭॥
তদগ্রে রাজধর্ম্মান্ হি মদর্থে ত্বং পিতামহ!।
প্রব্রূহি ভরতশ্রেষ্ঠ! ত্বং হি ধর্ম্মভৃতাং বরঃ ॥৮॥
আগমশ্চ পরস্ত্বত্তঃ সর্ব্বেষাং নঃ পরন্তপ!।
ভবন্তং হি পরং বুদ্ধৌ বাসুদেবোঽভিমন্যতে ॥৯॥

ভাবতকৌমুদী

ত্রিবর্গ ইতি। ত্রয়াণাং ধর্ম্মার্থকামানাং বর্গঃ সমূহঃ। সমাহিতো নিহিতঃ ॥৪॥
যথেতি। রশ্ময়ো মুখবন্ধবঃ। প্রগ্রহণং বিপথগমননিবর্ত্তকঃ ॥৫॥
কথং প্রগ্রহণমিত্যাহ তত্রেতি। সম্প্রমুহ্যেত রাজা। ব্যাকুলীভবেৎ চৌরাদ্যুৎপাতাৎ ॥৬॥
উদয়ন্নিতি। লোক্যাং লোকসমূহবর্ত্তিনীম্, গতিমবস্থাম্ ॥৭॥
তদিতি। মদর্থে মম শিক্ষার্থে। ধর্ম্মভৃতাং সর্ব্বধর্ম্মজ্ঞানাম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

প্রণিপত্যেতি। গুরূন্ কৃপব্যাসাদীন্ পর্য্যপৃচ্ছৎ ধর্ম্মানিতি শেষঃ ॥১॥ ধর্ম্মঃ প্রজাপালনাত্মকঃ পরমঃ সর্ব্বধর্ম্মশ্রেষ্ঠঃ এতৎ ধর্ম্মং ভাবং দুর্ব্বহং মন্যে ॥২॥ পরারামাশ্রয়ঃ ॥৩॥ ত্রিবর্গো ধর্ম্মার্থকামাত্মকো রাজধর্ম্মেষু দণ্ডনীতৌ সমাসক্তঃ সমাশ্রিতঃ ॥৪॥ প্রগ্রহণং নিয়ন্ত্রণম্ ॥৫॥ সংস্থা মর্য্যাদাব্যবস্থা ॥৬॥ অলোক্যামপ্রকাশাত্মিকামশুভাং গতিং নরকং নিক্ষিপন্তি দূরীকুর্ব্বন্তি। তথা চ স্মৃতিঃ—"রাজভিঃ কৃতদণ্ডাস্তু শুধ্যন্তি মলিনা জনাঃ। কৃতার্থাশ্চ ততো যান্তি স্বর্গং সুকৃতিনো

মুখরজ্জু (লাগাম) যেমন অশ্বের এবং অঙ্কুশ যেমন হস্তীর বিপথগতির নিবর্ত্তক, সেইরূপ রাজধর্ম্ম লোকেব বিপথগতিব নিবর্ত্তক ॥৫॥

রাজর্ষিসেবিত সেই রাজধর্ম্মে রাজা যদি মোহিত হন তাহা হইলে, মানুষ থাকিতেই পারে না; এমন কি সমস্তই আকুল হইয়া পড়ে ॥৬॥

সূর্য্য উদিত হইতে থাকিয়া যেমন অন্ধকাব নষ্ট করেন; সেইরূপ রাজধর্ম্ম মানুষের অমঙ্গল অবস্থা নষ্ট করিয়া থাকে ॥৭॥

অতএব ভরতশ্রেষ্ঠ পিতামহ! আপনি আমার জন্য প্রথমেই রাজধর্ম্ম বিস্তৃত ভাবে বলুন। কারণ, আপনি ধর্ম্মজ্ঞদিগের মধ্যে প্রধান ॥৮॥

(৫) নরেন্দ্রো ধর্ম্মলোকস্য বঙ্গ।

ভীষ্ম উবাচ।

নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যামি শাশ্বতান্ ॥১০॥
শৃণু কাৎর্স্ন্যেন মত্তস্ত্বং রাজধর্ম্মান্ যুধিষ্ঠির!।
নিরুচ্যমানান্নিয়তো যচ্চান্যদপি বাঞ্ছসি ॥১১॥
আদাবেব কুরুশ্রেষ্ঠ! রাজ্ঞা রঞ্জনকাম্যয়া।
দেবতানাং দ্বিজানাঞ্চ বর্ত্তিতব্যং যথাবিধি ॥১২॥
দৈবতান্যর্চ্চয়িত্বা হি ব্রাহ্মণাংশ্চ কুরূদ্বহ!।
আনৃণ্যং যাতি ধর্ম্মস্য লোকেন চ সমর্চ্চ্যতে ॥১৩॥

ভারতকৌমুদী

আগম ইতি। আগমঃ শিক্ষাগ্রহণম্। পরং শ্রেষ্ঠম্, বুদ্ধৌ ধর্ম্মাদিজ্ঞানে ॥৯॥

ধর্ম্মান্ বক্ষ্যন্ মঙ্গলমাচরতি নম ইতি। মহতে সর্ব্বশ্রেষ্ঠায়, সর্ব্বধারণাৎ; বেধসে জগদ্বিধাত্রে। শাশ্বতান্ সনাতনান্ ॥১০॥

শৃণ্বিতি। কাৎর্স্ন্যেন সাকল্যেন। নিরুচ্যমানান্ ময়া, নিয়তো নিয়মেনৈকাগ্রচিত্তঃ ॥১১॥

আদাবিতি। আদাবেব রাজকার্য্যারম্ভ এব। রঞ্জনকাম্যয়া সন্তোষবিধানেচ্ছয়া ॥১২॥

রঞ্জনোপায়মাহ দৈবতানীতি। আনৃণ্যং কর্ত্তব্যনির্ব্বাহম্। সমর্চ্চ্যতে রাজা ॥১৩॥

ভাবভাবদীপঃ

যথা॥" ইতি ॥৭॥ অগ্রে ইতরেভ্যো ধর্ম্মেভ্যঃ পূর্ব্বম্ ॥৮॥ পরঃ আগমঃ পরং রহস্যং নোঽস্মাকং ত্বত্ত এব বিহিতমস্ত ॥৯॥ শাশ্বতান্ বেদপরম্পরাগতান্ ॥১০—১১॥ রঞ্জনকাম্যয়েতি যঃ কশ্চি দক্ষত্রিয়োঽপি প্রজাপালনাধিকৃতস্তস্য রাজ্ঞোঽয়ং ধর্ম্মঃ যদ্দেবদ্বিজাদিষু যথাবিধি অনুগ্রহবুদ্ধ্যা বর্ত্তিতব্যমিতি ॥১২॥ যদ্ধর্ম্মলোপাদ্রাজ্ঞো ঋণং ভবতি তদ্দেবতাদ্যর্চ্চনেন নশ্যতীত্যাহ—দৈবতানীতি।

শত্রুসন্তাপক পিতামহ! আপনা হইতেই আমাদের সকলের শিক্ষা হইয়া আসিতেছে। বিশেষতঃ কৃষ্ণ আপনাকে সর্ব্বধর্ম্ম জ্ঞানে প্রধান বলিয়া মনে করেন' ॥৯॥

ভীষ্ম বলিলেন—'সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্মকে নমস্কার, জগতের সৃষ্টিকর্ম্মা কৃষ্ণকে নমস্কার এবং ব্রাহ্মণগণকে নমস্কার করিয়া, আমি সনাতন ধর্ম্ম বলিব ॥১০॥

যুধিষ্ঠির! আমি যথা নিয়মে সমস্ত রাজধর্ম্ম বলিতেছি। তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ কর এবং অন্য যাহা শুনিতে ইচ্ছা কর, তাহাও শুনিতে পার ॥১১॥

কৌরবশ্রেষ্ঠ! রাজা প্রথমেই দেবগণ ও ব্রাহ্মণগণের সন্তোষ বিধানের জন্য, শাস্ত্রোক্ত বিধানে কার্য্য করিবেন ॥১২॥

---

(১২)· রঞ্জনমিচ্ছতা·· নি।

উত্থানেন সদা পুত্র ! প্রযতেথা যুধিষ্ঠির ! ।
নহ্যুত্থানমৃতে দৈবং রাজ্ঞামর্থং প্রসাধয়েৎ ॥১৪॥
সাধারণং দ্বয়ং হ্যেতদ্দৈবমুত্থানমেব চ ।
পৌরুষং হি পরং মন্যে দৈবং নিশ্চিত্য মুহ্যতে ॥১৫॥
বিপন্নে চ সমারম্ভে সন্তাপং মাস্ম বৈ কৃথাঃ ।
ঘটস্বৈবং সদাত্মানং রাজ্ঞামেষ পরো নয়ঃ ॥১৬॥
নহি সত্যাদৃতে কিঞ্চিদ্রাজ্ঞাং বৈ সিদ্ধিকারণম্ ।
সত্যে হি রাজা নিরতঃ প্রেত্য চেহ চ নন্দতি ॥১৭॥

ভারতকৌমুদী

উত্থানেনেতি। উত্থানেন উদ্‌যোগেন পুরুষকারেণেত্যর্থঃ, প্রযতেথা জয়ায়েত্যর্থম্। দৈবং কেবলং প্রাক্তনকর্ম্ম, অর্থং চিকীর্ষিতং কার্য্যম্ ॥১৪॥

সাধেতি। সাধারণং কার্য্যসাধনে সমানম্। নিশ্চিত্য কার্য্যসাধকত্বেন ॥১৫॥

বিপন্ন ইতি। বিপন্নে বিনষ্টে, সমারম্ভে পুরুষকারে। ঘটস্ব পুনঃ পুরুষকারে যোজয়স্ব ॥১৬॥

ভারতভাবদীপঃ

